৭ হরিণ—বিদ্যা। ৮ ভয়—বিদ্যা।

৯ সর—বিদ্যা, স্বর—খ, চ। ১০ ভয়—বিদ্যা। ১১ ভয়—বিদ্যা।

১২ বর—চ। ১৩ বাস—বিদ্যা, পদ। ১৪ কিএ—বিদ্যা।

১৫ মোহি—বিদ্যা। ১৬ ন—বিদ্যা।

১৭ "এ ধনি তুহু পুন কাহে না সম্ভাষি।"—প-র।

১৮ তুয়—বিদ্যা। ১৯ তরে—খ।

২০ কো নাহি—প-র, ক্ষ।

২১ কাহা—প-র, ক্ষ। ২২ কাহে ন—খ, কাহি—বিদ্যা।

কুচ-ভয়ে[১] কমল-কোরক[২] জলে মুদি রহু[৩]
ঘট পরবেশে[৪] হুতাশে[৫] ।
দাড়িম[৬] সিরিফল[৭] গগনে বাস করু
শম্ভু গরল করু[৮] গ্রাসে ॥
ভুজ-ভয়ে[৯] পঙ্কে[১০] মৃণাল লুকাএল[১১]
কর-ভয়ে[১২] কিশলয় কাঁপে ।
কবিশেখর ভণ[১৩] কত কত ঐসন[১৪]
করহ[১৫] দমন[১৬] পরতাপে[১৭] ॥ *
(হরি পদ চন্দ)

---

১ ভয়—বিদ্যা। ২ মুকুল—প-র।
৩ জলে মজ্জল—ক্ষ, মজি গেও - প-র।
৪ পরবেশ—ক্ষ, বিদ্যা। ৫ উদাসে—প-র-স।
৬ ডাড়িম—প-র। ৭ শ্রীফল—ক্ষ, পদ।
৮ গরাসে—প-র, ক্ষ। ৯ ভয়—বিদ্যা।
১০ কনক—পদ। ১১ পঙ্কেরহু—পদ, কাল হরু—ক্ষ।
১২ ভর—বিদ্যা। ১৩ বিদ্যাপতিকহ—পদ।
১৪ ঐছন—পদ, ক্ষ। ১৫ কহব—বিদ্যা, ক্ষ, কবহু—প-র।
১৬ মদন—বিদ্যা, প-র, ক্ষ। ১৭ কর তাপে—প-র।

* এই পদটী 'কী' পুথিতে নিম্নোক্ত আকারে রহিয়াছে।

তিরথা

সুন্দরী তুঁহু কাহে সম্ভাষি না জাসি।
তুয়া ডরে বেশহি কাঁহা পলায়ল তহু পুন কাহে ডরাসি ॥ ধ্রু ॥
কবরিক ভয়ে শিখি গেও গিরি কন্দরে মুখ ভয়ে চাঁদ আকাশ।
হরিণী নয়ন ভয়ে স্বর ভয়ে কোকিল গতি ভয়ে গজ বনবাস ॥
কুচভয়ে এক কমল মকুল জলে মজিগেও মুটপরবেশ হুতাসে।
দাড়িম শ্রীফল গগনে বাস করু শম্ভু গরল গরাসে ॥
ভুজভয়ে পঙ্ক মৃণাল লুকায়ল করভয়ে কিসলয় কাপে।
কবিশেখর ভণ কতঁকত ঐছন কবহুঁ মদন পরতাপে ॥

[৫৯]

বড়ারি

বড়াই ভাল রঙ্গ দেখ ডাড়াইঞা।
কালিন্দী গম্ভীর নীর নিকটে যমুনাতীর
ঝাঁপ দিব এ তাপ এড়াঞা॥
হেন ব্যবহার যার উচিত না কহ তার
নিকটে মথুরা রাজধানী।
কর কান্ধে বেঢ়াইঞা অঙ্গে অঙ্গ হেলাইঞা
পসরা নামাএ কোন দানী॥
বলিঞা কহিঞা মোরে ঘরের বাহির কল্যো
ধরাইলে ধরমের ছাতা।
ছার কুলে কিবা মান যৌবনের চাহে দান
ইহাতে না কহ এক কথা॥
নিজ পতি হেন মতি কথাএ চাও বিঅতি
গরবে গলিল নহে কংসে।
যার সনে যার ভাব তার সনে তার লাভ
কে কহিবে আমা সভার অংশে॥
এমনি জানিলে মনে এ সঙ্গে আসিব কেনে
বিকে আস্তে লাভ হল্য যত।
কবিশেখরে কয় দেখিলে এমতি হয়
বিকি কিনি হয় মনের মত॥

---

[৬০]

কি আর সাধসি মান।
গোকুল নগরে পুছ ঘরে ঘরে
হএ নহে মোর দান॥

---

[৫৯] শ্রীসং পদ ২৫৮, পৃ ৮৫। [৬০] শ্রীসং পদ ২৫৩, পৃ ৮৪

চরণ দুখানি বরণ দেখিঞা
মদন মুরুছা খায়।
এ হেন বয়সে পসরা মাথাএ
দেখি দুখ লাগে গায়॥
কুটিল কবরি ক্ষীণ মাঝাখানি
হেলিছে অলপ বায়।
সুমেরু উপরে হার সুরেশ্বরী
ভরে ভাঙ্গি পাছে যায়॥
তোমার পুরুখ জনম-মুরুখ
একলি পাঠাএ বিকে।
কবিশেখর কহে রাজার যোগানী
ছুইতে পারে কোন লোকে॥

নিকুঞ্জমিলন

[৬১]

পঠমঞ্জরী

রাই-মুখ হেরি মুখরা কহে।
এত কি আমার পরাণে সহে॥
রাখাল হইয়া ছুইতে চায়।
অব কি করব নাহি উপায়॥
দানী অবসর বুঝিয়া কাজে।
লুকাহ[১] যাইয়া[২] নিকুঞ্জ মাঝে॥

---

[৬১] প-র-সা পদ ১৮৯১; পদ পদ ১৩৮১, পৃ ৩৬৩, ২য় খণ্ড; f
পৃ ২৮; স পদ ৪২, পৃ ৫১৬।

১ লুকাই—ক, খ, চ, স। ২ যাই—ক, খ, স, যাইয়া—চ।

এত কহি সভে ধাইয়া চলে।
নিকুঞ্জে রাই লুকায় ছলে॥
রসিক নাগর বুঝিয়া কাজ।
লুকায়্যা[১] চলিলা কুঞ্জের মাঝ॥
রাই কানু তাঁহা দরশ পাই।
রহে দুহেঁ[২] দুহার[৩] বদন চাই॥
প্রতি অঙ্গে দানী লইলা দান।
রতি রতি-পতি মূরতিমান॥
যে ছিল মানস পূরল আশ।
আনন্দে মগন শেখর দাস॥

শ্রীরাধার শ্রীকৃষ্ণ প্রতি সপরিহাস উক্তি

[৬২]

বরাড়ী

হেদে হে নিলজ কানাই
না কর এতেক চাতুরালী।
যে না জানে মানসতা[৪] তার আগে কহ কথা
মোর আগে বেকত সকলি॥ ধ্রু॥ *

---

১ লুকাঞা—ক, খ, লুকাইয়া—ঘ। ২ দুহুঁ—স, ক, খ, দোঁহে—ঘ।
৩ দোঁহা—স, ক, খ, দোহা—ঘ।

[৬২] প-র-সা পদ ১৮৮৭ ; পদ পদ ১৩৭৭, পৃ ৩৬১, ২য় খণ্ড ; বি ৩, পদ ৩২৫, পৃ ২৮ ; স পদ ৪১, পৃ ৫১৫ ; শ্রীযুক্ত হরেকৃষ্ণ মুখোপাধ্যায় মহাশয়ের সংগ্রহ।

৪ মানুষতা—স, মানুসতা—চ।

* প্রথম ৪ পংক্তি অর্থাৎ ধ্রুবপদটী হ পুথিতে নাই।

বেড়াইলা[১] গরু[২] লৈয়া সে লাজ ফেলিলা[৩] ধুইয়া
এবে হৈলা দানী মহাশয়।
কদম্ব-তলায়[৪] থানা রাজপথ কর[৫] মানা
দিনে দিনে[৬] বাড়িল বিষয়॥
আন্ধার-বরণ কাল গা ভূমেতে না পড়ে পা
কুল-বধূ সনে পরিহাস[৭]।
এ রূপ[৮] নিরখিয়[৯] আপনাকে চাও[১০] দেখি[১১]
আই আই লাজ নাহি বাস॥
মা[১২] তোমার যশোদা[১৩] তার মুখে নাহি রা[১৪]
নন্দ ঘোষ অকলঙ্ক নিধি।
জনমিয়া তার বংশে কাজ কর জিনি[১৫] কংসে
এ বুদ্ধি তোমারে দিল[১৬] বিধি॥
একই নগরে ঘর দেখাশুনা আটপর[১৭]
তিল আধ নাহি আঁখি[১৮]-লাজ।
রায়শেখরে[১৯] কয় রাজারে[২০] না করে[২১] ভয়
এ দেশে বসতি কিবা কাজ॥

---

১ বনে বেড়াও—হ। ২ গাবী ক, স, গোরু—খ, ধেনু—প-র-সা, হ।
৩ ফেলেছ—হ। ৪ তলাতে—হ।
৫ করিছ—হ। ৬ এবে দেখি—হ।
৭ ইহার গৌরবে এত হাস—হ।
৮ এইরূপ—স। ৯ নিরখি—স, ফিরাঞে আখি—হ।
১০ দেখ—প-র-সা, হ। ১১ চায়া—প-র-সা। ১২ মাতা—হ।
১৩ যশোদা রাণী—প-র-সা। ১৪ বাণী—প-র-সা।
১৫ ভয় নাই রাজা—হ। ১৬ কুবুদ্ধি লাগিল তোরে—হ।
১৭ নিরন্তর—হ। ১৮ আখি নাহি—হ।
১৯ জ্ঞান দাসে ত—ঘ, বংশীবদনে—প-র-সা।
২০ রাজাকে—হ। ২১ কর—ক।

জলকেলী

যমুন নে শ্রীরাধাকৃষ্ণের মিলন

[৬৩]

শঙ্করাভরণ বা ধানশী[১]

চললি নিতম্বিনি যমুনা সিনানে।
সঙ্গিনি রঙ্গিনি গজ-গতি-ভানে॥
তৈল হলদি কোই আমলকি নেল।
সুবরণ ঘট লেই[২] কোই চলি গেল॥
জানি নাগরবর চলু ধীরে ধীরে[৩]।
আগুসরি আওল কালিন্দি[৪]-তীরে॥
একলি কানু খেলই জল মাহি[৫]।
সহচরি সনে[৬] ধনি মীলল[৭] তাহি[৮]॥
আন জন কোই নাহি তব[৯] সাথ।
নাগর হেরি ঢুলায়ত[১০] মাথ॥
কাহুক[১১] জল দেই কাহুক[১২] পঙ্ক।
কাহুক[১৩] চুম্বই ধাই[১৪] নিশঙ্ক॥
হেরি সব সহচরি চমকিত ভেল।
ঝটিতহিঁ ধাই রাই লেই গেল॥

---

[৬৩] পদ পদ ৬১৪, পৃ ৪০৭, ১ম খণ্ড ; প-র-সা পদ ৭০৮ ; স পদ ১৯, পৃ ৫১৮ ; সা ২, পৃ ১।

১ শঙ্করাভরণ—ঘ। ২ লই—স। ৩ ধীরে ধীরে—সা ১, ২।
৪ কালিন্দীর—স। ৫ মাহ—খ, চ, সা ১, ২।
৬ মেলি—স, সা ১, ২, ক, গ, চ। ৭ মিললী—সা ১, ২।
৮ তাহ—খ, চ, সা ১, ২। ৯ তর—সা ১, ২, অব—খ।
১০ ধুলায়ত—সা ৩, ধুনায়ত—পদ। ১১ কাহকে—সা ১, ২।
১২-১৩ কাহকে—সা ১, ২। ১৪ হোই—প-র-সা।

কণ্ঠমগন জলে দুহুঁ এক ঠাম।
পূরল দুহুঁক মনোরথ কাম॥
কহ কবিশেখর সহচরি পাশ।
হোর দেখ রাধা কানু[1] বিলাস॥

---

[৬৪]

তথা রাগ

তুরিতহি সুন্দরি কানুক পরিহরি
আওল[2] সহচরি মাঝ।
লাজহি বদন- কমল নাহি তোলয়ে
দূরহি হেরয়ে রসরাজ॥
* সহচরি নিয়ড়ে মিলল পুন মাধব
হেরি সভে সচকিত[3] ভেল।
কাহুকে চুম্বই কাঁচুলি[4] ফারই
কাহুকে আলিঙ্গন কেল॥
কত কত ভাতি বিলসি পুন[5] মাধব
তুরিতে চলল[6] নিজ গেহ।
সিনান সমাপি তীরে উঠি সুবদনি
মোছল[7] আপন দেহ॥

---

১ কানুক—সা ১, ২।

[৬৪] প-র-সা পদ ৭৯৯; পদ পদ ৬১৫, পৃ ৪০৭, ১ম খণ্ড; সা ১, পৃ ৩; সা ২, পৃ° ৪।

২ আয়লি—সা ১, ২। ৩ চমকিত—ক।

* ৫-৬ পংক্তির পরিবর্ত্তে "মাধব হেরি সভে চমকিত ভেল"—সা ১, ২।

৪ কাঁচলি—সা ১, ২। ৫ তনু—ক।

৬ তুরিতহি চলু—প-র-সা। ৭ মোছলী—সা ১, ২।

নিজ নিজ মন্দিরে আওল সখিগণ
কত কত কৌতুক রঙ্গে।
চরণ পাখালই শেখর সহচরি
আপন গণ লেই সঙ্গে ॥

বিরহ

ভাবী বিরহ

শ্রীরাধার প্রতি শ্রীকৃষ্ণ

[৬৫]

শুন গো রাধিকা বচন মোর।
জনমে জনমে কিঙ্কর তোর ॥
মথুরা জাইব বলিলে কেহ।
যুনিয়া তোমার বিদরে দেহ ॥
হাঁসিয়ে বদনে না বহ কথা।
আমি কতদিন রহিব তথা ॥
বেদে মুনিগণ না পায়ে মোর।
তেঁই সে চরণ ধোয়াই তোর ॥
নিসি দিসি গুন গাইতে তোর।
সে লাগি বদনে মুরলি মোর ॥
তেজি বৃন্দাবন না চলে পায়।
এস বিচারিয়া কহিছে তায় ॥
আমি হে তাহাকে হইয়া বান্দ।
পড়িয়া রহল বিসম ফান্দ ॥

---

[৬৫] বি ৩, পদ . ২. পৃ ১৭১।

শেখর কান্দিয়ে কহয়ে বানি।
কোথা রেখে যাবে তোমার ধনি॥

শ্রীরাধার বিলাপ

[৬৬]

গান্ধার

কানু[১] বিরস কথি লাগি।
কিয়ে[২] ভেল হামারি[৩] অভাগি॥
যব হাম গেলুঁ[৪] পিয়া পাশ।
তেজই[৫] দীঘল[৬] নিশাস॥
* যবহুঁ পুছলুঁ[৭] বেরি বেরি।
সজল-নয়নে রহু হেরি[৮]॥
যব হাম[৯] রহল নেহার[১০]।
লোচনে[১১] ঝরু অনিবার[১২]॥
তব ধরি বুঝলুঁ[১৩] বিচারি।
কঠিন-জীবন[১৪] বর নারি॥

---

[৬৬] প-র-সা পদ ৮২১ ; প-র পদ ৪০।১০ ; পদ পদ ১৬:০, পৃ ১৩, ৩য় খণ্ড ; স পদ ৪৩, পৃ ৫১৬।

১ কাহ্ন—বিদ্যা। ২ কি—প-র। ৩ হমর—বিদ্যা।
৪ গেন্থু—স, গেল—বিদ্যা, প-র-সা, প-র। ৫ তব ছোড়ল পিয়া—প-র।
৬ দীঘ—পদ। ৭ পুছল—বিদ্যা।
* "যবহুঁ পুছলুঁ" স্থলে "যব মুঞী পুছলু তাহে"—প-র, প-র-সা।
৮ হেরি হেরি—প-র। ৯ হম—বিদ্যা, মুঞি—প-র।
১০ নেহারি—খ, ঘ। ১১ লোচন—বিদ্যা। ১২ অনিবারি—খ, ঘ।
১৩ বুঝনু—স, বুঝল—বিদ্যা। ১৪ জিবন—পদ।

কবিশেখর পরমাণ[১]।
না যায়ত[২] পাপ[৩] পরাণ ॥

মাথুর বিরহ

[৬৭]

দেখিয়া কদম্ব ফুল কানু পড়ে মনে।
কেমনে ধরিব প্রাণ দরসন বিনে ॥
কে হরিল কোথা গেল কে সাধিল বাদ।
কোথা ছাড়ি গেল পিয়া করিয়া প্রমাদ ॥
জে জায় মথুরা পুরি তার লাগি পাই।
মনের মরম কথা লিখিয়া পাঠাই ॥
অল্প বয়েসে মোর কালা পরিবাদ।
বিধি কৈল পরাধিনি না পুরল সাধ ॥
ভন কবিসেখর শুন বরনারি।
ধৈরজ ধর চিতে মিলিবে মুরারি ॥

দূতীপ্রেরণ

[৬৮]

তথা রাগ

কহিয়[৪] কানুরে সই কহিয়[৫] কানুরে।
একবার পিয়া যেন আইসে ব্রজপুরে ॥

---

১ মন মান—প-র। ২ না যায়—প-র, ন জায়ত—বিদ্যা।
৩ কঠিন—প-র।
[৬৭] বি ৩, পৃ ১৭৪, শেষ পদ।
[৬৮] প-র-সা পদ ৯০৪ ; পদ পদ ১৬৮১, পৃ ৪৯, ৩য় খণ্ড ; বি ৩, পদ ১৯০০, পৃ ১৭৮ ; স পদ ৪৪, পৃ ৫১৬।
৪ কহিও—ক। ৫ কহিও—ক।

নিকুঞ্জে রাখিল মোর এই[1] গলার[2] হার
পিয়া যেন গলায় পরয়ে একবার ॥
এই তরু-শাখায় রহিল শারী শুকে।
এই দশা পিয়া যেন শুনে ইহার মুখে ॥
এই বনে রহিল মোর রঙ্গিণী হরিণী।
পিয়া যেন ইহারে পুছয়ে সব বাণী ॥
শ্রীদাম সুবল আদি যত তায়[3] সখা।
ইহা সভার সনে তার পুন হবে দেখা ॥
দুখিনী আছয়ে তার মাতা যশোমতী।
আসিতে যাইতে তার[4] নাহিক শকতি ॥
তারে[5] আসি যেন পিয়া দেয় দরশন।
কহিয়[6] বন্ধুরে এই সব নিবেদন ॥
শুনিয়া আকুল দূতী চলু মধুপুর।
কি কহিব শেখর বচন না[7] ফুর ॥

শ্রীকৃষ্ণের প্রতি দূতী

[৬৯]

কামোদ

শুনহ একু অবধান মাধব
গহনে পড়ু ধনি-জীব রে।
গুরুয়া বিরহে সে বিকল শশিমুখি
লখই জনু দিন-দীপ রে ॥ ধ্রু ॥

---

১ 'মোরএই' স্থলে 'এই মোর'—ক, চ, স, প-র-সা।
২ হিয়ার—ক, চ, স, প-র-সা। ৩ তার—স।
৪ তাঁর—খ। ৫ তাঁরে—খ।
৬ কহিও—ক, স। ৭ নাহি—ক, স।
[৬৯] অ পদ ২৮, পৃ ৯; প-র।

ধরণি ধামিনি ধূলি ধূসর
ধনি না সম্বর চীর রে।
মাহ শাঙন বরিখে যৈছন
ঐছন নয়নক নীর রে ॥
(খর) শাস-ভরে কুচকুম্ভ উপর
চীর থির নহি থেহ রে।
(জনু) পবনে কম্পিত কনক-ভূধর
শিখরে শারদ মেহ রে ॥
শুনহ নাগর বিরহ-সাগর
পার কর এক বার রে।
কুসুম-শর-শরে দেহ জর জর
মুরছি পড়ু বর-নার রে ॥
কুমুদিনী-দল কিরণে তাপিত
ঐছে ঝামর দেহ রে।
ভরমে বিখধর হার তেজল
জিবনে পড়ল সন্দেহ রে ॥
এতহুঁ সখিগণ সিঁচই চন্দন
গরল সম উঠে ভীত রে।
কো কহে সাধক কো কহে বাধক
শেখর কহ বিপরীত রে ॥

---

[৭০]

দেশাগ রাগ

নিজ-কর-পল্লব[১] অঙ্গে[২] না পরশই
শঙ্কই পঙ্কজ-ভানে[৩] ।
মুকুর-তলে নিজ মুখ হেরি সুন্দরি
শশি বলি হরই গেয়ানে[৪] ॥
মাধব দারুণ প্রেম তোহারি ।
যো[৫] হাম হেরলুঁ তেঁ অনুমানলুঁ
ভাগে[৬] জিবয়ে বর-নারী ॥ ধ্রু ॥
চন্দন[৭]-শীকর[৮] অনল[৯]-কণা সম
দেহ উঠই[১০] বিমুকাই[১১] ।
দীঘ[১২] নিশ্বাস[১৩]-পবন দব দাবই
জীবই কোন[১৪] উপাই[১৫] ॥
কহ কবিশেখর ভালে তুহুঁ নাগর
ভালে তুয়া প্রতি কয়[১৬] আশে ।
আপন মরম-জনে এতেক নিঠুরপন
আন কি বাঞ্ছকি[১৭] ভাষে[১৮] ॥

---

[৭০] পদ্ম পদ ১৯১৯, পৃ ১৪৮, ৩য় খণ্ড ; প পদ ১২৩, পৃ ৩৪০ ; শ্রীসং পদ ৪৭২, পৃ ১৬১ ; স পদ ৪৮, পৃ ৫১৭ ।

১ পল্লবে—স, শ্রীসং । ২ অঙ্গ—ক, স, শ্রীসং । ৩ ভাণ—স, শ্রীসং ।
৪ গেয়ান—শ্রীসং । ৫ যে—প, শ্রীসং । ৬ ভাগ্যে—ঘ ।
৭ চন্দন—স, প । ৮ শীতল—স । ৯ অমল—পদ্ম ।
১০ উঠএ—শ্রীসং । ১১ বিম্বকাই—প, শ্রীসং । ১২ দীঘল—ক, স ।
১৩ নিশাসে—প, শ্রীসং । ১৪ কেমন—প, শ্রীসং । ১৫ উপায়—প, স, শ্রীসং ।
১৬ 'প্রতি কয়' স্থলে 'প্রিয়ক'—ক, প্রিতক—খ । ১৭ কাজ—শ্রীসং ।
১৮ ভাসে—প, বিভাবে—শ্রীসং ।

[৭১]

সুহই

(যব[1]) ঋতু-পতি নব পরবেশ।
তব তুহুঁ ছোড়লি দেশ॥
তাহে যত বিবিধ বিলাপ।
কহইতে[2] হৃদি[3] মাহা তাপ॥
তব ধরি বাউরি ভেল।
গিরিষ সময় বহি গেল॥
বরিষা ভেল চারি[4] মাস।
না ছিল জিবন-অভিলাষ॥
তাহে যত পাওল দুখ।
কহইতে বিদরয়ে বুক॥
শারদে নিরমল চন্দ।
তাক জিবন লেই দন্দ[5]॥
পুরবক রাস-বিলাস।
সোঙরিতে না বহয়ে[6] শ্বাস॥
হীম[7] শিশিরে বহু শীত।
দিনে দিনে উনমত চীত॥
অব ভেল বহুত নিদান।
নব কবিশেখর ভাণ॥

---

[৭১] পদ পদ ১৮৩২, পৃ ১১২, ৩য় খণ্ড; স পদ ৪৭, পৃ ৫১৭।

১ 'যব' সকল পুথিতে থাকিলেও ইহা দ্বারা ছন্দোভঙ্গ হয়; ইহা না থাকিলে অর্থ-প্রতীতির ব্যাঘাত হয় না। ২ কহই—ক, খ, চ, স। ৩ হৃদয়—ক, খ, চ, স। ৪ চৌ—ঘ। ৫ নন্দ—স। ৬ বহে—ক, খ, রহে—চ। ৭ হিম—ক, খ।

[৭২]

তথারাগ

কি কহব মাধব রাইক খেদ।
কহইতে হৃদয় হোয়ত মঝু ভেদ॥
অতি দুরবল তনু ধরই না পার।
কোকিল-শবদে বহয়ে জলধার॥
ইহ মধু-সময় পুরবে রস[১]-খেল।
সোঙরি সোঙরি ধনি[২] ঝামরি[৩] ভেল॥
বিরহ-আনলে দহি বিবরণ অঙ্গ।
বিষম বসন্ত তাহে মদন-তরঙ্গ॥
রোই রোই কি কহয়ে কছু নাহি জান।
জনু পরলাপ কবিশেখর ভাণ॥

দূতীবাক্য শ্রবণে শ্রীকৃষ্ণের বিলাপ

[৭৩]

পঠমঞ্জরী

ঝর ঝর লোচন[৪]-লোর।
নাগর ভেল বিভোর॥
গোকুল-মণ্ডল-দুখ।
শুনইতে বিদরয়ে[৫] বুক॥

---

[৭২] প-র-সা পদ ৯৪২ ; পদ পদ ১৭১৯, পৃ ৬৮, ৩য় খণ্ড ; স পদ ৪৫, পৃ ৫১৭।

১ বস্ত—স। ২ তনু—ক, স।

৩ ঝামর—ক, স, ঝামরী—খ, ঝামরু—প-র সা।

[৭৩] প-র-সা পদ ৯৮৩ ; পদ পদ ১৭৫৯, পৃ ৮৭, ৩য় খণ্ড ; বি ৩, পদ ১৯৬২, পৃ ১৮৩ ; স পদ ৪৬, পৃ ৫১৭।

৪ লোচনে—ঘ। ৫ বিদরে—ক, খ, স।

ঘন ঘন তেজয়ে[১] শ্বাস।
আকুল ভেল পিত[২]-বাস॥
গদ গদ কহে আধ[৩] বাত।
ধুলি[৪]-ধূসর ভেল গাত॥
ঐছে মুগধ[৫] ভেল কান।
নৃপ কবিশেখর ভাণ[৬]॥

[৭৪]

সুহই

* তিল-এক নয়ন[৭] আড়[৮] জিউ না সহ
না রহু দুহুঁ তনু ভিন্[৯]।
মাঝে পুলক গিরি-অন্তর মানিয়ে
ঐছন রহুঁ নিশি-দিন[১০]॥

---

১ তেজই—খ। ২ পীত—ক। ৩ আর- প-র-সা।
৪ ধুলি—ক। ৫ মুগধি—খ। ৬ গান -ঘ।

[৭৪] প-র পদ ৪০।.৭২ ; পদ পদ ১৯৪৮, পৃ ১৫৯, ৩য় খণ্ড ; প পদ ১৪১, পৃ ৩৫১ ; বিত্তা পদ ৭৮৯, পৃ ৪৭১ ; শ্রীসং পদ ৪৭৪, পৃ ১৬১ ; স পদ ৪৯, পৃ ৫১৮ ; অ পদ ২৪৩, পৃ ৭৫ ; প-র-সা।

* প-র-সা পুথিতে এই পদের প্রথম অংশে নিম্নোক্ত যোজনা রহিয়াছে :—

"মাধব ধনিক বিতথা বড়।
ক্ষেণে অচেতন ক্ষেণে সচেতন
একথা কহিলুঁ দড়॥ ধ্রু॥
ক্ষেণে চমকই ক্ষেণে থমকই
খেণে সম্বোধই তোয়।
সব সখী মেলি মোয়ে পাঠায়লি
যতন করিয়া মোয়॥
সুন্দরি মুরছিত তায়।
মথুরা আসিতে অনুমতি দিতে
পড়িলহু মুরছায়"॥ ধ্রু॥

৭ নয়নে—ক, খ, ঘ, চ, 'এক নয়ন' স্থলে 'আধ নয়নক'—প-র-সা।
৮ ওত—পদ, ক, খ, ঘ, চ। ৯ ভীন—পদ। ১০ নিশি-দীন—পদ, ঘ, খ।

সজনী কোন পর জীয়ব কান[১]।
রাই রহল দূর শ্যাম মথুরাপুর
এতহুঁ কি[২] সহয়ে পরাণ ॥ ধ্রু ॥
ঐছন নাগর ঐছে নব নাগরি
ঐছন সম্পদ মোর।
রাধা বিনু সব বাধা মানিয়ে
নয়নে না তেজই[৩] লোর ॥
সোই যমুনা-জল[৪] সোই রমণিগণ
সোঙরিতে[৫] চমকিত চীত।
* কহ কবিশেখর অনুভবি[৬] জানলু
বড়কা বড়ই পিরীত ॥ †

---

১ এই পংক্তি স্থলে প-র-সা পুথির পাঠ :—"বর রামা কি পরিচয় দিব কান"।
২ 'এতহুঁ কি' স্থলে 'এতহুঁ'—ক, খ, চ, এত কিয়ে—প-র।
৩ তেজিয়ে—পদ। ৪ বন—প-র।
৫ শুনইতে—ক, খ, চ, প-র। ৬ অনুভবে—প-র।
* শেষ দুই কলি প-র-সা পুথিতে ভিন্নরূপে আছে, যথা :—

"বিদ্যাপতি ভণে ভাবনা জানিয়ে
সোই বড়ই বিপরীত ॥"

† এই পদটী অ পুথিতে নিম্নোক্ত রূপে দৃষ্ট হয় :—

বরাড়ী

হা বিধি কিয়ে করি জীবই কান।
রাই রহল দূরে শ্যাম মথুরা-পুরে
এ দুখ কি সহয়ে পরাণ ॥ ধ্রু ॥

অনুরাগ-প্রেমতন্ময়ত

[৭৫]

একলি কলাবতি রহই মন্দির।
মোতিম হার গাথই মনথির॥
পিয়াগুন সঙরি সঙরি ভেল ভোর।
ইথ উথ চরকত লোচন লোর॥
নখপর বিছ পড়ল ধনি পানি।
সুতদেই গাথই মোতিম মানি॥
অনতার লোচন মন রহু আন।
চিত্র পুতলি ধনি সেখর গান॥

তিলেক নয়ন-ওত জীউ নাহি সহ
না রহ দুহুঁ তনু ভীন।
মাঝে হার উরে অন্তর মানিয়ে
ঐছল রহু নিশি-দীন॥
ঐছন নাগর ঐছন নাগরি
ঐছন সম্পদ মোর।
রাধা বিনু সব বাধা মানিয়ে
নয়ন গলয়ে ঘন লোর॥
বৃন্দাবন-তট ঘাট বংশি-বট
সোঙরিতে চমকিত চীত।
কহে কবিশেখর অনুভবি দেখহ
বড়কা বড়ই পিরীত॥

[৭৫] শ্রী ২২ ম।

আক্ষেপানুরাগ

শ্রীরাধার উক্তি

[৭৬]

ধানশী

গুরুজন পরিজন কে নাহি[১] গঞ্জয়ে[২]
কে নাহি[৩] করয়ে বিগান।
আপন অপযশ[৪] যশ করি[৫] মানলুঁ[৬]
হৃদয়ে না[৭] ভাবলু[৮] আন॥
সখি হে কানুকে কহবি সম্বাদ।
এত দিন প্রেম গোপত[৯] করি রাখলুঁ[১০]
অবহুঁ ভেল[১১] পরমাদ॥ ধ্রু॥
প্রেম[১২] লাগি প্রাণ তৃণহুঁ করি মানলুঁ[১৩]
কি করব কুলবতি-জাতি।
কহ কবিশেখর অনুভবে জানলুঁ[১৪]
পিরিতিক যৈছন[১৫] ভাতি॥

---

[৭৬] পদ পদ ৯৬৬, পৃ ১৮৪, ২য় খণ্ড ; প-র পদ ১৪৮৬ ; স পদ ৩১, পৃ ৫১২।

১ কো—প-র, কে নহি—বিদ্যা। ২ গঞ্জএ—বিদ্যা।
৩ কে নহি—বিদ্যা। ৪ অবযশ—খ,ঘ।
৫ কয়—বিদ্যা। ৬ মাননু—স, মানল—বিদ্যা।
৭-৮ ন ভাবল—বিদ্যা, না ভাবই—খ, ঘ, চ।
৯ গুপুত—বিদ্যা। ১০ রাখনু—বিদ্যা।
১১ 'অবহুঁ ভেল' স্থলে 'অব ভেল মুঝে'—পদ, র।
১২ গুণ—বিদ্যা, পদ, স। ১৩ মানল—বিদ্যা, মাননু—স।
১৪ জানল—বিদ্যা, জানিনু—স। ১৫ বৈসন—বিদ্যা, ঐছন—প-র।

[৭৭]

তুড়ী

সই[১] কেমনে দেখাব মুখ।
গোপত পিরিতি বেকত করয়ে
এ বড়[২] মরমে দুখ ॥ ধ্রু ॥
এত ঢীঠপনা[৩] করে কোন জনা
বুঝিনু[৪] তাহার মতি।
মোর অপযশে সকলে[৫] হাসয়ে
ইথে কি[৬] পাইবে[৭] সিধি[৮] ॥
আর এক দিন সিনানে যাইতে
আঁচরে[৯] ধরল মোর।
তথা দুই চারি নাগরী আছিল
হাসিয়া[১০] হইল ভোর ॥
পরশ পাইয়া অবশ হইলু
ইহাতে করিব কি।
শেখর কহে কি করিবে লোকে
তোমার[১১] নিছনি[১২] দি[১৩] ॥

---

[৭৭] প-র পদ ১৪।৭০ ; পদ পদ ৯৫২, পৃ ১৭৮, ২য় খণ্ড ; বি ৩, পদ ১৩৭৫, পৃ ১৩০ ; কী পদ ২, পৃ ২৯৪ ; স পদ ৩০, পৃ ৫১১ ; সা ১, পৃ ৬ ; সা ২, পৃ ?।

১ সোই—সা ১, ২। ২ এ বড়ি—পদ, স, কী। ৩ টিটপনা--স, কী।
৪ বুঝিল—পদ, বুঝলুঁ—সা ১, ২। ৫ সকল—পদ।
৬ পাবে—প-র। ৭ কোন—প-র। ৮ সিদ্ধি—স।
৯ আঁচল—স। ১০ দেখিয়া--প-র। ১১ তোমারে—কী, প-র।
১২ নিছিয়া—প-র। ১২-১৩ নিছিয়ানি—কী।

[৭৮]

শ্রীরাগ[১]

সে কাল[২] গেল বৈয়া[৩] বন্ধু
সে কাল গেল বৈয়া[৪] ।
আঁখি ঠারাঠারি মুচকি হাসি
কত না[৫] করিতা রৈয়া[৬] ॥
বেশের লাগিয়া[৭] দেশের ফুল
না রহিত কিছু[৮] বনে ।
নগরে আসিয়া[৯] নাগর হইল
আর যে[১০] চিনিবা[১১] কেনে ॥
পথে[১২] বেড়াইয়া[১৩] মোর[১৪] নাম লইয়া
ফিরিতা বংশী বাইয়া[১৫] ।
মুখের কথা শুনিতে[১৬] কত[১৭]
লোক[১৮] পাঠাইতা[১৯] ধাইয়া[২০] ॥

---

[৭৮] প-র-সা পদ ১২৯৬, প-র পদ ১৪।১৩১ ; পদ পদ ৮০৬, পৃ ১২০, ২য় খণ্ড ; বি ৩, পদ ১৩৯৪, পৃ ১৩২ ; ঐ পদ ৯৩১, পৃ ৯০ ; কী পদ ৫, পৃ ৩০৯ ; স পদ ২৭, পৃ ৫১১ ।

১ শ্রীগান্ধার—প-র । ২ দিন—প-র । ৩ বৈহা—ঘ, চ, বঞা—প-র, কী ।
৪ বৈহা—ঘ, চ, কী, বঞা - প-র । ৫ 'কতনা' স্থলে 'কত'—কী ।
৬ রৈহা—ঘ, চ । ৭ লাগিয়া যে—প-র-সা ।
৮ কিছু—ক, খ, ঘ, চ, কী, স - পুথিতে নাই ।
৯ নাগরীর সনে—পদ ।
১০ যে—ক, খ, ঘ, চ, প-র, স, কী—পুথিতে নাই ।
১১ চিনিবে—স ।
১২ বুলি—স, কুলে—খ, কুলি—পদ । ১৩ বেড়াঞা—ক ।
১৪ মোর—প-র ভিন্ন অন্য পুথিতে নাই । ১৫ বাজাইয়া—কী ।
১৬ শুনিতেহ—পদ । ১৭ আমার—প-র । ১৮ বাটে—প-র ।
১৯ বেড়াইতে—প-র । ২০ ধাঞা—প-র ।

হাতে করিয়া[1] মাথায় করিলু[2]
কলঙ্কের[3] ডালা।
শেখর কহে পরের বেদন
নাহি জানে[4] কালা॥

---

[৭৯]

গান্ধার[5]

অহে[6] শ্যাম তু বড়ি[7] সুজন জানি। *
কি গুণে বাঢ়াইলা[8] কি দোষে ছাড়াইলা[9]
নবীন[10] পিরিতিখানি॥

---

১ করি তুলি—প-র।

২ লইলুঁ—প-র।

৩ আপনি কলঙ্ক—প-র।

৪ 'নাহি জানে' স্থলে 'তুমি নাহি জান'—প-র।

[৭৯] প-র-সা পদ ১২৯২ ; প-র পদ ১৪।:২৭ ; পদ পদ ৮০২, পৃ ১১৮, ২য় খণ্ড ; স পদ ২৬, পৃ ৫১০ ; কী পদ ২, পৃ ০৭ ; বি ৩, পদ ২০৯৫, পৃ ১৯৯।

৫ সিন্ধুড়া—প র।

৬ ওহে—কী, স।

৭ 'তু বড়ি' স্থলে 'তুহুঁ সে'—খ।

* এই স্থলে প-র পুথির পাঠ :—"অহে শ্যাম তুমি বড় সুজন তা জানি।"

৮ গড়িলে—প-র, ছাড়িলা—ক, খ, ঘ, চ, চাহিলা—স, গঢ়ল—কী।

৯ ছাড়িলা—স, ভাঙ্গল—কী, "দোষে ছাড়াইলা" স্থলে "গুণে ভাঙ্গিলে"—প-র।

১০ নৌতুন—পদ, নতুন—কী।

তোমার পিরিতি আদর আরতি
আর কি এমন হবে।
মোর মনে ছিল এ সুখ সম্পদ
জনম অবধি[১] যাবে ॥
ভাল হৈল[২] কান দিলা[৩] সমাধান
বুঝিলু[৪] তোমার[৫] কাজে।
মুঞি অভাগিনী পাছু নাহি গণি[৬]
ভুবন[৭] ভরিল লাজে ॥
যখন আমার ছিল শুভদিন
তখন বাসিতা ভাল।
এখন এ[৮] সাধে না পাই দেখিতে
কান্দিতে জনম গেল ॥
কহয়ে শেখর[৯] বন্ধুর[১০] পিরিতি
কহিতে পরাণ ফাটে।
শঙ্খ-বণিকের করাত[১১] যেমন[১২]
আসিতে যাইতে কাটে ॥

---

১ এমনি—স, ক, খ, ঘ, চ, প-র-সা।
২ হলো—কী। ৩ দিলে—কী।
৪ বুঝিনু—কী, বুঝিলাম—পদ।
৫ অলপ—পদ, কী।
৬ 'নাহি গণি' স্থলে 'না গণিলাম'—পদ, কী, স।
৭ জগত—কী, প-র। ৮ অতি—প-র।
৯ শেখরে—কী। ১০ বধুঁর—কী।
১১ যেমন—প-র-সা। ১২ ধরণ—প-র-সা।

[৮০]

বিহগড়া

কবহুঁ রসিক সনে[১] দরশ[২] হোয়[৩] জনি[৪]
দরশনে হোয়[৫] জনি[৬] নেহ[৭] ।
নেহ-বিচ্ছেদ[৮] জনি[৯] কাহুঁক[১০] উপজয়ে[১১]
বিচ্ছেদে[১২] ধরয়ে[১৩] জনি[১৪] দেহ ॥
সজনি দূরে[১৫] কর ও পরসঙ্গ ।
* পহিলহি উপজিতে[১৬] প্রেমক[১৭] অঙ্কুর
দারুণ বিহি[১৮] দিল[১৯] ভঙ্গ ॥ †

---

[৮০] পদ পদ ৯৪২, পৃ ১৭৪, ২য় খণ্ড; শ্রীসং পদ ৪১৩, পৃ ১৪১ ; বিদ্যা পদ ৪৩৬, পৃ ২৬৭ ; স পদ ২৯, পৃ ৫১২ ; সা ১, পৃ ৬ ; শ্রী : ১২ ব ।

১ সঙ্গে—শ্রীসং । ২ দরশন—স; দরসন—বিদ্যা, জনি—শ্রীসং ।

৩ দরশন—শ্রীসং, হোয়ে—ক, স ।

৪ হএ—শ্রীসং, জানি – স. ক, খ, জনু—বিদ্যা ।

৫ জনি—শ্রীসং । ৬ হএ - শ্রীসং, জনু—স, বিদ্যা, ক, চ ।

৭ লেহ—শ্রীসং ।

৮ লেহ-বিচ্ছেদ—ক, চ, স, নেহ-বিছোহ—বিদ্যা, লেহ-বিয়োগ—শ্রীসং, হেন—বিচ্ছেদ—সা ১, ২, নেহ-বিছেদ—পদ ।

৯ জনু—বিদ্যা, কাহজনি—শ্রীসং । ১০ কাহুকে—পদ, সা ১, ২ ।

১১ উপজয়—বিদ্যা ।

১২ বিছেদে – পদ, বিছোহ—বিদ্যা, বিরহে—শ্রীসং ।

১৩ ধরয়ঁ—বিদ্যা, জনি—শ্রীসং । ১৪ জনু- বিদ্যা, রহে—শ্রীসং ।

১৫ দুরে—পদ ।

* এই স্থলে শ্রীসং পুথির পাঠ :—

"বড়ই বৈরাগ লাগল মঝু অন্তরে
পহিলহিঁ প্রেমক ভঙ্গ ॥"

১৬ উপজইত—বিদ্যা । ১৭ প্রেমক—বিদ্যা, প্রেম—স, ক ।

১৮ বিধি—বিদ্যা । ১৯ দেল—বিদ্যা ।

† এই কয় পংক্তি শ্রী পুথিতে নাই ।

যবহুঁ[১] দৈব-দোষ[২] উপজয়ে[৩] প্রেমহি[৪]
রসিক[৫] সনে[৬] জনি[৭] হোয়[৮]।
কানু সে গোপত[৯] নেহ[১০] করি অব এক
সবহুঁ শিখায়ল[১১] মোয়॥
হেন ঔখদ সখি[১২] কাহাঁ[১৩] নাহি[১৪] পাইয়ে[১৫]
জনু[১৬] যৌবন জরি যায়[১৭]।
অসমঞ্জস রস[১৮] সহিতে[১৯] না[২০] পারিয়ে[২১]
ইহ[২২] কবিশেখর[২৩] গায়[২৪]॥ †

---

১ জবহুঁ—সা ১, ২, যবহিঁ—শ্রীসং।
২ দৈববশে—শ্রীসং, দৈবদোসে—সা ১, ২, শ্রী।
৩ উপজয়—বিদ্যা, উপজএ—শ্রীসং।
৪ পেম—বিদ্যা, প্রেমরস—শ্রীসং, প্রেমরসে—শ্রী।
৫ শ্যামর—শ্রীসং, শ্রী। ৬ সঞে—বিদ্যা, শ্রীসং, শ্রী।
৭ জনু—ক, চ, বিদ্যা, শ্রীসং। ৮ হোয়ে—শ্রী।
* এই স্থলে 'শ্রীসং' পুথির পাঠ :—
"এক কানু সঞে গুপত প্রেম করি।"
শ্রী পুথির পাঠ :—"এ কানু সঞে গুপত প্রেম করি।"
৯ গোপেতে—ক, গোপতে—স, বিদ্যা। ১০ লেহ—স।
১১ সিখাওল—সা ১, ২, শিখাওলুঁ—খ।
১২ ধনি—শ্রী। ১৩ কহাঁ—বিদ্যা, কতিহুঁ—শ্রীসং, কহু—শ্রী
১৪ নহি—বিদ্যা, না—শ্রীসং, স, শ্রী।
১৫ পাইয়—বিদ্যা, পেখিএ—শ্রীসং, জানিয়ে—শ্রী।
১৬ জনি—বিদ্যা, শ্রীসং, ঘ, শ্রী। ১৭ যাব—বিদ্যা।
১৮ অনহু প্রেমরস—শ্রী। ১৯ সহই—শ্রীসং, শ্রী, সহয়—বিদ্যা।
২০ ন—বিদ্যা। ২১ পারিয়—বিদ্যা।
২২ কবিশেখর—শ্রীসং। ২৩ ইহ—শ্রীসং।
২৪ গাব—বিদ্যা।
† কবিশেখর রস গায়—শ্রী।

ভাবোল্লাস

[৮১]

গান্ধার

ভাবোল্লাসে ধনী কানুরে পাইয়া
রসের আবেশে কয়।
"এমতি না জানি তোমার পিরিতি
অন্তরে অনল ময় ॥
এত দিনে আমি জানিলুঁ তোমার
পিরিতের এহি ফল।
বিরহ-আনলে তনু জলি যায়
নিভাইতে নাহি জল ॥
পিরিতের রীত এ নহে উচিত
বিরহ-অনলে ফেল।
নিকুঞ্জেতে মোর শিরে হাত দিয়া
কহিলা—সে দিন গেল ॥
মথুরাতে ভাল তুরী ভেরী লাল
নিশান পতাকা উড়ে।
মোর পোড়া-প্রাণে কেন বা আনিলা
শ্যাম-তনু পাছে পোড়ে ॥
আমার দুখের পরশে তোমার
দহিবে সুখের হিয়া।
ব্রজে তিলাঞ্জলি দিয়া মথুরাতে
বিলাস করহ গিয়া ॥

---

[৮১] অ পদ ২৪৪, পৃ ৭৫ ; প-র-সা।

আমার হৃদয় কাগজ করহ
কলম তোমার মন।
কালিয়া-কলঙ্ক- কালিতে লিখহ
ব্রজ-গোপীর মরণ॥"
রাইয়ের বিরহ- বেদনার দুখে
লাজায় সে রসময়।
সজল-নয়নে মলিন-বদনে
কিশোরী-আগেতে কয়॥
"আমি যে গিয়াছি মথুরা-নগরে
তোমারে কহিল কে।
আহা মরি মরি প্রাণের কিশোরী
জরজর হইয়াছে॥
কংস-দূত হৈয়া অক্রুর আসিয়া
লৈয়া গেল মধুপুরে।
অনুমানে আমি নিকটে তোমার
তুমি সে ভাবহ দূরে॥
বর্ত্তমানে আমি মধুপুরে যাই
অনুমানে ব্রজে রই।
সেই বর্ত্তমান অনুমান এই
ভাবোল্লাসে আমি হই॥
বৃন্দাবনে রাই আমি যে সদাই
বান্ধা সে তোমার ঠাই।
প্রেম-পিঞ্জিরাতে বান্ধ্যাছ কিশোরি
পলাইতে পথ নাই॥
তুমি সে আমার ভজন-সাধন
উপাসনা-ধন রাধে।
কিশোরি তোমার অনুগত আমি
হৈয়াছি অনেক সাধে॥

প্রেম যদি পাই তবে সে জুড়াই
দেহ জুড়াইতে চাই।
নাগরী হইতে সাধ লাগে চিতে
নাগরালি কাজ নাই॥
কি কাজ আমার চূড়া ধড়া আর
পীত-বাস বন-মালা।
নটবর-বেশ কাজ নাহি আর
নাগরালি বড় জ্বালা॥
ছি ছি লাজে মরি ঘুচাও কিশোরী
কালিয়া-কলঙ্ক-নাম।"
শেখর কহে ক্রমে কিশোরীর প্রেমে
গৌর হইবে শ্যাম॥

[৮২]

তিরোথা ধানশী

নব-চুত-পল্লব পূরি ঘট-বারি।
মঙ্গল বোলে সভে দীপ উজারি॥
মুখ হেরি পিয়া মোর মাগয়ে মেলানি।
করুণায়ে কণ্ঠ কুহরে মৃদু-বাণি॥
আজু পথে পথিক ভেল পিয়া মোর।
অনুখণ নয়নে গলয়ে ঘন লোর॥
সম-সুখ সম-দুখ ছল এক জিউ।
কানুক ছোড়ি কোই পানি না পিউ॥
পিয়া বিনু সব গুন বিফল পরাণ।
শেখর কহ পুন মীলব কান॥

---

[৮২] অ পদ ২৪২, পৃ ৭৪; প-র।

অষ্টকালীয় নিত্যলীলা

[৮৩]

তথারাগ

কতহু[১] দুলহ[২] সঙ্গ[৩] ভৈ গেল বিচ্ছেদ[৪]।
গর গর অন্তর[৫] বাঢ়ল[৬] খেদ ॥
ঝর ঝর লোচনে শশি-মুখি রোই[৭]।
অলখিতে আওল লখই না কোই ॥
সহচরিগণ মেলি শেজ বিছাই।
অলসে অবশ ধনি[৮] শূতলি[৯] তাই[১০] ॥
অন্তরে গর গর শ্যামর[১১]-লেহ।
সখিগণ সত্বরে[১২] চললি[১৩] নিজ গেহ ॥
সব জন পূরল নিজ নিজ সাধ।
কহ[১৪] কবিশেখর রস-মরিযাদ[১৫] ॥

---

[৮৩] পদ পদ ২৫১০, পৃ ৪৭, ৪র্থ খণ্ড ; ন পদ ১, পৃ ১ ; র পদ ১, পৃ ১ ; স পদ ৬৯, পৃ ৫২৫ ; বি ৩, পদ ২১৭২, পৃ ২১৮ ; ঐ পদ ২৬৮৩, পৃ ২৮৮ ; সা ১, পৃ ১।

১ কত—বি ১, ইহা সা ১, ২ পুথিতে নাই। ২ দুল—বি ১, দুঁলহ—সা ১, ২।
৩ সঙ্গে—বি ১। ৪ বিছেদ—পদ। ৫ মনমাহা—ন, সা ৩।
৬ গাঢ়ছ —ন, সা ৩। ৭ রাই—বি ১। ৮ তহি—সা ১, ২।
৯ শুতলি—ক, চ, শূতল—র, সা ৩। ১০ জাই—সা ১, ২।
১১ সামরু—র, শ্যামরু—বি ১, সা ৩।
১২ সতরে—পদ, সবেরে—র, সত্তরে—চ, সুচতুরে—ক, সচতুরে—স।
১৩ আওলি—ন। ১৪ কহে—ন, সা ৩।
১৫ মরিজাদ—সা , ২, ৩।

সখীর উক্তি

[৮৪]

তথা রাগ

নিঁদে[১] নিঁদায়লি[২] বালা।
নিশি বাসর জাগি[৩] ভৈ গেল[৪] দুর্ব্বলা[৫] ॥
তড়িত-লতাবলি[৬] রামা।
রতি-রণ-ছরমে ঘরমে ভেল[৭] শ্যামা[৮] ॥
অলসহিঁ[৯] অঙ্গ অথীর।
সম্বরণ[১০] নাহি[১১] করে[১২] পীতম[১৩] চীর ॥
মন-সিদ্ধি[১৪] সাধল[১৫] রাধা[১৬]।
আওল[১৭] অলখিতে[১৮] না পড়ল[১৯] বাধা[২০] ॥

---

[৮৪] পদ্ম পদ ২৫১১, পৃ ৪৭, ৪র্থ খণ্ড ; ন পদ ২, পৃ ২ ; বিভা পদ ৫৯৭, পৃ ৩৬১ ; বি ৩, পদ ২১৭৩, পৃ ২১৮ ; র পদ ২, পৃ ২ ; স পদ ৭০, পৃ ৫২৫ ; বি ১, পৃ ১ ; সা ১, পৃ ১।

১ নিন্দে—র, ন, সা ১, ২, ৩। ২ নিন্দায়লি—র, ন, সা ১, ২, ৩।
৩ জাগিতে—ক, ঘ, স। ৪ ভৈগেলি—সা ১, ২, ভৈগেলী—বি ১।
৫ দুবলা—পদ, র, সা ১, ২, ৩, ন।
৬ লতিকাসম—র, ন, লতাশরীর—বি ১।
৭ ভেলি—র, ন, সা ৩, ভৈলী—সা ১, ২। ৮ সামা—র।
৯ অলসিনী—ন, অলসিনি—বি ১, সা ১, ২, ৩।
১০ সম্বর—র, ন, সম্বরু—বি ১। ১১ না—র, ন, বি ১, সা ১, ২।
১২ করু—বি ১, সা ১, ২। (১০-১২) সম্বরণাকর—সা ৩।
১৩ প্রীতম—সা ৩, পীতিম—দৌ, পদ।
১৪ মনসিদ্ধি—ন, স, চ, বি ১, সা ৩, ঘ, ক।
১৫ সাধই—ন, বি ১, সা ১, ২, সাধলি—স, র।
১৬ বাধা—সা ১, ২। ১৭ অলখিতে—ন, র, বি ১, সা ১, ২, ৩।
১৮ আওলি—ন, র, বি ১, সা ১, ২, ৩।
১৯ পড়লি—বি ১, সা ৩। ২০ রাধা—সা ১, ২।

কহ[১] কবিশেখর রায়।
ধরম সরম[২] লাগি ও রস[৩] নিভায়॥

---

[৮৫]

তথা রাগ

ভগবতি দেবতি[৪] সময় সে জানি[৫]।
রাইক মন্দিরে করল পয়াণি[৬]॥
শূতলি দেখলি অতি বিপরীত[৭]।
গুরুজন-বচনে[৮] না মানয়ে[৯] ভীত[১০]॥
তপস্বিনী[১১] করলহিঁ[১২] কত[১৩] অনুমান[১৪]।
কর[১৫] পরশন[১৬] করি[১৭] রাই[১৮] জাগান॥
চমকি উঠলি[১৯] ধনি থরহরি[২০] কাঁপি[২১]।
পীত[২২] বসনে সবহু তনু ঝাঁপি[২৩]॥

---

১ কহে—ন, সা ৩। ২ ভরম—ন, করম—র।
৩ উব—বি ১, উড়নি—সা ৩।

[৮৫] পদ পদ ২৫১৩, পৃ ৪৮, ৪র্থ খণ্ড; ন পদ ৩, পৃ ২; বি ৩, পদ ২১৭৪, পৃ ২১৮; র পদ ৩, পৃ ৩; স পদ ৭১, পৃ ৫২৬; বি ১, পৃ ৩; সা ১, পৃ ১; সা ৩, পৃ ?।

৪ দেবী—ন, স, ক, দেবী অতি—বি ১। ৫ জান—ন, বি ১, সা ১, ২, ৩।
৬ পয়াণ—ন, বি ১, সা ১, ২, ৩। ৭ বিপরীতে—র।
৮ বচন—সা ১, ২। ৯ মানই—র, বি ১।
১০ ভীতে—র। ১১ তপসিনি—র, ন, সা ১, ২, ৩।
১২ করলহিঁ—পদ, কতহুঁ—র, সা ৩, করলিয়ু—বি ১, করলহ—সা ১, ২।
১৩ করণ—র। ১৪ অনুপান—ঘ।
১৫ কারকর—বি ১।
১৬ পরশই—ন, বি ১, পরশ—সা , ২। ১৭ করু—ন।
১৭-১৮ বি ১ পুথিতে নাই। ১৯ উঠই—ন, উঠল—বি ১।
২০ থরথর—বি ১, থরথরি—সা ১, ২। ২১ কাঁপে—র।
২২ পীতিম—পদ। ২৩ ঝাঁপে—র।

রতি-বিপরিত-চিহ্ন করতহিঁ[১] গোই।
রাগে[২] বেকত[৩] তনু[৪] অবেকত[৫] হোই॥
করজোড়ি রাই[৬] প্রণতি করু[৭] দেবী।
আজু সফল দিন তুয়া পদ সেবি॥
কামিনি কাহিনি কহু[৮] কত বন্ধে।
ভগবতি[৯] মঙ্গল দেই[১০] সুছন্দে॥
কহ কবিশেখর শুন সুকুমারি।
পীত বসন তুহুঁ রাখহ সমারি[১১]॥

---

[৮৬]

তথা রাগ

আজু বিপরিত ধনি দেখলুঁ[১২] তোয়[১৩]।
সমুঝি[১৪] না পারিয়ে[১৫] সংশয় মোয়[১৬]॥

---

১ করলহি—র, বি ১, সা ৩। ২ রাইক—বি ১, রাগ—ন, র।
৩ রতন—ন, সা ৩, তনু—বি ১। ৪ বেকত—বি ১।
৫ বেকত না—ন, সা ৩, বেকত নাহি—বি ১।
৬ কামিনী—ন, বি ১, সা ১, ২, ৩। ৭ করি—ক।
৮ করু—ক, চ, স, কহুত—বি ১, কহ—সা ১, ২।
৯ দেবতি—ক, চ, ন, র, স, সা ১, ২ বি ১, দেবিরতি—সা ৩।
১০ দেওল—সা ১, ২।
১১ সাবারি—চ, সামারি—র, বি ১, সা ১, ২, সাঁবারি—স।

[৮৬] পদ পদ ২৫১৪, পৃ ৪৮, ৪র্থ খণ্ড; বিদ্যা পদ ১৮৭, পৃ ১১৪; বি ৩, পদ ২১৭৫, পৃ ২১৮; ন পদ ৪, পৃ ৩; র পদ ৪, পৃ ৪; স পদ ৭২, পৃ ৫২৬; বি ১, পৃ ২; সা ১, পৃ ১; সা ৩, পৃ ২।

১২ দেখিঅ—বিদ্যা, দেখহু—সা ১, ২। ১৩ তোর—স।
১৪ সমঝি—পদ, বুঝই—বিদ্যা।
১৫ ন পারিয়—বিদ্যা, না পারই—ন, বি ১, সা ৩।
১৬ মোর—স।

তুয়া মুখ-মণ্ডল পূর্ণমিক[১] চাঁদ[২] ।
কাহে[৩] লাগি ভৈ গেল[৪] ঐছন[৫] ছাঁদ[৬] ॥
নয়ন-যুগল[৭] ভেল কাজল[৮] বিথার ।
অধর নিরস বরু কোন[৯] গোঙার[১০] ॥
পীন পয়োধরে নখ-রেখ[১১] দেল ।
কনক-কুম্ভ জনু[১২] ভগনহু[১৩] ভেল[১৪] ॥
অঙ্গে[১৫] বিলেপন কুঙ্কুম-ভার ।
পীতাম্বর ধরু ইথে কি বিচার ॥
সুন্দর রমণি তুহুঁ কুলবতি-বাদ ।
কা সঞে ভুঞ্জলি মরমক[১৬] সাধ ॥
কামিনি-কাহিনি[১৭] দেবি[১৮]-সম্বাদ[১৯] ।
কহ[২০] কবিশেখর[২১] নহ[২২] পরমাদ[২৩] ॥

———

১ পুনিমক—বিত্তা, স, পুর্নিমাক—বি ১ ।
২ চান্দ—সা ১, ২ । ৩ কাঁ—বিত্তা ।
৪ ভেল—বিত্তা । ৫ ঐসন—বিত্তা ।
৬ ছান্দ—সা ১, ২ । ৭ যুগলে—পদ, সা ১, ২, ৩ ।
৮ কজর—বিত্তা, কাজার—বি ১ । ৯ কওন—বিত্তা ।
১০ গমার—বিত্তা । ১১ খত—ঘ ।
১২ জনি—বিত্তা, জেন—বি ১ । ১৩ ভঙ্গহু—স, ভগণতুহু—সা ৩ ।
১৪ গেল—বি ১ ।
১৫ অঙ্গ—র, ন, স, ক, চ, অঙ্গেহু—সা ১ ২ ।
১৬ মরমকি—সা ১, ২ ।
১৭ কহিনী—বিত্তা, কাতর—র, ন, সা ৩, কাতরে—সা ১, ২, কহে—বি ১ ।
১৮ কহ—বিত্তা, কহে—বি ১ । ১৯ সম্বাদে—ন, র, সা ৩ ।
২০ শেখর—বি ১, সা ১, ২, ৩ । ২১ কহলহি—বি ১, সা ১, ২, কহে—সা ৩ ।
২২ বড়—বি ১, সা ১, ২, নহে বড়—সা ৩ ।
২৩ পরমাদে—সা ৩, বি ১ ।

[৮৭]

তথা রাগ

তুয়া[১] অঙ্গে পীতিম[২] চীরে।
কুচযুগ[৩] দংশল কীরে[৪] ॥
অধর-বিম্বফল[৫] তোরি।
কো রস নেল[৬] নিচোরি[৭] ॥
বচন কহসি[৮] আন ভাতি।
কা সঞে বঞ্চলি[৯] রাতি ॥
হৃদয়-নয়ন-গতি-রীত[১০]।
হেরইতে পায়লুঁ[১১] ভীত[১২] ॥
ইহ রস[১৩]-কাহিনি কহই।
জরতি উঠি তহি চলই ॥
রায়শেখর[১৪] অনুমানে।
রাইক[১৫] অমিয়া[১৬] সিনানে ॥

---

[৮৭] পদ পদ ২৫১৫, পৃ ৪৮, ৪র্থ খণ্ড; ন পদ ৫, পৃ ৪; বিদ্যা পদ ১৯৩, পৃ ১১৭; বি ৩, পদ ২১৭৬, পৃ ২১৮; র পদ ৫, পৃ ৫; স পদ ৭৩, পৃ ৫২৬; বি ১, পৃ ২; সা ৩, পৃ ২।

১ তুয়—ন। ২ পীত পহু—ক. স, পিতহু—বিদ্যা, পীতম—সা ১, ২ ৩।

৩ অধরকি — সা ১, ২। ৪ কিরে—সা ১, ২।

৫ বিম্বুফল—ন, বি ১, পদ। ৬ লেল—বিদ্যা, লেই—সা ৩।

৭ নিঙ্গারি—ন বি ১, সা ১, ২, নিঙ্গেরি—র, দো।

৮ বোলসি —র, বি ১, সা ১, ২. ৩, বোলসি—ন। ৯ ভুগ্রলি—বি ১।

১০ রীতে—র। ১১ পাওল—বিদ্যা, পারলি—ন।

১২ ভীতে—র। ১৩ সব—বি ১।

* এই স্থলে বি ১. সা ৩ পুথির পাঠ :—"জরতি উঠিতল চল হোই।" এবং পদ পুথির পাঠ :—"(জরতিক) উচিত বচন তহিঁ রচই।"

১৪ কবিশেখর —বিদ্যা। ১৫ রাহিক—বিদ্যা, রাই কঙ্ক—বি ১।

১৬ অমিয়—ন, অমিএা—সা ১, ২।

[৮৮]

বিভাস

নিশি-অবসানে সব দাসীগণে[১]
সত্বরে[২] করয়ে কাজ[৩]।
বেশের[৪] মন্দির মাজল[৫] সুন্দর
রাখল বেশের সাজ[৬] ॥
কিনা সে দাসীর রীত।
জানিয়া মরম করয়ে করম
যাহাতে আপন জীত[৭] ॥
দশন-মাজনী[৮] রসনা-শোধনী
থুইল[৯] থালীতে[১০] ভরি[১১]।
কর্পূর সহিত গন্ধ-চুরিত[১২]
যতন করিয়া ধরি[১৩] ॥
নির্ম্মল[১৪] সলিল[১৫] সুগন্ধি শীতল
পূরিয়া গাগরী ঝারি[১৬]।
মুখ পাখালিতে[১৭] সিনান করিতে
বেদির[১৮] উপরে ধরি ॥

---

[৮৮] পদ পদ ২৫১৭, পৃ ৪৯, ৪র্থ খণ্ড ; ন পদ ৬, পৃ ৪ ; বি ৩, পদ ২১৭৭, পৃ ২১৮ পদ ৬, পৃ ৫ ; স পদ ৭৪, পৃ ৫২৬ ; বি ১, পৃ ২ ; সা ১, পৃ ২ ; সা ৩, পৃ ২।

১ সখিগণে—বি ১। ২ সতরে—পদ, সবেরে—বি ১, সা ৩।
৩ কাজে—সা ৩। ৪ বাসর—সা ১, ২। ৫ মাজিল—বি ১।
৬ সাজে—সা ৩। ৭ জিত—ক, ঘ, র, স, ন প্রীত—সা ৩।
৮ মাজুনি—বি ১। ৯ থুইলা—বি ১।
১০ থালির—র, থালিয়ে—ন, সা ১, নীরে—বি ১, থালের—সা ৩।
১১ পরি—র, বি ১, সা ৩। ১২ চুর্ণিত—ক, মরিচ —ন, র, সা ৩।
১৩ করি—র, সা ৩। ১৪ সলিল—সা ১, ২।
১৫ নির্ম্মল—সা ১, ২। ১৬ ভরি—পদ, স বি ১ ২।
১৭ পখালিতে—বি ১। ১৮ * বেদীক—পদ।

গামছা কাচিয়া নিজল[1] করিয়া
রাখল[2] পৃথক[3] করি[4] ।
এ তৈল[5] আমলা আনল[6] শ্যামলা
বিনিয়া[7] বিনিয়া[8] ভরি ॥
উবটন করি কনকমঞ্জরী[9]
আনল রাইয়ের[10] তরে ।
মঞ্জরী রতন করিয়া যতন
আনল সিনান-চীরে ॥
গুণবতী তথি কর্পূরমালতী
সুগন্ধি শীতল[11] করি ।
বিধি-অগোচর নানা উপহার
থালীতে[12] থালীতে[13] ভরি ॥
বিচিত্র বসন তাহাতে ঢাকন
করল পরম সুখে ।
রাইয়ের[14] ইঙ্গিতে রাখল গোপতে
যেন আন নাহি দেখে ॥

---

১ নির্জ্জল—স; ক, সুথান—ন, সুকন—বি ১, সা ১, ২, ৩।
২ ঝারির- সা ৩।
৩ প্রথক—পদ, সা ১, ২, বি ১, ২, উপরে—সা ৩।
৪ ধরি—সা ৩। ৫ তৈল—বি ১।
৬ আনিল—র, ন।
৭-৮ বেলিয়া বেলিয়া—সা ৩, বি ১, বেলিয়ে বেলিয়ে—সা ১, বেলিএ বেলিএ—র, সা ২, থালিয়ে বেলিয়ে—ন।
৯ মুঞ্জরী—ন। ১০ রাইর—বি, ১।
১১ সলিল—ক, স, র।
১২-১৩ থালিএ বেলিএ—র, সা ৩, থালিযে থা[illegible]—ন, বি ১, সা ১, ২।
১৪ রাইর—র, ন, বি ১।

কর্পূর তাম্বুল মালতীর মাল
শেখর যতন[১] করে।
সে পীত বসন আনিয়া তখন
আপন[২] আওয়াসে[৩] ধরে॥

---

[৮৯]

ভাটিয়ারি

পাই[৪] অবসরে বসিলা[৫] সত্বরে
সব[৬] সখীগণ[৭] মাঝে[৮]।
তবে[৯] সখীগণ খসায়[১০] ভূষণ
পরায়[১১] সিনান-সাজে[১২]॥
সখি দেখ না[১৩] রাইক[১৪] রঙ্গ।
রতি-পতি-ভতি[১৫] বিন্ধিয়া যুবতি
অভরণে[১৬] দিলা[১৭] ভঙ্গ॥

---

১ জতনে—বি ১। ২ আপনা—ন
৩ আড়েতে—র, আবাসে—ন, বি ১, সা ৩, আয়াসে—ঘ।
[৮৯] পদ পদ ২৫৩৫, পৃ ৫৫, ৪র্থ খণ্ড ; ন পদ ৭, পৃ ৬ ; বি ৩, পদ ২১৭৮, পৃ ২১৮
র পদ ৭, পৃ ৭ ; স পদ ৭৮, পৃ ৫২৮ ; বি ১, পৃ ২ ; সা ১, পৃ ২ ; সা ৩, পৃ ৩।
৪ পাইয়া—ন।
৫ রাই সে—ন, র, সা ৩, "বসিলা সত্বরে" স্থলে "রাই সবেরে"—বি ১।
৬ আইল—ন, আইলা—র, বি ১। ৭ সখীর—র, বি ১।
৮ মাঝ—ন, বি ১। ৯ সব—র, ন, বি ১।
১০ খসাঞা—র, খসাল—সা ৩, খসাএ—সা ১, ২।
১১ পরান—ন, র, বি ১, সা ৩। ১২ সাজ—ন, বি ১।
১৩ দেখহ—বি ১। ১৪ রাইএর—র, রাইয়ের—সা ৩, রাইর—বি ১।
১৫ কতি—ন।
১৬ আভরণে—র, ভরুরণে—ন, ভবরণে—বি ১।
১৭ দিল—পদ, সা ১, ২।

* তৈল আমলকী দিল সব সখী
উবটনে[১] তুলি[২] মলা।
সুগন্ধি সলিলে সিনান করিয়া
শীতল হইলা বালা॥
† গামছা আনিয়া গাথানি মোছাঞা[৩]
পরায়[৪] নীলিম-বাস।
বেশের মন্দিরে বসিলা[৫] সত্বরে
সখীগণ চারি পাশ॥
সে কালে[৬] বিস্তার[৭] ষোড়শ শিঙ্গার
করিয়া[৮] হেরয়ে[৯] মুখ।
‡ কৃষ্ণ-অবশেষ করিয়া পরশ
পাইল[১০] পরম সুখ॥

---

* এই স্থলে ন বি ১, সা ৩ পুথির অতিরিক্ত পাঠ :—
"হাস পরিহাসে, বসিয়া আবাসে মুখানি মাজল (পাখালি—বী ১) নীরে।
মাজল যতনে, রসনা দশনে, শোধল মরিচ চূরে॥"

১ উবটনি—বি ১। ২ তুলিয়া—বি ১।

† এই স্থলে ন-পুথির অতিরিক্ত পাঠ :—
"গাথানি মুছিতে, গামছা আনিতে, কহয়ে তরা যে বাণী।
পরম হরিষে, মনের উল্লাসে, শেখর জোগায় আনি॥"

৩ মাজিয়া—বি ১, মোছাইয়া—সা ১, ২।
৪ পরাল—ন, বি ১, সা ৩, পরান—র।
৫ পশিল—ন, বি ১, বসিল—র। ৬ সেকাল—বি ১।
৭ বিচার—ন, বি ১, সা ৩। ৮ তাম্বূলে—ন, বি ১, সা ৩।
৯ পুরল—ন, বি ১, সা ৩।

‡ ১৮।১৯ পংক্তির পরিবর্ত্তে ন, বি ১, সা ৩ পুথির পাঠ :—
"উপহার লৈয়া, করে পরশিয়া, পায়ল পরম সুখ।"

১০ পায়ল—সা ১, ২।

কহে রঙ্গলতা আর[১] এক[২] কথা
শুনহ[৩] রাজার[৪] ঝি[৫]।
কুন্দলতা ধনী[৬] আসিছে[৭] এখনি[৮]
এমন[৯] বাসিতেছি[১০] ॥
* দেখ একজন বুঝহ কারণ
জটিলা নিকটে যাই[১১]।
বুঝিতে সত্বর হইলা[১২] শেখর
রাইয়ের[১৩] ইঙ্গিত পাই[১৪] ॥

---

[৯০]

সুহই

নিশি পরভাতে[১৫] তবে[১৬] নন্দের ঘরণী।
দাসদাসী[১৭] ডাকিয়া কহয়ে প্রিয় বাণী ॥

---

১ শুন—ন। ২ ধনী—ন।
৩ তোমারে—ন। ৪ নিবার—ন।
৫ তরে—ন। ৬ হেন—ন।
৭ দেখলু—ন, আসিব—সা ১, ২। ৮ এখন—ন।
৯ হেনই—বি ১, এমনি—পদ। ৯-১০ "পশিল জটীলা ঘরে"—ন।
* শেষ চারি পংক্তির পরিবর্ত্তে ন-পুথির পাঠ :—
"সে সব কাহিনী, শুনি বিনোদিনী, পুলকে পুরল গায়।
রাইর ইঙ্গিতে, বারতা বুঝিতে, চলল শেখর রায় ॥"
১১ জায়্যা—বি ১। ১২ হইল—র।
১৩ রাইক—সা ১, ২। ১৪ পায়্যা—সা ১, ২।

[৯০] পদ পদ ২৫৪৬, পৃ ৫৯, ৪র্থ খণ্ড ; ন পদ ৯, পৃ ৮ ; র পদ ৮, পৃ ৯ ; স পদ ৮১, পৃ ৫৩০ ; বি ৩, পদ ৮, পৃ ২১৮ ; বি ১, পৃ ৩ ; বি ২, পৃ ২ ; সা ১, পৃ ৩ ; সা ৩, পৃ ৪।

১৫ অবসান—ন, বি ২, অবশেষ—বি ১, সা ১, ২, ৩।
১৬ জানি—ন, সা ১, ২, ৩। ১৭ দাসীরে—বি ২।

আমার জীবন-ধন কানাই বলাই।
লালিবে পালিবে তারে তোমরা সভাই ॥
যার[১] যেই[২] কাজ বাছা কর মন দিয়া।
আমি আর কি বলিব[৩] বুঝ[৪] বিচারিয়া[৫]
রাণীর উদার বোল শুনি দাসদাসী।
আবেশে করয়ে কর্ম্ম[৬] প্রেমানন্দে ভাসি ॥
কুন্দলতা আনি কথা কহে যশোমতী।
রাধারে আনহ বাছা[৭] করিয়া[৮] সঙ্গতি[৯] ॥
* শুনি পরণাম করি চলে কুন্দলতা।
জটিলারে[১০] নমস্করি নিবেদয়ে কথা ॥
দেখি আনন্দিত হৈল[১১] জটিলার চিত।
শেখর[১২] চলিলা তার[১৩] পাইয়া ইঙ্গিত ॥

---

১ যাহার—বি ১, ২। ২ যে—বি ১।
৩ কহিব—বি ১। ৪ করিবে—বি ১, সা ৩।
৫ বুঝিয়া—বি ১, সা ৩।
৬ কাজ—বি ২, সা ৩, র, ন, কার্য্য—বি ১।
৭ যাইয়া—ন, জেঞা—বি ১। ৮ বুঝায়্যা—বি ১, ২, বুঝায়া—ন।
৯ জয়ন্তী—ন, জয়তি—বি ১, ২, সা ৩, সংহতি—ক।

* দশম পংক্তির পর বাকী পংক্তিগুলি ন, বি ১, ২ সা ৩ পুথিতে নাই; ইহার পরিবর্ত্তে ন-পুথির পাঠ :—

"জটীলা নিকটে ঝাট চলিলা যুবতী।
রোহিণী কহয়ে আইস শেখর সংহতি ॥"

বি ১, ২, সা ৩ পুথির পাঠ :—

"জটীলা নিকটে ঝাট চলিলা যুবতি।
রোহিণী কহেন আইস শেখর সঙ্গতি ॥"

১০ জটিলা—সা ১, ২। ১১ হইলা- সা ১, ২, হৈলা—স, ক, চ।
১২ সেখর—সা ১, ২। ১৩ তবে—স, র, ক।

[৯১]

জয়জয়ন্তী

দেখিয়া[১] কুন্দলতা জটিলা উনমতা
পরম আনন্দে নাচয়ে[২]।
ধরিয়া[৩] করি কোরে[৪] তিতিল[৫] আঁখি[৬]-লোরে[৭]
কুশল-বারতা পুছয়ে[৮] ॥
ও মোর[৯] বাছনি সত্যহি[১০] কাহিনী
কহবি নিকটে[১১] মোহরি[১২]।
তো হেন[১৩] কুলবতী জগতে[১৪] নাহি[১৫] কতি[১৬]
* হামারি বিশোয়াস[১৭] তোহারি[১৮] ॥

---

[৯১] পদ পদ ২৫৪৭, পৃ ৫৯, ৪র্থ খণ্ড; ন পদ ১০, পৃ ৯; বি ৩, পদ ২১৮০, পৃ ২১৮; র পদ ৯, পৃ ১০; স পদ ৮২, পৃ ৫৩০; বি ১, পৃ ৩; সা ১, পৃ ৪; সা ৩, পৃ ৪।

১ দেখি—বি ১, সা ১, ২। ২ নাচই—র, ন, বি ১, সা ৩, নাচয়ী—সা ১, ২।
৩ ধরি—বি ১। ৪ কোলে—ক, চ।
৫ তিতল—ন, তিতয়ে—বি ১, সা ৩।
৬ আঁখির—খ, স, সা ১, ২, ৩। ৭ নীরে—ন, জলে—সা ৩।
৮ পুছই—র, ন, সা ৩, পুছয়ী—সা ১, ২।
৯ আমোর—ন। ১০ সত্য—ক, চ, স, সতহু—ন, কতহু—বি ১।
১১ নিকটহিঁ—পদ, সা ১, ২, ৩, বি ১, ২।
১২ মোহেরি—ক, ঘ, সা ৩, মোহেরে—ন।
১৩ তুহুঁসে—র, বি ১, তুহসে—সা ৩।
১৪ না পাওো—ন, পাহু—বি ১। ১৫ নাহিক—সা ১, ২, যতি—ন।
১৫-১৬ কীরিতি—র, যুবতি—বি ১। ১৬ সতী—ন।

* বি ১ এবং ন-পুথিতে ৯।১০।১১ পংক্তি নাই; অষ্টম পংক্তি স্থলে "ঘোষহ লখিমী সমাঝারি।"—বি ১ পুথি এবং "ঘোষই লখিমী সমাজরে।"—ন-পুথির পাঠ।

১৭ বিশআস—সা ১, ২।
১৮ তোদেরি—সা ৩, তোহরি—র, তোহেরি—ঘ।

গোপ-পুর[১] ভরি যতহুঁ সুন্দরী
কাহুঁক না রহ লাজ[২]।
তো হেন পতিব্রতী[৩] না দেখোঁ[৪] যতি সতী
ঘোষয়ে লখিমি-সমাজ[৫] ॥
হরষি[৬] কুন্দলতা ভরসি[৭] কহে কথা
কতহুঁ বিনয়ে বেভারয়ে[৮]।
চতুর শেখর জরতি-অন্তর
কত যে[৯] যতনে সুধারয়ে[১০] ॥

---

[৯২]

ধানশী

* সে যে[১১] ব্রজেশ্বরী[১২] না জানে চাতুরী
পরম উদার দেহ।
যখন যা বলে তখনি তা ভুলে
সভারে সমান লেহ[১৩] ॥

---

১ গোপপুরি—রা ১, ২, গোপপুরী—চ, ক।

২ লাজরি—র, সা ৩। ৩ কুলবতী—সা ৩।

৪ না পাও—সা ৩ নাহিক—র। ৫ সমাজরি—র, সমাঝরি- সা ৩।

৬ হরষিতা—ক। ৭ তরসি—পদ, সা ১, ২।

৮ বেভারই—র, ন, ভাবই—বি ১, বেভারসি—ক, বেভারয়ি—চ।

৯ কতহুঁ - র, ন, বি ১।

১০ সুধারই—র, সা ৩, সিধারই—স, শুধাবই—ন, সেবই—বি ১, সুধারসি—ক, সুধারয়ি—চ।

[৯২] পদ পদ ২৫৫৮, পৃ ৫৯, ৪র্থ খণ্ড; ন পদ ১১, পৃ ১০; র পদ ১০, পৃ ১১; স পদ ৮৩, পৃ ৫৬০; বি ৩, পদ ১০, পৃ ২১৯; সা ১, পৃ ৪; সা ৩, পৃ ৪।

* প্রথম পাঁচ পংক্তি বি ১ পুথিতে নাই।

১১-১২ যশোদা সুন্দরী—ন, সা ৩। ১৩ নেহ—র, ন।

হেদে গো আরিজা[1] মা।
সে জন আমারে পাঠাইল[2] সত্বরে[3]
দেখিতে তোমার পা ॥ধ্রু॥ *
চুল খড় ধরি দশন উপরি
যে সব কহিল[4] রাণী।
সে সব শুনিতে হেন লয় চিতে
পাষাণ[5] গলয়ে জানি ॥
মাসীর[6] চরণে কহিয়া[7] বচনে
গোপতে আনিবে[8] বন্ধু।
অলখিতে[9] পথে আসিবে[10] তুরিতে
যেমতে[11] না দেখে কেহু ॥
শুনিয়া মিনতি[12] উলসি[13] জরতী[14]
চলিলা[15] রাইয়ের[16] ঘরে।
কুন্দলতা-করে সোঁপিয়া বধূরে
রাণীরে আশীষ করে ॥

---

১ আরিয়া—স।
২ পাঠাল—র, পাঠাইলা—স, ক, পাঠাল্য—বি ১, পাঠাই—ঘ।
৩ সত্তরে—পদ, র, ন, সা ১, ২, ৩।
* ইহার পর বি ১ পুথিতে—"অনেক যতনে যশোদা বোলয়ে জটিলা আমার মা।" এই অতিরিক্ত পাঠ রহিয়াছে।
৪ কহিলা—ন, কহিলে—স। ৫ প্রাণ—সা ৩।
৬ মামীর—র। ৭ কহিবে—বি ১।
৮ আনিবা—পদ, আনবি—বি ১, সা ৩।
৯ অলক্ষিত—বি ১।
১০ আনিবে—র, আনিবা—ন, আসিবা—পদ, সা ৩।
১১ যেমনে—ন, র। ১২ বিনতি—র, সা ৩।
১৩ উলসে—ন, বি ১, উলসিত—সা ৩। ১৪ যরতি—সা ১, ২, মতি—সা ৩।
১৫ চলল—বি ১। ১৬ রাইর—ন, বি ১।

রাই[1]-কর লৈয়া নিজ-শিরে দিয়া
কহয়ে কাতর বোল।
কুলের ধরম পুতের[2] সরম[3]
সকল[4] রাখবি মোর ॥
যশোদা-তনয় না মানে বিনয়
তাহারে আমার ডর।
নিভৃতে কেতনে[5] আসিবে[6] যতনে
যাহাতে[7] না হাসে পর ॥
কুন্দলতা কহে তুমি দেব মোহে
চরণ পরশি তোর।
শেখরের[8] ঠাঞি কোন ডর নাই
ও বড়[9] ভরসা মোর ॥

---

১ ধনী—ন, বি ১, সা ৩। ২ পুত্রের—ক, চ স।
৩ ভরম—বি ১। ৪ সকলি—বি ১।
৫ নিকেতনে—বি ১, সা ৩।
৬ রাখিবে—ন, থাকিবে—র, রাখবি—বি ১, থাকবি—সা ১, ২।
৭ যেমনে—র, ন, বি ১, জেমনে—সা ১, ২।
৮ সেখরের—সা ১, ২।
৯ সে বলে—পদ, এ বোলে—ন, উ বলে—সা ৩।

শ্রীরাধার প্রতি জটিলা

[৯৩]

তথারাগ

জরতী[1] যতন করি কহে শুন সুন্দরি
সখী সঙ্গে করহ পয়াণ।
উড়নি ঘোড়নি[2] মাথে দেখিয়া চলিবে[3] পথে
লখিতে না[4] পারে[5] যেন আন ॥
বড়োর[6] ঝিয়ারী বট কুলে শীলে নহ ছোট
সব গুণে হও[7] পরবীণ।
থাকিহ[8] সভার মাঝে বুঝিবা[9] আপন কাজে
আমি আর জীব কত দিন ॥
সদয়ে বিদায় করি[10] জটিলা[11] চলিলা[12] ঘরে[13]
উলসিত[14] রসবতী রাধে।
রঙ্গিনী সঙ্গিনী তার লই[15] সব উপহার
চললি[16] পূরাইতে[17] সাধে ॥

---

[৯৩] পদ পদ ২৫৪৯, পৃ ৬০, ৪র্থ খণ্ড ; ন পদ ১২, পৃ ১১ ; বি ৩, পদ ২১৮২, পৃ ২১৯ ; র পদ ১১, পৃ ১৩ ; স পদ ৮৪, পৃ ৫৬১ ; বি ১, পৃ ৩ ; সা ৩, পৃ ৪।

১ জরতি—সা ১ ২, র। ২ যোড়নী—স, মোঢ়ন—র।
৩ চলবি—সা ১, ২। ৪-৫ নারএ—র।
৬ বড়ারি—ঘ, চ, ন, বড়ূর—স।
৭ হয়—ক। ৮ থাকিয়া—ন, থাকিবে—বি ১, সা ৩।
৯ বুঝিবে—ন, বুঝিয়া—বি ১।
১০ কয়ে—স। ১১ চলিলা—র।
১২ জটিলা—র। ১৩ ঘরি—বি ১, বুড়ী—র।
১৪ উলাসিত—র, উলসিল—বি ১। ১৫ লেই—পদ, স।
১৬ চলু ধনি—পদ, সা ১, ২, চললহি—র, চলে—বি ১।
১৭ পুরইতে—সা ৩।

গজেন্দ্র-গমন জিনি[১] চলে রাই বিনোদিনী
সুঘড়[২] সখীর[৩] হেলি অঙ্গ[৪]।
কহয়ে[৫] শেখর[৬] রায় পুছিতে পুছিতে যায়
রজনি-বিলাস রস-রঙ্গ[৭]॥

শ্রীরাধার প্রতি সখীগণের রজনীবিলাস প্রশ্ন

[৯৪]

পঠমঞ্জরী

এ ধনি ঐছন[৮] কহবি মোয়।
আজু যে[৯] কৈছন[১০] দেখিয়ে[১১] তোয়॥
নয়ান[১২] বয়ান[১৩] আনহি[১৪] ভাতি।
কহিতে[১৫] কাহিনি ভুলসি[১৬] পাঁতি॥

---

১ ধনি—বি ১।
২ সুগড়—সা ১, ২. সুঘট—বি ১, সুগড়—ক, চ।
৩ শেখর—বি ১। ৪ অঙ্গে—ন, বি ১।
৫ একবি—র, ন, বি ১, সা ১, ২, ৩।
৬ সেখর—সা ১, ২। ৭ রঙ্গে—ন।

[৯৪] পদ পদ ২৫২২, পৃ ৫১, ৪র্থ খণ্ড ; বি ৩, পদ ১২৪১, পৃ ১১৯ ; ঐ পদ ২১৮৩, পৃ ২১৯ ; স পদ ৭৫, পৃ ৫২৭ ; বি ১, পৃ ৩ ; বি ২, পৃ ৪ ; সা ১, পৃ ৪ ; সা ৩, পৃ ৫ ; র পদ ১২, পৃ ১৪ ; ন পদ ১৩, পৃ ১২।

৮ ঐছনি—ন, ঐসন - বিদ্যা। ৯ কৈছন—ন।
১০ কৈসন—বিদ্যা। ১১ দেখহ—ন, দেখিয়—বিদ্যা, দেখিলু—বি ১।
১২ নয়ন—বি ১, ২, নঞান—সা ১, ২।
১৩ বসন—বি ১। ১৪ আনহু—বি ১, ২।
১৫ কহসি—বি ১. ২। ১৬ উলসি—বি ১, তুলসি—বি ২।

সুরঙ্গ অধর বিরঙ্গ ভেলি[১]।
কা সঞে[২] কামিনি কয়লি কেলি[৩] ॥
* বেকত ভৈ গেল[৪] গোপত[৫] কাজ।
অতয়ে[৬] কাহারে[৭] করহ লাজ ॥
সঘনে[৮] জঘন কাঁপয়ে তোর।
মদন-মথন কয়ল[৯] জোর[১০] ॥
গৌর[১১] পয়োধর রাতুল[১২] গাত[১৩]।
নখের[১৪] আঁচড়[১৫] ঝাঁপসি[১৬] তাত[১৭] ॥
† খিণহুঁ[১৮] খিণহুঁ[১৯] হেরিয়ে[২০] তাই[২১]।
সঘনে[২২] বদনে[২৩] উঠিছে[২৪] হাই ॥

---

১ ভেল—বি ১, ২। ২ সয়ে—সা ১, ২। ৩ কেল—বি ১, ২।

* ৭ম পংক্তি স্থলে বি ১, ২, পুথির পাঠ:—"কি সঞে কমলি কয়লি রাজ।" এবং সা ৩ পুথির পাঠ:—"কা সঞে কামিনি কয়লি লাজ।" এই তিনখানি পুথিতে ৮ম পংক্তি স্থলে ৭ম পংক্তির পাঠ রহিয়াছে।

৪ ভেল—বি ১। ৫ গুপুত—বিদ্যা। ৬ অতএ—সা ১,২।

৭ ককর—বিদ্যা, ৮ম পংক্তির পাঠ ন পুথিতে—"কাহে কো কামিনি করসি লাজ।"

৮ সঘন—বিদ্যা। ৯ কয়ল—বি ১, ২।

১০ থোর—সা ১, ২। ১১ গোর বিদ্যা।

১২ ভেলহি—সা ৩, বি ১, ২। ১৩ রাতা—ন, বি ১, সা ৩, রীতে—স।

১৪ নখক—বিদ্যা, নখরা—বি ১, নখর—বি ২।

১৫ আঁচর—সা ১, ২, আকর—বি ১, আখর—বি ২।

১৬ টাপতি—বি ১, ২, লাগল—ন।

১৭ গাতা—বি ১, ২, সা ৩, কোপা—ন, তাতে—স, হাত—বিদ্যা।

† ১৩ পংক্তি হইতে ১৬ পংক্তি বিদ্যাপতিতে নাই। ১৯।২০ পংক্তি বি ১, ও ন-পুথিতে নাই।

১৮-১৯ ছেনহুঁ ছেনহুঁ—ন, ছেনহু ছেনহু—বি ১, ২, সা ৩, ক্ষণহুঁ ক্ষণহুঁ—স।

২০ হেরহুঁ—ন হেরলু—বি ১, ২। ২১ রাই—বি ১।

২২ অলসে—ন, বি ১, ২, সা ৩। ২৩ আকুল—ন, বি ১, ২, সা ৩।

২৪ উঠতি—ন, বি ২, উঠই—বি ১।

পুলকে পূরিত সকল[১] গা।
চলিতে[২] না চলে[৩] অথির[৪] পা॥
অমিয়া-সায়র[৫] তুহুঁ সে রাই[৬]।
মুকুন্দ-মাতঙ্গ[৭] বিহরে[৮] তাই[৯]॥
তে বুঝি[১০] এমন[১১] বিতথা দেখি।
বেকত করিয়া না কহ[১২] সখি॥
কহয়ে[১৩] শেখর[১৪] কি কর লাজে[১৫]।
কহ না[১৬] কাহিনি সখির[১৭] মাঝে[১৮]॥

---

১ তোহারি—ন, বি ১, ২, সা ৩।
২-৩ চলসি মন্থর—ন, বি ১, ২, সা ৩। ৪ অথর—বি ১।
৫ সাগর—স, ন, র, বিত্তা, সায়রে—বি ১, ২।
৬ রাহি—বিত্তা। ৭ মতঙ্গ—পদ, ন, র।
৮ বিহার—ন, বিহর—বি ১, ২।
৯ পাই—ন, বি ১, সা ৩, তাহি—বিত্তা।
১০ বুঝিয়ে—স, র, বুঝিয়—বিত্তা, বুঝিয়ে—ক।
১১ মন—ক। ১২ কহনা—সা ১, ২।
১৩ কহই—বি ১।
১৪ না কিছু—বি ১, ২, সেখর—সা ১, ২।
১৫ লাজ—বি ১।
১৬ কহহুঁ—ন, কহন—বিত্তা, কহত—বি ১, কহই—বি ১, ২, কহলুঁ—সা ৩।
১৭ সখিনি—বিত্তা। ১৮ সমাজ—বি ১।

রসোদ্গার

রাধার উক্তি

[৯৫]

শ্রীরাগ, যতি

কি কহব রে[১] সখি তোহারি[২] সমাজ[৩] ।
কহইতে[৪] কাহিনি লাগয়ে লাজ ॥
শূতি[৫] ঘুমায়লুঁ[৬] হাম[৭] অগেয়ান[৮]
অলখিতে[৯] আওল নাগর কান ॥
পীন[১০] পয়োধরে দেলহি হাত[১১] ।
তুরিতে লুকায়লুঁ[১২] দেহ[১৩] বিগাত[১৪] ॥
তবহিঁ[১৫] অধর-রস পীবয়ে[১৬] মোর ।
জাগল[১৭] মনমথ[১৮] বান্ধলুঁ[১৯] চোর ॥

---

[৯৫] পদ পদ ২৫২৩, পৃ ৫১, ৪র্থ খণ্ড ; বিত্তা পদ ৫৫৫, পৃ ৩৩৮ ; বি ৩, পদ ২১৮৪, পৃ ২১৯ ; ঐ পদ ১২৪২, পৃ ১১৯ ; ন পদ ১৪, পৃ ১৩ ; র পদ ১৩, পৃ ১৬ ; স পদ ৭৬, পৃ ৫২৮ ; বি ১, পৃ ৪ ; বি ২, পৃ ৪ ; সা ১, পৃ ৫ ; সা ৩, পৃ ৫ ।

১ হে—বিত্তা । ২ তোহার—পদ, বি ১, তোমার—স ।
৩ মাঝ—বি ২, সা ৩ । ৪ কহিতে—বি ১, ২ ।
৫ সুতলি—বি ১, ২ । ৬ ঘুমলু—ন, ঘুমলি—বি ১, ২ ।
৭ হম—বিত্তা । ৮ আগেয়ান—পদ, র, ন, বি ১, ২ ।
৯ অলখিত—র । ১০ এপীন—ন ।
১১ হাতা—ন, জাতা—বি ১, ২, সা ৩ ।
১২ লুকায়লী—ন । ১৩ দেলহি—ন, দেহরি—কি ।
১৪ গাঁথা—ন, গাতা—বি ১, বিগাতা—সা ৩, বি ২ ।
১৫ তৈখনি—ন, তখনি—বি ১, ২, তৈছন—সা ৩ ।
১৬ পিবয়ে—ক, খ, পিবই—ন, স ৩, পিয়ই—বি ১, ২ ।
১৭ জাগরি—ন, বি ১, ২ । ১৮ মনরথ—বি ১ ।
১৯ বাকরি—ন, বি ১, ২, বান্ধল—বিত্তা ।

থর থর কাঁপয়ে[1] কোরে আগোরি।
তব হাম[2] ছুটলুঁ[3] নিন্দ[4] বিভোরি[5] ॥
করব[6] কোপ জানি সোবর[7] কান[8]।
যো[9] কিছু[10] কহল মোহে[11] সোই সে জান[12] ॥
পরিরম্ভণ[13] বেরি[14] মুদলুঁ[15] আঁখি।
তাহে যে[16] ভৈ গেল[17] শেখর সাখি ॥

---

[৯৬]

ধানশী

হাম[18] অবলা[19] সখি[20] কিয়ে গুণ জান।
সো রসময়-তনু রসিক[21] সুজান ॥

---

১ কাঁপিয়ে—ক, কাঁপই—ন, কাঁপিয়—বিদ্যা, কাঁপিএ—র, কাপই—বি ১, ২, সা ৩।
২ হম—বিদ্যা, হামে—বি ১। ৩ ছুটল—র, স, বিদ্যা, ছুটলি—বি ১।
৪ নিন্দক—ন, নিন্দহি—বি ১। ৫ ভোরি—ন, বি ১।
৬ করলু—স, করলি—র, বিদ্যা, সা ১, ২।
৭ ছৈল—ন, বি ২, সা ৩, ঐছন—বি ১। ৮ সুজান—ন, বি ২, সা ৩, বি ১।
৯-১০ যোই—ন, বি ১, জো কিছু—সা ১, ২। ১১ মোরে—বি ১, ২, মুই—ন।
১২ 'সোই সে জান' স্থলে 'সুনহ সুজান'—বি ১, ২, ক।
১৩ নগনক—সা ৩, বি ১, নগণ—বি ২।
১৪ বেরি মুঞে—বি ২, বেরি হাম—সা ৩।
১৫ মুঁদল—সা ৩, মুদল—বিদ্যা, র, বি ১।
১৬ তবে হাম—সা ৩, তবহুঁ—ন, বিদ্যা, তবহুয়ো—বি ১, ২।
১৭ ভৈগের—বি ১।

[৯৬] পদ পদ ২৫২৪, পৃ ৫১, ৪র্থ খণ্ড; ন পদ ১৫, পৃ ১৪; বিদ্যা পদ ৫৫২, পৃ ৩৩৭; বি ৩, পদ ২১৮৫, পৃ ২১৯; ঐ পদ ১২৫৩, পৃ ১১৯; র পদ ১৪, পৃ ১৬; স পদ ৭৭, পৃ ৫২৮; বি ১, পৃ ৪; বি ২, পৃ ৪; সা ১, পৃ ৫; সা ৩, পৃ ৫।
১৮ হম—বিদ্যা। ১৯ অচলা—বিদ্যা।
২০ নারি—ন, বি ১, ২, সা ৩। ২১ ছৈল—ন, সা ৩, ঐছন—বি ১।

কতহুঁ যতনে মোরে কোরে বসাই[১]।
বান্ধল বেণি সে[২] কবরি খসাই ॥
কঞ্চুক[৩] দেয়ল[৪] হিয়া[৫] পর মোর
পরশি[৬] পয়োধর ভৈ গেল[৭] ভোর ॥
কণ্ঠে পরায়ল[৮] মণিময়[৯]-হার।
অঙ্গে বিলেপল[১০] কুঙ্কুম-ভার ॥
বসন পরায়ল[১১] করি কত ছন্দ।
কিঙ্কিণি-জালহি[১২] নীবি[১৩]-নিবন্ধ[১৪] ॥
নিজ-কর-পল্লবে মবু[১৫] মুখ মাজ।
* নয়নহি[১৬] কয়ল সুকাজর সাজ ॥
অলকা[১৭] তিলক দেই[১৮] চঙকি[১৯] নেহারি[২০]।
কহ[২১] কবিশেখর যাউঁ[২২] বলিহারি ॥

---

১ বইসাই—বিশ্বা। ২ কিয়ে—ন, বি ১, ২।
৩ কঞ্চুলি—বি ১। ৪ দেল—বিশ্বা, দেয়লি—বি ১, দেওল—সা ১, ২।
৫ হিয়—পদ, হিয়ে—সা ৩, কুচযুগে—ন।
৬ পরসি—স। ১, ২, পরসিতে—বি ১। ৭ ভৈগেও—র, ন, ভৈ গেলি—বি ২।
৮ পহিরাওল—বিশ্বা, পিন্ধায়ল—ন, সা ৩।
৯ মতিম—ন, বি ১। ১০ চড়ায়ল—ন, চটায়ল—বি ১. সা ৩, চড়ায়লি—সা ৩।
১১ পরিরাওল—বিশ্বা। ১২ জালে—ন, বি ১, ২, সা ৩।
১৩ করল—ন, বি ১, ২, কয়লি—সা ৩। ১৪ নীবিবন্ধ—ন, বেণীবন্ধ—বি ২।
১৫ মাজি—পদ। ১৬ নয়নহু—সা ১, ২।
* এইস্থলে বি ১, ২, সা ৩ পুথির পাঠ :—

"সাজল নয়ন কিয়ে কাজর আঁখি।"

১৭ অলক—র। ১৮ দর—বিশ্বা।
১৯ চৌকি—র, চৌরি—ক, স, চোরি—বিশ্বা, চমকি—ন, চৌঙকি—চ, সা ১, ২।
২০ নিহারি—বিশ্বা। ২১ কহে—ন, সা ৩।
২২ যাঙ—সা ১, ২।

[৯৭]

গান্ধার[১]

চিরুণি[২] করে ধরি কেশ-বেশ[৩] করি[৪]
সিঁথায়ে[৫] দেই[৬] সিন্দুর।
নাস[৭]-বেশ করি বসন পরায়ই[৮]
পায়ে[৯] ধরি পরায়ে[১০] নূপুর॥
* সই[১১] পিয়া-গুণ কহন[১২] না যায়[১৩]।
দরিদ্র[১৪] হেম যেন তিলেক না ছোড়ই[১৫]
ভসে রজনি গোঙায়॥ ধ্রু॥
সে[১৬] মোর শ্রমজল আঁচরে মোছই[১৭]
† দেই বসনক বায়।
চিবুক করে ধরি সঘনে নিরখই
মুখ ভরি[১৮] তাম্বুল খাওয়ায়॥

---

[৯৭] প-র-সা পদ ১১৪২; প-র পদ ১৩।৪৬; পদ পদ ৬৬৭, পৃ ৪৬, ২য় খণ্ড; বি ৩, পদ ১২৬৬, পৃ ১২১; ঐ পদ ২:৮৬, পৃ ২১৯; প পদ ৮, পৃ ৪০৫; ন পদ ১৬, পৃ ১৫; র পদ ১৫, পৃ ১৭; স পদ ২১, পৃ ২০৯; কী পদ ৪।৪২, পৃ ২৬১; বি ১, পৃ ৪; বি ২, পৃ ৪; সা ১, পৃ ৬; সা ২, পৃ ৮; সা ৩ পৃ ৬।

১ শ্রীগান্ধার—প-র। ২ চিরণি—প, ন, সা ১, ২।
৩-৪ পরিহরি—বি ২। ৫ সীথে—বি ১, সিঁথেত—প।
৬ স্থাস—র, নাসার—বি ১, কতনা—কী। ৭ পরাইয়া—প-র-সা।
৮ দেয়—প-র। ৯ পায়—বি ১। ১০ পরায়—বি ১।
* এই কলি প-র পুথিতে নাই।
১১ সখি—প, সেই—বি, সোই—সা ১, ২, ক, খ, ঘ, চ।
১২ কহনে—খ। ১৩ 'না যায়'—স্থলে 'যায়'—খ।
১৪ দারিদ্র—খ, চ, প-র-সা। ১৫ ছাড়ই—ক, তেজই—প-র-সা।
১৬ সো—ক, খ, ঘ, চ, প, স, বি ২। ১৭ পোছএ—বিগু।
† এইস্থলে 'দেহত বসন পরায়'—বি ৭।
১৮ মুখে তুলি—প-র-সা।

* বৃন্দাবন ভরি রসের বাদর[1]
দিন[2] রজনী[3] নাহি জান।
কৃপণ ধন সম তিলেক না ছোড়ই[4]
কবিশেখর[5] পরমাণ ॥ †

---

* বিদ্যাপতিতে প্রথম চারিপংক্তি নাই। ১০ পংক্তি হইতে ১৫ পংক্তির পরিবর্ত্তে প-র পুথির পাঠ :—

"মৃণাল চম্পক দাম সম তনু, হিয়া বিনু শেজে না শোয়ায়॥
চিবুক করে ধরি মুখ নিরখিতে, যে কিছু কহয়ে মধুর।
নিরস বয়ান হেরি, দিব্য দেই বন্ধু, মুখ ভরি খাওয়ায়ে তাম্বুল।"

প-র-সা পুথিতে ১০ম পংক্তির পরিবর্ত্তে :—

"অধর নিরস হেরি দিব্য দেই বেরি বেরি"।

প পুথিতে ৬ষ্ঠ ও ৭ম পংক্তির পরিবর্ত্তে :—

"মৃণাল চম্পক দাম সম তনু, হিয়া বিনু শেজে না শোয়ায়॥"

বিদ্যাপতিতে ১০।১১ পংক্তিস্থলে :—

'মৃণাল দম্পক দাম সম তনু হিয়া বিনু শেজ না ছোয়ায়'

কীর্ত্তনানন্দেও এই পাঠ। এই পদের ১০।১১ পংক্তি বিদ্যা ও কী পুথির ১২।১৩ পংক্তিরূপে আছে।

১ বাদর করি—প-র-সা। ২ রাতি—বি ১, ২, রজনী—সা ৩. দীন—ঘ।
৩ দিবস—বি ১, ২, সা ৩, রজনি—ঘ।
৪ নাড়ই—বি ১। ৫ রায়শেখর—বি ১, ২, সা ৩, প-র-সা।

† এই চারিপংক্তি স্থলে বিদ্যাপতিতে :—

'বৃন্দাবন ভরি রসক বাদর, কবিশেখর রস গায়॥'

কীর্ত্তনানন্দে :—

"বৃন্দাবন ভরি রসের বাদর কবিশেখর ইহ রস গায়॥"

র ও ন পুথি, বি ১, ২, সা ৩ পুথিতে ৫ম পংক্তি হইতে ১২শ পংক্তির পরিবর্ত্তে পাঠ :—

"চিবুক ধরি মুখ, সঘনে নেহারই, যো কিছু কহএ মধুর।
অধর নিরস হেরি, দিব দেই বেরি বেরি, মুখ মেলি খাআএ তাম্বুল॥

যশোদা কর্তৃক শ্রীকৃষ্ণের জাগরণ

[৯৮]

তথারাগ

সভারে[১] সকল[২] কাজে নিয়োজিয়া[৩]
আনন্দে[৪] নন্দের রাণী।
কানুর[৫] শয়ন- ভবনে আসিয়া
কহয়ে মধুর বাণী॥
উঠহ বাছনি মু খাও নিছনি
আলস[৬] করহ দূর।
তোর[৭] সখাগণে[৮] ভরিল[৯] ভবনে[১০]
উদয় করিল[১১] সূর॥

সে মোর শ্রমজলে, মোছই আঁচলে, দেয়ত বসনক বাএ।
মলিন চম্পক মাল সম জনু বিছিয়া, সুশেজে শোআএ॥
রভসক আবেশে, নয়ন মুদি রহুঁ, চমকিএ সঘনে জাগাএ।
কাহুক পিঠ দেই, কেহ না সুতই, ঘুমে আঁখি না ঢুলাএ॥"

[৯৮] পদ পদ ২৫৩৭, পৃ ৫৫, ৪র্থ খণ্ড; প-র-সা পদ ৪৪০; ন পদ ১৮, পৃ ১৬; বি ৩, পদ ২১৮৮, পৃ ২১৯; র পদ ১৭, পৃ ১৯; স পদ ৭৯, পৃ ৫২৯; বি ১, পৃ ৪; বি ২, পৃ ৪; সা ১, পৃ ৭; সা ৩, পৃ ৬।

১ সকলে—বি ২। ২ স সকল— বি ১।
৩ নিজোজিয়া—বি ১, সা ১, ২। ৪ আচয়ে—সা ১, ২।
৫ কানুক—ক, ঘ, চ, র, স। ৬ অলস—বি ১, সা ৩।
৭ আসিয়া—ন, বি ১, ২, প-র-সা।
৮ ছাওয়াল—ন, বি ১, ২, প-র-সা।
৯ আঙ্গিনা—ন, বি ১, ২, প-র-সা।
১০ ভরল—ন, বি ১, ২, প-র-সা, অঙ্গনে—র।
১১ করল—ন, বি ২।

রামের বসন পরিলা[১] কখন
কে নিলে বসন তোর[২] ।
রাতা উতপল নয়ন-যুগল
কি লাগি[৩] দেখিয়ে জোর[৪] ॥
নীল-নলিন[৫] আতপে মলিন[৬]
কেন বা[৭] এমন[৮] দেহ ।
উনমত[৯] হৈয়া বুলহ[১০] ধাইয়া
কুদিঠি[১১] দিলে[১২] বা কেহ ॥
হিয়ার উপর[১৩] কণ্টকে[১৪] আঁচড়
গিয়াছিলা[১৫] কোন[১৬] বনে ।
আমার কপালে না জানি কি ফলে
পরাণে মরিব মেনে[১৭] ॥
দেবতা কতেক[১৮] দানব[১৯] যতেক[২০]
ফিরয়ে গহন বনে ।
সে সব দেখিল তাহা যে[২১] হইল
হেনই বাসই[২২] মনে ॥

---

১ পরিলে—বি ১, ২, সা ৩। ২ চোর—সা ১, ২।
৩ হেনই—ন, বি ১. ২, সা ৩, প-র-সা।
৪ ঘোর—ন, বি ১, ২, ভোর—সা ১, ২। ৫ নলিনী—বি ১, ২, সা ৩।
৬ মলিনী - বি ১, ২, সা ৩, 'আতপে মলিন' স্থলে "মলিন কি লাগি"—ন।
৭ কেনেবা—র, তেমতি—ন, কিলাগি—বি ১, ২, সা ৩, প-র-সা।
৮ তোমার—ন, এমত - বি ১। ৯ উমত—বি ১।
১০ ঝুলায়—বি ১। ১১ কে দিঠি—র, চ, হৃদিদিঠি—প-র-সা।
১২ দিল—প-র-সা। ১৩ উপরে—সা ১, ২। ১৪ কণ্টক—বি ২, সা ৩।
১৫ গেছিলি—ন, গেছিলে—বি ১, ২। ১৬ কেমন—ন, বি ১, ২।
১৭ তোমাবিনে—বি ১। * এইস্থলে ৮ পঙ্‌ক্তি প-র-সা পুথিতে নাই।
১৮ যতেক—র, বি ১, ২। ১৯ মানব—পদ, সা ১, ২।
২০ কতেক—র, বি ১, বি ২। ২১ তাহাই - র, তাহার—ন, তাহাতে—বি ১, ২।
২২ বাসিয়ে—র, ন, স, পদ, বি ১, সা ৩। *

দেবের[১] কারণে[২] মঙ্গলাচরণে[৩]
পূজিব[৪] সিনান করি।
এ দধি ওদন করিয়া যতন
ভুঞ্জাব[৫] উদর ভরি॥
মায়ের বচনে জাগিয়া[৬] তখনে
হাসয়ে গোকুল-রায়।
দেবতা-সেবিনী[৭] আইলা[৮] তখনি[৯]
যশোদা বন্দিল[১০] পায়॥
রাণীর নন্দন গৌরীর[১১] চরণ
সঘনে জপন করে।
শেখর-যুগতি[১২] শুন যশোমতি
কি ভয় তাহার তরে॥

---

১ এ দুর—বি ১।
২ কারণ—ন, বি ১, ২, সা ৩।
৩ চরণ—ন, বি ১, ২, সা ত। ৪ পুজিবে—বি ১, ২।
৫ ভুঁজাব—র, ভুঞ্জিবে—ন, বি ১, সা ৩।
৬ জাগিত্র—র, জাগিলা—প-র-সা।
৭ দেবতি সে বলি—কি, দেবতা সেবেলি—ন, র, সা ১, ২, ৩, দেবতি সে বেলে—চ
৮ আসিয়া—র, ন, বি ১, ২, সা ৩, চ।
৯ পশিলি—র, ন, বি ১, ২, সা ৩, পশলি—চ।
১০ মন্দির—বি ১।
১১ গোরীর—র।
১২ যুকতিন—ন।

[১৯]

ধানশী

* ভগবতী আসি ঘর মাঝে বসি
শয়নে দেখিয়া[১] কান।
গায়ে হাত[২] দিয়া তারে[৩] জাগাইয়া
করাইল সাবধান ॥
সত্বরে[৪] উঠিয়া তাহারে[৫] বন্দিয়া
নয়ন[৬] কচালে হাতে[৭]।
আশিস পাইয়া বাহির হইয়া
মিলিলা[৮] সখার সাথে ॥
যত দাসগণ করিয়া[৯] যতন[১০]
ধোয়াইল মুখ-চান্দে।
দেখিয়া বদন মরমে[১১] মদন
ফাঁপরে[১২] পড়িয়া কান্দে ॥

---

[১৯] পদ্ম পদ ২৫৫৩, পৃ ৫৮, ৪র্থ খণ্ড; র পদ ১৮, পৃ ২১; ন পদ ১৯, পৃ ১৮; বি ৩, পদ ২১৮৯, পৃ ২২০; স পদ ৮০, পৃ ৫২৯; বি ১, পৃ ৫; বি ২, পৃ ৫; সা ১, পৃ ৭; সা ৩, পৃ ৭।

* এইস্থলে র, ন পুথির পাঠ :—

"দেবতী আসিয়া ঘরে প্রবেশিয়া"

এবং সা ১, ২, বি ১, ২, পুথির পাঠ :—

"দেবতি আসিয়া ঘরেতে পসিয়া।"

১ দেখল—ন, দেখিল—বি ১, সা ১, ২।
২ হাথ—সা ১, ২। ৩ তাহারে—ন।
৪ শয়নে—ঘ। ৫ বুড়ীরে—র, ন, বি ১, ২, সা ৩।
৬ নয়ান—র, ন, বি ১, সা ১, ২, পদ্ম, নয়ানে—বি ২।
৭ হাথে—সা ১, ২। ৮ মিলল—সা ১, ২।
৯ করি—সা ৩। ১০ সমাপন—সা ৩।
১১ মরমে—স। ১২ কাপড়ে—সা ১, ২।

সখাগণ সঙ্গে নানা রস-রঙ্গে
খড়িকে[১] আইলা হরি।
গাবী বৎস সব করে হাম্বা রব
দোহয়ে[২] মুটকি[৩] ভরি॥
দোহন মোহন না যায় কথন[৪]
আনন্দে আকুল[৫] গাই।
শেখর যতনে[৬] কহয়ে[৭] গোপনে[৮]
এ পথে[৯] আসিবে[১০] রাই॥

---

[১০০]

বিভাষ

রজনী-কাহিনী[১১] কহিতে রমণী[১২]
পুলকে পূরল দেহা[১৩]।
কণক-বরণী[১৪] কি হৈল[১৫] না[১৬] জানি
সোঙরি সে সব লেহা[১৭]॥

---

১ খিড়িকে—ক, স, খটকে—র, রা-শে-প।
২ দোহিল—বি ১, দোহল—বি ২।
৩ মটকা—র, মটকি—র ন সা ১, ২, মুকুট—বি ২। ৪ কহন—প-র, র, স।
৫ সকল—বি ১। ৬ আসিয়া—র, ন, বি ১, ২, সা ৩।
৭ হাসিয়া—র, ন, বি ১, ২, ঠারিয়া—সা ৩। ৮ করয়ে—ক।
৯ ঐ—র, ওইনা—ন এইনা—বি ২, সা ৩, এই যে—বি ১।
১০ আসিতেছে—র, আসিছে—ন, সা ১, ২, ৩, আইল—বি ১, আইলা—বি ২।
[১০০] প-র-সা পদ ১১৪৮; পদ পদ ৭১১, পৃ ৭৬, ২য় খণ্ড; ন পদ ২০, পৃ ১৯; বি ৩, পদ ২১৯০, পৃ ২২০; বি ৩, পদ ১২৬৭, পৃ ১২১; র পদ ১৯, পৃ ২২; স পদ ২৩, পৃ ৫০৯; বি ১, পৃ ৫; বি ২, পৃ ৫; সা ১, পৃ ৫; সা ৩, পৃ ৭।
১১ রজনি-কাহিনি—সা ১,২। ১২ রমণি—সা ১, ২, কামিনী—সা ৩।
১৩ দেহ—স, দেহ—ক। ১৪ রমণী—স, বরণি—সা ১, ২।
১৫ হলো—র, কেহ—বি ১। ১৬ নাহি—বি ১। ১৭ লেহ—ক, স, নেহা—ব।

অঙ্গের বসন খসয়ে[১] সঘন[২]
নয়ানে[৩] ভরল[৪] লোর[৫]।
বিষাদে বিকল বিছুরি[৬] সকল
চরণ না চলে[৭] খোর ॥
হৃদয়[৮]-মন্দিরে পিরিতি-পালঙ্কে[৯]
রসের বালিস তায়।
আরতি তোষণি[১০] তাহাতে পাতলি[১১]
শুতল[১২] রসিক[১৩] রায় ॥
পিয়ার[১৪] পিরিতি কহয়ে যুবতি
ধরিয়া সখীর[১৫] করে।
শেখর[১৬] সত্বরে কহয়ে[১৭] রাধারে
দেখিবে[১৮] নাগর-বরে ॥

---

১ খসয়ে—সা ১, ২।
২ তখন—র। ৩ নয়নে—বি ১।
৪ ভরয়ে—পদ। ৫ লোরে—বি ১।
৬ বিসরি—বি ১, বিসুরি—সা ১,২।
৭ চালয়ে—র, ন, সা ৩, চলয়ে—বি ১, চায়—বি ২, নাচয়ে—খ।
৮ হৃদয়ে—পদ। ৯ পালঙ্ক—পদ।
১০ তোষাণ—স, তোসিণি—সা ১, ২।
১১ অমনি—পদ, পাতনি—র, পাতুনি—ন।
১২ সুতলি—বি ২, সুতল—সা ১ ২।
১৩ সুন্দর—র, সুঘড়—ন, বি ১। ১৪ প্রিয়ার—বি ১।
১৫ সখির—সা ১, ২। ১৬ সেখর—সা ১, ২।
১৭ লেখায়—র, ন, বি ১, ২, সা ৩।
১৮ খঠীকে—র, খড়িকে—ন, বি ১, ২, সা ৩।

নাগরের উন্মত্ততা

[১০১]

মায়ুর

রাধা[১]-মুখ-শশি হেরইতে আকুল
ভৈ গেল[২] নন্দ-কিশোর।
নিজ-কুল-ধরম[৩] করম[৪] সব বিছুরল
বিছুরল ছান্দন-ডোর॥
হরি হরি ইহ[৫] কিয়ে ভেলহি[৬] রঙ্গ।
বিছুরল শৃঙ্গ বেত্র-বর[৭]-পাচনি[৮]
বিছুরল অগ্রজ-সঙ্গ॥
বিছুরল শ্রীদাম[৯] সুবল[১০] মধুমঙ্গল
বিছুরল যুদ্ধক[১১] ষণ্ড।
মন মাহা মদন-মহোদধি উছলল[১২]
বিছুরল দোহন-ভাণ্ড॥

---

[১০১] পদ পদ ২৫৫২, পৃ ৬১, ৪র্থ খণ্ড ; ন পদ ২১, পৃ ২০ ; বি ৩, পদ ২১৯১, পৃ ২২০ ; ঐ পদ ১৯৪, পৃ ১৪ ; র পদ ২০, পৃ ২৩ ; স পদ ৮৫, পৃ ৫৩১ ; বি ১, পৃ ৫ ; বি ২, পৃ ৫ ; সা ১, পৃ ৭ ; সা ৩, পৃ ৭।

১ রাধার—বি ১, ২। ২ ভইগেও—র।

৩ করম—ন, বি ১।* ৪ সরম—ঘ, ধরম—ন, বি ১।

* এইস্থলে র-পুথির পাঠ :—'হরি হরি কিএ ভেল রঙ্গ।'

৫ হিয়ে—বি ১। ৬ ভৈগেল—বি ১, ভেল—বি ২।

† এইস্থলে ন-পুথির পাঠ—'বিছুরল সুদাম শৃঙ্গ বেত্র বেণু।'

৭ বেণু—বি ১, ২।

৮ বিছুরল—বি ১, ২, সা ৩।

৯ সুবল— র, ন, বি ১, ২, সা ৩, শ্রিদাম—পদ, সুদাম—ঘ।

১০ দাম—র, মধুশ্রীদাম—বি ১, সুদাম—সা ৩, শুবল—সা ১,২।

১১ যুদ্ধকি—বি ১। ১২ বিছুরল—বি ১,

হেরইতে ভাবিনি[১] সো রূপ লাবণি
তনু মন করু[২] অনুবন্ধে[৩]।
থড়িক সমীপ[৪] সুধামুখি[৫] মীলল
রায়শেখর পদ[৬]-ছন্দে[৭] ॥

পূর্ব্বরাগে মিলন, চকিত অবলোকন, সখীগণের চাতুর্য্য

[১০২]

ভূপালী

* পথ গতি নয়নে[৮] মিলল রাধা কান।
দুহুঁ-মনে[৯] মনসিজ পূরল সন্ধান ॥
দুহুঁ-মুখ হেরইতে[১০] দুহুঁ ভেল ভোর।
সময় না বুঝত[১১] অচতুর চোর ॥

---

১ কামিনি—সা ৩।

২ যোগিক—র, জোগিক—বি ১, যে করু—ন।

৩ বন্ধে—র, ন, বি ১।

৪ সমাপি—বি ১, সমীপে—বি ২, সা ৩।

৫ শশিমুখি—বি ১।

৬ রহু—বি ১, সা ৩, পড়ু—ন।

৭ ধন্ধে—সা ৩।

[১০২] পদ পদ ২৫৫৫, পৃ ৬১, ৪র্থ খণ্ড; বিতা পদ ২৬, পৃ ১৭; ন পদ ২২, পৃ ২১; বি ৩, পদ ২১৯২, পৃ ২২০; র পদ ২১, পৃ ২৪; স পদ ৮৬, পৃ ৫৩২; বি ১, পৃ ৫; বি ২, পৃ ৫; সা ১, পৃ ৭; সা ৩, পৃ ৮।

* এই স্থলে ন-পুথির পাঠ:—"পথ গতি মিলল দুহুঁ রাধা কান।" এবং র, বি ১, ২, সা ৩, পুথির পাঠ:—"পথ গতি মিলল রাধা কান।"

৮ নয়ানে—সা ১, ২।

৯ মন—বি ১, জনে—সা ১, ২।

১০ হেরই—বি ২, নিরখিতে—সা ৩।

১১ বুঝয়ে—পদ, সা ৩, বুঝাই—ন, বুঝই—বি ১, ২, ঝল—র।

বিদগধ[1] সঙ্গিনি সব রস[2] জান।
কুটিল-নয়নে[3] করল[4] সাবধান ॥
চললি[5] রাজপথে[6] দুহুঁ উরঝাই[7]।
কহ[8] কবিশেখর দুহুঁ[9] চতুরাই ॥

নন্দালয়ে রন্ধন-ক্রিয়া

[১৩]

তথা রাগ

নিশি অবসানে দাস দাসীগণে
ত্বরায়[10] করয়ে কাজে[11]।
যার[12] যেই[13] কাম করে অনুপাম
সভাই সভারে তাজে[14] ॥

---

১ বিদগধি—বিত্তা।
২ দিগ—ন, সা ৩. দিস—বি ১।
৩ নয়ানে—র, পদ, সা ১, ২, স, নেহারি—ন, সা ৩, নিহারি—বি ১, ২।
৪ কয়ল—পদ, সা ১, ২ ৩, বি ২।
৫ চলল—বিত্তা, বি ১, চলিলা—স।
৬ রাজপুর—বি, ১।
৭ উরঝাই—চ, ন, সা ৩, উভচাই—র, অরুবুঝাই—বি ১।
৮ কহে—ন, বি ২।
৯ সখী—র, ন, বি ১, ২, সা ৩, সখি—সা ১, ২,।

[১৩] পদ পদ ২৫৫৭, পৃ ৬২, ৪র্থ খণ্ড ; ন পদ ২৩, পৃ ২১ ; বি ৩, পদ ২১৯৩, পৃ ২২০ ; র পদ ২২, পৃ ২৫ ; স পদ ৮৯, পৃ ৫৩৩ ; বি ১ পৃ ৫ ; বি ২, পৃ ৫ ; সা ১, পৃ ৮ ; সা ৩, পৃ ৮।

১০ সত্বরে—বি ১।
১১ কাজ—বি ২।
১২ জার—সা ১, ২।
১৩ যেবা—বি ১, ২, যেই—সা ১, ২।
১৪ তাজ—বি ২।

দেব পুরন্দর জিনি তার ঘর
রন্ধন-মন্দির সাজে।
ধনিষ্ঠা সুন্দরী রন্ধন-সামগ্রী
রাখল[১] তাহার মাঝে ॥
জ্বালিতে[২] ইন্ধন আনল[৩] চন্দন
দেয়ল[৪] যতন করি।
বসিতে আসন জলের ভাজন
তাহার নিকটে ধরি ॥
সুশীলা[৫] সুন্দরী রসের চাতুরী
বিবিধ[৬] বন্ধান[৭] জানে।
বিধি-অগোচর নানা উপহার
করল আপন মনে ॥
কর্পূর মালতি[৮] করল যুবতি
মনোলোভা[৯] মনোহরা।
কণ্ডলা[১০] কদম্বা[১১] রেউড়ি[১২] পদুমা[১৩]
মতিচুর[১৪] সুমধুরা[১৫] ॥

---

১ ধরল—পদ, সা ১, ২, রাখিল—ন। ২ জ্বালিতে—সা ১. ২।
৩ আনিল—পদ, সা ১, ২, ৩, আনন্দ—স, আনিলা—বি ১।
৪ রাখল—ন, বি ১, ২, সা ৩, দেওল—সা ১, ২।
৫ সুঘড়—পদ, সুগড়—সা ১, ২, সুশিলা—ম।
৬ সুন্দর—ন, সা ৩, সুবন্ধ—বি ১, ২। ৭ রন্ধন—র, ন।
৮ যুবতি—বি ১। ৯ মনভরা—বি ২, মনভোরা—বি ১।
১০ কোমল—ন, কয়না—ক, চ, স, কমলা—র, সা ৩, কমল—বি ১, কাঁমলা—সা ১, ২।
১১ কদলী—ন, কদমো—র, সা ৩।
১২ ঘবের—ন, বেউড়ী—র, বিড়য়—বি ১।
১৩ পদম্মা—বি ১, ২, চুরনী—ন। ১৪ মোতিচুর—ম।
১৫ সুভহারা—বি ১।

অমৃতকেলিকা বিবিধ[১] লড্ডুকা
চাকি খণ্ড[২] পদ্মচিনি ।
গুজা খাজা পেড়া চানা[৩] চন্দ্রচূড়া
মিছিরি[৪] মারিয়া ফেনি ॥
লুচি পুরি করি রস-পাকে[৫] ভরি[৬]
সরভাজা[৭] সরপুরি[৮] ।
মাটিরি[৯] শাকরা রসপুর[১০] ঝুরা[১১]
যতন[১২] করিয়া[১৩] করি[১৪] ॥
সুগন্ধি শীতল করিয়া নির্ম্মল
ভরিয়া সোণার থালী[১৫] ।
ভোজন-ভবনে রাখিল[১৬] যতনে
ঢাকিয়া নেতের ফালি[১৭] ॥
রসালা মথনি[১৮] করল[১৯] রমণী
খণ্ড মণ্ডা আদি[২০] যত ।
লছিমি-কেতনে[২১] নাহিক যতনে[২২]
নন্দের[২৩] ঘরের মত ॥

১ আদিসে—বি ১, ২, সা ৩ । ২ খাজাখণ্ড—বি ১, ২ ।
৩ নানা—পদ, চলা—ন, বি ১ । ৪ মিছরি—র, ন, স ।
৫ পাশে—বি ১ । ৬ করি—বি ১ ।
৭ রসভাজা—ম, বি ১, ২ । ৮ সরপুপি—পদ, রসপুপী—ম, রসপুরি—বি ১, ২ ।
৯ মিষ্টান্ন—বি ১, ২, মাঠারি—র ।
১০ রসপুরী—স, র, সররস—ন, রসের—বি ১ ।
১১ ঝরা—পদ, সা ৩, র । ১২ করল—পদ, স, সা ১, ২, ৩ ।
১৩ অমৃত—পদ, সা, ১, ২, ৩, স । ১৪ কুপি—পদ, স, সা, ১, ২, ৩ ।
১৫ থালি—সা ১, ২ । ১৬ রাখিলা—স ।
১৭ ফালী—সা ১, ২ । ১৮ মথিনি—বি ১, মথানি—ক ।
১৯ করল—পদ, র, ন । ২০ মণ্ডাদি—স, র, বি ২, ক ।
২১ নিকেতনে—বি ১ । ২২ রতনে—র ।
২৩ রাজার—ন, বি ১, ২ ।

দধি দুগ্ধ[১] কত[২] আর গাবীঘৃত[৩]
নূতন বাসনে[৪] ছানা[৫]।
নারিকেল-জল করল[৬] শীতল
নবীন বাসনে পানা॥
আম্রের[৭] আচার[৮] কতেক[৯] প্রকার[১০]
কলা পানীফল আদা।
ভাজনে ভরিয়া রাখিল[১১] ঢাকিয়া
রাণীর মনের সাধা॥
সভে করে কাম নাহিক[১২] বিশ্রাম
আনন্দে আকুল চীত।
একতান[১৩] হৈয়া[১৪] মধুর করিয়া
গাওত[১৫] মঙ্গল[১৬]-গীত॥
নিজ কাজ সারি সকল সুন্দরী
রাণীরে কহিতে যায়।
রাধিকা দুলারি[১৭] দেখিতে[১৮] চললি[১৯]
কহয়ে[২০] শেখর রায়॥

১-২ আদিদুগ্ধ—বি ১, ২।
৩ গাভি—সা ১, ২।
৪ নবণি—বি ১।
৫ ছেনা—পদ, সা ১, ২, ৩।
৬ করিয়া—ন, বি ১।
৭-৯ আম্র কাটাল কত—বি ১।
১০ পরকার—বি ১, ২, সা ৩।
১১ রাখল—ন।
১২ না করে—পদ, স, সা ১, ২, ৩।
১৩-১৪ একথা লইয়া—বি ১।
১৫ গাওয়ে—সা ৩।
১৬ রসাল—র, ন, মধুর—বি ১, ২।
১৭ দুলালি—সা ১, বি ১, ২, ন।
১৮ সেবেলি—ন, বি ১, ২।
১৯ চলরি—র; স, ক।
২০ রসতি—বি ১, ২।

[১০৪]

ভথারাগ

রাইরে[1] দেখিয়া উনমত[2] হইয়া
যশোদা করল[3] কোরে।
মুখানি ধরিয়া[4] চুম্বন করিতে[5]
ভাসল[6] নয়ান[7]-লোরে[8] ॥
সে যে রসবতী করিল[9] প্রণতি
যশোদা রোহিণী পায়।
প্রিয় সখীগণ গোপত বসন
সোপল[10] ধনিষ্ঠা[11] ঠায়[12] ॥
পাইয়া[13] বসন করল গোপন
ধনিষ্ঠা যতন করি।
করিয়া আদর লই উপহার
রাণীর নিকটে ধরি ॥

---

[১০৪] পদ পদ ২৫৫৬, পৃ ৬২, ৪র্থ খণ্ড ; ন পদ ২৪, পৃ ২৪ ; বি ৩, পদ ২১৯৪, পৃ ২২০ ; র পদ ২৩, পৃ ২৮ ; স পদ ৮৮, পৃ ৫৩২ ; বি ১, পৃ ৬ ; বি ২, পৃ ৬ ; সা ১, পৃ ৭ ; সা ৩, পৃ ?।

১ রাইয়েরে—পদ, রাধারে—ন, বি ১, ২, সা ৩।

২ উমতি—পদ, সা ১, ২, ৩, র, ন, উন্মত্ত—বি ১, উনমতি—বি ২।

৩ কয়ল—পদ, সা ৩।

৪ মুছিয়া—ন, মুছাইয়া—বি ১।

৫ করিয়া—বি ১।

৬ ভিগল—ন, ভিজল—বি ১, ভৈগেল—বি ২, ভিগিল—সা ৩।

৭ লোচন—ন। ৮ নীরে—ন।

৯ করল—র, ন, স, বি ১। ১০ ধরল—পদ, সোঁপিলা—র।

১১-১২ ধনিষ্ঠায়—বি ২।

১৩ লইয়া—বি ২।

বিবিধ বিধান দেখিয়া পকায়[1]
হরিষ[2] তাহার চীত।
যশোদা রোহিণী বুঝল[3] কাহিনী[4]
দেখিয়া রাইক[5] রীত॥

আসি[6] দাসীগণ রাধার চরণ
ধোয়াল[7] শীতল নীরে।
অতি সুকোমল ওথল[8]-কমল
মোছল পাতল চীরে॥

মোহিনী সহিতে রন্ধন করিতে
বসিলা রাজার ঝী।
* সব সখীগণ যোগায় যোগান
শেখর যোগায় ঘী[9]॥

---

১ পকান – পদ। ২ উলসিত—ন, বি ১, ২, সা ৩।
৩ বুঝিয়া—বি ১, ২। ৪ তখনি—বি ১।
৫ রাধার—বি ১, ২, রাইর—র, রাইয়ের—ন, স।
৬ সব—বি ১।
৭ ধোয়াইল—পদ, সা ১, ২, ৩, বি ২, ধোয়ায়ে—ন, ধোয়ায়—বি ১।
৮ এ—ন, দেখিয়া—বি ১। ৯ জোগায়—সা ১, ২।
* ১১।১২ পংক্তি বি ১ পুথিতে নাই।

শ্রীকৃষ্ণের গোষ্ঠ হইতে প্রত্যাগমন ও ভোজন

[১০৫]

তথারাগ

সুগন্ধি ওদন বিবিধ ব্যঞ্জন
রাধিকা[১] রন্ধন করি।
শাক পায়সাদি পিষ্টক অবধি
বেদীর[২] উপরে ধরি॥
সহস্র প্রকার ব্যঞ্জন আচার
রাই সমাপন করি।
গোঠেতে[৩] হইতে সখার সহিতে
ঘরেতে[৪] আইলা হরি॥
নন্দরাণী কহে যাহ[৫] বাছা সভে
সিনান করিয়া আসি।
কানুর সহিতে পরম পিরিতে
ভোজন করিবে বসি॥

---

[১০৫] পদ পদ ২৫৫৮, পৃ ৬৩, ৪র্থ খণ্ড; ন পদ ২৫, পৃ ২৫; বি ৩, পদ ২১৯৫, পৃ ২২০; র পদ ২৪, পৃ ২৯; স পদ ৯০, পৃ ৫৩৪; বি ১, পৃ ৬; বি ২, পৃ ৬; সা ১, পৃ ৮; সা ৩, পৃ ৯।

* ১ম পংক্তি হইতে ৬ষ্ঠ পংক্তি বি ১ পুথিতে নাই। ৩-৬ পংক্তি বি ২, সা ৩ পুথিতে নাই। ১৫-১৬ পংক্তির স্থলে বি ১, ২ পুথির পাঠ :—

"রজক আসিয়া, চরণ মাজিয়া, পরাল সিনান চিরে।"

সা ৩-পুথিতে ১৫-১৬ পংক্তি স্থলে

"আসি দাসগণ, করিয়া যতন, নানা সেবা তাহি করে।"

১৭-২০ পংক্তি সা ৩ পুথিতে নাই।

১ তুরিতে—ন, বি ২, ত্বরিতে—সা ৩। ২ বেদির—সা ১, ২।
৩ খড়িক—বি ১, ২, খড়িকি—সা। ৪ ঘরেরে—সা ১, ২।
৫ জাহ—সা ১, ২।

কমল-নয়ন[১] করিতে সিনান
বসিলা বেদীর পরে[২] ।
সারঙ্গ যতনে সিনান বসনে
যোগায়[৩] তুরিত[৪] করে[৫] ॥
রক্তক[৬] পত্রক[৭] যতেক সেবক
কানুর সিনান তরে ।
সুগন্ধি শীতল নির্ম্মল সলিল
বেদীর[৮] উপরে[৯] ধরে[১০] ॥
আনি মধুকণ্ঠ উদ্বর্ত্তন[১১] ঝাট[১২]
মর্দ্দন করয়ে অঙ্গে ।
মদন-মোহন করয়ে[১৩] সিনান
সব দাসগণ সঙ্গে ॥
সিনান করিয়া গাথানি[১৪] মুছিয়া
পরিলা[১৫] যে পীত[১৬] ধড়া ।
কানুর ভোজন যোগান[১৭] কারণ[১৮]
শেখর পাড়ল[১৯] সাড়া ॥

---

১ নয়ান—পদ, র, স, সা ৩ ।
২ পরি—ন । ৩ জোগায়—সা ১, ২ ।
৪ তুরিতে—পদ, স, সা ১, ২ । ৫ করি—ন ।
৬ রক্তুক—ঘ, চ, প্রতক—বি ১, ২ । ৭ পতিক—বি ১, ২, পাত্রক—ঘ, চ ।
৮ ধরল—ন, বি ১, ২ । ৯ বেদির—ন, বি ১, ২ ।
১০ পরে—ন, বি ১, ২ । ১১-১২ উবটন ঝাট—র ।
১৩ করেন—র, ন, বি ১ । ১৪ গামাথা—বি ১ ।
১৫ পরাল—বি ১, ২ । ১৬ পীতম—বি ১, ২ ন, র ।
১৭ সোপন—পদ র, ন, সা ১, ২, ৩ সোপম—বি ১ ।
১৮ করল—বি ১ ।
১৯ পড়িল—বি ১, পদ, সা ১, ২, ৩ র ।

[১০৬]

তথারাগ

* ভোজন মন্দির ভিতর বাহির
শোধিয়া[১] শীতল করি।
পিঁড়া[২] সারি সারি সুবর্ণের[৩] ঝারি[৪]
সুগন্ধি সলিল[৫] ভরি ॥
রাই সখীগণ যতেক মিষ্টান্ন
ক্রম[৬] যে[৭] করিয়া রাখি।
সে সব বিনানি নন্দের ঘরণী
দেখিয়া হইলা সুখী ॥
কানাই বলাই মেলি দুটী[৮] ভাই
সখাগণ করি[৯] সঙ্গে।
ভোজনে বসিয়া পক্কান্ন দেখিয়া
বটুর বাঢ়িল[১০] রঙ্গে ॥
রোহিণী-নন্দন করয়ে[১১] ভোজন
কানুর[১২] ডাহিনে বসি।
বাম্যেত[১৩] সুবল সম্মুখে মঙ্গল
সঘনে উঠয়ে[১৪] হাসি ॥

---

[১০৬] পদ পদ ২৫৫৯, পৃ ৬৩, ৪র্থ খণ্ড ; ন পদ ২৬, পৃ ২৬ ; বি ৩, পদ ২১১৬, পৃ ২২১ ; র পদ ২৫, পৃ ৩১ ; স পদ ৯১, পৃ ৫৩৪ ; বি ১, পৃ ৬ ; বি ২, পৃ ৬ ; সা ১, পৃ ৯।

* ১ম পংক্তি হইতে ৪র্থ পংক্তি সা ৩ পুথিতে নাই।

১ সোধিয়া—সা ১ ২। ২ পিড়ি—বি ২, প্রতি—বি ১, ন।
৩ সুবর্ণ—পদ, সা ১, ২। ৪ ঝাঝরি—পদ, ঝর্ঝরি—সা ১, ২।
৫ সলিলে—ন। ৬-৭ ক্রমসে—ন, সব ক্রম—র, ক্রম সকল—বি ১।
৮ দোন—পদ, দুই—সা ৩। ৯ করিয়া—বি ২।
১০ বাড়ল—ন, সা ৩। ১১ করেন—র, ন। ১২ বটুর—বি ১, ২।
১৩ বামেতে—র, ন, স, বি ১। ১৪ উঠায়ে—পদ।

রামের জননী দিছেন আপনি
রাধিকা রান্ধিলা[১] যত।
সুগন্ধি ওদন[২] বিবিধ ব্যঞ্জন
তাহা না কহিব কত॥
বিধি-অগোচর যত উপহার
দিছেন যশোদা মায়।
রাধার বদন দেখি অচেতন *
হইলা[৩] নাগর রায়॥
অরুচি দেখিয়া আকুল হইয়া
কহয়ে[৪] নন্দের রাণী।
রাধা রসবতী কর্পূর মালতী
তোমার লাগিয়া আনি॥
তুমি না খাইলে[৫] রাই না আসিবে
স্বরূপে কহিলুঁ[৬] তোরে[৭]।
বিশাখা ললিতা আর কুন্দলতা
ঠারিয়া কহিছে মোরে[৮]॥
মায়ের বচনে পাওল চেতনে
নাগর-শেখর কান।
রাই মুখ দিয়া আকণ্ঠ পুরিয়া
করিলা[৯] ভোজন পান॥

---

১ রান্ধিল—পদ, বি ১, ২, ন, সা ১, ২, ৩।
২ ঊদন—সা ১, ২।
* 'দেখি অচেতন' স্থলে 'দেখিয়া চেতন'—ক।
৩ হইল—র।
৪ কহেন—বি ১।
৫ খাইবে—র, পদ, বি ১, সা ১, ২, ৩।
৬ কহিলাম—ন, কহিল—বি ১, কহল—সা ৩।
৭ তোয়—বি ১, ২।
৮ মোয়—বি ১, ২।
৯ করল—ন, করিল—বি ১।

সব সখাগণ[১] করিয়া ভোজন[২]
উঠিলা[৩] আপন সুখে।
আচমন করি যায় ঘরাঘরি[৪]
কর্পূর তাম্বূল মুখে॥
নন্দের নন্দন করি আচমন
পালঙ্কে ঢালিলা[৫] গা[৬]।
চরণ-সেবন করে দাসগণ
শেখর করয়ে বা[৭]॥

সখীগণসঙ্গে শ্রীরাধার ভোজন

[১০৭]

তথা রাগ

রন্ধনে[৮] মলিনী[৯] হইয়া[১০] রমণী[১১]
বাহিরে[১২] আসিয়া[১৩] বসি।
ঘামে টলমল[১৪] সে অঙ্গ অতুল
যেমন দিবসে[১৫] শশী॥

---

১ সখাগণে—পদ, বি ১, ২, সা ১, ২, ৩, সখীগণ—র, ন।
২ ভোজনে—পদ, র, ন, বি ২, সা ১, ২, ৩।
৩ উঠল—ন। ৪ গড়াগড়ি—ক, র, স।
৫ ঢালেন—ন, ঢালল—সা ৩। ৬ গায়—বি ১, ২। ৭ বায়—বি ১, ২।
[১০৭] পদ পদ ২৫৬০, পৃ ৬৪, ৪র্থ খণ্ড; ন পদ ২৭, পৃ ২৮; বি ৩, পদ ২১৯৭, পৃ ২২১; র পদ ২৬, পৃ ৩৩; স পদ ৯২, পৃ ৫৩৫; বি ১, পৃ ৭; সা ১, পৃ ৯।
৮ নন্দের—বি ১। ৯ রমণী—র, ন, সা ৩, বি ১।
১০ হইলা—পদ, সা ১, ২। ১১ মানিনি—বি ১, মলিনী—র, ন, সা ৩।
১২ বাহির—পদ, র, সা ১, ২, ৩, বি ১।
১৩ হইয়া—পদ, র, সা ১, ২, ৩, বি ১।
১৪ তোলবোল—বি ১। ১৫ দিবস—পদ, ন, সা ১, ২, ৩, বি ১।

আসি দাসীগণ করায়[১] সিনান[২]
সুগন্ধি শীতল নীরে।
প্রিয়-সখীগণ পরায়[৩] বসন
ছরম[৪] করল[৫] দূরে॥
রাধা[৬] দাসীগণ পরম[৭] নিপুণ
মাজিয়া[৮] বিরল ঘরে।
বসিতে আসন জলের ভাজন
সারি সারি করি ধরে॥
যশোদা আকুলি করিয়া[৯] বিকুলী[১০]
রাইরে[১১] করল[১২] কোরে[১৩]।
ও মোর বাছনি মু[১৪] যাও[১৫] নিছনী
ভোজন করহ বোলে॥
রাণীর বচনে চলিলা ভোজনে
বসিলা আসন পরি।
রোহিণী আনিয়া[১৬] দেন যোগাইয়া
থালিয়ে[১৭] বেলিয়ে[১৮] ভরি॥

---

১ ধোয়ায়—পদ, করায়ে—র, ন, সা ৩, করাল—বি ১।
২ চরণ—পদ।
৩ পরায়ে—র, ন, পরাল—বি ১।
৪ করল—র, সা ৩।
৫ ছরম—র, সা ৩, করায়ে—পদ, করয়ে—স, ক, চ, করল—ন।
৬ রাধার—পদ।
৭ চতুর—র, ন, বি ১।
৮ মাজিয়া—র, সজল—ন, মাজিল—বি ১, মাজল—সা ১, ২, ৩।
৯ হইয়া—র, ন।
১০ বিকলি—র, ন।
১১ রাইয়েরে—পদ।
১২ করেন—বি ১।
১৩ কোলে—ন।
১৪ জাও—ষ, যাউ—পদ, মোঁ—সা ১, ২, মো—ন।
১৫ মো—পদ, মু—ক, জাঙ—সা ১, ২, ন।
১৬ আসিয়া—র, ন।
১৭ থালীতে—পদ।
১৮ থালীতে—পদ।

রাধার[1] যে পণ[2] আনিল[3] তখন
কুন্দলতা প্রিয়তমা[4] ।
* অবশেষ লৈয়া দিলেন আনিয়া
করিয়া চাতুরি-সীমা ॥
সখীগণ সঙ্গে নানা রস-রঙ্গে
ভোজন করল সুখে ।
ভক্ষ্য[5] সমাপন করি আচমন
তাম্বুল দেয়ল[6] মুখে ॥
পালঙ্ক উপরি বসিলা সুন্দরী
বালিশে হেলান[7] দিয়া[8] ।
রাইয়ের ইঙ্গিতে যে ছিল থালীতে
ভুঞ্জল[9] শেখর গিয়া[10] ॥

---

১ রাইর—বি ১, ন, রাইয়ের—র ।
২ যেমন—বি ১ । ৩ জানিয়া—র, ন, বি ১, সা ১, ২ ।
৪ প্রিয়োত্তমা—সা ১, ২, ন ।
* 'পিয়া শেষ আনি ভুঞ্জায়ে (ভুঁজাএ—র) রমণী'—র, ন, বি ১, সা ৩।
৫ ভক্ষ—পদ, বি ১, সা ১, ২, ৩, ন ।
৬ দিলেন—র, ন, দেওল—সা ১, ২ ।
৭ হেলন—পদ, হেলিয়া— ন, সা ১, ২, ৩, হেলায়্যা—বি ১ ।
৮ গায়—ন, সা ১, ২, ৩, গা—বি ১ ।
৯ ভুঞ্জিল—র, ন, ভুঞ্জল—বি ১ । ১০ রায়—ন, বি ১, সা ১, ২, ৩ ।

যশোদাকর্ত্তৃক শ্রীরাধার বেশরচনা

[১০৮]

তুড়ী

উলালী[১] দুলালী সোহাগে[২] আগুলী[৩]

কহিয়া[৪] সাজায়[৫] রাণী।

চাঁচর চিকুর[৬] মজ্জিল[৭] সুন্দর

বান্ধল[৮] বিচিত্র বেণী॥

কি না[৯] সে রাণীর সাধা।

নবীন বসনে[১০] ভূষণে[১১] মণ্ডিত[১২]

করলি[১৩] সুন্দরী রাধা॥ ধ্রু॥

উদয়-অরুণ- গরব গরাসি[১৪]

সিথার[১৫] সিন্দুর থানি।

তিলক[১৬] অলক[১৭] ললকে[১৮] ঝলক[১৯]

পলকে মোহয়ে[২০] মুনি॥

---

[১০৮] পদ পদ ২৩৬১, পৃ ৬৫, ৪র্থ খণ্ড ; বি ৩, পদ ২১১৮, পৃ ২২১ ; ন পদ ৫৮, পৃ ৩০ ; র পদ ২৭, পৃ ৩৫ ; স পদ ৯৩, পৃ ৫৩৬ ; বি ১, পৃ ৭ ; সা ১, পৃ ১০ ; সা ৩, পৃ ১১।

১ উলাসে—র, উলালি—সা ১, ২। ২ সোহাগ—পদ।

৩ আগলি—র, ন, পদ, আগোলি—চ। ৪ কহিয়—সা ১, ২, সাজল—বি ১, ন।

৫ যশোদা—বি ১, ন। ৬ চিকুরে—বি ১।

৭ সাজল—র। ৮ বান্দল—পদ, বান্ধলি—ন, ধরিল—বি ১।

৯ কিবা—বি ১। ১০ বসন— র, সা ১, ২, ন।

১১ মণ্ডিত—বি ১, সর্ব্বাঙ্গে—সা ১, ২। ১২ কবরি—বি ১, ভূষণ —সা ১, ২।

১৩ করলি—পদ, সা ৩, সাজল—বি ১। ১৪ হরণ—সা ১, ২।

১৫ সিথার—পদ, র, ন, সীথের—বি ১, সিথীর—সা ১, ২।

১৬ অলক—সা ১, ২। ১৭ তিলকে—সা ১, ২, অলকে—ন।

১৮ ললক—র, বি ১, নলক—সা ১, ২, ন, ললাটে—সা ৩।

১৯ ঝলকে—সা ১, ২, ৩, ন। ২০ মোহল—বি ১।

কাজলে[1] সাজল নয়ন[2]-যুগল
মাজল[3] সুন্দর[4] মুখ।
ভুরুর[5] ভঙ্গিমা বঙ্কিমা[6] দেখিতে[7]
কামের কাঁপয়ে বুক ॥

নাসার[8] উপর বিচিত্র[9] বেশর
নিশ্বাসে সঘনে দোলে।
পরম যতনে পুরুষ-রতনে
পরাণ সহিতে খেলে ॥

কাণে কাণফুল অতুল অমূল
ছটায়ে[10] ঘটায়[11] রবি।
বাউল[12] বিকল[13] অনঙ্গ[14] আকুল[15]
রহল তাহাতে সেবি ॥

চিবুক চিকণ[16] কামের ভাজন
তাহাতে কস্তুরী-বিন্দু।
দশন-রসন[17] ভুবন-মোহন[18]
বচন অমিয়া-সিন্ধু ॥

---

১ কাজরে—বি ১ সা ১, ২। ২ নয়ান—র, সা ১, ২।
৩ সাজল—বি ১। ৪ মোহন—বি ১, সা ৩, ম।
৫ উরূর -বি ১।
৬ রঙ্গিমা—পদ, র. ন, সা ৩, হেরিতে—সা ১, ২।
৭ রঙ্গিমা—সা ১, ২. হেরিতে—ন। ৮ উপরে—সা ১।
৯ বিষম—বি ১। ১০ ছটার—র, ছটায়—বি ১।
১১ ঘটায়ে—সা ১, ২।
১২ বাউলি—ন, রাউল—ক, চ, বউলি—বি ১, বেনি—সা ১, ২।
১৩ বাকল—সা ১, ২। ১৪ অনঙ্গে—র, ন, বি ১।
১৫ করল—র, ন, বি ১। ১৬ চিকুর—বি ১।
১৭ বসন—পদ, সা ১, ২, ৩. ম। ১৮ ভূষণ মোহন—ম, চ।

চন্দনে[১] চর্চ্চিত পরম পবিত্র[২]
পীন পয়োধর জোর।
কষিত কাঁচলি[৩] তাহাতে ঝাঁপলি[৪]
বান্ধলি[৫] অতুল ডোর॥
প্রবালে প্রবল[৬] করল সরল[৭]
ভাল কাল পঁতি-জোতি।
হেম হীরা মণি বিচিত্র বিনানি
তাহাতে দেওল[৮] মোতি॥
সে যে যশোমতী পিরিতি-মুরতি
রাইয়েরে[৯] করিয়া[১০] কোলে[১১]।
সে সব[১২] ভূষণ করিয়া যতন
দেয়ল[১৩] তাহার[১৪] গলে॥
* হিয়ে হীর-হার অতি মনোহর
তাহাতে[১৫] পদক সাজে।
দেখি দিনমণি চতুর আপনি
কিরণ ঢাকল[১৬] লাজে॥

---

১ চন্দন—সা ১, ২। ২ পবিত র।
৩ কঞ্চুলি—পদ, কাচুলি—সা ১, ২, কাঁচুলি—ন।
৪ চাপলি— বি ১, সা ১, ২। ৫ বান্ধল—পদ, সা ৩, বি ১।
৬ পূরল— সা ১, ২। ৭ সবল—ক, ঘ।
৮ দেওলি— র, ন, সা ১, ২। ৯ কামিনী—র, ন, বি ১, সা ১, ২।
১০ করল—বি ১। ১১ কোরে—স, ক।
১২ হেন —র, ন, বি ১। ১৩ দেয়লি—র, ন, বি ১, সা ৩।
১৪ রাইর—সা ৩।
* 'হিয়ায় হীরার হার মনোহর'—র, ন, বি ১, সা ৩।
১৫ তাহে যে—র।
১৬ কুড়ায়—পদ, র, ন, সা ১, ২, ৩।

রাম[1] কামশালা শঙ্খ শশিকলা
শোভয়ে সে ভুজ আগে।
রতন কঙ্কণ[2] বঙ্কন[3] ঝঙ্কণে[4]
অনঙ্গে চমক[5] লাগে॥
তাড়[6] গাঢ় সাজ গতি[7] কামরাজ
দেয়ল[8] রাইক[9] ভুজে।
বিপক্ষ মর্দ্দনী মুদ্রিকা[10] খেচনী[11]
অঙ্গুলি উপরে সাজে॥
জলদ-পটল- গরব গরাসি[12]
পহিরে[13] নীলিম[14] বাস।
কিঙ্কিণী-শবদে[15] অবদ করল
চটুল[16] চটক[17]-ভাষ॥

---

১ রামা—র, ব।
২ কঙ্কণে—স।
৩ রঙ্কণ—ন, কঙ্কণ—স, ক, রতন—র, বঙ্কণে—বি ১।
৪ ঝঙ্কন—ন, ঝঙ্করে—র।
৫ চঙ্কন—র, বি ১।
৬ টাড়—বি ১।
৭ গড়ি—ন, রতি—র।
৮ দেঅলি—র, ন, দেওলি—সা ১, ২।
৯ রাইয়ের—ন, র, রাইর—বি ১,।
১০ মুদ্রার—বি ১।
১১ কাহিনী—বি ১, খিচনী—ম।
১২ গরাসে—বি ১।
১৩ পহিরি—চ, র, স, পরান—ন, পরল—বি ১, সা ১, ২।
১৪ নীলম—ন।
১৫ শবদ—সা ১, ২
১৬ কটকে—পদ, চটকে—র, বি ১, সা ৩, চটক—ন।
১৭ চটকী—র, ন, বি ১, সা ৩।

মঞ্জীর[১] পঞ্চনি[২] করিয়া যতন

শেখর পরায় পায়।

যশোদা রোহিণী সমুখে[৩] আপনি[৪]

সাজাওল[৫] সব[৬] গায় ॥

---

[১০৯]

তথা রাগ

যশোদা রোহিণী পরম[৭] যতনে[৮]

সাজাওল[৯] সব[১০] সখী।

সুন্দর[১১] সিন্দুর[১২] কটক[১৩] ঠাটক[১৪]

লাগল[১৫] কামের আঁখি ॥

যশোদা-অন্তর অমিয়া-সাগর[১৬]

রাধিকা মকর[১৭] তায়।

অগম অথল[১৮] মধুর শীতল

ডুবল সকল গায় ॥

---

১ জেহের— ন, বি ১, যেমনি—র, মঞ্জুর—সা ১, ২।

২ পঞ্চনী— ন, বি ১, মঞ্জীর—র, পিঞ্জান—স, পুঞ্জনি—ক, চ, পুঞ্জুনি—সা ১, ২।

৩ সেরূপ— বি ১ সা ৩, ন। ৪ রমনি—বি ১, ন, আপুনি—সা ১, ২।

৫ সাজন—বি ১ সাজনি—ন। ৬ ক'রল—বি ১, সকল—ন।

[১০৯] পদ পদ ২৫৬২, পৃ ৬৬, ৪র্থ খণ্ড ; ন পদ ২৯, পৃ ৩৩ ; বি ৩, পদ ২১৯৯, পৃ ২২১ ; র পদ ২৮, পৃ ৩৮ ; স পদ ৯৪, পৃ ৫৩৭ : বি ১. পৃ ৮ ; সা ১, পৃ ১১ ; সা ৩, পৃ ?।

৭ করিয়া—র, ন, বি ১, সা ৩। ৮ যতনী—র, ন, বি ১, সা ৩।

৯ সাজলি—ন, সাজন—বি ১, সা ৩।

১০ করল—বি ১, সা ৩, সকল – ন। ১১ সুন্দরী—র, বি ১, সা ৩।

১২ কটক—র, ন, বি ১। ১৩ চটক—র, ন, ছটাকে—বি ১, ছটকে—সা ৩।

১৪ তাটক—ন, টাটক – বি ১, সা ১, ২, ৩, ব।

১৫ লাগএ—র, নাগল—ন। ১৬ সাঅর—র, সায়র—সা ১, ২।

১৭ মকরী—ন। ১৮ অথল—র, ব, অতুল—বি ১।

আমার জীবন তোমরা দু জন
দুখানি[১] আঁখির[২] তারা।
ব্রজরাজ-মন জানিবা এমন
সে জন আমারি পারা॥
এ ঘর-করণ তোদের[৩] কারণ[৪]
শুনহ রাজার[৫] ঝী।
ধাতার মাথায় পড়ুক[৬] বজর[৭]
আর না[৮] বলিব[৯] কী॥
আর কিবা কহু তোমা হেন বন্ধু
নাহিক আমার ঘরে।
হিয়ায় আগুনি উঠিছে[১০] দ্বিগুণি[১১]
কি আর[১২] কহিব[১৩] তোরে॥
* জটিলা কুপিলে আসিতে না দিবে
সে আর আপদ দড়[১৪]।
কুটিলা কুমতি বিষের মুরতি
সেহ সে[১৫] ধাউড়[১৬] বড়॥

১-২ দুআঁখির—বি ১। ৩-৪ তোমরা দুজন—ন, বি ১, পদ।
৫ বড়র—র, বি ১। ৬ পড়ুক—র, পড়িল—বি ১।
৭ পড়ল—র, ন, চিকুর—বি ১। ৮ আর বা—বি ১।
৯ করি—বি ১। ১০ জলিছে—সা ১, ২।
১১ দুগনি—বি ১।
১২-১৩ 'কহিব কি আর'—ন, সা ১, ২, 'কহিতে কি আর'—র।
* ২১-২৪ পংক্তি স্থলে ২৫-২৮ পংক্তি এবং ইহার পর ২১-২৪ পংক্তি র, ন, বি ১, সা ১, ২, ৩ পুথিতে দেওয়া হইয়াছে।
১৪ বড়—ম। ১৫ সে ছুঁড়ি—ন। ১৬ ধাউড়ি—ম।

দিনেক সোয়াথে[1] নারিয়ে[2] রাখিতে
তাহারে[3] হইল ডর।
নিশ্বাসে ছুতুনা[4] করয়ে[5] ঘটনা[6]
সে বড় বিষম ঘর ॥
দুর্মেধ[7] আয়ান[8] তাহারা দুজন[9]
না জানি কেমন চীত।
শেখর-মিনতি[10] শুন যশোমতি
সভার[11] একই রীত ॥

[১১০]

সিন্ধুড়া *

ও মোর[12] বাছনি ধনি সতী-কুল[13]-শিরোমণি
ক্ষণেক[14] বিশ্রাম কর সুখে।
না হয়[15] উছর বেলা সখী সঙ্গে কর খেলা
কর্পূর তাম্বুল দেও[16] মুখে ॥

১ সোয়াস্তে—পদ। ২ নারি যে—ন। ৩ তাহাতে—ন, সা ১, ২।
৪ ছিদর—র, ছিদ্দ্‌শ—ন, ছিড়সে—সা ৩, ছুতনা—য।
৫-৬ 'চাহিয়া বুলয়ে'—র, ন। ৭ দুর্মদ—র, ন, বি ১, দুর্মেদ—সা ১, ২, ক, চ।
৮ রায়ান—পদ, নয়ন—বি ১। ৯ দুর্জ্জন—ন, দুই জন—র।
১০ বিনতি—বি ১। ১১ সভাই—পদ, র, ন।
[১১০] পদ পদ ২৫৬৩, পৃ ৬৬, ৪র্থ খণ্ড ; ন পদ ৩০, পৃ ৩৪ ; র পদ ২৯, পৃ ৩৯ ; স পদ ৯৬, পৃ ৫৩৮ ; বি ৩, পদ ২২৫০, পৃ ২২১ ; বি ১, পৃ ৮ ; সা ১, পৃ ১১ ; সা ৩, পৃ ১২।
* যথা রাগ—ন। ১২ আমার—বি ১, সা ১, ২, ৩।
১৩ রমনীর—র, ন, সা ১, ২, ৩, রমণী—বি ১।
১৪ খেণেক—পদ, সা ১, ২, ৩, ক্ষেণেক—বি ১। ১৫ হয়ে—স, ন।
১৬ দেঙ—য, দেহ—স, ন, সা ১, ২, দাও—সা ৩।

রূপে[1] গুণে[2] কাজে[3] তোর   পরাণ নিছনি মোর
 শুতিয়া[4] স্বপনে দেখি[5] সদা।
তোমা হেন গুণনিধি   আমারে[6] না দিল[7] বিধি
 * হৃদয়ে রহিয়া গেল সাধা॥

ধাতার মাথায় বাজ   যেন[8] হেন করে[9] কাজ
 আমারে ভাণ্ডিল[10] কোন[11] দোষে।
কানুর[12] বিবাহ তরে   হেন নারী[13] নাহি পুরে
 চাহিয়া না পাই[14] কোন দেশে[15]॥

যশোদা-বিষাদ-কথা   শুনি বৃকভানু[16]-সুতা
 বদনে বসন দিয়া হাসে।
পুলকে পূরল গা   মুখে না[17] নিঃসরে[18] রা
 ভাসিল[19] রাণীর স্নেহ[20] রসে॥

১-৩ 'রূপ গুণ কাজ'—ম, স, পদ, বি ১, ২, সা ১, ২, ৩।
৪ শয়নে—র, সুনিঞা—বি ১।   ৫ দেখোঁ—পদ।
৬ তোমারে—বি ১।   ৭ না দিলে—সা ১, ২।
* 'এই মোর মনে দুঃখ রাধা'—সা ১, ২।
৮ যে—স।   ৯ সে—স।
১০ ভাণ্ডিলা—ন।   ১১ কিবা—ন।
১২ বাছার—পদ, বি ২, সা ১, ২।
১৩ জন—বি ১।   ১৪ পাইল—স, ক।
১৫ দোষে—বি ১।
১৬ বৃষভানু—পদ, বি ২, সা ১, ২।
১৭ নাহি—স, ক।
১৮ সরে—স, ক, নিস্বরে—সা ১, ২, ঘ, চ, ন।
১৯ ভাসল—বি ১, সা ৩।   ২০ নেহ—র, ন।

শেখর সরস করি কহে শুন ব্রজেশ্বরি
রাধিকা তোমার[1] হেন[2] জানি।
সখা সব পূরে বেণু খিড়িকে[3] ডাকিছে ধেনু
সাজাও গো[4] রাখাল-শিরোমণি ॥

যশোদা কর্ত্তৃক শ্রীকৃষ্ণের গোষ্ঠসজ্জা

[১১১]

তথা রাগ

সমুখে[5] সঙ্কেত জানি[6] তুরিতে[7] চলিলা রাণি[8]
আসিয়া[9] পশিল[10] বেশ[11] ঘরে।
কানুরে আনিয়া তথি বেশ করে যশোমতী
সুখে[12] হিয়া দর দর[13] করে ॥
নন্দরাণী[14] কাচ কাচে নাটুয়ার ছান্দে।
* টানিয়া বান্ধিল চূড়া নবগুঞ্জা দিয়া বেড়া
তাহে দিলা শিখি-পুচ্ছ-চাঁদে ॥ ধ্রু ॥

---

১ তোমারি—সা ১, ২, তোমারে—বি ১। ২ সভে—বি ১, সা ৩, ন।
৩ খড়িকে—র, ন, সা ১, ২, খাড়িকে—বি ১, সা ৩।
৪ সাজাহ—র, ন, বি ১, সা ১, ২, ৩, সাজাও গা—পদ।

[১১১] পদ পদ ২৫৬৩, পৃ ৬৭, ৪র্থ খণ্ড; ন পদ ৩১, পৃ ৩৫; র পদ ৩০, পৃ ৪১; স পদ ৯৭, পৃ ৫৩৯; বি ১, পৃ ৮; সা ১, পৃ ১১; সা ৩, পৃ ?।

৫ সুমুখী—পদ, র, ন, সুমুখি—সা ১, ২।
৬ বেণু—পদ, বি ২, জানু—সা ১, ২। ৭ দেখিতে—পদ।
৮ কানু—পদ, বি ২, সা ১, ২, ধনি—র, ন। ৯ নিভৃতে—পদ।
১০ বসিলা—র, ন, রহিলা—পদ। ১১ এক—পদ।
১২ দেখি—বি ১। ১৩ দুরু দুরু—বি ১।
১৪ নন্দরানি—সা ১, ২, বি ১ পুথিতে নাই।
* এই স্থলে বি ১ ও সা ৩ পুথির পাঠ :—
'শিরে শিলী গুঞ্জ বেড়া টানিঞা বান্ধিল চূড়া
তাহাতে শোভে মউরের ছাঁদে।'—

কিবা সে গ্রীবার শোভা মদনের[১] মন[২]-লোভা
গোরোচনা[৩]-তিলক সুভালে[৪]।
হিয়ে[৫] হার[৬]-মণি জ্বলে বন-মালা[৭] দোলে[৮] গলে[৯]
অমূল্য মুকুতা নাসা-তলে॥
অঙ্গদ বলয়া করে শোভিয়াছে থরে থরে
চন্দনে চিকণ কালা[১০]-তনু।
পরাইল পীত ধড়া তাহাতে ধাঁগর বেড়া
চলইতে করে রুণু ঝুনু॥
রাতুল[১১] ধড়ার থোপ দুইদিগে নামিয়া[১২] শোভ[১৩]
বঙ্করাজ[১৪] সনে করে[১৫] মেলা[১৬]।
ক্ষেণে ক্ষেণে উড়ে বায় আসিয়া লাগয়ে পায়
নূপুর সহিতে করে খেলা॥

এই স্থলে র, ন পুথির পাঠ :—

'নবগুঞ্জা দিয়া বেড়া টানিয়া বান্ধয়ে চূড়া
তাহে শোভে ময়ূরের ছান্দে।'

র পুথিতে 'নবগুঞ্জা' স্থলে 'শিলাগুঞ্জ' এবং ন পুথিতে 'বান্ধয়ে' স্থলে 'বান্ধিলা' পাঠ আছে।

১ মুনিমন—সা ১, ২। ২ করে—সা ১, ২।
৩ রচন—র, রচিত—বি ১।
৪ শোভে ভালে—র, ন, সা ১, ২, অতি ভালে—বি ১।
৫ হিয়া—র, ন, বি ১। ৬ হারে—র, ন।
৭ মনমালা—পদ, র, ন। ৮ গলে—র, ন।
৯ দোলে—র, ন। ১০ কাল—র, ন, বি ১।
১১ রতন—ক, স। ১২ নামিছে—বি ১।
১২-১৩ নামিয়াছে—র, ন। ১৩ ডোর—বি ১।
১৪ ভৃঙ্গ—বি ১। ১৫ করি—পদ।
১৬ খেলা—র, ন।

ডাকিনী শাকিনী[১] ভয়ে ধড়ে[২] প্রাণ নাহি রহে
বান্ধিয়া সাধিয়া আনি মায়[৩]।
অজর[৪]-অমর[৫]-তনু হয় যেন রাম কানু
এমতি[৬] বান্ধিয়া দিবে গায়[৭]॥
বান্ধিয়া সাধন বড়ী[৮] বান্ধে[৯] রক্ষা-মন্ত্র[১০] পড়ি[১১]
রাম দামোদর দেখি হাসে।
দণ্ডবৎ হইয়া[১২] যায় রাম দামোদর যায়
যশোদা রোহিণী তার পাশে॥
রহিয়া রহিয়া যায় ফিরিয়া ফিরিয়া চায়
জননী প্রবোধে বারে বারে।
শেখর[১৩] শুনহ বোল কি লাগিয়া কর রোল *
মায়েরে লইয়া যাও[১৪] ঘরে॥

---

১ যোগিনী—র, ন, বি ১, সা ৩।
২ ডরে—র।
৩ মা—র, বি ১।
৪ অজয়—স, ক।
৫ বজর—র, ন।
৬ এমনি—র, ন।
৭ দিল গা—র, দিল গায়—ন।
৮ পড়ি—র, বি ১, করি—ন।
৯ বান্ধি—বি ১।
১০-১১ দেহমুড়ি—র, দেহ যুড়ি—বি ১।
১২ করি—বি ১, ন
১৩ শেখরের—সা ৩।
* 'কি লাগিয়া কর রোল' স্থলে 'কিনা সে করহ গোল' র।
'কি লাগি করহ গোল'—বি ১, ন।
১৪ যাহ—বি ১।

মাতৃ-উন্মাদ

[১১২]

তথা রাগ

হিয়ায়[১] আগুনি ভরা[২] আঁখে[৩] বহে[৪] বহু[৫] ধারা
দুখে বুক বিদরিয়া[৬] যায়[৭]।
ঘর পর যে না[৮] জানে সে জনা[৯] চলিল[১০] বনে
এ তাপ কেমনে সহে[১১] মায় ॥
আমার[১২] জীবন[১৩] দুলালিয়া।
* কিবা ঘরে নাহি ধন কেনে বা যাইবে বন
† রাখালে রাখিবে ধেনু লৈয়া ॥ ধ্রু ॥

---

[১১২] প-র-সা পদ ১৭৯৪ ; পদ পদ ২৫৬৬, পৃ ৬৮, ৪র্থ খণ্ড ; ন পদ ৩২, পৃ ৩৩ ; বি ৩, পদ ২২০২, পৃ ২২২ ; র পদ ৩১, পৃ ৪২ ; স পদ ৯৮, পৃ ৫৩৯ ; বি ১, পৃ ৮ ; সা ১, পৃ ১২ ; সা ৩, পৃ ১৩।

১ হিয়ায়ে—ন, হিয়াএ—র। ২ ভারা—বি ১ সা ৩।
৩ আঁখি—র, ন, স, বি ১, সা ১, ২।
৪ বহি—প-র-সা, ঝুরে—বি ১। ৫ পড়ে—প-র-সা, বসু—র, ন, সুধা—বি ১।
৬ বিদরিতে—ন। ৭ চায়—ন।
৮ নাহি—ন। ৯ জন—র, সা ১, ২, বি ১।
১০ চলিলা—ন। ১১ সবে—পদ, র, বি ১, ২, সা ১, ২, ৩।
১২ ও মোর—পদ, বি ২, সা ৩। ১৩ যাদব—পদ, বি ২, সা ৩।

* এই স্থলে র, ন, বি ১, সা ৩ পুথির পাঠ :—
'কি ধন নাহিক মোরা, বনে কেনে যাবি তোরা'

† ৭ম পংক্তি স্থলে বি ১ পুথির পাঠ :—
'এনা বুদ্ধি কেবা দিল তোরে।'

৮ম ও ৯ম পংক্তি বি ১ পুথিতে নাই।

আমার[১] নয়নের[২] তারা[৩] হাপুতীর পুত তোরা
* আন্ধল করিয়া যাবি মোরে।
দুধের ছাওয়াল হৈয়া বনে যাবে ধেনু লৈয়া
কি দেখি রহিব যাই[৪] ঘরে ॥
ননী[৫] জিনি তনুখানি আতপে মিলায়[৬] জানি
সে ভয়ে সঘন[৭] প্রাণ কাঁপে[৮]।
বাড়ব-অনল[৯] পারা বিষম রবির খরা
কেমনে সহিবে[১০] হেন [১১]তাপে ॥
† কুশের অঙ্কুর[১২] বড় শেলের সমান দড়
‡ শুনিতে সিঙ্কিড়া[১৩] পড়ে গায়।
শিরীষ-কুসুম-দল জিনিয়া চরণ-তল
কেমনে যাইবে[১৪] হেন[১৫] পায়[১৬] ॥

১-৩ 'আগে পাছে নাহি মোরা'—পদ, ন, সা ১, ২, ৩।

* এই স্থলে র, ন, সা ১, ২, ৩ পুথির পাঠ :—
'এনা বুদ্ধি কে না দিল তোরে ॥'

৪ যাইয়া—স, আমি—প-র-সা, র, ন, বি ১, সা ১, ২, ৩।

৫ লুনি—পদ, র। ৬ মিলয়ে—র, ন। ৭ সঘনে—ন, ঘন—বি ১।

৮ মন—র, বি ১, সা ১, ২। ৯ আনল—র, বি ১, সা ৩।

১০ সহিবা—সা ১, ২। ১১ তার—র, ন, বি ১।

† ১৫ পংক্তির পর বি ১ পুথির অতিরিক্ত পাঠ :—
'আরাজ শুনিল কথা অসুর আছয়ে তথা
ছাওয়াল ধরিয়া বুলে বনে।
সকল গোয়ালা মিলি সকল কহিল কালি
সে কথা পড়িয়া গেল মনে ॥'

এইস্থলে সা ১, ২, ন পুথির পাঠ :—
'আর এক শুনি কথা অসুর আছয়ে তথা
ছাওয়াল ধরিয়া ফিরে বনে।
সকল রাখাল [গোয়াল—ন] মেলি আমারে কহিল কালি
সে কথা পড়িয়া গেল মনে ॥'

১২ অঙ্কুশ—বি ১। ‡ 'শুনইতে হিয়া পোড়ে তায় ॥'—সা ১, ২।

১৩ সিঁচিয়া—র, ন, সিটিড়া—বি ১।

১৪-১৬ 'ধাইয়া যাবে তায়'—র, ন, বি ১, সা ৩।

মায়ের[১] করুণা-বাণী[২] শুনিয়া[৩] গোকুল-মণি[৪]
কত মত[৫] মায়েরে বুঝায়।
বিষাদ না কর মনে কিছু ভয়[৬] নাহি বনে
ইথে[৭] সাথী এ শেখর রায়॥

মাতৃ-সম্বোধন

[১১৩]

তথা রাগ

ধরিয়া মায়ের কর কহে রাম দামোদর
শুভ কাজে না করিহ[৮] দুখ।
আমার কুলের ধর্ম্ম[৯] গো-চারণ নিজ-কর্ম্ম[১০]
করিতে[১১] পাই যে[১২] বড় সুখ॥

১-৪ 'রাণীর বিননি [বিলাপ—ন] শুনি, হিয়া বেথে [বেথা—ন] গুণমনি'—র, ন, বি ১, সা ৩।

৫ কোনবিধি—প-র-সা, বি ১, সা ৩, লোকবিধি—র, কুলবিধি—ন।

৬ ভয় কিছু—ন। ৭ ইহার—ন. ইহাতে—সা ৩, ইহা—বি ১।

[১১৩] প-র-সা'পদ ১৭৫৯ ; পদ পদ ২৫৬৭, পৃ ৬৮, ৪র্থ খণ্ড ; ন পদ ৩৩, পৃ ৩৮ ; বি ৩, পদ ১৪৫, পৃ ৯ ; র পদ ৩২, পৃ ৪৪ ; স পদ ৯৫, পৃ ৫৩৭ ; বি ৩, পদ ৩৩, পৃ ২২২ ; বি ১, পৃ ৯ ; বি ২, পৃ ৮ ; সা ১ পৃ ১২।

৮ ভাবিহ—পদ, ন। ৯ কর্ম্ম—ন, বি ১, ২, সা ১, ২।

১০ ধর্ম্ম—ন, বি ১, ২, সা ১, ২।

১১ করিতেই—প-র-সা।

১২ পাই সে—পদ, পাইব—স. পাইএ—র, ন।

* হাবোলা[১] গোয়াল জাতি শৃগাল দেখিল কতি
সে ভয় আসিয়া[২] কৈল[৩] তোরে।
ঘরের সমান বন চরাইব ধেনুগণ
ঘরের সমান নাহি ডরে॥
কেহ কোন কথা কয়[৪] সে সকল সাচা নয়[৫]
স্বপনেহ[৬] না শুনিহ কাণে।
স্বরূপে কহিলু কথা নিশ্চয় জানিহ মাতা
অসুর নাহিক আর বনে॥
গোবর্দ্ধনে দিয়া[৭] মেলা সভাই[৮] করিগো[৯] খেলা
ধনিষ্ঠা যাইবে[১০] সেই খানে।
তোমার ভোজন-কথা আমারে কহিবে তথা
তবে সে করিব জল পানে॥
শেখরের[১১] শুন[১২] বোল কেহ না[১৩] করিহ গোল
মায়েরে লইয়া যাও ঘরে।
যে জন চতুর হয় তারে বুঝাইলে নয়[১৪]
বুঝিয়া আপন[১৫] কাজ করে॥

---

* 'হাবোলা গোয়াল...........আর বনে॥'
প্রভৃতি পদগুলির পরিবর্ত্তে পদ-পাঠ :—
'স্বরূপে কহিনু কথা নিশ্চয় জানিহ মাতা
অসুর নাহিক আর বনে।
ঘরের সমান বন চরাইব ধেনুগণ
কি ভয় বলাই দাদা সনে॥'

১ তাহারা—বি ১, অবলা—র, যা বোলে—সা ১, ২, যা বলে—প-র-সা।
২ কহিল—সা ১, ২, র, ন, বি ১।
৩ আসি—সা ১, ২, র, ন, বি ১।
৪ কহে—সা ১, ২, ন।
৫ নহে—সা ১, ২, ন।
৬ সপনেত—প-র-সা।
৭ ধেনু—ন, বি ১, ২।
৮ করিয়া—ন, বি ১।
৯ করিব—র, ন, বি ১, ২, সা ১, ২।
১০ যাইয়া—র, ন, বি ১, ২, সা ৩।
১১ শেখর—বি ১, ২, সা ৩, ন।
১২ শুনহ—বি ১, ২, সা ৩, ন।
১৩ কি লাগি—ন।
১৪ নয়—ন।
১৫ সকল—ন।

দূতীর চাতুর্য্য

[১১৪]

সারঙ্গ রাগ

নন্দের ঘরণী[১] শুনহ কাহিনী[২]
ত্বরিতে চলহ ঘরে।
রাইয়ের[৩] বিলম্ব[৪] হইলে[৫] জটিলা[৬]
বিষম জানি সে করে॥
সাজায়া[৭] কাছায়া[৮] রাধারে লইয়া
যাউক তোমার লোকে।
জটিলা তোমার দেখিয়া বেভার[৯]
ভরসা বান্ধয়ে বুকে॥
* কুটিলা[১০] কুমতি সদাই কুরীতি
ছিদর[১১] চাহিয়া বুলে।
বড় সে ধাউড়ি কথায়[১২] বাগুড়ি[১৩]
কোণেতে বসিয়া তোলে॥

---

[১১৪] ন পদ ৫৪, পৃ ৫৯ ; বি ৩, পদ ২২০৩, পৃ ২২২ ; র পদ ৩৩, পৃ ৪৫ ; বি ১, পৃ ৯ ; বি ২, পৃ ৮ ; সা ১, পৃ ১২ ; সা ৩, পৃ ১৪।

১ রমনী—ন, বি ১, ২, রমণি—সা ১, ২। ২ কাহিনি—সা ১, ২।
৩ রাইর—ন, বি ১, ২। ৪ বিলম্বে—সা ১, ২।
৫ জটিলা—সা ১, ২, হইলা—বি ১।
৬ কুটিলা—সা ১, ২। ৭ সাজিয়া—সা ১, ২, ন।
৮ কাছিয়া—ন, সা ১, ২, ৩, কাজায়া—বি ২।
৯ ব্যাভার—বি ১, ২। * নবম পংক্তি হইতে ১২শ পংক্তি বি ১ পুথিতে নাই।
১০ জটিলা—বি ১, সা ১, ২।
১১ ছিদ্দুশ—ন, ছিনহ—বি ২, ছিদ্রসে—সা ১, ২, ৩।
১২ কথার—ন। ১৩ বাউড়ি—র।

শুনিয়া বচন চলিলা ভবন
কানুরে বিদায় দিয়া।
শেখর হাসিয়া[১] নাগরে ঠারিয়া
রাণীরে[২] চলিল[৩] লৈয়া ॥

শ্রীকৃষ্ণের গোষ্ঠে গমন

[১১৫]

সারঙ্গ[৪] রাগ

জননী বিদায় করি গোঠে[৫] চলিলা[৬] হরি
কহয়ে[৭] শুনহ আরে[৮] ভাই।
না যাইব কোন মাঠে চল সভে গিরি-তটে
হাঁকাইয়া[৯] দেহ সব গাই ॥
গোবিন্দ-কুণ্ডের জল মনোহর সুশীতল
তৃণ[১০] সব আছে সুকোমল।
তাহে ধেনু নিয়োজিয়া[১১] খেলিব বুলিব যাঞা[১২]
দেখিবে[১৩] কেমন গিরি-তল[১৪] ॥

---

১ আসিয়া—সা ১, ২। ২ রাইরে—ন।
৩ চলিলা—ন, সা ১, ২।
[১১৫] পদ পদ ২৫৭৩, পৃ ৭০, ৪র্থ খণ্ড ; ন পদ ৩৫, পৃ ৩৯ ; বি ৩, পদ ২২০৪, পৃ ২২২ ; র পদ ৩৪, পৃ ৪৬ ; বি ১, পৃ ৯ ; সা, ১, পৃ ১২ ; সা ৩, পৃ ১৫।
৪ তথা—পদ, যথা—ন।
৫ গোঠেরে—র, পদ, ন, গোষ্ঠে—বি ২, গোষ্ঠেরে—সা ১, ২।
৬ ধাওাইলা—বি ১। ৭ কহএ—র।
৮ ওরে—পদ, বি ১, ২, সা ৩, অয়ে—সা ১, ২।
৯ হাঁকারিয়া—র, ন, পদ। ১০ স্থল—বি ১, ২।
১১ নজোজিয়া—বি ১, ২, সা ১, ২। ১২ ধাইয়া—ন।
১৩ দাঁধব—পদ, সা ১, ২। ১৪ সুশীতল—ন।

শুনিয়া বলাই সুখে   শিঙ্গা দিয়া[1] চাঁদ-মুখে
ধবলী[2] শাঙলী[3] বলি ডাকে।
পিশঙ্গী মণিক স্তনী   বলি ডাকে গুণ-মণি
ধেনু সব চালাইল হাঁকে॥

কেহ নাচে কেহ গায়   কেহ বৎস[4] পাছে[5] ধায়
ঘাঘর নূপুর করে[6] ধ্বনি[7]।
কুরঙ্গ[8] অঙ্গনা[9] যত[10]   তারা ভেল উনমত
* ধাওল সে সব শব্দ শুনি॥

উচ্চ[11] কর্ণ উচ্চ[12] পুচ্ছ   ঘূর্ণিত[13] নয়ন[14] বক্ষ[15]
ধাইয়া পশিলা[16] গোবর্দ্ধনে।
রাম দামোদর সঙ্গে   ধায়[17] শিশু সেই রঙ্গে
ধেনু ফিরাইল[18] জনে জনে॥

---

১ দিল—র, ন।   ২ সাঙলি—বি ১, ২।
৩ ধবলি—বি ১, ২।   ৪ সব—পদ।
৫ পানে—সা ১, ২।   ৬ কারু—পদ, কার—বি ১, ক, কারো—চ।
৭ শুনি—পদ।
৮ তরুণ—পদ, বি ২, সা ১, ২, ৩, ন, তরুলতা—বি ১।
৯ তর্ণক—পদ, ন, তর্ণক—সা ১, ২, তনুকা—বি ২, সা ৩, তন্নক—ঘ, চ, লুকায়—বি ১।
১০ জত—বি ১।

* এই স্থলে পদ ও সা ১, ২ পুথির পাঠ:—
'ধায় সব শুনিয়া সে ধ্বনি।'

১১ উৰ্দ্ধ—পদ, উভ—ন, বি ১, ২।
১২ উৰ্দ্ধ—পদ, উভ—ন, বি ১, ২।
১৩ গলিত—বি ১।   ১৪ নয়ানে—পদ, নয়নে—বি ১, ন।
১৫ বৎস—ন।   ১৬ পশিল—পদ, ন, বসিল—বি ১।
১৭ ধায়—পদ।   ১৮ ফিরাঅই—র।

রাম কহে আরে[১] ভাই এইখানে চরুক গাই
আইস ভাই[২] সবে[৩] করি খেলা।
তৃণে[৪] নিয়োজিয়া ধেনু খেলা খেলে রাম কানু
সকল রাখাল হৈয়া[৫] মেলা ॥

* কানু বোলে[৬] আরে ভাই খেলা[৭] খেল[৮] এই ঠাঁই
আসি আমি কানন দেখিয়া।
থাকিবে ভাইয়ার[৯] কাছে কেহো কোথা যাও পাছে
গিলিবেক[১০] অসুরে ধাইয়া[১১] ॥

শিশু পশু নিয়োজিয়া[১২] সুবল মঙ্গল[১৩] লৈয়া
বাহির হইলা নটরায়।
কুসুম-সরসী-কূলে বসিয়া[১৪] কদম্বতলে[১৫]
সময়ে[১৬] শেখর রস গায় ॥

---

১ ওরে—পদ।
২-৩ সভাই—পদ, বি ১, ২। ৩ সভে—সা ১, ২।
৪ চলে—র। ৫ এক – বি ১, লৈয়া—পদ।
* শ্রীশ্রীপদকল্পতরুতে ৫- ২ পংক্তি নাই।
৬ কহে—বি ১, ২, সা ১। ৭ থাক—সা ১ ২, খেল—বি ১, ২।
৮ সভে—বি ১, ২, সা ১, ২। ৯ সভার—বি ১, দাদার – সা ৩।
১০ নিবেক—বি ১। ১১ ধরিয়া – ন, বি ২, সা ১, ২, ৩।
১২ নিজোজিয়া—সা ১, ২, বি ২।
১৩ মধুমঙ্গল—বি ১, সা ৩।
১৪ বসিলা—সা ১, ২। ১৫ মূলে—বি ১, ন।
১৬ সময়—র।

যশোদার খেদ

[১১৬]

তথা রাগ

কানুরে[১] পাঠাইয়া[২] বনে যশোদা বিষাদ-মনে
আসিয়া রাইরে[৩] করে[৪] কোরে।
দুখে আউলাইছে[৫] গা মুখে না[৬] নিঃসরে[৭] রা
বসন ভিজিয়া গেল লোরে ॥
গদগদ-স্বরে রাণী কহয়ে বিষাদ-বাণী
ধরিয়া রাধার[৮] দুটি করে।
* কীর্তিদা[৯] সমান হেন আমারে জানিবা তেন
সে ঘর এ ঘর সব তোরে ॥
কি আর করিব[১০] সাধ সকলে পড়িল বাদ
দিনেক রাখিতে নারি তোমা।
এমনি[১১] বিষম[১২] লোক জীয়ন্তে পাড়য়ে[১৩] পোক
তিলেক নাহিক কারু[১৪] ক্ষেমা[১৫] ॥

---

[১১৬] পদ পদ ২৫৮৬, পৃ ৭৩, ৪র্থ খণ্ড ; ন পদ ৫৬, পৃ ৪১ ; র পদ ৩৫, পৃ ৪৮ ; স পদ ১০১, পৃ ৫৪১ ; বি ১, পৃ ১০ ; বি ২, পৃ ৯ ; সা ১, পৃ ১৩ ; সা ৩, পৃ ১৫।

১ যাদুরে—র, ন, বি ১ ২ জাদুরে—সা ১, ২।
২ পাঠায়্যা—পদ। ৩ রাধিকা—পদ, রাইয়েরে—সা ১, ২।
৪ করি—পদ র, ন। ৫ আলুইছে—পদ আওলাইছে—সা ১, ২।
৬ নাহি—সা ১, ২। ৭ সরে—সা ১, ২।
৮ রাইর—র, ন সা ৩।

৫ পংক্তি হইতে ৮ পংক্তি বি ১, ২, পুথিতে নাই।

* এই কলিটির পরিবর্তে বি ১ ২, র, ন পুথির পাঠ :—
'ধাতার মাথায় বাজ যেন হেন করে কাজ
সে ঘরে বিবাহ দিল তোরে ॥'

৯ কিত্তিদা—সা ১, ২।
১০ কহিব—র। ১১ এমতি—র, ন, বি ১, ২, সা ১, ২, ৩।
১২ কুমতি—র, ন, বি ১, ২, সা ৩। ১৩ পড়য়ে—ন।
১৪ করে—বি ১, ২. কারো—ন। ১৫ ক্ষমা—ন।

বিবিধ মোদক আনি[১] রাইয়ের[২] আঁচলে[৩] রাণী[৪]
দিলা[৫] কত যতন করিয়া।
ফুকার[৬] করিয়া[৭] কান্দে হিয়া থির নাহি বান্ধে
ধারা বহে মুখ[৮] বুক[৯] বাইয়া[১০]॥
রাণীর করুণা শুনি পাষাণ গলয়ে জানি
সখীগণ[১১] কান্দিয়া[১২] বেথিত[১৩]।
শেখর সময় জানি থির[১৪] কৈল[১৫] নন্দরাণী
কহে রাই চলহ তুরিত[১৬]॥

---

১ রাণী—স, ক, চ, বি ২।
২ রাইর—র, ন, বি ১. ২, সা ৩।
৩ আঁচরে—র।
৪ আনি—ক, চ, স, বি ২।
৫ দিল—র, ন. বি ১, সা ১. ২, ৩।
৬-৭ ভ্রূকুটি ফুলিয়া—র, হিকুটি ফুলিয়া—ন, রাণী ফুকারিয়া—বি ১।
৮-৯ বুকমুখ—র, বি ১, সা ৩।
১০ বাহিয়া—ক।
১১ সখীসব—র, ন, বি ১।
১২ হিয়ায়—র, বি ২, সা ৩. হিয়ায়ে—ন।
১৩ বেথিতে—র।
১৪-১৫ সম্বরিয়া—র, ন, সম্বোধিয়া—বি ১, সা ৩।
১৬ তুরিতে—র, ত্বরিত—সা ৩।

[১১৭]

তথারাগ

কুন্দলতা সনে কথা কহে নন্দরাণী।
রাইরে[1] লইয়া বাছা চলহ আপনি[2] ॥
যতন করিয়া বধূ সোঁপিবে[3] তাহারে।
কহিবে[4] সকল কথা বিনয়-বেভারে ॥
জটিলা তোমারে সদা[5] করে পরতিত।
বুঝিয়া কহিবে[6] সব[7] যে হয় উচিত ॥
রাধিকা আমার[8] যেন[9] নিতি আইসে যায়।
ললিতা বিশাখা লৈয়া[10] থাকিবা[11] সদায়[12] ॥
বিদায় করিতে নারে কান্দয়ে করুণে।
মুখানি ধরিয়া চুম্ব দেয় ঘনে ঘনে ॥
স্তন খীর ধারে অঙ্গ করয়ে সিঞ্চন।
ক্রমে ক্রমে লালন কবিলা সখীগণ ॥

---

[১১৭] পদ পদ ২৫৮১, পৃ ৭০, ৪র্থ খণ্ড; ন পদ ৩৭, পৃ ৪২; বি ৩ পদ ২২০৬, পৃ ২২২; র পদ ৩৬, পৃ ৪৯; স পদ ১০২, পৃ ৫৪১; বি ১, পৃ ১০; বি ২, পৃ ৯; সা ১, পৃ ১৩; সা ২, পৃ ১৩; সা ৩, পৃ ১৬।

১ রাইয়েরে—পদ, রাধারে—ন। ২ আপুনি—বি ১, অমনি—বি ২।
৩ সপিবে—সা ১, ২। ৪ কহিবা—সা ১, ২।
৫ বড়—পদ, সা ১, ২, ৩। ৬ করিবে—র, ন, বি ১, সা ৩।
৭ বাছা—র, পদ, সদা—ন। ৮ যেমত—র, যেমতে—ন, সা ৩, বি, ১। যেমন—বি ২।
৯ র, ন, সা ৩, বি ১, ২ পুথিতে নাই।
১০ বাছা—পদ। ১১ করিবা—র, ন, বি ২, করিবে—বি ১।
১২ উপায়—র, ন, বি. ১, ২।

* ৮—১৬ পংক্তি রা-শে-প, বি ১, ২, র, ন, সা ৩ পুথিতে নাই; ইহার পরিবর্ত্তে ভণিতা স্বরূপ নিম্নোদ্ধৃত দুই পংক্তি রহিয়াছে :—

"রাণীর দেখিয়া রীত চতুর শেখর।
সঙ্কেত করিয়া রাই চলিলা সত্বর ॥"

রাণীর চরণ-ধূলি সভে লইল শিরে।
নন্দের মহল হৈতে হইল[1] বাহিরে॥
শেখর কহয়ে হিয়া সম্বরিতে নারে।
পাছু পাছু গমন করিলা[2] কত দূরে॥

---

[১১৮]

ধানশী

কলাবতি-কৌশল কহনে[3] না যায়।
প্রণতি[4] করল[5] পুন[6] যশোমতি-পায়॥
অনুমতি মাগই[7] অনুনয় করই[8]।
ব্রজপতি-দম্পতি অনিমিখে[9] রহই[10]॥
গদগদ শবদে[11] না ফুরয়ে[12] বাণি।
গরগর অন্তর পুন[13] ধরু[14] পাণি[15]॥

---

১ হইলা – সা ১.৩ , ২ করল – সা ১, ২।

[১১৮] পদ পদ ২৫৮২, পৃ ৭৪, ৪র্থ খণ্ড ; ন পদ ৩৮, পৃ ৪২ ; র পদ ৩৭, পৃ ৫০ ; স পদ ১০৩, পৃ ৫৪২ ; বি ৩, পদ ২২০৭, পৃ ২২৩ ; বি ১, পৃ ১০ ; বি ২, পৃ ৯ ; সা ১, পৃ ১৩।

* কয়েকখানি পুঁথিতে প্রথমেই অতিরিক্ত নিম্নোক্ত কলিটি দৃষ্ট হয় :—

"কানন গমন করল যব কান।
ধনি সঞে সঙ্কেত মুরলি-নিসান॥"—

রা-শে-প, র, ন, সা ৩, বি ১, ২ : সা ১, ২ পুঁথিতে "সঞে" স্থলে "শুনি" পাঠ আছে।

৩ কহন—র, ন। ৪-৬ 'প্রণমতি রসবতী'—র, ন, বি ১, ২, সা ৩।

৭ মাঙ্গই—র, মাগয়ে—বি ১, ২। ৮ হোই – বি ১।

৯ অনিমিখ—র, ন। ১০ হেরই—র, ন।

১১ শবদ—পদ, শবদে রাণী – ন, শরস্তেল—বি ১। ১২ ফুরই—সা ১, ২।

১৩-১৫ 'ধরু ধনি পাণি'—র, ন, বি ১, ২, সা ৩।

তুহুঁ অতি[১] গুণমণি করহ[২] পয়াণ।
আন্ধল[৩] ভৈ গেল হামারি[৪] নয়ান॥
আকুলি[৫] অনুসরি আওলি দূর।
কাতরে[৬] কমলিনি কহই মধুর॥
মিনতি[৭] করিয়া[৮] ধনি রাণি বাহুড়াই।
কহ[৯] কবিশেখর বড়[১০] চতুরাই॥

---

[১১৯]

শ্রীরাগ

সখী সাথে চলে[১১] পথে রাই[১২] বিনোদিনী।
বিষাদে বিকল[১৩] হিয়া[১৪] কহয়ে কাহিনী॥
এ নারী-জনমে হাম কৈলুঁ[১৫] কত পাপ।
সেই ফলে[১৬] সদাই পাইয়ে মন-তাপ[১৭]॥

---

১ ধনী—র, ন। ২ করলি—ন, কএলি—র।
৩ আঁধলি—র। ৪ আমার—বি ১।
৫ আকুলে—পদ, ন। ৬ কাতর—র।
৭ কাকুতি—র, ন, বি ১, ২ সা ৩। ৮ করি—র, ন, বি ১, ২।
৯ কহে—সা, ৩। ১০ ধনী—র, ন, বি ১, ২, সা ৩।

[১১৯] পদ পদ ২৫৮৩, পৃ ৪, ৪র্থ খণ্ড ; ন পদ ৩৯, পৃ ৪৩ ; বি ৩, পদ ২২০৮, পৃ ২২৩ ; ঐ পদ ১৩৮৯, পৃ ১৩১ ; র পদ ৩৮, পৃ ৫০ ; স পদ ১০৪, পৃ ৫৪২ ; বি ১, পৃ ১০ ; বি ২, পৃ ৯ ; সা ১, পৃ ১৪ ; সা ৩, পৃ ২।

১১ যায়—র, ন, বি ১, ২। ১২ রাধা—বি ১।
১৩ ব্যাকুল—স, ক। ১৪ হৈয়া—পদ।
১৫ কৈল—স, ন, বি ১, সা ১, ২।
১৬ সেই—পদ।
১৭ মনস্তাপ—ন, স, অনুতাপ—বি ১।

ননদিনী কুবাদিনী প্রতি বোলে[১] ভাজে।
শাশুড়ী সঘনে মোরে[২] আঁখি ঠারে তাজে ॥
স্বামী সোহাগে কভু না ডাকিল মোরে।
নিশ্বাস ছাড়িতে নারি দেওরের[৩] ডরে ॥
পোড়া[৪] সে[৫] পাড়ার[৬] লোক[৭] দেখিয়া ডরাই।
আপনা[৮] বলিয়া[৯] বলে[১০] হেন[১১] কেহু[১২] নাই ॥
পরাধিনী[১৩] হৈয়া প্রেম কৈলুঁ[১৪] পর[১৫] সনে[১৬]।
জানিয়া শুনিয়া ঝাঁপ দিয়াছি আগুনে ॥
এ কবি[১৭] শেখর কয়[১৮] না করিহ ডর।
গোপনে[১৯] ভুঞ্জিবে[২০] সুখ না[২১] জানিবে[২২] পর ॥

---

১ বলে—স।
২ ভেটি—বি ১, চেটী—বি ২, ঠেটি—সা ৩।
৩ দেবরের—পদ, সা ১, ২, ৩।
৪-৭ 'পাড়ার সে পোড়া লোক'—র, ন, বি ১, ২।
৮ আপন—র। ৯ বলি—বি ১।
১০ কেহো—বি ১। ১১ কহে—বি ১, ২।
১২ হেন—বি ১, ২, কেউ—সা ১, ২। ১৩ পরাধীন—পদ, বি ১, ২।
১৪ করিলুঁ—র, করহু—বি ১, ২।
১৫-১৬ সুজনে—র, ন, বি ১, সা ৩, সুজানে—বি ২।
১৭-১৮ 'কহে শেখর রাই'—বি ১, 'কহএ শেখর রাই'—র, ন, 'কহে কবিশেখর রাই'—বি ২।
১৯ গোপতে—র, ন, বি ১, ২, সা ৩। ২০ ভুজবি—বি ১।
২১ কি—বি ১, ২, কে—সা ৩। ২২ ভাবিহ—স, ক, চ।

[১২০]

ধানশী

গ্রামহি[১] জাবট[২] যৈছন পাবক[৩]
তৈছন সব[৪]-জন-রীত।
পর-চরচা বিনে আনহি[৫] নাহি জানে
না বুঝিয়ে[৬] কৈছন চীত[৭] ॥
সখিরে[৮] ইহকুলে[৯] ইহ[১০] বেবহার[১১]।
কুটিল কুমতি জন পিশুন পরায়ণ
নিন্দুক[১২] গলে[১৩] ধরু[১৪] হার[১৫] ॥ ধ্রু ॥
নিজ নিজ যশগুণ ঘোষয়ে[১৬] পুনপুন
কেহ কাহু হিত নাহি[১৭] মানে।
হামারি[১৮] করমফলে[১৯] বিহি[২০] বান্ধি হাতে[২১] গলে
সোঁপল[২২] তাকর থানে[২৩] ॥

---

[১২০] পদ পদ ২৫৮৪, পৃ ৭৪, ৪র্থ খণ্ড ; ন পদ ৪০, পৃ ৪৪ ; বি ৩, পদ ২২০৯, পৃ ২২৩ ; র পদ ৩৯, পৃ ৫১ ; স পদ ১০৫, পৃ ৫৪২ ; বি ১, পৃ ১০ ; বি ২, পৃ ৯ ; সা ১, পৃ ১৪ ; সা ৩, পৃ ১৭।

১ গামহি—র, গামহী—সা ১, ২।
২ যাবট—সা ১, ২, জাবক—বি ২, জারক—সা ৩।
৩ পারক—সা ৩। ৪ সবকা—র, বি ২, সবকি—বি ১।
৫ আনহু—র, ন, বি ২, আরকিছু—বি ১। ৬ বুঝি—ন।
৭ রীত—স, ক, চ, চরিত—র, ন। ৮ সখি হে—পদ, সখি—ন।
৯ এইকুলে—বি ১, সা ৩। ১০ এই—বি ১।
১১ ব্যবহার—সা ১, ২, ব্যবহারা—র, বি, সা ৩।
১২ গলে—ন, সব—র, বি ১, ২, সা ৩। ১৩ ধরু—ন, গণে—বি ১।
১৪ নিন্দুক—ন, কি, নিন্দকি—র, বি ২, সা ৩, নিন্দল—চ।
১৫ হারা—র, বি ১, সা ৩। ১৬ ঘোষই—র।
১৭ না—পদ, সা ১, ২, ৩। ১৮ আমার—বি ১, ২।
১৯ করফলে—বি ১। ২০ হিয়া—বি ১। ২১ হাতে—সা ১, ২।
২২ সোঁপলি—র, ন, বি ১, ২, সা ৩। ২৩ স্থানে—বি ১।

* জনমে জনমে কত পাপ কৈলুঁ শত শত
সে সব ভেল আগুসার[১]।
জনমিয়া ইহ পুরি মানুষ আকার[২] ধরি
জীবন বধই[৩] হামার[৪] ॥
নারি-জনম করি কিয়ে বিহি[৫] সিরজিল
তাহে-পুন[৬] কুলবতি বাদ।
তাহে[৭] রূপ যৌবন এক না-হয়ে[৮] উন
আর তাহে[৯] প্রেমক সাধ ॥
পায়ে পায়ে সঙ্কট[১০] যৈছন[১১] কন্টক[১২]
কৈছে নিভয়ে[১৩] নাহি জান।
ঐছন[১৪] কো[১৫] হয়ে[১৬] আপন[১৭] জানিয়া[১৮] মোহে
দুইদিগে[১৯] রাখয়ে[২০] সমান ॥

---

* ১২ হইতে ১৫ পংক্তি সা ১, ২, পুথিতে নাই।

১ আগুসারি—র, ন, বি ১, ২। ২ জনম—বি ১।
৩ ধরই—ক, ঘ, চ, স। ৪ হামারি—বি ১, ২, র, ন।
৫ বিধি—র, ন।
৬ তছুপর—র, ন ,বি ২. সা ৩, তছু আর—বি ১।
৭ তেঁ—র। ৮ নহে—ক. স, সা ১, ২।
৯ নহে—ক. স। ১০ কণ্টক—র, ন, বি ১, ২, সা ৩।
১১-১২ সো নেহ সঙ্কট —র, শেলহ সঙ্কট—ন, শেলছ সঙ্কট—বি ১, ২।
১৩ নিভায়—র। ১৪ ঐছে—বি ১, সা ৩।
১৫ কহি—বি ১, ২, সা ৩।
১৬ রহে—বি ১, ২, সা ৩, র, হাম—সা ১, ২, নাম—ঘ।
১৭ নাহি—সা ১, ২, ঘ।
১৮ জানিয়ে—সা ১, ২, ঘ, জানি—বি ১, সা৩।
১৯ দুঅ দিশ—র, দুইদীন—বি ১, দুইদিকে—সা ১, ২।
২০ রাখুক—র, ন, দুঃখ —বি ১।

পহিলে জানিতু[1] যব[2] ইহ[3] দুখ পাওব
তব কাহে করব সুলেহ[4]।
রায়শেখর বাণী ভবনে চলহ ধনি
কাহে এত করহ[5] সন্দেহ॥

---

[১২১]

রাগ কদম্ব *

ধনী কুন্দলতা বিশাখা ললিতা
রাইরে[6] আনিয়া[7] ঘরে।
রাধিকা রতন করিয়া যতন
সোঁপিল[8] জটিলা[9] করে॥
বিবিধ ভূষণ বিচিত্র বসন—
দেখিয়া বধুর অঙ্গে।
সাদরে[10] আদর[11] করিয়া সভার[12]
বসাল[13] আপন[14] সঙ্গে॥

---

১ জানহ—বি ১, জানহু—বি ২। ২ সব—স, ক।
৩ এহ—র, এত—ন, ভবন—স।
৪ সুনেহ—সা ১, ২, সিনেহ—র, বি ২, সে নেহ—ন।
৫ করসি—র, বি ১, ২।
[১২১] পদ পদ ২৫৮৫, পৃ ৭৫, ৪র্থ খণ্ড; ন পদ ৪১, পৃ ৪৫; বি ৩, পদ ২২১০, পৃ ২২৩; র পদ ৪০, পৃ ৫৩; স পদ ১১০, পৃ ৫৪৪; বি ১, পৃ ১০; বি ২, পৃ ৯; সা ১, পৃ ১৪; সা ৩, পৃ ১৭।
* 'তথা রাগ'—ক। ৬ রাইয়েরে—পদ, ক।
৭ আনিল—পদ, ক। ৮ সোঁপলি—স, সোপিল—সা ১, ২।
৯ বুড়ীর—র, ন, বি ১, ২, সা ৩। ১০ আদরে—র।
১১ সাদর—র। ১২ সবায়—স, সভারে—সা ১, ২।
১৩ বসায়লি—পদ, স, বসায়ল—সা ১, ২, বসান—র, বসাইআ—বি ১, বসায়ে—ন।
১৪ নিজ—পদ, সা ১, ২, ৩।

শুন কুন্দলতা কহি সব কথা
যশোদা আমার ঝি।
এঘর সেঘর সকলি[১] তাহার
নিশ্চয় করিয়াছি॥
না দেখি নয়নে না শুনি শ্রবণে
বসিলে[২] উঠিতে নারি।
শরীর অচল সদাই বিকল
না জানি কখন মরি॥
দেবতা আশিসে থাকুক হরিষে
কোলের কোঙর লৈয়া।
গোধন পালন করুন সঘন
জনম আয়তি[৩] হৈয়া॥
শুনিয়া উত্তর শেখর[৪] চতুর[৫]
বিনয়ে[৬] কহয়ে বাণী।
তোমার বচন[৭] চরিত[৮] চলন
সদাই জপেন[৯] রাণী॥

---

১ সকল—র, ন।
২ বসিতে—বি ১।
৩ আইয়তি—পদ, আহিতি—র।
৪ চতুর—র, ন, বি ১, সা ৩।
৫ শেখর—র, ন, বি ১, সা ৩।
৬ বিনিঞা—র, বিনাঞা—বি ১।
৭ চরণ—বি ১।
৮ চরিত্র—বি ১।
৯ জপয়ে—পদ।

[১২২]

ভূপালী

চতুর[১] রঙ্গিনী[২] রাই[৩] সখীগণ সঙ্গ[৪] ।
যুকতি[৫] করিয়া করে[৬] বুড়ীর[৭] সনে রঙ্গ[৮] ॥
অবনত বয়ানে[৯] বসিলা[১০] তার কাছে ।
বধূরে বিরস দেখি বুড়ী ঘন পুছে ॥
আজি কেনে তোমারে এমন[১১] পারা দেখি ।
বদন অরুণ আর ছলছল আঁখি ॥
কেবা কি বলিল তোরে কেনে বা এমন ।
আমার শপতি[১২] লাগে কহিবে[১৩] এখন ॥
শাশুড়ী সরস[১৪] দেখি[১৫] কহে বিনোদিনী ।
আপন করম-ভোগ[১৬] ভুঞ্জিছি[১৭] আপনি ॥
কে মোর আপন বটে কাহারে কহিব ।
যে যত[১৮] কহিবে[১৯] তাহা সকলি সহিব ॥

---

[১২২] পদ পদ ২৫৮৬, পৃ ৭৫, ৪র্থ খণ্ড ; ন পদ ৪২, পৃ ৪৬ ; বি ৩, পদ ২২১১, পৃ ২২৩ ; র পদ ৪১, পৃ ৫৫ ; স পদ ১১১, পৃ ৫৪৫ ; বি ১, পৃ ১১ ; সা ১, পৃ ১৪ ; সা ৩, পৃ ১৮ ।

১ চাতুরী—ঘ । ২ সঙ্গিনী—বি ১ ।
৩ রাধা—র ন, বি ১, সা ৩ । ৪ সঙ্গে—র, ন, বি ১, সা ১, ২ ।
৫ যুগতি—পদ, র, সা ১, ২, যুবতি – বি ১ ।
৬ কোরে—বি ১ । ৭ সখি—বি ১ ।
৮ রঙ্গে—র, ন, বি ১, সা ১, ২ ।
৯ হইয়া—স, ক, বদনে—পদ, বঅনে—র ।
১০ বসলি—র । ১১ বিমনা—বি ১ ।
১২ সবদি—বি । ১৩ কহিবা—ন ।
১৪ বচন—পদ, স্ববশ—র । ১৫ শুনি—পদ ।
১৬ ফল—র, ন, বি ১ । ১৭ ভুঞ্জিয়ে—পদ, সা ১, ২ ।
১৮ যে যাহা—সা ১, ২ । ১৯ কহয়ে—পদ, কহে—ন ।

সহজে চক্ষের বালি হইয়াছি[১] সভার।
এমন[২] পাড়ার লোক করয়ে খাঁকার॥
আপন মাথার কেশ না পারি[৩] বান্ধিতে।
* তাহে পর ঘর যাই রন্ধন করিতে॥
বড়ুর[৪] বহু আড়ি[৫] আমি বড়ুর[৬] ঝিয়ারি।
কুলবধূ তাহে[৭] কথা[৮] সহিতে[৯] না পারি॥
শেখর সরস করি রাইরে[১০] বুঝায়।
এবোল বলিতে ধনি তোরে না জুয়ায়॥

---

[১২৩]

সুহিনী

জটিলা তুলিলা[১১] রাইয়ের[১২] বোলে।
প্রবোধে[১৩] বধূরে করিয়া[১৪] কোলে॥

---

১ হৈয়াছি—পদ। ২ এখনি—র, এমনি—ন।
৩ জানি—র, ন, সা ৩।
* এই স্থলে "তাহাতে পরের ঘরে যাইব রান্ধিতে।"—র, ন, সা ৩, বি ১।
৪ বড়ারি—পদ, র, ন, সা ৩, স, বড়র—বি ১, বড়ার—সা ১, ২, চ।
৫ বহুড়ি—বি ১, বহুরী—ক, বহুয়ারি—সা ১, ২।
৬ বড়ারি—পদ, র, ন, সা ৩, স, বড়র—বি ১, বড়ার—সা ১, চ।
৭ হৈয়া—র, ন, বি ১। ৮ ইহা—র, ন, আমি—বি ১।
৯ করিতে—ন, যাইতে—বি ১। ১০ রাইয়েরে—পদ, রাইকে—সা ১, ২।

[১২৩] পদ পদ ২৫৮৭, পৃ ৭৬, ৪র্থ খণ্ড ; ন পদ ৪৩, পৃ ৪৭ ; বি ৩, পদ ২২১২, পৃ ২২৩ ; র পদ ৪২, পৃ ৫৬ ; স পদ ১১২, পৃ ৫৪৫ ; বি ১, পৃ ১: ; সা ১, পৃ ১৫ ; সা ৩, পৃ ১৮।

১১ তুনিল—বি ১। ১২ রাইর—ন, বি ১, সা ১, ২, ৩।
১৩ বোধএ—র, বোধয়ে—ন, বি ১, সা ৩।
১৪ লইয়া—স, ক, সা ৩।

কি বোল বলিলা[1] রাজার ঝি।
যশোদা শুনিলে বলিবে কি ॥
কত না আদর করয়ে মোরে।
বিবিধ ভূষণে ভূষিল[2] তোরে ॥
তোমারে[3] বাছনি বলিব কি।
জানিবে[4] যশোদা আমার ঝি ॥
কি ধন নাহিক তাহার ঘরে।
কতেক রান্ধনী রাখিতে পারে ॥
তাহার আমার একই ঘর।
তারা[5] কি[6] জানয়ে আপন[7] পর ॥
গণকে[8] গণিয়া কহিল তারে।
* তোর হাতে খাইলে প্রমায়ু[9] বাড়ে ॥
বর দিল তাহে দুর্বাসা মুনি।
তোমার রন্ধন অমৃত জিনি ॥
যে খায় সে হয় অজরামরে।
এই লাগি তোরে যতন করে ॥

---

১ বলিলি—র, সা ৩. বলিলে—ন, বি ১।
২ ভরল—র। ৩ আমার—বি ১।
৪ জানিবা—পদ, সা ১, ২, ৩, জানিয়ে—বি ১।
৫ তারে—ন। ৬ না—বি ১।
৭ আমার—ন বি ১। ৮ গণক—র, ন, বি ১।
৯ প্রমাউ—সা ১, ২।

* এইস্থলে 'রাধিকা রান্ধিবে তোমার ঘরে ॥'—র, ন, বি ১, সা ৩।
"বর দিল··· ··· ··· ···যতন করে ॥"—প্রভৃতি পংক্তির পরিবর্তে
"তোমার তনয় ভুঞ্জিবে তায়।
আয়ু-যশো-বল হইবে গায় ॥"—
প্রভৃতি পাঠ র, ন, বি ১, সা ৩ পুথিতে রহিয়াছে।

যদি[১] বিধি[২] তোহে[৩] এমতি[৪] কৈল[৫] ।
* মোর ভাগ্য বলে এসব ভৈল[৬] ॥
আপনার[৭] ঘরে[৮] করিবে[৯] কাজ ।
ইহাতে[১০] তোমার[১১] কিসের লাজ ॥
যেজন[১২] ইহাতে[১৩] কহিবে কথা ।
মাথার উপরে[১৪] হইয়াছে[১৫] মাথা[১৬] ॥
ও মোর[১৭] বাছনি[১৮] তোলহ মুখ ।
আয়ান[১৯] শুনিলে পাইবে দুখ ॥
আসিবে[২০] যাইবে[২১] যশোদা[২২] কাছে ।
শেখর সঙ্গতি কি ভয়[২৩] আছে ॥

---

১ তাহে—র, বি ১, ন । ২ বিহি—পদ ন ।
৩ যদি—র, বি ১ । ৪ এমন—র. সা ১. ২ ।
৫ ভৈল—র. কৈলে—সা ১, ২ ।
* এইস্থলে 'পদ' পুথির পাঠ :—'এসব আমার ভাগ্যের ফল ।'
৬ কৈল—র. বি ১, ফলে—সা ১, ২ । ৭ আপন—র, ন ।
৮ ঘরের—র, ন । ৯ করিতে—র ন, করিবা—সা ১, ২ ।
১০ তাহাতে—ক, চ, র, সা ১, ২ । ১১ আমার—ন ।
১২ ইহাতে—র, ন । ১৩ কুজন—র, কেজন—ন ।
১৪ উপর—র. ন ।
১৫ কাহার—র, আছয়ে—বি ১, হৈয়াছে—পদ ।
১৬ বেথা—ঘ । ১৭ আমার—র, সা ৩ ।
১৮ জননি—পদ, সা ১, ২, ৩ । ১৯ রায়ান—পদ ।
২০ বসিবা—পদ, আসিবা— সা ১, ২ ।
২১ যাইয়া—পদ, জাইবা—সা ১, ২ ।
২২ রাণীর—র, ন, বি ১ । ২৩ ডর—র, ন, বি ১, সা ৩ ।

[১২৪]

তথা রাগ

বুঝাঞা[1] বধূরে কহয়ে সত্বরে[2]
দেব[3] পূজিবার তরে।
ক্ষণেক[4] শয়ন কর সবজন
অলস[5] করহ দূরে॥

পূজন[6] সাজন কর[7] সবজন[8]
যাহাতে[9] দেবতা[10] পূজি।
কর্পূর চন্দন বিবিধ পক্কান্ন
পাঁচফুলে ভর[11] সাজি॥

দেবতা ভবনে থাকিবে যতনে
লইয়া আপন সখী।
পূজন লাগিয়া যতন করিয়া
বটুরে আনিবে[12] ডাকি॥

---

[১২৪] পদ পদ ২৫৮৮, পৃ ৩৬, ৪র্থ খণ্ড ; ন পদ ৪৪, পৃ ৪৮ ; বি ৩, পদ ২২১৩, পৃ ২২৩, ; স পদ ৪৩, পৃ ৫৭ ; সা পদ ১১৩, পৃ ৫৪৬ ; বি ১, পৃ ১১ ; সা ১, পৃ ১৫ ; সা ৩, পৃ ১৯ ; র পদ ৪৩, পৃ ৫৪।

১ বোধিয়া—সা ৩, বুঝাইয়া—সা ১, ২।
২ সত্তরে—পদ, র, ন।
৩ দেবতা—র।
৪ ক্ষেণেক—পদ, র, ন।
৫ আলস—সা ১, ২।
৬ পূজার—সা ১।
৭-৮ কর জনে জন—ন, করে মনে জন—র।
৯ তাহাতে—ক, চ, ন, সা ১, ২।
১০ সুরজ—পদ।
১১ ভরে—র।
১২ আনিবা—ন।

জটিলা বচনে সব সখীগণে
শয়ন করিলা[১] আসি।
* রাইয়েরে[২] বাখানে সব সখীগণে
শেখর[৩] বাখানে হাসি॥

---

[১২৫]

তথা রাগ

রাধিকা রূপসী লইয়া তুলসী
কহয়ে[৪] মধুর[৫] কথা।
কাননে[৬] গমন করহ[৭] এখন
নাগর শেখর[৮] যথা॥
সময় বুঝিয়া সরস হইয়া[৯]
মিলিবে নাগর কান।
চতুর নিকটে কহিবে[১০] কপটে
রাখিবে[১১] আপন মান॥

১ করিল—র, ন, করল—বি ১, সা ৩।
* "শেখর সেবেলি বোলে ভালি ভালি"—র, ন, বি ১।
২ রাইরে—সা ১। ৩ রাইরে—ন বি ১, রাইএরে—র।

[১২৫] পদ পদ ২০৮৯, পৃ ৭৬, ৪র্থ খণ্ড; ঐ পদ ২৭৭৭, পৃ ১৪৭, ৪র্থ খণ্ড; ন পদ ৪৫, পৃ ৪৯; বি ৩, পদ ২২১৪, পৃ ২২৩; র পদ ৪৪, পৃ ৫৮; বি ১ পৃ ১১; সা ১, পৃ ১৫; সা ৩, পৃ ১৯।

৪ কহহে—পদ, কইএ—র। ৫ মরম—র, বি ১।
৬ কানন—র, ন, বি ১, সা ১, ২। ৭ করবি—র।
৮ আছয়ে—বি ১। ৯ করিয়া—বি ১।
১০ কহিবা—পদ। ১১ রাখিবা—পদ, রাখিয়া—বি ১।

উলসি[১] তুলসী[২] মনেতে[৩] হরষি
চলিলা[৪] রাইয়ের[৫] বোলে।
তাম্বুল[৬] কর্পূর[৭] লৈয়া[৮] ফুলহার[৯]
মিলিলা[১০] সরসী-কূলে ॥
দেখিয়া তুলসী নাগর উলসি[১১]
যতনে বসাই[১২] কাছে।
আপন[১৩] আকুলি[১৪] কহিয়া[১৫] সকলি[১৬]
রাইয়ের[১৭] গমন[১৮] পুছে ॥
এ ধনি চতুরি না কর চাতুরী
আমার শপতি[১৯] তোরে।
রাধার কুশল[২০] কহিয়া[২১] সকল
শীতল করহ মোরে ॥
সে যে বিনোদিনী দিবস রজনী
অন্তরে খেলয়ে মোর।
শুতিলে[২২] স্বপনে দেখিয়ে সেজনে
শপতি করিয়ে[২৩] তোর ॥

---

১ উলসি—র, ন, বি ১। ২ তুলসী—র, ন, বি ১।
৩ মনেত—পদ। ৪ চললি—র, ন, বি ১, সা ৩।
৫ রাইর—বি ১। ৬ করিয়া—র, ন, বি ১।
৭ যতন—র, ন, বি ১। ৮ পুরুষ—র, ন, বি ১।
৯ রতন—র, ন, বি ১। ১০ মিললি—র, ন, বি ১।
১১ হরষি—বি ১। ১২ বসায়—বি ১, বসই—ক। ১৩ আনন্দ—ন।
১৪ আকুল—বি ১, পাইয়া—ন, কুশল—র, আদেশ—সা ১, ২।
১৫ সরস—ন, কহিয়া—র, কহয়ে—বি ১।
১৬ সকল—বি ১, হইয়া—ন, সকল—র, বিশেষ—সা ১, ২।
১৭ রাইর—বি ১, সম্বাদ—ন। ১৮ সকল—ন। ১৯ সবদি—বি ১।
২০ আকুল—বি ১। ২১ কহিবে—বি ১।
২২ সুতলি—র, শুতিয়ে—ন। ২৩ করিয়া—বি ১।

* তুলসী চতুরা[১] কহয়ে[২] মধুরা[৩]
কাতর দেখিয়া কান।
তুষিয়া[৪] তাহারে চলিলা সত্বরে
রাখিয়া আপন মান॥
† বিরা বৃন্দা আসি রাই[৫] রসে[৬] রসি[৭]
সাজায়ল নিজমনে।
করি সমাপন আসিতে[৮] ভবন[৯]
তুলসী মিলিলা[১০] বনে॥
হাস পরিহাসে রাইক[১১] আবাসে[১২]
আইলা সকল[১৩] সখী।
শেখর সহিতে বারতা শুনিতে
সজল রাধার আঁখি॥

---

* ২৫ পংক্তি হইতে অবশিষ্টাংশ শ্রীশ্রীপদ-কল্পতরুতে স্বতন্ত্র পদরূপে দেওয়া হইয়াছে। আমরা অধিকাংশ পুথির মতই গ্রহণ করিলাম।

১ চতুর—স। ২ হইয়া—বি ১, সা ৩।

৩ মধুর—স। ৪ তুলসী—বি ১, সা ১, ২, ৩।

† ২৯।৩০ পংক্তি বি ১, ও সা ৩ পুথিতে নাই।

৫-৬-৭ রাইক সরসী—পদ। ৮ আসিয়া—সা ১, ২।

৯ ভরল—সা ১, ২, ভুবন—বি ১, সা ৩।

১০ মিললি—বি ১, সা ৩।

১১ রাইর—বি ১, সা ৩, রাইয়ের—সা ১, ২।

১২ আওয়াসে—পদ, আওাস—সা ১, ২।

১৩ কানন—পদ, বি ১, সা ৩।

[১২৬]

ধানশী

তুলসী বচনে সব সখীগণে
দেব[1] পূজিবার তরে।
বিধি অগোচর নানা উপহার
পূজন ভাজন[2] ভরে ॥
চিনি ফেণী কলা মাখন[3] রসালা
রেউরী[4] কদম্বা[5] তিলা।
পুরি পুয়া[6] খাজা[7] পেড়া[8] সরভাজা
রাধিকা করিয়াছিলা ॥
অমৃত কেলিকা আদি সে লড্ডুকা
সঘৃত[9] মুগধ[10] ঝুরি।
দেবতা পূজনে করিয়া[11] যতনে
শাকরা মাটেরি[12] খিরি[13] ॥

---

[১২৬] পদ পদ ২৫৯৫, পৃ ৭৮, ৪র্থ খণ্ড ; ন পদ ৪৬, পৃ ৫০ ; বি ৩, পদ ২২১৫, পৃ ২২৪ ; র পদ ৪৫, পৃ ৬০ ; স পদ ১০৬, পৃ ৫৪৩ ; বি ১, পৃ ১২ ; সা ১, পৃ ১৫ ; সা ৩, পৃ ২০।

১ দেবী—পদ। ২ ভাজনে—র।
৩ মথনি—র, ন, মথিনি—বি ১।
৪ বিরতি—র, বিরলি—সা ৩, বিরড়ি—বি ১, পিয়ড়ি—ন।
৫ কদম্ব—ক, কদমা—সা ৩। ৬ পূজা—বি ১।
৭ গুঁজা—র, ন, বি ১। ৮ রস—বি ১।
৯ এসুত—র, এসুপ—ন, এসভ—বি ১।
১০ মুদগ—পদ। ১১ করিলা—বি ১।
১২ মিটিরি—সা ১, ২, মিঠিরি—স, ন, ক, চ, মাঠারি—র, মিঠারি—বি ১।
১৩ খেরি—ক, ব।

অগোর চন্দন ভরিলা[১] ভাজন
সুগন্ধি ফুলের[২] মালা।
অতুল অমূল কর্পূর তাম্বুল
সাজল সকল ডালা॥

* সঙ্গিনী[৩] রঙ্গিনী[৪] রূপ তরঙ্গিনী
বসিয়া মন্দির মাঝে[৫]।
মদন-মোহন[৬] মোহিতে যতন[৭]
করিলা[৮] রাইক[৯] সাজে[১০]॥

সভারে সত্বর[১১] করিলা[১২] শেখর
দেখিয়া উছর বেলা।
জটিলা চরণ করিয়া বন্দন
চলিলা সকল বালা॥

---

১ ভরিয়া—র, ন, বি ১, ভরিল—সা ১, ২।
২ পুষ্পের—বি ১, মালতী—সা ৩।
* ১৭ পংক্তি হইতে ২৪ পংক্তি বি ১ পুথিতে নাই।
৩ রঙ্গিনী—র। ৪ সঙ্গিনী—র।
৫ মাঝ—র। ৬ মোহনে—র।
৭ যতনে—র। ৮ করেন—সা ৩, র।
৯ রাইএর—সা ৩, র। ১০ সাজ—সা ৩, র।
১১ সত্তর—পদ। ১২ করল—ন, করেন—র।

[১২৭]

সুরট সারঙ্গ

তপনক তাপে তপত ভেল মহীতল[১]
তাতল বালুকা[২] দহন সমান[৩]।
চড়ল[৪] মনোরথে[৫] ভামিনী[৬] চলু পথে
তাপ[৭] তপন[৮] নাহি জান[৯] ॥

* (হরি হরি) প্রেমক[১০] গতি দুরবার[১১]।
নবিন-যৌবনি ধনি চরণ কমল জিনি
তবহুঁ[১২] কয়ল[১৩] অভিসার[১৪] ॥ ধ্রু ॥

---

[১২৭] প-র-সা পদ ১৮১৩; পদ পদ ১৩১০, পৃ ৩৩১, ২য় খণ্ড; ন পদ ৪৭, পৃ ৫২; বিদ্যা পদ ৩১৬, পৃ ১৯৩; বি ৩, পদ ২২১৬, পৃ ২২৪; র পদ ৪৬, পৃ ৬২; স পদ ৩৯, পৃ ৫১৫; বি ১, পৃ ১২; সা ১, পৃ ১৬; সা ৩, পৃ ২০।

১ শুধু ক-পুথিতে 'মহীতল' অন্য পুথিতে 'মহিতল'।

২ বাহুক—পদ। ৩ সমানে—বি ১, সা ১, ২।

৪ চড়ই—বি ১, চলঁই—সা ১, ২, চঞ্চল—সা ৩।

৫ মনোরথ—বিদ্যা।

৬ 'ভাবিনি' পাঠ সকল পুথিতে, কিন্তু 'ভামিনী' বি ১ পুথির পাঠ।

৭ তপন—স।

৮ তাপ—স, তনিক—র, বি ১।

৯ মানে—বি ১, সা ১, ২।

* 'হরি হরি' এই পাঠ বি ১, সা ১, ২, ৩ পুথিতে আছে।

১০ প্রেমকি—বি ১, সা ১, ২, ৩।

১১ অনিবার—ক, বি ১, দুরবারা—সা ১, ২।

১২ তবহি—পদ, তইও—বিদ্যা।

১৩ চললি—র, ন, বি ১, সা ১, ২, ৩।

১৪ অভিসারা—সা ১, ২।

কুল-গুণ-গৌরব সতি-যশ[১]-অপযশ[২]
তৃণ করি না মানয়ে[৩] রাধে।
মন মহা[৪] মদন মহোদধি উছলল[৫]
ছোড়ল[৬] কুল-মরিযাদে[৭]॥

কতহুঁ[৮] বিঘিনি জীতল[৯] অনুরাগিনি
সাধল[১০] মনমথ-তন্ত্র।
গুরুজন-নয়ন নিবারিতে[১১] সুবদনি[১২]
পাঠ করয়ে[১৩] মণিমন্ত্র[১৪]॥

কেলি-কলাবতি কুসুম-সরসি-কূলে
কৌশলে কয়ল[১৫] পয়ান।
যত[১৬] ছিল[১৭] মনরথ[১৮] পূরল[১৯] মনমথ[২০]
ইহ কবিশেখর গান[২১]॥

১-২ বিকশিত সৌরভ—সা ৩, বি ১, অতি যশ সৌরভ—সা ১, ২।
৩ মানল—র, মানলি—সা ১, ২।
৪ মাহা—সা ১, ২। ৫ উছরল—র।
৬ ডুবল—র, ন, বি ১, বুড়ল—বিদ্যা।
৭ মরিজাদে—র, ন, বি ১, সা ১, ২।
৮ কতশত—ন, বি ১, কত কত—সা ১, ২।
৯ জিতলি—র, জিতি—না ১, ২। ১০ বান্ধল—র, সাধলি—সা ১, ২।
১১ পাপগণ—র, ন, সা ১, ২, নিবারইত—বিদ্যা।
১২ বারিতে—র, ন, সা ১, ২, সুবদনি—বিদ্যা।
১৩ করই—র, বি ১, সা ১, ২, করয়—বিদ্যা।
১৪ মন মন্ত—বিদ্যা। ১৫ করল—র, ন, স, বি ১, বিদ্যা।
১৬ ছিল—বি ১। ১৭ যত—বি ১।
১৮ অনুরথ—চ। ১৯ সব ভেল—বি ১, সা ১, ২, ৩।
২০ মনোরথ—খ, চ, অমুরথ—খ, অনরথ—সা ৩, অনুমত—সা ১, ২।
২১ ভাণ—বিদ্যা।

[১২৮]

তথা রাগ

হেম-জ্যোতি[১] বেড়ি[২] তথি[৩] তমালের গায়।
তাহা[৪] দেখি তরল আঁখি বক্র[৫] করি[৬] চায়॥
চন্দ্রমুখী[৭] ডাকি সখী বলে[৮] দেখ[৯] কি।
কানু কোলে বসি[১০] খেলে[১১] কোন[১২] রাজার ঝি॥
মোরে দেখি পাটাবুকী না করিল[১৩] ডর।
* পর পুরুষে রস বরিষে ছাড়িতে নাহি[১৪] তর[১৫]॥
পরের বোলে যেজন ভোলে কি বলিব তারে।
চড়ি[১৬] গাছে ভ্রুকুটি নাচে জিউ হারাবার তরে॥
শেখর রুষি[১৭] কহে হাসি ধনী অগেয়ান।
তমাল কোলে লতা দোলে আনে[১৮] কহে[১৯] আন॥

---

[১২৮] পদ পদ ২৫৯৬, পৃ ৭৯, ৪র্থ খণ্ড; র পদ ৪৭, পৃ ৬১; ন পদ ৪৮, পৃ ৫৩; বি ৩, পদ ২২১৭, পৃ ২২৪; ঐ পদ ৯২৯, পৃ ৯০; স পদ ১০৭, পৃ ৫৪৩; বি ১, পৃ ১২; সা ১, পৃ ১৬; সা ৩, পৃ ২১।

১ জ্যোরি—স; মুখি—ন।
২ বেড়ি—বি ১, ক, চ, বেঢ়ি—সা ১, ২, ৩, দেখি—র, ন।
২-৩ 'বরুতি'—পদ, রা-শে-প। ৪ তা—র, সা ৩।
৫-৬ তেরছ তেরছ—বি ১, সা ৩।
৭ অরুণমুখী—সা ৩, র, ন, অরুণ আঁখি—বি ১।
৮ বোলে—র, ন, সা ১, ২। ৯ হের—র, ন।
১০ করি—পদ। ১১ দোলে—বি ১।
১২ কেমন—বি ১, সা ৩ ১৩ করকি—বি ১।
* "পরপুরুষের শরীরে সে ছাড়িতে নাহিক তর"—র।
১৪ নারে—পদ। ১৫ ভর—পদ।
১৬ চড়িয়া—র, ন। ১৭ আসি—সা ৩।
১৮ আন—পদ। ১৯ বোলে—ন, বি ১, সা ১, ২।

[১২৯]

ভাটিয়ারি

কাননে কাতর কুলবতী রাই[১]।
চকিত নয়নে[২] ঘন দশদিশ[৩] চাই[৪] ॥
কোকিল কলরবে বিকল পরাণ।
গুণি[৫] গুণি[৬] ভামিনি[৭] ভেলি[৮] নিদান ॥
উশসি[৯] উশসি[১০] খসি[১১] খসি[১২] পড়ু[১৩] লোর[১৪]।
গদ্ গদ কণ্ঠশবদ ঘনঘোর ॥
* ঐছনে[১৫] আয়লি[১৬] তপনক গেহ[১৭]।
পূজা-উপহার তহিঁ রাখলি কেহ ॥
† তহিঁ পরণাম করি বৈঠলি ধন্দ।
সখিগণ কৌতুক[১৮] করু[১৯] নানাছন্দ ॥

[১২৯] পদ পদ ২৫৯৭, পৃ ৭৯, ৪র্থ খণ্ড ; বিদ্যা পদ ২৭৫, পৃ ১৬৮ ; ন পদ ৪৯, পৃ ৫৩ ; বি ৩, পদ ২২১৮, পৃ ২২৪ ; র পদ ৪৮, পৃ ৬৪ ; স পদ ১০৮, পৃ ৫৪৪ ; বি ১, পৃ ১২ ; সা ১, পৃ ১৬ ; সা ৩, পৃ ?।

১ রাহি—বিদ্যা।

২ নয়ানে—স, ন, সা ১, ২, নয়ন—বিদ্যা।

৩ দিগ—ন, সা ৩। ৪ চাহি—বিদ্যা।

৫-৬ গণি গণি—সা ১।

৭ ভাবিনি—পদ, জামিনী—সা ৩, কামিনী—র।

৮ ভেল—স, সা ১, ২। ৯-১০ উলসি উলসি—সা ১, ২।

১১-১২ খসি—র। ১৩ পড়ে—র।

১৪ নিবি-ডোর—র, ডোর—সা৩।

* ৭।৮ পংক্তি র, বি ১, সা ৩, রা-শে-প পুথিতে নাই।

১৫ ঐসন—বিদ্যা। ১৬ আওল—সা ১, ২।

১৭ সেহ—বিদ্যা।

† "বৈঠলি অধোমুখী চিত সঞে ধন্দ"—র, বি ১, সা ৩।

১৮ কৌতুকে—র, ন, সা ৩। ১৯ কত—র, ন।

উতপত তেজত[১] দীঘলি[২] শাস[৩]।
খেণে[৪] রোদন করু খেণে[৫] করু হাস॥
কহ[৬] কবিশেখর শুন[৭] সুকুমারি।
কাহে[৮] লাগি[৯] কাতর[১০] মিলব[১১] মুরারি॥

—————

[১৩০]

সুহই

কুসুমিত কাননে[১২] কাতর কান।
কামিনি লাগি[১৩] কত করু[১৪] অনুমান॥
কি করব[১৫] কহ মোরে সুবল সাঙ্গাতি[১৬]।
কলাবতি কাহে অবধি করু আতি[১৭]॥

---

১ তেজই—পদ, তেজত—বিস্তা, দেয়ই—স, ক, চ
২ দীঘ—পদ, দীর্ঘ—সা ৩, দীঘলি—র।
৩ নিশ্বাস—সা ৩, নিশাস—পদ।
৪ খণে—বিস্তা, ক্ষণে—সা ৩, ক্ষেণে—সা ১, ২।
৫ ক্ষণে—সা ৩, ক্ষোণে—সা ১, ২। ৬ কহে—সা ৩।
৭ শুনু—বিস্তা। ৮ ধইরজ—বিস্তা।
৯ ধএ—বিস্তা। ১০ রহ—বিস্তা।
১১ মিলত—বিস্তা, আনব—র, ন, মিলিব—বি ১।

[১৩০] পদ পদ ২০৯৮, পৃ ৮০, ৪র্থ খণ্ড; ন পদ ৫০, পৃ ৫৪; বিস্তা পদ ২৫৫, পৃ ১৫৫; বি ৩, পদ ২২১৯, পৃ ২২৪; র পদ ৪৯, পৃ ৬৫; স পদ ১০৯, পৃ ৫৪৪; বি ১, পৃ ১৩; সা ১, পৃ ১৬; সা ৩, পৃ ২১।

১২ কুঞ্জহি—পদ, কানন—র। ১৩ নাগি—র, সা ১, ২।
১৪ করত—র, ন, বি ১, সা ৩। ১৫ করিব—স, কহত—ন, বসহ—বি ১।
১৬ সাঙ্গাত—র, বি ১, সা ৩, সঙ্গাতি—বিস্তা।
১৭ পাত—র, বি ১, অতি—ন, আত—সা ৩।

দারুণ গুরুজন কিয়ে করু বাধা।
কিয়ে[১] লাগি[২] মানিনি ভৈ গেল রাধা ॥
তপনক তাপে কিয়ে চলই না পার।
গুরুয়া নিতম্ব[৩] পীন[৪] কুচযুগ[৫] ভার ॥
স্বজন সহিতে কিয়ে বাড়ল নেহ[৬]।
ইথে[৭] কিয়ে[৮] ধনি[৯] নাহি[১০] তেজল গেহ ॥
বিপদ সম্পদ[১১] কিয়ে বুঝই না[১২] পারি।
কৈছনে[১৩] বঞ্চয়ে[১৪] সো[১৫] সুকুমারি[১৬] ॥
বোধি[১৭] সুবল কহে[১৮] শুন গুণবন্ত[১৯] *।
শেখর সহ[২০] ধনি মিলব[২১] নিতান্ত[২২] ॥

---

১ কি—পদ, কিএ—র, কিয়—বিস্তা।
২ জানি—বি ১।
৩ নিতম্বিনী—র, ন, বি ১, সা ৩।
৪ উচ—র, ন, বি ১, সা ৩।
৫ এই স্থলে শুধু 'ক' পুথিতে এইরূপ পাঠ আছে।
৬ লেহ—সা ৩, ক, চ।
৭ ইথি—সা ৩।
৮ জনি—র, জানি—ন, বি ১, কিয়—বিস্তা, লাগি—সা ৩, কি—সা ১, ২।
৯ সো—র, ন, সা ৩, সে—বি ১।
১০ না—সা ৩, ধনী—র, ন, বি ১, সা ৩, নহি—বিস্তা।
১১ সপদ—পদ, সুপদ—র, সা ১, ২, ৩, সম্পদ—স, ক, বিস্তা, ন।
১২ ন—বিস্তা।
১৩ কৈসনে—বিস্তা।
১৪ বঞ্চই—র, বি ১, বঞ্চয়—বিস্তা, বঞ্চব—সা ৩।
১৫ সে—বিস্তা ১, বি ১।
১৬ সুকুমারী—সা ৩।
১৭ প্রবোধি—বি ১, বুধিয়া—সা ৩।
১৮ কহ—বিস্তা।
১৯ গুণমন্ত—বিস্তা।
* গুণবন্ত—বিস্তা।
২০ সহিতে—বি ১।
২১ মিলিবে—র, বি ১।
বেশের মন্দিরে পশিলা[১৪] সত্বরে
করিলা[১৫] মোহন বেশ ।
উঠিয়া অট্টালী[১৬] চৌদিকে নেহারি[১৭]
দিবস হইল[১৮] শেষ ॥

---

[১৬২] পদ পদ ২৬৮১, পৃ ১১০, ৪র্থ খণ্ড ; ন পদ ৮২, পৃ ৮৭ ; বি ৩, পদ ২২৪৫, পৃ ২২৯ ; র. পদ ৮১, পৃ ১০৫ ; স পদ ১২৫, পৃ ৫৫১ ; বি ১, পৃ ২১ ; সা ১, পৃ ২৬ ; সা৩, পৃ ৩৫ ।

১ সরস—প ১ । ২ সরস—বি ১ ; দূর—সা ৩ ।

৩ ভরসে—সা ৩ ; সিনান—বি ১ ।

৪ বসিলা—পদ ; করিতে- বি ১ । ৫ যায়—বি ১ ।

* ৩য় পংক্তি হইতে ৬ষ্ঠ পংক্তি বি ১ পুথিতে নাই ।

৬ ভরসে—র । ৭ তখন—র, ন, সা ৩ । ৮ যতনে—সা ৩ ।

৯ সিনানে—র । ১০ সোয়াথ—র । ১১ সিনানে—বি ১, সা ৩ ।

১২ সোআশু—বি ১ ; সোয়াথ—সা ৩ । ১৩ পায়—বি ১, সা ৩ ।

১৪ বসিলা—পদ । ১৫ করলি—র . করিল—ন ; করল—বি ১ ; ছবিলি—সা ৩ ।

১৬ আট্টালি—র, ন ।

১৭ নেহালি—র, ঘ ; নিহালি—বি ১ । ১৮ হইলা—পদ ।

তুলসী ডাকিয়া[১] গোপন[২] করিয়া
দেওল লাড়ুর[৩] থালা।
অগুরু[৪] চন্দন আর গুয়া পাণ
সুগন্ধি ফুলের মালা॥
শেখর সরসি কহয়ে[৫] তুলসী
ধরিয়া তাহার হাত।
ধনিষ্ঠা[৬] মিলিয়া আসিহ[৭] চলিয়া
বুঝিয়া[৮] সঙ্কেত[৯] বাত॥

সখীর উক্তি

ঊনত্রিংশ দণ্ডে কৃষ্ণপ্রিয়াদিগের উৎকণ্ঠা

[১৬৩]

তথা রাগ

হরিণ-নয়নি ধনি[১০] চকিত-নেহারিণি
* ছল ছল উনমত ভেলা।
সজন[১১] সভাজন[১২] তনু[১৩] মন[১৪] জীবন[১৫]
সতিনি[১৬] করিয়া বিহি[১৭] দেলা॥

---

১ আনিয়া—পদ। ২ গোপত—র, ন, বি ১। ৩ লড্ডুক—পদ।
৪ আগোর—র, বি ১, সা ৩। ৫ দেখিয়া—বি ১; শিখায়ে—সা ৩।
৬ নাগর—বি ১, সা ৩। ৭ আইলা—বি ১; আইসহ—সা ৩।
৮ বুঝিহ—পদ, সঙ্কেত—সা ৩। ৯ করিয়া—সা ৩।

[১৬৩] পদ পদ ২৬৮২, পৃ ১১১, ৪র্থ খণ্ড; ন ৮১ পদ, পৃ ৮৮; বিদ্যা পদ ২৭৬, পৃ ১৬৮; বি ৩, পদ ২২৪৬, পৃ ২২৯; র পদ ৮২, পৃ ১০৬; স পদ ১২৬, পৃ ৫৫১; বি ১, পৃ ২২; সা ১ পৃ ?; সা ৩, পৃ ৩৬।

১০ সা ৩ পুথিতে নাই।

* 'অতি উৎকণ্ঠিত ভেলা।'—পদ; 'ছেনে ছেনে উনমত ভেলা'—ন; 'খেণে খেণে উনমত ভেলা'—র। ১১ সুজন—সা ১, ২, ৩।

১২ সোহাগন—র, ন; সভজন—বিদ্যা, সোয়াগণে বি ১; শোভাগণে—সা ১।
১৩ তন—সা ৩। ১৪ সন—ঘ। ১৫ জীবনে—সা ৩।
১৬ সতীন—বি ১; সপতি—সা ৩। ১৭ তাহে—র, ন, বি ১; তারে—সা ৩।

ক্ষণে ক্ষণে[১] উঠত[২] ক্ষণে ক্ষণে[৩] বৈঠত[৪]
উতপত তেজত[৫] শ্বাসা।
ক্ষণে ক্ষণে[৬] চমকই ক্ষণে ক্ষণে[৭] কম্পই[৮]
গদ গদ বোলত[৯] ভাষা॥

সতী যশ[১০]-গৌরব অতিশয় সৌরভ
বাম পায়ে[১১] ঠেললুঁ[১২] তায়।
দারুণ প্রেম-থেহ[১৩] নাহি মানত[১৪]
পলকে পলকে তলপায়[১৫]॥

অরুণিত আনন লোরে ভরু[১৬] লোচন
পিয়াপথ হেরত[১৭] রাই[১৮]।
শিশু পশু সঙ্গত[১৯] করি হরি আওত
* গোখুর-ধূলি উছলাই[২০]॥

---

১ খেণে খেণে—পদ, ছেনে ছেনে—ন, খণে খন—বিদ্যা, ছন ছন—বি ১।
২ উঠত—পদ।
৩ খেণে খেণে—পদ, ছেনে ছেনে—ন, খণে খন—বিদ্যা, ছন ছন—বি ১।
৪ বৈসত—বিদ্যা। ৫ তেজল—পদ।
৬ ছেনে ছেনে—ন, খেণে খেণে—পদ, খণে খন—বিদ্যা, ছন ছন—বি ১।
৭ ছেনে ছেনে—ন, খেণে খেণে—পদ, খণে খন—বিদ্যা, ছন ছন—বি ১।
৮ ঝমকই—র, ন, বি ১, সা ৩। ৯ কহতহিঁ—পদ।
১০ কুলগুণ—পদ। ১১ ঠেলল—বিদ্যা; ঠেললি—বি ১, সা ৩।
১২ পদ পায়ে—বি ১, র, ন; পদ পাশে—সা ৩।
১৩ সো প্রেম—র, ন, বি ১, সা ৩। ১৪ মান—র।
১৫ কলপায়—সা ১, ২। ১৬ পুরু—বি ১, সা ৩।
১৭ হেরই—সা ১, ২।
১৮ গোরি—র, রাহি—বিদ্যা, রাণি—বি ১।
১৯ সঙ্গতি—র।
* 'উড়ত গোখুর ধূলিকায়'—র, বি ১, সা ৩।
২০ উছলাহি—বিদ্যা।

কহে[১] কবি শেখর ধনি পুন হেরহ[২]
আওত[৩] নাগর রাজ।
তুয়া মন-মানস এতখণে[৪] পূরব[৫]
মিলবি[৬] পঙ্কক[৭] মাঝ॥

ত্রিংশ দণ্ডে উন্মাদ-শান্তি

[১৬৪]

সুহই

দূরত[৮] আওত[৯] নাগর রায়[১০]।
যুবতি উমতি উন্নত[১১] চায়[১২]॥
বিরস বদন সরস[১৩] ভেল।
হিয়ার আগুনি তখনি[১৪] গেল॥
হাসত[১৫] বেকত বচন মীঠ।
সজল ছুটত[১৬] তরল দীঠ॥

---

১ কহ—সা ১, ২. ৩।
২ হেরই—বি ১। ৩ ওইবর—ন. সা ৩, গুণবর—বি ১।
৪ অতিখণে—পদ, এতিখণে—সা ৩।
৫ পূরল—র, ন, বি ১, সা ৩।
৬ হেরবি—পদ, হেরব—বিত্তা, মিলায়ব—বি ১, সা ৩।
৭ পঙ্কি—পদ।

[১৬৪] পদ পদ ২৬৮৩, পৃ ১১১ ৪র্থ খণ্ড ; ন পদ ৮৪, পৃ ৮৯ ; বি ৩, পদ ২২৪৭. পৃ ২২৯ ; র পদ ৮৩, পৃ ১০৭ ; স পদ ১২৭, পৃ ৫৫২ ; বি ১, পৃ ২২ ; সা ৩. পৃ ৩৬ ; সা১, পৃ ২৭।

৮ তুরতে—পদ. দূরেতে—ন, স, বি ১ ক, তুরেত—চ। ৯ আয়ত—সা ৩।
১০ কাণ—বি ১। ১১ উনত—র, ন, উমতি—বি ১।
১২ ভায়—বি ১। ১৩ সুরস—ন. বি ১, সা ৩।
১৪ এখনি—বি ১। ১৫ হসিত—পদ। ১৬ ছুটল—পদ।

মুরলি[১] খুরলি শুনিতে পাই।
অতুল আনন্দে[২] আকুল রাই॥
দেখিবারে[৩] সব[৪] সখিনি জাই[৫]।
উঠলি অট্টালি মিললি[৬] রাই[৭]॥
রতন[৮] আসনে বসিলা[৯] সভে।
শেখর[১০] সভারে[১১] সেবয়ে তবে॥

উত্তর গোষ্ঠ

সপ্তবিংশতি দণ্ডাবধি ত্রিংশদণ্ড পর্য্যন্ত

[১৬৫]

শ্রীরাগ

দেখি[১২] দিন অবসান চলিলা চতুর কান
প্রবেশিলা কদলী কাননে।
সুবল মঙ্গল সঙ্গে যায় নানা রসরঙ্গে
কদলী লইয়া[১৩] জনে জনে॥

---

১ মল্লালি—বি ১। ২ আনন্দ—ন।
৩ রাই—র, ন, রাইর—সা ৩, বি ১।
৪ দেখিবারে—র, ন, বাহির—সা ৩, বি ১।
৫ আই—পদ, র, জানি—বি ১। ৬ সখিনি—বি ১।
৭ মেলিনি—বি ১। ৮ বসন—র, ন, বি ১, সা ৩।
৯ বসিলি—সা ৩। ১০ সবারে—র, ন, বি ১, সা ১, ২, ৩।
১১ শেখর—বি ১, র, ন, সা ১, ২, ৩।

[১৬৫] পদ পদ ২৬৮৪, পৃ ১১২, ৪র্থ খণ্ড; ন পদ ৮৫, পৃ ৯০; র পদ ৮৫, পৃ ১০৭; স পদ ১২৮, পৃ ৫৫২; বি ১, পৃ ২২; সা ১, পৃ ২৬; সা ৩, পৃ ৩৭।

১২ জানি—র, ন, বি ১, সা ৩। ১৩ লইঞা—সা ৩।

মিলিলা সভার[১] সাথে কদলী দিলেন[২] হাতে
খায় সভে হরিষ হৈয়া।
পরিয়া বনের ফুল গায়ে মাথে রাঙ্গাধূল
দিল[৩] গাভী[৪] তুরিতে[৫] হাকাইয়া[৬] ॥

ধেনু সব[৭] ঘর মুখে চলিলা আপন[৮] সুখে
উভকর্ণ[৯] উভপুচ্ছ করি।
নাচিয়া নাচিয়া যায় শিশুগণ পাছে ধায়
ধূলায় গগন গেল[১০] ভরি ॥

* শিঙ্গা দিয়া চাঁদমুখে বলাই ধবলী হাঁকে[১১]
মদভরে ডাকেন[১২] সঘন।
অথির চরণ গতি ঘূর্ণিত নয়ন[১৩] ভাতি
গদগদ না ফুরে বচন ॥

---

১ সথার—সা ৩। ২ দেয়লি—র. ন. সা ৩; দেয়ল—বি ১।
৩ গাবি—র। ৪ দিল—র।
৫ ত্বরিতে—সা ৩। ৬ হাঁকাঞা—সা ৩।
৭ ধেনুগণ—বি ১। ৮ পরম—র. ন, বি ১, সা ৩।
৯ কাণ—পদ, র। ১০ ভেল—সা ৩।

* এইস্থলে শ্রীশ্রীপদকল্পতরুতে অতিরিক্ত অথচ পূর্ব্বের চারি পংক্তির প্রায় অনুরূপ চারিটি পংক্তি অতিরিক্ত আছে; তাহা নিম্নে দেওয়া হইল :—

"শিঙ্গা দিয়া চাঁদমুখে চলিলা আপন সুখে
উভকাণ উভপুচ্ছ করি।
নাচিয়া নাচিয়া যায় শিশুগণ পাছে ধায়
ধূলায় গগন গেল ভরি ॥"

(এই অংশ সা ১, ২, পুথিতে নাই)।

১১ ডাকে—পদ। ১২ ভরম—পদ, ন।
১৩ নয়ান—পদ।

কমলী[1] বাছুরী[2] কান্ধে চলে মত্ত-গজ[3] ছান্দে
ঘন ডাকে কানাই[4] বলিয়া।
বেণু সানে ধেনু হাঁকে সভাকার[5] মাঝে[6] থাকে
বনে পাছে রহিবে ভুলিয়া॥

শিঙ্গাবেণু একতান করিয়া দেওল সান
শুনিল[7] ব্রজের সব লোক[8]।
মাতাপিতা হরষিত কুলবধূ[9] পুলকিত
ঘুচিল[10] সভার দুঃখ শোক[11]॥

যাবট[12] গ্রামের কাছে সভে নিজ ধেনু বাছে
বিদায় হইলা জনে জনে।
শেখর সত্বর করি কহে শুন সুন্দরি
মিলহ[13] নাগর[14] এইক্ষণে[15]॥

---

১ কওলী—র, ন, সা ৩। ২ করিয়া—র, ন, বি ১, সা ৩।
৩ করী—র, ন, বি ১, সা ৩। ৪ বলাই—র, ন, কাহ্নাই—সা ৩।
৫ সভার—র, ন, বি ১ সা ৩।
৬ মাঝারে—র, ন, বি ১, সা ৩।
৭ শুনুক—র, ন, শুনল—সা ৩।
৮ সবলোকে—বি ১, সা ৩। ৯ কুলবতী—পদ, ন।
১০ ঘুচল—র, ন। ১১ দুঃখশোকে—বি ১, সা ৩।
১২ জাবট—সা ৩। ১৩ মিলিব—র।
১৪ নাগরে—বি ১।
১৫ এইখানে—পদ, এইখেনে—ন।

সন্ধ্যায় শ্রীরাধাকৃষ্ণের প্রেমোন্মাদ

[১৬৬]

তথা রাগ

রাধিকা-চকোরী[১] হাসি শ্যাম সনে[২] মিলে[৩] আসি
পিয়ে সুধা হরষিত মনে।
দূরে দুহুঁ[৪] দোহাঁ[৫] দেখি পালটিতে নারে আঁখি
হানিল[৬] কুসুম[৭]-শর[৮] বাণে ॥

অবশ হইল গা চলিতে না চলে[৯] পা
পুলকে পূরল[১০] দুহুঁ[১১] তনু।
সবল সময় জানি হাতসানি[১২] বোধি[১৩] ধনী
লইয়া চলিলা তবে[১৪] কানু ॥

খিড়িকে[১৫] রাখিয়া গাই রাম[১৬] দামোদর[১৭] যাই
প্রণমিল[১৮] জননী[১৯] চরণে।
যশোদা চুম্বন করে দেখিতে না পায়[২০] লোরে
আশিস করয়ে দুইজনে ॥

---

[১৬৬] পদ পদ ২৬৮৫, পৃ ১১২, ৪র্থ খণ্ড ; ন পদ ৮৬, পৃ ৯১ ; বি ৩, পদ ২২৪৯, পৃ ২২৯ ; র পদ ৮৬, পৃ ১০৯ ; স পদ ১২৯, পৃ ৫৫৩ ; বি ১, পৃ ২২ ; সা ১, পৃ ২৬ ; সা ৩, পৃ ৩৭।

১ চাতকী—পদ, চতুরি—ঘ। ২ চান্দে—র ন।
৩ মিলি—বি ১। ৪ দোহাঁ—র, ন স।
৫ দুহুঁ—র, ন, স। ৬ হানল—র, ন, বি ১, সা ৩।
৭ মরমে—র, মদন—ন, মদনক—বি ১।
৮ স্মর—র, 'শর'—বি ১ পুথিতে নাই। ৯ পারে—স, ক।
১০ ভরল—বি ১। ১১ সব—বি ১। ১২ হাতে সানে—পদ।
১৩ বোধে—সা ৩। ১৪ রাম—র, ন, বি ১, সা ৩।
১৫ খড়িকে—পদ, খড়িতে—ঘ। ১৬ রামকৃষ্ণ—র, ন।
১৭ ঘর—র, ন। ১৮ প্রণমিলা—র, ন, বি ১।
১৯ মায়ের—র, ন। ২০ নয়নে—র, ন।

রাই যাই বসি ঘরে পাঠাইল তুলসীরে
মরম কহিয়া[১] তার কাণে।
সখীগণ লৈয়া রাধা পূরয়ে[২] মনের সাধা
সে সব লখিতে[৩] নারে[৪] আনে॥
তুলসী উলসী হৈয়া যায় উপহার লৈয়া
সত্বরে[৫] পশিল[৬] রাজঘরে।
গোপতে লইয়া থালা ধনিষ্ঠারে দিলা[৭] বালা
কহিলা রাইর[৮] সমাচারে॥
জানিয়া রাধার মর্ম্ম শেখর করয়ে কর্ম্ম
বিছানা[৯] বিছায়[১০] কত ভাতি।
সখীগণ লৈয়া সাথে বসি[১১] রসবতী[১২] তাথে[১৩]
তুলসীরে[১৪] করিয়া অবধি॥

---

১ কহিল—র।
২ পূরিল—র, ন, পুরল—বি ১, পুরলি—সা ৩।
৩ লেখিল—র, বি ১, সা ৩, লিখিতে—সা ৩।
৪ নহে—সা ৩। ৫ ত্বরিতে—পদ।
৬ মিলিয়া—পদ, মিলল—সা ১, ২, পশিলা—বি ১, সা ৩।
৭ দিয়া—র, ন। ৮ রাইয়ের—পদ।
৯ বিছায়—র, ন, বি ১, বিছায়ে—সা ৩।
১০ বিছানা—র, ন, বি ১, সা ৩।
১১ বসিলা—বি ১, রসিনী—ন।
১২ বসিলা—ন, রসকিণী—র, সা ৩, রসিনী—বি ১।
১৩ তাতে—ন। ১৪ তুলসীর—পদ।

আরাত্রিক এবং দ্বিতীয় স্নান

[১৬৭]

তথা রাগ

যশোমতি আরতি করত বিধানে।
গুরুকুল মঙ্গল করতহিঁ[১] গানে॥
সুখভরে দ্বিজগণে[২] দেয়লি[৩] দানে।
দাসগণ[৪] তৈখনে করল[৫] সোপানে[৬]॥
বেদিপর[৭] কেহ[৮] ধরে[৯] শীতল নীরে।
কেহ[১০] লই[১১] আওল পাতল চীরে॥
কেহ[১২] লেই[১৩] দুই[১৪] ভাই[১৫] বেদিতে[১৬] বসাই।
রতন ভূষণ পুন[১৭] যতনে[১৮] খসাই॥
* রামকানু দোহেঁ পুন পহিরল চীরে।
গোধুলি ধোয়ল[১৯] শীতল নীরে॥

---

[১৬৭] পদ পদ ২৬৮৭, পৃ ১১০, ৪র্থ খণ্ড; ন পদ ৮৭ পৃ ৯২; বি ১, পদ ২২৫০, পৃ ২২৯; র পদ ৮৭, পৃ ১১০; স পদ ১১০, পৃ ৫৫১; বি ১, পৃ ২১; সা ১, পৃ ২৬; সা ৩, পৃ ৩৮।

১ করুতথি—পদ, ন র।
২ দ্বিজবরে বি ১, সা ৩।
৩ করুবহু—পদ।
৪ দাসগণে—সা ৩।
৫ কয়ল—পদ, করলি—সা ৩।
৬ সোপনে—সা ৩।
৭ বেদিপরে—সা ৩।
৮ কো—পদ, কোই—বি ১, সা ৩।
৯ ধরু—পদ, ধরি—বি ১।
১০ কোই—পদ।
১১ লেই—পদ।
১২ কোই—পদ।
১৩ লেই—পদ।
১৪ দুহুঁ—পদ।
১৫ জনে—পদ।
১৬ বেদিয়ে—সা ৩।
১৭ সব—র ন।
১৮ কোই—পদ।

* ৯ম ও দশম পংক্তি—র, ন, স, ক—পুথিতে নাই।

"দুহুঁ জনে পহিরল পাতল চিরে।"—বি ১।

"দুহুঁ মিলি পহিরলি পাতুলচীরে।"—সা ৩।

১৯ ধোয়লি—পদ।

কোই[১] দেই তুহুঁ অঙ্গে উবটন গন্ধে।
সুঘড়[২] সেবক মর্দ্দয়ে[৩] কত[৪] বন্ধে॥
সুগন্ধি সলিলে পুন করলি[৫] সিনানে।
তুহুঁ অঙ্গ মোছয়ে সেবক সুজনে[৬]॥
নিল পিত বসন পরলি[৭] তুহুঁ[৮] রঙ্গে।
সুগন্ধি চন্দন কেহো লেপই[৯] অঙ্গে॥
কহ[১০] কবিশেখর করি অনুমানে।
* বৈঠল তুহুঁ তব করিয়া সিনানে॥

রাত্রি প্রথমদণ্ডাবধি চতুর্থদণ্ড পর্য্যন্ত শ্রীমতী প্রেরিত পক্বান্ন ভোজন লীলা

[১৬৮]

ইমন

সময় জানিয়া[১১] তরিত[১২] হইয়া[১৩]
† আসিয়া ধনিষ্ঠা নারী।
যশোদা মন্দিরে পিঢ়ার উপরে
সুখদ আসন করি॥

---

১ কেহ—র, ন. কেহো—সা ৩। ২ সুগড়- সা ৩।
৩ সব—সা ৩ র. ন. বি ১। ৪ সুখদেই—র, ন, বি ১, সা ৩।
৫ কয়ল—পদ। ৬ সুজানে—পদ, র ন।
৭ পরিলি—র. পরল—বি ১, পহিরলি – ন. তুহুঁ—সা ৩।
৮ নিজ—বি ১, পহিরলি – সা ৩। ৯ লেপলি – সা ৩। ১০ কহে – র, ন।
* এইস্থলে র, ন, সা ৩ পুথির পাঠ :—
"এতিখনে তুহুঁ জনে করলি সিনানে॥"
বি ১—পুথির পাঠ :—"এতখনে সিনান করল দুইজনে॥"
[১৬৮] পদ পদ ২৬৮৮ পৃ ১১৩, ৪র্থ খণ্ড ; ন পদ ৮৮, পৃ ৯৩ ; বি ৩, পদ ২২৫১, পৃ ২৩০ ; র পদ ৮৮, পৃ ১১১ ; স পদ ১৩১, পৃ ৫৫৪ ; বি ১, পৃ ২৩ ; সা ১, পৃ ২৬ ; সা ৩, পৃ ৩৮।
১১ জানিঞা—সা ৩। ১২ ত্বরিত—সা ৩। ১৩ করিঞা—সা ৩, বি ১।
† ২য়, ৩য় ৫ম ও ৬ষ্ঠ পংক্তি বি ১ পুথিতে নাই।

সুগন্ধি সলিল করিয়া[১] শীতল
পূরিয়া[২] আনল ঝারি।
রাইয়ের[৩] পক্কান্ন আনিয়া[৪] তখন
রাখল পৃথক[৫] করি॥

এ সুপ[৬] মুগদ[৭] মরিচা সুখদ
যে কিছু আছিল[৮] ঘরে।
যশোদা বচনে আনিল[৯] তখনে
কানুর ভোজন[১০] তরে॥

* সিনান করিয়া বলাই হাসিয়া[১১]
চলিলা আপন ঘরে।
কানুর বচন না মানে তখন
বারুণী পানের[১২] তরে॥

হাসিয়া[১৩] তখনে[১৪] সুখদ আসনে
বসিলা যাদব রায়।
মায়ের পিরিতে লাগিলা ভুঞ্জিতে
তুলসী করয়ে বায়॥

---

১ করিঞা—সা ৩। ২ পুরিঞা—সা ৩।
৩ রাইক—স. রাইর—র, ন, বি ১, সা ৩।
৪ আনিঞা—সা ৩। ৫ প্রথক—পদ।
৬ শুভ—পদ, বি ১, সুত—ঘ, সা ৩।
৭ মগুধ—ঘ, মুদগ—স। ৮ আছিলা—বি ১।
৯ আনিয়া—পদ। ১০ ভোজনের—পদ।
* ১৩ হইতে ১৬ পংক্তি সা ৩ পুথিতে নাই।
১১ আসিয়া—বি ১। ১২ পিবার—বি ১।
১৩ আসয়া—ন, বি ১, সা ৩; তর্বহিঁ—পদ।
১৪ যতনে—পদ।

জননী বিনয়ে[1] শুনায়[2] তনয়ে[3]
আর না বলিব কি।
তোমার কারণ এ সব পক্কান্ন
পাঠায়[4] রাজার ঝি॥

অরুচি তেজিয়া ভোজন করিয়া
ঘুচাহ সভার দুখ।
তোমার ভোজন শুনিয়া[5] তখন[6]
রাধিকা পাওব সুখ॥

মায়ের বচনে নন্দের নন্দন[7]
ভুঞ্জল[8] পরম সুখে।
উঠি আচমন করল[9] যতনে[10]
তাম্বুল দেওল মুখে॥

কান্থর বদন নেহারে[11] সঘন[12]
ধনিষ্ঠা চতুরী[13] বালা।
ইঙ্গিত বুঝিয়া চতুর নাগর
দেওল চম্পক মালা॥

---

১ বিনয়—পদ।
২ শুনহ—পদ। ৩ তনয়—পদ।
৪ পাঠায়ে—সা ৩।
৫ করিয়া—র, দেখিয়া—সা ১. ২।
৬ শ্রবণ—র, যেমন—বি ১। ৭ নন্দনে—র, ন, স, বি ১, সা ৩।
৮ ভুঞ্জিলা—সা ৩।
৯ করিয়া—র, ন, বি ১, সা ৩।
১০ তখন—র, ন, বি ১, সা ৩। ১১ হেরিয়া—র।
১২ তখন—র। ১৩ চতুর—র, সা ৩।

* সঙ্কেত করিয়া[১] ধনিষ্ঠা আনিয়া[২]
দেওল[৩] তুলসী করে।
অবশেষ লইয়া থালিতে ভরিয়া
দেওল[৪] রাইর[৫] তরে ॥

সে সব[৬] লইয়া[৭] তুলসী[৮] চলিয়া[৯]
তুরিতে[১০] আওল[১১] ঘরে।
থালা মালা তথি তুলসী যুবতী
সোঁপল[১২] রাধার করে ॥

সঙ্কেত কাহিনী বুঝিলা[১৩] তরুণী
চম্পক[১৪] মালাটি দেখি।
তাম্বূল বীড়িকা[১৫] দেয়লি[১৬] রাধিকা
তুষিল[১৭] সকল সখি ॥

---

* ৩৭ পংক্তি হইতে ৪৪ পংক্তি বি ১ পুথিতে নাই।

১ বুঝিয়া—র, ন, সা ৩। ২ আনিঞা—সা ৩।
৩ দেয়লি—সা ৩।
৪ দেওলা—পদ। ৫ রাইয়ের—পদ।
৬ লইয়া—র, ন, সা ৩। ৭ তুলসী—র, ন সা ৩।
৮ চলিলা—র, ন, সা ৩। ৯ তুলসি—র, ন, সা ৩।
১০ চলিলা—সা ৩।
১১ আইলা—র, ন, রাইযের—সা ৩।
১২ সুপিল—সা ৩।
১৩ সকল—র ন, বি ১, করল—সা ৩।
১৪ বুঝল—র, বুঝিলা—বি ১, বুঝগো—সা ৩।
১৫ বীটিকা—পদ। ১৬ দেঅল—র ন।
১৭ তোষলি—র, ন সা ৩, তুলসি—বি ১।

নানা রসগান[1] করি সখীগণ
চলিলা[2] আপন[3] ঘরে[4] ।
সময় জানিয়া[5] থালা-মালা[6] লৈয়া
শেখর গোপন করে ॥

গো-দোহন

[১৬৯]

কামোদ

জলপান করি কান মুখে দিয়া গুয়াপান
খিড়িকে[7] চলিল[8] গো-দোহনে[9] ।
গাভীগণ স্তনভরে ঘন হাম্বারব করে
কানুপথ নিরখে[10] সঘনে[11] ॥

---

১ বাদ্য—র, ন, বি ১, সা ৩ ।

২ সোঁপল—র ; গমন—বি ১, সা ৩ ।

৩ রাধার—র ; করল—বি ১, সা ৩ ।

৪ করে—র । ৫ বুঝিয়া—বি ১, সা ৩ ।

৬ থালাটী—বি ১ ।

[১৬৯] পদ পদ ২৬৮৯, পৃ ১১৪, ৪র্থ খণ্ড ; ন ৮৯ পদ, পৃ ৯৬ ; বি ৩, পদ ২২৫২, পৃ ২৩০ ; ‘র পদ ৮৯, পৃ ১১৭ ; স পদ ১৭, পৃ ৫৫৫ ; বি ১, পৃ ২৩ ; সা ১, পৃ ২৭ ; সা ৩, পৃ ৩৯ ।

৭ খড়িকে—পদ ; খড়িকেরে—বি ১, সা ৩ ।

৮ করিলা—বি ১ ; করল—সা ৩ । ৯ গমন—বি ১ পয়ান—সা ৩ ।

১০ নিরিখে—সা ৩ । ১১ সঘন—বি ১, সা ৩ ।

আইলা গোকুল চাঁদ[১] করে ধরি শিঙ্গি[২] ছাঁদ[৩]
আর গোপ আসি তার সঙ্গে।
ছাড়ি দিলা[৪] বৎস সব গোঠে উঠে হাম্বারব
শুনিতে বাঢ়িল[৫] বহু[৬] রঙ্গে॥

দেখিয়া কানুর মুখ ধেনুর[৭] হইল[৮] সুখ
বৎস পিয়ে হরষিত মনে।
পিশঙ্গী মাণিকস্তনী[৯] দোহে[১০] কানু[১১] গুণমণি
আর গাভী দোহে গোপগণে॥

দোহন করিয়া সারা সঙ্গে লৈয়া দুগ্ধ ভারা
রাখিলা[১২] মায়ের কাছে যাই।
অট্টালীতে হৈয়া খাড়া[১৩] শেখর বুঝিলা[১৪] সাড়া
দোহন হইল সব গাই॥

---

১ চান্দ—সা ১, ২, ৩।
২ সিনি—র, শিনি—ন; ষিনি—সা ৩।
৩ ছান্দ—সা ১, ২, ৩।
৪ ছাড়িল সে—বি ১।
৫ বাঢ়ল—র, ন, সা ৩।
৬ মহা—র, ন, বি ১, সা ৩।
৭ গাভীর—সা ৩, র।
৮ বাঢল—র, ন।
৯ কস্তুনীমণি—পদ।
১০ তাহে—র, ন, সা ৩; তারে—বি ১।
১১ দোহে—র, ন, বি ১, সা ৩।
১২ বসিলা—পদ।
১৩ হই ঠাড়া—পদ; হৈয়া ঠাড়া—বি ১, হঞা ঠাড়া—সা ৩।
১৪ বুঝল—পদ; বুঝিয়া—বি ১; বুঝএ—সা ৩।

রাজসভায় গমন

[১৭০]

ধানশী

শিরপরি[১] লালজরি[২] বান্ধে[৩] যুবরাজ।
শ্রুতিমূলে[৪] কুণ্ডল মনোহর সাজ॥
* নাসিকায়[৫] নখিনি[৬] মোতি[৭] নলকায়[৮]।
সূক্ষ্ম[৯] সুতন[১০] পুন দেওল[১১] গায়॥
মণিময়[১২] হার[১৩] শোভে[১৪] কণ্ঠক[১৫] মাঝ।
উরপর রতনক[১৬] পদক বিরাজ॥
কটিহু[১৭] কাটারি[১৮] পটুকা করু বন্ধ[১৯]।
ভালহিঁ[২০] শোভিত[২১] চন্দন[২২]-চন্দ[২৩]॥

---

[১৭০] পদ পদ ২৬৯২, পৃ ১১৫, ৪র্থ খণ্ড; ন ৯০ পদ, পৃ ৯৬; বি ৩, পদ ২২৫৬, পৃ ২৩০; র পদ ৯০, পৃ ১১৫; স পদ ১৩১, পৃ ৫৫৫; বি ১, পৃ ২৩; সা ১, পৃ ২৭; সা ৩, পৃ ৩৯।

১ শিরোপর—ন; শীরপর—সা ১, ২, ৩, চ। ২ রাজজোরি—বি ১।
৩ বান্ধি—বি ১। ৪ শ্রুতিপর—র, বি ১, সা ৩।
* ৩য় পংক্তি হইতে ৬ষ্ঠ পংক্তি বি ১ পুথিতে নাই।
৫ নাসিকায়ে—র, ন; নাসাপাশে—সা ৩।
৬ লখি—স; নথনি—সা ৩; ননথিনি—সা ১, ২।
৭ নীলতিলক—স। ৮ ললকায়—পদ; কায়—স।
৯ সুথর—সা ৩। ১০ সুথন—সা ৩; সুতহুঁ—ন।
১১ দেয়লি—সা ৩, র। ১২ হাসলি—র; হাসুলি—সা ৩।
১৩ দেআলি—র, দেয়লি—সা ৩। ১৪ শোহ—পদ; কিয়ে—সা ৩, র।
১৫ কণ্ঠকি—র। ১৬ মণিনব—র; মণির—সা ৩।
১৭ কাটিহুঁ—র; কোমরে—ন, বি ১; কমর—সা ৩।
১৮ কটোরি—চ। ১৯ করিবন্ধ—বি ১, সা ৩।
২০ ভালে ভাল—বি ১; ভালে চান্দে—সা ৩।
২১ সোহই—সা ৩; শোভাকরে—বি ১।
২২ চন্দনের—বি ১। ২৩ চন্দ্র—বি ১; চাঁদ—স; চান্দ—ন, সা ৩।

হলধর ধরি[১] কর চলু দরবার।
আগে পাছে যায় কাছে দাস পরিবার॥
দুহুঁ মেলি[২] বৈঠলি ব্রজরাজ পাশে[৩]।
সভাজন[৪] রঞ্জয়ে[৫] সরস সম্ভাষে[৬]॥
করু[৭] কবিশেখর সময় বিচার।
সভা লই বৈঠল[৮] রাজকুমার॥

গান-বাদ্যাদি শ্রবণ

[১৭১]

মঙ্গল

গুণিগণ করে গান লইয়া বিবিধ তান
বাদ্য বায়[৯] অতি মনোহর।
নাচয়ে নর্ত্তক[১০] তথি[১১] জিনিয়া খঞ্জন গতি
দেখি[১২] সভে[১৩] হরষ[১৪] অন্তর[১৫]॥

---

১ ধরু—পদ। ২ মিলি—সা ৩।
৩ পাশ—পদ। ৪ সভাজনে—সা ৩।
৫ রঞ্জল—পদ; রঞ্জই—র, ন, সা ৩। ৬ সম্ভাষ—পদ।
৭ কহ—পদ। ৮ বৈঠলি—র, ন, সা ৩।

[১৭১] পদ পদ ২৬৯৬, পৃ ১১৬, ৪র্থ খণ্ড; বি ৩, পদ ২২৫৪, পৃ ২৩০; র পদ ৯১, পৃ ১১৬; স ১৩৪ পদ, ৫৫৫ পৃ; বি ১ পৃ ২৪; সা ১, পৃ ২৭; সা ৩ পৃ ৪০; ন পদ ৯১, পৃ ৯৭।

৯ পদ্য—ন, বি ১, সা ৩। ১০ নর্ত্তকী—সা ৩।
১১ অতি—র, ন, সা ৩।
১২ হস্তকাদ্য—র; হস্তকাদি—বি ১. ভাট—সা ৩।
১৩ ভাট—সা ৩; বি ১ ও র পুথিতে নাই।
১৪ হরিষ—স, ন, সা ১, ২; তাহার—র, বি ১; আইল—সা ৩।
১৫ বিস্তর—সা ৩।

গান বাদ্য নৃত্য রসে সভাই[1] আনন্দে[2] ভাসে[3]
পুন পুন করে আস্বাদন[4] ।
দিয়া রাজা বহুধন তুষিলেন[5] গুণিগণ[6]
পাছে[7] ধন[8] দিলা বহুজন[9] ॥
পেট মোটা[10] ঠেটা ভাট গান বাদ্য রাখি[11] নাট
রায়বার[12] পড়ে তড়াবড়ি[13] ।
আসিয়া ভাঁড়ের[14] ঠাট জুড়িলা[15] বিনোদ নাট
দোঁহে[16] মিলি করে হুড়াহুড়ি[17] ॥
হাসি হাসি রামকানু[18] কৌতুক দেখিতে পুন[19]
তার মাঝে ফেলি[20] দিলা ধন ।
ভাঁড়ে[21] ভাটে[22] কাড়াকাড়ি মারামারি[23] পাড়াপাড়ি[24]
কৌতুক[25] দেখয়ে[26] সভাজন ॥
তবেত[27] দেখিয়া[28] রাতি রক্তক আসিয়া তথি
কহিল রাজার কাণে কাণে ।
মাতা পাঠাইল মোরে নিতে রাম দামোদরে
তুরিতে করহ সমাধানে ॥

---

১ সভেই—সা ৩। ২ হইলা—সা ৩।
৩ বশে—সা ৩। ৪ আস্বাদনে—সা ১, ২।
৫ নেয়াজিল—সা ৩, প্রতিষ্ঠিলা বি ১। ৬ গুণিজন—সা ৩।
৭ তার—বি ১, সা ৩। ৮ পাছে—বি ১ সা ৩।
৯ কতজন—বি ১; কতধন—সা ৩; কতজনে—সা ১, ২।
১০ কাটা—বি ১, সা ৩। ১১ রঙ্গ—র।
১২ কারবার—ক; কায়বার—পর; বারবার—স, র।
১৩ তড়াতড়ি—সা ১, ২। ১৪ ভাণ্ডের—পদ; ভাটের—ন, সা ৩।
১৫ পুরিল—সা ৩। ১৬ দুহুঁ—র, ন, সা ১, ২।
১৭ টানাটানি—সা ৩। ১৮ কান—স।
১৯ পুনু—র, ন; দুনু—সা ৩। ২০ পেলি—সা ৩।
২১ ভাটে—বি ১। ২২ ভাঁড়ে—বি ১।
২৩ পাড়াপাড়ি—র, ন, বি ১, সা ৩। ২৪ চড়াচড়ি—র, ন, বি ১, সা ৩।
২৫ দেখিয়া—র, ন, বি ১, সা ৩। ২৬ হাসয়ে—র, ন, বি ১, সা ৩।
২৭ দেখিয়া—র, ন; দেখিল—বি ১ সা ৩।
২৮ বাঢ়ল—র, ন; বাড়িল—বি ১, সা ৩।

নন্দ এত[১] বোল[২] শুনি ভাঁড়ে[৩] ভাটে ডাকি আনি
ধন দিয়া ঘুচাইল দুখ।
প্রজাগণে আশ্বাসিয়া রাম দামোদর লৈয়া
ঘরে গেলা[৪] করি মহাসুখ॥
দেখি শুনি নৃত্যগীত আনন্দে মগন চীত
সভাজন নিজ ঘরে যায়।
আসি রাম দামোদর বসিলা পিঢ়ার[৫] পর
সময়ে[৬] শেখর গুণ[৭] গায়॥

ভোজন

[১৭২]

তথা রাগ

সেবয়ে[৮] সেবকগণ আনন্দে আকুল মন
নেহ[৯]-সুখে পাসরে আপনা।
রাম দামোদর বিনে আর কিছু নাহি জানে
সেবা সুখে সতত[১০] মগনা[১১]॥

---

১ সে—র, ন, বি ১, সা ৩।

২ সন্ধান—র, ন, বি ১, সা ৩। ৩ ভাণ্ড—বি ১; ভাঁড়—সা ৩।

৪ যায়—র, ন, বি ১, সা ৩। ৫ আসন—র, ন, সা ৩, বি ১।

৬ সময়—সা ৩। ৭ রস—র, ন, বি ১, সা ৩।

[১৭২] পদ পদ ২৬৯৭, পৃ ১১৭, ৪র্থ খণ্ড; বি ৩, পদ ২২৬৫, পৃ ২৩০; র পদ ৯২, পৃ ১১৮; স পদ ১৩৫, পৃ ৫৫৬; বি ১, পৃ ২৪; সা ১, পৃ ২৮; সা ৩, পৃ ৪০; ন পদ ৯২, পৃ ৯৯।

৮ সেবার—ক, স; সেবায়—পদ; সেবায়ে—সা ৩।

৯ হেন—বি ১; স্নেহ— সা ১, ২। ১০ সদাই—র, ন, বি ১, সা ৩।

১১ বাসনা—পদ।

আস্তে[১] ব্যস্তে[২] অলঙ্কার ঘুচাইল[৩] দোঁহাকার[৪]
ভোজনের[৫] বসন পরাইয়া[৬]।
চরণ পাখালি নীরে মোছিল[৭] পাতল চীরে
ভোজন ভবনে যায় লইয়া ॥
রক্তক[৮] পবিত্র[৯] করি পাতে পিঢ়া[১০] সারি সারি
পূরি ঝারি সুশীতল নীরে।
রাম দামোদর আসি পিঢ়ার[১১] উপরে বসি
বাপেরে[১২] বোলায়[১৩] বারে বারে ॥
নন্দ মহানন্দ[১৪] পাইয়া[১৫] ভোজনে বসিলা যাইয়া[১৬]
রামকানু[১৭] লৈয়া[১৮] দুইপাশে।
দুধ[১৯] ভাত[২০] পূরি বেলা[২১] যশোদা আনিয়া দিলা
* আর কত সুমধুর রসে ॥

---

১ অস্ত—পদ, ন ; অস্ত্র—র।
২ বস্ত্র—ন, র, সা ৩। ৩ ঘুচায়ল—র, ন।
৪ দুহাঁকার—সা ৩। ৫ ভোজন—র, ন ; বি ১, সা ৩।
৬ পরাইলা—বি ১।
৭ মোছল—র, ন ; মাজিলা—বি ১ ; মুছল—সা ৩ ; মোছিলা—সা ১, ২।
৮ রক্তুক—চ ; পত্রক—র, ন, সা ৩ ; পতক—বি ১।
৯ পতকি—বি ১। ১০ পিণ্ডি—সা ৩।
১১ পিণ্ডির—সা ৩। ১২ বাপকে—পদ।
১৩ বোলায়ে—র, ন। ১৪ উপনন্দ—পদ।
১৫ আদি—পদ। ১৬ আসি—পদ।
১৭ দামোদর—র, ন, বি ১, সা ৩।
১৮ 'লৈয়া'—র, ন, বি ১ ; সা ৩—পুথিতে নাই।
১৯ দুগ্ধ—বি ১ ; দুধে—সা ৩। ২০ ভাতে—সা ৩।
২১ থালা—সা ৩।

* এইস্থলে 'পদ'—'ভোজন করয়ে মহাসুখে।' এবং পরবর্ত্তী দুই পংক্তি ও 'পদ' পুথিতে নাই ; সুতরাং র, ন, স, বি ১, সা ১, ২, ৩, পুথির পাঠ দেওয়া হইল।

ক্ষীর[১] পুরি ভরি থালা সভারে আনিয়া দিলা
ভোজন করয়ে তিনে[২] সুখে।
দোঁহার ভোজন[৩] দেখি মাতার শীতল আঁখি
ঘুচিল মনের সব দুখে॥

মা বাপের প্রেমরসে ভুঞ্জিল সকল রসে
ঘন ঘন উঠিবারে চায়।
আলসে[৪] অবশ তনু হইলেন[৫] রামকানু
দেখিয়া দুখিত ভেল মায়॥

আসিয়া সেবকগণ[৬] করাইল আচমন[৭]
শয়ন ভবনে লৈয়া[৮] যায়।
হলধর নিন্দভরে চলিলা আপন ঘরে
কানাইরে[৯] শয়নে পাঠায়॥

নন্দের নন্দন কান মুখে দিয়া গুয়াপান
বসিলা সুখদ শেজপরি।
আলসে[১০] ঢালয়ে[১১] গা সেবক সেবয়ে পা
নিদ্রায় নয়ন[১২] গেল[১৩] ভরি[১৪]॥

---

১ খিরি—সা ১, ২, ৩। ২ মহা—সা ১, ২।
৩ ভাজন—পদ, র, ন। ৪ অলসে—সা ৩।
৫ হইল সে—সা ৩। ৬ সেবকগণে—পদ।
৭ আচমনে—পদ। ৮ লই—পদ।
৯ কাহ্নাইয়ে—সা ৩।
১০ পালঙ্কে—র, ন, সা ৩।
১১ ঢালিলা—সা ১, ২ ; ঢালান—সা ৩।
১২ নয়ান—পদ।
১৩ ভেল—ক, চ, সা ১, ২।
১৪ ভোরি—ক, চ।

নিন্দে ভেল[1] অচেতন দেখিয়া[2] সেবকগণ
আপন[3] আপন[4] ঘরে[5] যায়।
শেখর সময় জানি কহে-শুন[6] বিনোদিনি[7]
ভোজনের করহ[8] উপায়॥

রাত্রি পঞ্চমদণ্ডে কৃষ্ণপ্রিয়াদিগের ভোজন

[১৭৩]

ধানশী

জটিলা কহয়ে[9] বধূর[10] ঠাঞি।
তুরিতে[11] ভোজন করহ[12] মাই॥
আয়ান[13] ভোজন করিয়া গেল।
দুর্ম্মদ[14] কুটিলা শয়ন কৈল॥
আন্ধল[15] নয়নে[16] না সুজে মোরে।
না পারি[17] বসিতে[18] নিন্দের ভরে॥

---

১ নিন্দে—পদ। ২ জানিয়া—র, ন, বি ১, সা ৩।
৩ খিড়িকে—র, ন, বি ১; খড়িকে—সা ৩।
৪ সড়কী—র, ন, সা ৩, বি ১। ৫ ফেলি—র, ন, বি ১; পেলি—সা ৩।
৬ নিজালয়ে—পদ। ৭ কহে ধনি—পদ।
৮ করিয়ে—র, ন, সা ৩।

[১৭৩] পদ পদ ২৬৯৮, পৃ ১১৮, ৪র্থ খণ্ড; ন পদ ৯৩, পৃ ১০০; র পদ ৯৩, পৃ ১২০; স পদ ১২৬, পৃ ৫৫৭; বি ৩, পদ ৯২, পৃ ২৩০; বি ১, পৃ ২৪; সা ৩, পৃ ৪১।

৯ আইলা—র, ন, বি ১, সা ৩। ১০ রাইর—সা ৩।
১১ করহ—র, ন, বি ১, সা ৩। ১২ শুনহ—র, ন, বি ১, সা ৩।
১৩ রায়ান—পদ। ১৪ দুর্ম্মেধা—স; দুর্ম্মেধ—পদ।
১৫ আকুল—র, বি ১। ১৬ নয়ান—পদ।
১৭ বসিতে—পদ। ১৮ না পারি—পদ।

আপনি[১] বাছনি[২] করহ সাতি।
দেখিতে দেখিতে বাঢ়িল[৩] রাতি॥
তিলেক সোয়াথ[৪] নাহিক তোর।
নয়ন[৫]-পুতলি তুমি সে মোর॥
* এঘর করণ তোহারি হাথ।
শপথ[৬] করোঁ মুঞি ঝিয়ের[৭] মাথ॥
দেখিবে[৮] দুর্ম্মেধ[৯] করিবে মো।
আমার আশীষে হইবে পো॥
কুটিলা পাপিনী[১০] কুন্দলি[১১] করে।
কালি সে যাইবে[১২] পরের[১৩] ঘরে॥
সে তাপে তাপিত নহিবে[১৪] তোরে[১৫]।
সকল কুবোল ক্ষমিবা[১৬] মোরে॥
তোমার বাপের ভরসা করি।
এ তিন ভুবনে কারে[১৭] না ডরি॥

---

১ আপন—স, ক; আপনে—সা ৩, চ।
২ বাছুনি—স। ৩ বাঢ়ল—র, ন, বি ১, সা ৩।
৪ সোয়াস্ত—বি ১। ৫ নয়ান—পদ।
* এইস্থলে—"শপতি করোঁ মুঞি ঝিয়েমাথ। এঘর করণ ইহারি হাত॥" বি ১, সা ৩, র।
৬ শপতি—র, ন, বি ১। ৭ ঝিয়ারী—স।
৮ দেবর—র, ন, বি ১; দেবের—সা ৩; দেওব—সা ১, ২।
৯ দুর্ম্মেধে—সা ১, ২; দুর্ম্মদে—সা ৩।
১০ বাপালি—পদ। ১১ কুন্দুল—বি ১; কন্দলি—সা ৩।
১২ মরিবে—সা ৩। ১৩ পরেরি—সা ৩।
১৪ না হবে—র। ১৫ তারে—পদ।
১৬ ক্ষেমিবা—পদ; খেমিবে—র, ন; ক্ষেমিবে—সা ৩।
১৭ কাহুঁ—পদ; কাহুকে—ঘ।

তোমার মায়ের[১] কি কব কথা।
আমারে জানয়ে আপন ধাতা॥
কুশলে থাকুক তাহার পুত।
দেবতা দানব না লাগু[২] ভূত[৩]॥
জটিলা এতেক[৪] আদর[৫] করে।
কহয়ে[৬] শেখর দেবের ডরে॥

---

[১৭৪]

তথা রাগ

হেদে[৭] আর[৮] কথা শুনহ ঝি।
কহিতে কহিতে ভুলিয়াছি॥
আগুন[৯] লাগুক আমার মনে।
রহিতে নারিয়ে কহিয়ে মেনে॥
তনয়[১০] আয়ান[১১] গেয়ানে[১২] দড়।
তোমার মায়েরে[১৩] ডরায় বড়॥
দেবতা সমান মানয়ে তায়।
কহিতে সিঞ্চড়া[১৪] পড়য়ে[১৫] গায়॥

---

১ মাতার—পদ। ২ না করু—পদ।
৩ ছুত—পদ। ৪ যতেক—পদ।
৫ যতন—পদ। ৬ কহই—সা ৩।

[১৭৪] পদ পদ ২৬৯৯, পৃ ১১৮, ৪র্থ খণ্ড ; ন পদ ৯৪, পৃ ১০২ ; বি ৩ পদ ২২৫৭, পৃ ২৩১ ; র পদ ৯৪, পৃ ১২১ ; স পদ ১৩৭, পৃ ৫৫৮ ; বি ১, পৃ ২৫ ; সা ১, পৃ ২৯ ; সা ৩, পৃ ৪২।

৭ এদে—বি ১। ৮ 'আর'—'ক' ও 'স' পুথিতে নাই।
৯ আগুনি—পদ। ১০ আয়ান—বি ১, সা ৩।
১১ রায়ান—পদ ; গেয়ানে—বি ১, সা ৩। ১২ ছাড়এ—সা ৩।
১৩ মাতারে—পদ, বি ১ ; মাতায়ে—সা ৩।
১৪ সিঙ্কিড়া—র, ন, সেছোঁড়া—সা ৩। ১৫ পড়িছে—পদ।

* তপের ফলেতে দেবতা বশ।
তেঞি সে ভুবনে ঘোষয়ে যশ ॥
জয়তী কহিয়া[১] পিরিতি-বাত।
হাসিয়া ধরিলা[২] বধূর হাত ॥
উঠিলা রাধিকা চলিলা[৩] সঙ্গে।
রন্ধন ভবনে পশিলা[৪] রঙ্গে ॥
জটিলা[৫] কহয়ে[৬] বৈসহ[৭] ঝি।
আমি[৮] তোরে[৯] সব[১০] আনিয়া দি ॥
খীর পুরী ভাত দুধের বেলা।
যতনে জটিলা বধূরে দিলা ॥
মিনতি[১১] করিয়া কহয়ে রাই।
আপনি[১২] শয়ন করহ মাই[১৩] ॥
আপনার[১৪] ঘরে[১৫] যাইয়ে[১৬] লইয়া।
করিব ভোজন সোয়াথ পাইয়া ॥
শুনিয়া জটিলা পাইল[১৭] সুখ।
হাসিয়া চুম্বিল[১৮] বধূর মুখ ॥

---

* ৯।১০ পংক্তি 'বি ১' পুথিতে নাই।
১ কহয়ে—ক। ২ ধরিল—সা ৩; ধরিয়া—সা ১, ২; ধরলি—বি ১।
৩ চললি—বি ১। ৪ পশিলি—বি ১।
৫ কহিলা—র, ন; কহিল—বি ১, সা ১, ২।
৬ জটিলা—বি ১, র, ন, সা ১, ২। ৭ শুনহ— র, ন।
৮ আমিরে—বি ১; আমিত—সা ৩।
৯ তোমারে—বি ১, সা ৩; সব—স, র, ন।
১০ তোমারে—র, ন, স। ১১ কাকুতি—র, ন, বি ১, সা ৩।
১২ আপনে—র, ন, সা ৩। ১৩ যাই—বি ১।
১৪ আপন—র, ন, বি ১, সা ৩। ১৫ সদনে—র, ন, বি ১, সা ৩।
১৬ যাইব—র, ন, বি ১, সা ৩। ১৭ পাওল—সা ৩।
১৮ চুম্বয়ে—বি ১।

ভালই কহিলা[1] ও মোর[2] মা।
আমার কেমন করিছে গা॥
জটিলা যাইয়া শয়ন করে।
রাধিকা আইলা আপন ঘরে॥
আনিয়া বাসন[3] গোপন করি।
মন্দিরের[4] কোণে[5] রাখিলা[6] ধরি॥
শেখর ধোয়ায় সখড়া[7] হাত।
কহিতে অবশ[8] আউলায়[9] গাত॥

---

[১৭৫]

সুহই

রতন মঞ্জরী যতন করি।
রতন[10] আসন পাতল সারি[11]॥
সুগন্ধি সলিলে[12] পূরিয়া ঝারি।
আসন নিকটে রাখল[13] ধরি॥

---

১ কহিলি—সা ৩। ২ আমার—বি ১।
৩ বাসনে—পদ, বসন—বি ১। ৪ মন্দির—সা ৩।
৫ করণে—সা ৩। ৬ রাখিল—র, সা ৩; রাখল—ন।
৭ সখড়—পদ স; সখরি–স; সকড়ি—বি ১, সা ৩।
৮ আকুতি—র, ন, বি ১, সা ৩।
৯ আল্যায়—র, বি ১, সা ১, ২; আলুয়ায়ে—ন, না বাহিরায়—সা ৩।

[১৭৫] পদ পদ ২৭০০, পৃ ১১৯, ৪র্থ খণ্ড; ন পদ ৯৫, পৃ ১০৩; র পদ ৯৫, পৃ ১২৩; স পদ ১৩৮, পৃ ৫৫৮; বি ৩, পদ ৯৪, পৃ ২৩১; বি ১, পৃ ২৫; বি ২, পৃ ২৫; সা ১, পৃ ২৯; সা ৩, পৃ ৪২।

১০ বসন—বি ১, ২, সা ৩। ১১ সাড়ী—র; নারী—সা ৩।
১২ সলিল—সা ৩। ১৩ রাখিল—বি ১।

লবঙ্গ মঞ্জরী লাড়ুর থালা।
আনিয়া ধরিল[১] দুধের বেলা॥
দধি কদলক[২] আচার যত।
পৃথক[৩] করিয়া রাখল কত॥
আসিয়া আসনে বসিলা রাধা।
দেখিতে মনের[৪] পূরল[৫] সাধা॥
কানু[৬]-অবশেষ পরশ পাই।
অমিয়া সাগরে[৭] সাঁতারে[৮] রাই॥
পুলকে পূরল রাইক[৯] তনু।
পিয়া-রদ-মধু[১০] পায়ল জনু॥
অধর অথির ভাবের ভরে।
ভরমে[১১] ভুলিল ভুঞ্জিতে নারে॥
তরুণ[১২] নয়নে[১৩] ভরল লোর।
যুগল অঙ্গুলে ভুঞ্জয়ে[১৪] থোর॥
না করে ভোজন না চলে কর।
মঞ্জরী মরমে[১৫] উপজে ডর॥
মদন মঞ্জরী মদনে মতা[১৬]।
মধুর মধুর কহয়ে[১৭] কথা॥

---

১ রাখল—র, ন, বি ১, ২, সা ৩। ২ কদলি—বি ১
৩ প্রথক—পদ; ক্রমশ—র. ন. বি ১, ২, সা ৩।
৪ পূরয়ে—পদ, হইল—বি ১। ৫ মনের—পদ, বি ১।
৬ পিয়া—র, ন, সা ৩, বি ২; প্রিয়—বি ১।
৭ পাথারে—র, ন, বি ১, ২, সা ৩। ৮ সাতরে—বি ২।
৯ রাইর—র, ন, বি ২, সা ৩।
১০ পিয়ার পরশ—র, ন, বি ১, ২, সা ৩। ১১ ভরম—বি ১।
১২ তরল—পদ, রতন—ক, স। ১৩ নয়ানে—পদ।
১৪ ভুঞ্জই—র, বি ২। ১৫ লবঙ্গে—পদ।
১৬ মাতা—র, ন. স, বি ২, ক, চ। ১৭ কহই—র, ন, বি ২, সা ৩।

এমনে কেমনে যাইবে[১] দিন।
এতেক[২] না দেখি[৩] ভালের[৪] চিন॥
সত্বরে[৫] সকল[৬] ভুঞ্জহ[৭] রাই।
সময়ে[৮] সঙ্কেতে যাইতে[৯] চাই॥
রঙ্গবতী[১০] গুণ[১১]মঞ্জরী[১২] সাথে।
কহত ললিতা[১৩] আসিছে[১৪] পথে[১৫]॥
বিশাখা বিষাদে আসিছে ধাঞা।
সতিনীগণের[১৬] শবদ পাঞা॥
ইহাতে কেমনে[১৭] করব[১৮] কাজ।
রাধিকা[১৯] রহলি[২০] ঘরের মাঝ॥
আমরা[২১] সভার[২২] না সরে সাতি[২৩]।
ছুটল[২৪] অবধি উঠল রাতি॥

---

১ যাবেক—র, ন, বি ২, সা ৩।
২ এতেকে—পদ, র, ন। ৩ বুঝিয়ে—পদ।
৪ ভাবের—পদ, বি ২। ৫ সতরে—পদ।
৬ সাদরে—র, ন, সা ৩। ৭ ভুঞ্জয়ে—সা ৩।
৮ সবারে—ন, সরসে—বি ১; সত্বরে—সা ৩।
৯ বুঝিতে—সা ৩। ১০ রঙ্গণ—র, ন, বি ১, ২; অনঙ্গ—সা ৩।
১১ মঞ্জরী—র, ন, বি ১, ২, সা ৩।
১২ রতির—র, ন, বি ১, ২, সা ৩।
১৩ আওল—র, ন, বি ১, আওত—সা ৩।
১৪ ললিতা—র, ন, বি ১, সা ৩। ১৫ তাথে—বি ১, বি ২।
১৬ সতিগণের—সা ৩। ১৭ কেমন—স, কমতে—বি ১।
১৮ করিব—সা ৩। ১৯ সুন্দরী—পদ।
২০ রহল—পদ। ২১ আমা—পদ; আমার—র, ন।
২২ সভাকার—পদ। ২৩ সাথি—ক, র, ন, স, বি ২, সা ৩।
২৪ কহত—র, ন।

শুনিয়া[১] কামিনী[২] কপট[৩] কলা।
তরাসে[৪] ভুঞ্জল[৫] সকল[৬] বালা॥
আচাই[৭] আঁচলে মুছল[৮] মুখ।
তাম্বূল[৯] খাইয়া[১০] পাওল সুখ॥
সুখদ পালঙ্কে শুতল[১১] রাই।
শেখর শেষে[১২] ভুঞ্জল[১৩] যাই॥

ষষ্ঠদণ্ডে নিভৃত তল্পরচনা

[১৭৬]

কল্যাণী

যমুনা পুলিনে[১৪] চম্পক কাননে[১৫]
বিলাস মন্দির সাজে[১৬]।
বৃন্দা বিধুমুখী বিনোদ বিছানা[১৭]
করল তাহার[১৮] মাঝে[১৯]॥

---

১ কহত—বি ১, সা ৩। ২ কাহিনী—বি ১।
৩ কটক—বি ১। ৪ তরাসে—স।
৫ সকল—সা ১, ২; তথনি—র; তখন—ন, বি ১, ২, সা ৩।
৬ ভুঞ্জিল—সা ১, ২; ভুঞ্জলি—র, ন, বি ২, সা ৩।
৭ আঁচাঞা—র, ন, সা ৩; আচিয়া—বি ১, ২।
৮ মুছলি—র বি ১। ৯ ভুঞ্জিল—র, ন, সা ৩; ভুঞ্জল—বি ১।
১০ তাম্বুল—র, ন, সা ৩, বি ১। ১১ শুতলি—র, ন, বি ১, ২।
১২ সে সব—পদ। ১৩ ভুঞ্জিল—সা ১, ২।

[১৭৬] পদ পদ ২৭০১, পৃ ১১৯, ৪র্থ খণ্ড; ন পদ ৯৬, পৃ ১০৫; র পদ ৯৬, পৃ ১২৫; স পদ ১৩৯ পৃ ৫৫৯; বি ৩, পদ ৯৫, পৃ ২৩১; বি ১, পৃ ২৬; বি ২, পৃ ২৬; সা ১, পৃ ২৯; সা ৩, পৃ ৪৩।

১৪ পুলিন—র, ন, বি ১, সা ৩। ১৫ কানন—র, ন, বি ১, সা ৩।
১৬ মাঝ—র, ন, বি ১, ২। ১৭ বিছানি—বি ১।
১৮ তাহাতে—র, ন, বি ১, ২, সা ৩। ১৯ সাজ—র, ন, বি ১, ২, সা ৩।

প্রফুল্ল[1] কমল দল সুকোমল
তুলীর[2] তুলনা[3] করি।
পালঙ্ক উপরি পাতল সুন্দরী
চৌদিগে ফুলের ঝুরি ॥
বিচিত্র বসনে ঝাঁপলি[4] তথনে
বান্ধলি[5] পাটের জাদে[6]।
পালঙ্ক দুপাশে ফুলের বালিশে
দেয়লি মনের সাধে ॥
মন্দির ভিতরে[7] সুগন্ধি ফুলের[8]
চাঁদোয়া বান্ধিল[9] তথি[10]।
রচনা করিয়া[11] হরিষ[12] হইয়া
জ্বালিল[13] কনক[14] বাতি ॥
* কর্পূর তাম্বূল জল সুশীতল
রাখল[15] ভাজন[16] ভরি।
অগুরু[17] চন্দন দোঁহার কারণ
পূরিয়া[18] রাখল খুরি ॥

---

১ ফুল্ল—ক, স। ২ তুলির—পদ।
৩ তুলানা—ক। ৪ ঝাঁপিল—পদ।
৫ বান্ধল—পদ। ৬ জাতে— বি ১।
৭ ভিতর—পদ, র, ন। ৮ ফলে—বি ১।
৯ বান্ধল—পদ। ১০ সতী—র, বি ১।
১১ রচিয়া—বি ১, সা ১, ২। ১২ হরষিত—ক, স ; হরস—সা ৩।
১৩ জ্বালল—র, ন. বি ১ ; জাললি—সা ৩। ১৪ রসের—র, ন, বি ১, সা ৩।
* 'ক' পুথি ও 'স' পুথিতে এই পংক্তি ২১ পংক্তি স্থলে রহিয়াছে, ১৮-২০ পংক্তি 'ক, স, ঘ, চ'—পুথিতে নাই।
১৫ রাখিল—সা ১, ২। ১৬ ভাজনে— পদ, র, ন।
১৭ আগর—পদ, অগোর—বি ১, ২, সা ৩ ; অগোর—সা ১, ২।
১৮ ভরিয়া—সা ১, ২।

কানন শোভন[১] না যায় কহন
মদন কোটাল[২] তায়।
ফুলশর করে ফিরয়ে সহরে
কোকিল পঞ্চম গায়॥
সুগন্ধি শীতল বহয়ে[৩] অনিল
পরাগে পূরল[৪] বাট।
+ করি মধুপান অলি করে গান
ময়ূরী করয়ে নাট॥
বৃন্দা[৫] বিছানা করিয়া রচনা
জাগিয়া রহল[৬] তায়।
শেখর তখন করিয়া ভোজন[৭]
রাইক[৮] নিকটে[৯] যায়॥

---

১ শোহন—পদ।
২ কোটালি—বি ১। ৩ বহই—র, ন, সা ৩।
৪ পূরিত—বি ১, সা ৩।
+ এই স্থলে 'ন' পুথির পাঠ গ্রহণ করা হইয়াছে।
'পদ'—"সুখের সায়রে পড়িয়া ময়ূরে
করয়ে বিনোদ নাট॥"
৫ বিবিধ—র, বৃন্দায়ে—বি ১, ২।
৬ রহলি—র, সা ১, ২, ৩। ৭ যতন—বি ১।
৮ রাইর—র, ন, বি ১, ২, সা ৩।
৯ নিকট—সা ১, ২।

সপ্তমদণ্ডে সখীগণের আগমন

[১৭৭]

ভূপালী

ললিতা বিশাখা আদি যত সখীগণ।
ত্বরা[১] করি[২] কাজ[৩] সারি[৪] পরে[৫] আভরণ[৬] ॥
সভে সুখী দেখি[৭] নিশি[৮] ঘন[৯] আন্ধিয়ার।
নেহ[১০]রসে সভে[১১] ভাসে না করে[১২] বিচার ॥
গুরুজন দুরজন[১৩] নিন্দে অচেতন।
পাড়ায়[১৪] বুঝয়ে[১৫] সাড়া নাহি কোনজন ॥
চতুর[১৬] আভীরী[১৭] নারী সভেই[১৮] সেয়ান[১৯]।
সময় বুঝিয়া[২০] তবে[২১] করল পয়ান ॥

---

[১৭৭] পদ পদ ২৭০৩, পৃ ১২০, ৪র্থ খণ্ড; ন পদ ৯৭, পৃ ১০৭; বি ৩, পদ ১২৬০, পৃ ২৩১; র পদ ৯৭, পৃ ১২৭; স পদ ১৪০, পৃ ৫৬০; বি ১, পৃ ২৬; বি ২, পৃ ২৫; সা ১, পৃ ৩১; সা ৩, পৃ ৪৩।

১ ত্বরায়—বি ১। ২ করিয়া—বি ১।
৩ পরে—বি ১। ৪-৫ নানা—বি ১।
৬ অভরণ—সা ১, ২, ৩। ৭ নিশি—পদ, র, ন।
৮ দেখি—পদ, র, ন। ৯ ঘোর—পদ, র, ন।
১০ লেহ—পদ; লেহা—সা ৩।
১১ দেহ—বি ১, দেহা—সা ৩।
১২ না করি—পদ, র, ন। ১৩ দুরুজন—র, ন।
১৪ পাড়ার—র, ন, পাড়ায়ে—সা ১, ২।
১৫ বুঝিয়ে—পদ; বুঝই—র, ন।
১৬ চতুরী—র, ন, স, সা ১, ২।
১৭ আহীরী—স; আভির—বি ১, ২, সা ১, ২, ৩।
১৮ সভেত—র; সভাই—ন; সবতে—সা ৩।
১৯ সিয়ান—র, ন; সেআন—সা ৩। ২০ সমুঝি—সা ৩।
২১ সভে—র. ন, বি ১, ২, সা ৩; তব—পদ।

রাধার মন্দিরে আসি[১] পশিলা[২] সত্বরে।
শেখর আদর করি বসায়[৩] সভারে॥

অষ্টমদণ্ডে বেশাভিসার

[১৭৮]

ধানশী

সখীগণ আগমন দেখি হরিষ[৪] মন
উঠিয়া[৫] বসিলা[৬] শেজমাঝে[৭]।
নয়ন[৮] কচালি করে মুখানি পাখালে[৯] নীরে
রজনী সমান করে[১০] সাজে[১১]॥
গুণবতি জানতি[১২] সকল[১৩] উদ্দেশ।
মদনমোহন-মন মোহন কারণ
ধরতহিঁ[১৪] নিরুপম[১৫] বেশ॥ধ্রু॥

---

১ সভে—পদ।

২ আইলা—পদ; পশিলি—র; আইল—ন; পশিলি—সা ৩।

৩ সভার—সা ৩।

[১৭৮] পদ পদ ২৭০৪, পৃ ৯২১, ৪র্থ খণ্ড; ন পদ ৯৮, পৃ ১০৭; বি ৩, পদ ২২৬১' পৃ ২০১; র পদ ৯৮, পৃ ১২৭; স পদ ১৪১, পৃ ৫৬০; বি ১, পৃ ২৬; সা ৩, পৃ ৪৪।

৪ হরষিত—র, ন। ৫ ধনী—পদ, সা ১।

৬ উঠিবসি—সা ১, ২; বসিলি—র, ন; বসলি—সা ৩; উঠি—পদ।

৭ মাঝ—র, ন। ৮ নয়ান—পদ।

৯ পাখালি—র, ন। ১০ করি—স; করু—র, ন, সা ৩।

১১ সাজ—র, ন, বি ২, সা ৩।

১২ সবহুঁ যে—পদ; জানয়ে—ঘ; জানত—ন, বি ১, ২।

১৩ জানয়ে—পদ; সবহুঁ—ঘ।

১৪ ধরুতহিঁ—র, ন, সা ৩; ধরুতমুহে—বি ১, ২।

১৫ অনুপম—বি ১, সা ৩।

কুঞ্চিত কেশের[১] বেণী[২] কালজাদে[৩] সাজনি[৪]
মৃগমদ[৫] লেপলি অঙ্গে[৬]।
নীলবসনে[৭] ধনী মণ্ডিত ভেলতনি[৮]
নীলবসন পরি[৯] রঙ্গে[১০] ॥
নীলকমল হাতে চড়লি[১১] মনোরথে
সারথি সাহস রাজে।
মনমথ বাজি[১২] সাজি তাহে[১৩] জোরল
তোড়ল[১৪] কুলভয় লাজে ॥
যুবতি-[১৫] ঘটালই[১৬] বৈঠল[১৭] রসবন্তি[১৮]
ক্ষণে[১৯] ক্ষণে[২০] চীত উচাটে।
তব কবিশেখর হোয়ল[২১] বাহির
হেরইতে নাগর[২২] বাটে ॥

---

১ কেশে—পদ।
২ 'বেণী'—র পুথিতে নাই। ৩ কালাজাদে—র ; করিলা—বি ১।
৪ বান্ধলি—র ; বান্ধনি—ন। ৫ মৃগমদে—সা ১, ২।
৬ অঙ্গ—সা ১, ২। ৭ ভূষণ—ন ; ভূষণে—সা ৩।
৮ ভেলনি—র ; ভেলি—সা ৩। ৯ পরু—র, ন, সা ৩।
১০ অঙ্গে—র, ন ; রঙ্গ—সা ১, ২।
১১ চললি—ক স ; চঢ়লি—পদ।
১২ বারি—সা ৩। ১৩ তহিঁ—র।
১৪ ছোড়ল—বি ১। ১৫ যৌবন—সা ১, ২।
১৬ লেই—পদ। ১৭ বৈঠলি—র, ন, বি ১, সা ১, ২, ৩।
১৮ সুন্দরি—বি ১, সা ৩। ১৯ খেণে—পদ, ক্ষণ—বি ১।
২০ খেণে—পদ ; ক্ষণ—বি ১। ২১ ভেলহি—র, ন, বি ১ ; ভেল—সা ৩।
২২ নাহক—পদ ; নাগরক—ন ; নগরক—সা ৩।

নবমদশে সরণিসন্ধান

[১৭৯]

তিরোতা

* সহচরি অনুচরি করি[১] অনুমান।
† দেহরি লাগি[২] বুঝে[৩] বচন[৪]-সন্ধান ॥
জাগল নাহি[৫] দেখল[৬] এক[৭] লোক।
সুখ সঞে[৮] শূতল নাহি দুখ শোক ॥
বাটক[৯] কণ্টক[১০] সব ভেল[১১] দূর।
সবে এক[১২] জাগয়ে[১৩] মনমথ শূর ॥
নগর নিচোল[১৪] নিরজন বাট।
দুরজন নয়নহিঁ[১৫] লাগল কপাট[১৬] ॥

---

[১৭৯] পদ পদ ২৭০৫, পৃ ১২১, ৪র্থ খণ্ড ; ন পদ ৯৯, পৃ ১০৮ ; বিদ্যা পদ ২৪৯, পৃ ১৫১ ; বি ৩, পদ ২২৬২, পৃ ২৩১ ; র পদ ৯৯, পৃ ১২৮ ; স পদ ১৪২, পৃ ৫৬০ ; বি ১, পৃ ২৬ ; বি ২, পৃ ২৭ ; সা ১, পৃ ৩১ ; সা ৩, পৃ ৪৪।

* বি ১ পুথির পাঠ :—"নবম সারিণি সন্ধান।"

১ কয়—বিদ্যা, করু—র।

† বি ১ পুথি :—দেহুলি দেহুলি সন্ধান ; সা ৩—দেহলি বালিকা করি সন্ধান।

২ দেহলি—র, বি ২। ৩ লাগি—র।

৪ রচন—পদ ; করলি—র।

৫ নহি—বিদ্যা ; না—ন, র, বি ১, ২, সা ৩।

৬ দেখলি—র, বিদ্যা, ন, বি ১, ২, সা ৩।

৭ একহি—র, ন, বি ১, ২, সা ৩।

৮ সঞো—বিদ্যা ; সেঁ—স।

৯ বাট—বি ১। ১০ কটক—বি ১।

১১ ভেলহু—বি ১। ১২ একু—সা ৩।

১৩ জাগয়—বিদ্যা ; জাগই—বি ১, ২, সা ৩।

১৪ নিচলভেল—সা ১, বিদ্যা, র, ন, স ; নিরচল—বি ১।

১৫ নয়নহু—সা ৩। ১৬ কবাট—সা ৩।

* শেখর[১] কহতহিঁ পন্থ বিথার।
অভিসর[২] সুন্দরি ভয় নাহি আর॥

দশমদণ্ডে কৃষ্ণপ্রিয়াগণের অভিসার

[১৮০]

ভূপালী

কাজর-রুচিহর রজনী[৩] বিশালা।
তছুপর অভিসার করু[৪] ব্রজবালা[৫]॥
ঘর সঞে[৬] নিকসয়ে[৭] যৈছন[৮] চোর[৯]।
নিশবদ পদগতি[১০] চলতহি[১১] থোর[১২]॥
উনমত[১৩] চিত অতি আরতি বিথার[১৪]।
গুরুয়া[১৫] নিতম্ব[১৬] নব[১৭] যৌবন-ভার[১৮]॥

---

* আসি শেখর কহে পন্থ বিচার—র, ন, বি ১, ২; আসি শেখর কহি পন্থ বিচার—সা ৩।

১ কবিশেখর—বিদ্যা। ২ অভিসার—বি ১।

[১৮০] পদ পদ ২৭০৬, পৃ ১২১, ৪র্থ খণ্ড; ২, বিদ্যা পদ ২৫৩, পৃ ১৫৪; ন ৩, পদ ১০০, পৃ ১০৯; ৪, বি ৩, পদ ২২৬৩, পৃ ২৩১; র পদ ১০০, পৃ ১২৯; স পদ ১৪৩, পৃ ৫৬১; বি ১, পৃ ২৭; বি ২, পৃ ২৭; সা ১, পৃ ৩১; সা ৩, পৃ ৪১।

৩ রয়নি—পদ; নয়ন—বি ১, ২, সা ৩। ৪ করলহি—র।
৫ নববালা—ন, বি ১, ২, সা ৩। ৬ সঞো—বিদ্যা।
৭ নিকসয়—বিদ্যা; নিকসই—র, ন, সা ৩। ৮ যৈছনে—পদ।
৯ চোরা—র, ন, বি ১, ২। ১০ পথগতি—পদ।
১১ করলহি—র; চললিহুঁ—পদ; চললিহু—বিদ্যা; চলনি—সা ৩।
১২ থোরা—র, ন, বি ১, ২। ১৩ উনমতি—সা ১, ২।
১৪ বিথারা—র, ন, সা ৩। ১৫ গরুঅ—বিদ্যা।
১৬ নিতম্বিনী—র, ন, বি ১, ২, সা ৩।
১৭ 'নব'—এই শব্দ র, ন, বি ১, ২, সা ৩ পুথিতে নাই।
১৮ ভারা—র, ন, বি ১, ২, সা ৩।

কমলিনী[১] মাঝা[২] খিনি উচকুচ-জোর[৩]।
ধা ধসে চলু কত[৪] ভাবে[৫] বিভোর[৬] ॥
রঙ্গিণী[৭] সঙ্গিনী[৮] নব[৯] নব[১০] জোরা[১১]।
নব অনুরাগিনি নব রসে ভোরা ॥
অঙ্গক আভরণ[১২] বাসয়ে[১৩] ভার[১৪]।
নূপুর কিঙ্কিণি[১৫] তেজলি[১৬] হার[১৭] ॥
লীলা[১৮] কমল[১৯] উপেখলি[২০] রামা।
মন্থর গতি চলু[২১] ধরি সখি শ্যামা ॥
যতনহিঁ নিঃসরু[২২] নগর দুরন্তা[২৩]।
শেখর আভরণ[২৪] ভেল[২৫] বহন্তা[২৬] ॥

---

১ কমলিনি—পদ। ২ মাঝ—বিদ্যা।
৩ জোরা—র, ন, বি ১, ২, সা ৩।
৪ চাহে—র, বি ১, ২, সা ৩। ৫ চলই—র, বি ১, ২, সা ৩।
৬ না পারা—র, বি ১, ২, সা ৩; বিভোরা—ন।
৭ রঙ্গিনি—পদ। ৮ সঙ্গিনি—পদ।
৯ সভে—র, বি ১, ২, সা ৩। ১০ করু—র, বি ১, ২, সা ৩।
১১ তোরা—র, বি ১, ২, সা ৩। ১২ বসন—বি ২।
১৩ বাসয়—বিদ্যা; বাস—সা ৩। ১৪ বিকারা—র, সা ৩; ভারা—ন, বি [illegible]।
১৫ কিঙ্কিণী—সা ৩। ১৬ তেজল—পদ।
১৭ হারা—র, ন, বি ২, সা ৩। ১৮ নীল—সা ৩, বি ১, ২।
১৯ উৎপল—বি ১। ২০ পেখলি—বি ১।
২১ 'চলু'—সা ৩ পুথিতে নাই; ধনী—বি ২।
২২ নিশবদ—সা ৩। ২৩ দুরন্ত—স।
২৪ অভরণ—পদ। ২৫ ভেলি—সা ৩।
২৬ বহন্ত—স।

রাত্রিলীলা-অভিসার

[১৮১]

তুড়ী

চলিতে না পারে যৌবন ভারে[১] ।
ধাধসে ধরলি সখীর করে ॥
নবীনা[২] কামিনী কনকলতা ।
এ তিন ভুবনে তুলনা কোথা ॥
সত্বরে[৩] সরণি[৪] সাধলি[৫] রাই ।
নিভৃত নিকুঞ্জে পশিলি[৬] যাই ॥
কনকচাঁপার কুঞ্জের[৭] মাঝ[৮] ।
বৃন্দা করল[৯] বিছানা[১০] সাজ[১১] ॥
বিনোদ বিছানা বিনোদ বন[১২] ।
দেখিতে শীতল হইল মন ॥
রাধিকা বসিলা[১৩] ফুলের মূলে[১৪] ।
বিশাখা তুলিয়া দেওল[১৫] চুলে ॥

---

[১৮১] পদ পদ ২৭০৭, পৃ ১২১, ৪র্থ খণ্ড ; ন পদ ১০১, পৃ ১০৯ ; বি ৩ পদ ২২৬৪ পৃ ২৩১ ; র পদ ১০১, ১৩০ পৃ ; স পদ ১৪৪, পৃ ৫৬১ ; বি ১, পৃ ২৭ ; বি ২, পৃ ২৭ ; সা ১, পৃ ৩১ ; সা ৩, পৃ ৪৫ ।

১ ভরে—বি ১, ২।
২ নবীন—র, ন, বি ১, ২, সা ১, ২, ৩ ।
৩ সতরে—র ।
৪ সারিণি—বি ১, ২ ।
৫ ধরলি—স, ক, চ ; সাধই—বি ১ ; সাজলি—সা ৩ ।
৬ পশিলা—পদ ; পশলি—ন ; বসলি—ক, স' ; মিললি—কি ১ ।
৭ বিবিধ—র ।
৮ সাজ—র ।
৯ করলি—র, ন ; করিলা—বি ১ ।
১০ বিবিধ—পদ ; কুঞ্জের—র, ন ।
১১ মাঝ—র, ন ।
১২ বরণ—বি ১ ।
১৩ পশিলি—বি ১, ২ ; বসিলি—সা ৩ ।
১৪ বনে—বি ১, ২ ।
১৫ দেয়লি—পদ ।

খলিত বসন[1] পরিলা[2] বালা।
ললিতা দেয়লি[3] গাঁথিয়া মালা ॥
গাওত[4] কোকিল মধুর গীত।
তরল করল ধনীর চিত ॥
উন্মদ[5] মদনে মাতল মন।
চৌদিগে[6] বেড়ল[7] সখীর গণ ॥
পরাণ পিয়ারে[8] না দেখি বনে।
আনল[9] উঝলি[10] উঠিছে মনে ॥
কহয়ে[11] শেখর শুনহ রাই।
নাগর বারতা বুঝিতে[12] যাই ॥

সখীর উক্তি

একাদশদণ্ডে কৃষ্ণাভিসার

[১৮২]

শ্রীরাগ

জানল[13] ঘরপর নিন্দে ভেল ভোর।
শেজ তেজি উঠল[14] নন্দ[15]-কিশোর ॥

---

১ ভূষণ—পদ।
২ খসলি—র; খসল—বি ১, ২; খসিত—সা ১, ২; পরলি—সা ৩।
৩ দেঅল—র।
৪ গাঅল—র, বি ১, ২; গায়ল—সা ৩।
৫ উন্মাদ—ক, ঘ, চ, স।
৬ বেড়িয়া—র, ন, বি ১, ২, সা ৩।
৭ বসিল—ন, বসলি—র; বসিলা—বি ১, ২; বসিলি—সা ৩।
৮ পিআসে—র, সা ৩।
৯ অনল—সা ৩।
১০ উঝাল—পদ, উছল—বি ১।
১১ কহই—বি ১, সা ৩।
১২ বুঝিয়া—বি ১।

[১৮২] পদ পদ ২৭০৮, পৃ ১২২, ৪র্থ খণ্ড; ন পদ ১০২, পৃ ১১০; বিদ্যা পদ ২৩৬, পৃ ১৪৩; বি ৩, পদ ২২৬৫, পৃ ২৩২; র পদ ১০২, পৃ ১৩১; স পদ ১৪৫, পৃ ৫৬১; বি ১, পৃ ২৭; বি ২, পৃ ২৬; সা ১, পৃ ৩২।

১৩ যাওল—ক।
১৪ বৈঠল—বি ১; উঠে—পদ।
১৫ নয়ন—বি ১; নঅল—সা ৩।

সঘনে[১] গগনে হেরি[২] নক্ষত্রক[৩] পাঁতি।
অবধি না ছুটল না উঠল[৪] রাতি॥
জলধর-রুচি-হর শ্যামর-কাঁতি।
যুবতি মোহন[৫] বেশ ধরু কত ভাতি॥
ধনি অনুরাগিনি[৬] জানি সুজান[৭]।
ঘোর আন্ধিয়ারে[৮] তব করল পয়াণ[৯]॥
পরনারি পীরিতে[১০] ঐছন রীত।
চলল[১১] নিভৃত[১২] পথে না মানয়ে ভীত॥
কুসুমিত কানন কালিন্দি তীর[১৩]।
তাঁহা চলি আওল গোকুলবীর[১৪]॥
শেখর পন্থ[১৫] পর মীলল[১৬] যাই।
আনল[১৭] নাগর ভেটলি[১৮] রাই॥

---

১ সঘন—সা ৩। ২ হেরু—সা ৩।
৩ নখতর—পদ, কলকত—বি ১।
৪ পাওল ছুটল—ক ; ছুটল উঠল—ঘ।
৫ মোহিত—বি ১ ; মোহিতে—বি ২, সা ৩।
৬ অনুরাগিণী—সা ৩। ৭ সুজানে—সা ৩।
৮ আঁধিয়ারেহি—বি ১ ; আন্ধিয়ারহি—সা ৩।
৯ পয়াণে—বি ১, ২। ১০ পিরিতিক—পদ।
১১ চললি—পদ। ১২ বিচল—বি ১, সা ১, ২, ৩।
১৩ তীরে—বি ১, ২।
১৪ ধীরে—বি ১, ২ ; ধীর—সা ৩।
১৫ সরণি—বি ১, ২, সা ৩ ; পন্থহি—সা ১, ২।
১৬ ভেটল—বি ১, ২। ১৭ আনলি—পদ।
১৮ ভেটল—বি ১, ২, সা ৩।

দ্বাদশদণ্ডে মিলন

[১৮৩]

কেদার

* অপরূপ রাধা মাধব মেল[১] ।
দুহুঁ দোঁহা দরশনে উনমত[২] ভেল[৩] ॥
আকুলি[৪] অমিয়া-সায়রে[৫] ডুবিয়া[৬] গেলি[৭] ।
কো কহু দুহুঁজন নিরুপম কেলি ॥ ধ্রু ॥

দুহুঁ-দিঠি দুহুঁ মুখে[৮] অবধি নাহিক সুখে[৯]
পুলকে পূরল দুহুঁ তনু ।
চৌদিগে[১০] সখীর ঠাট যৈছন চাঁদের হাট
তার মাঝে শোভে রাধা কানু ॥

দোঁহার রূপের ফান্দে মদন পড়িয়া কান্দে
সুধাকর কিরণ লুকায় ।
দোঁহার মুখের বাণী অমিয়া[১১] অধিক[১২] শুনি
সখীগণ শ্রবণ জুড়ায় ॥

---

[১৮৩] পদ পদ ২৭০৯, পৃ ১২২, ৪র্থ খণ্ড ; বি ৩ পদ ২২৬৬, পৃ ২৩২ ; ন, পদ ১০৩, পৃ ১১১ ; র পদ ১০৩, পৃ ১৩২ ; স পদ ১৪৬, পৃ ৫৬২ ; বি ১, পৃ ২৭ · বি ২, পৃ ২৬ ; সা ১, পৃ ৩২ ; সা ৩, পৃ ৪৬ ।

* ১-৪ পংক্তি সা ৩ পুথিতে নাই ।

১ মেলি—র, বি ১ । ২ দুহুঁভেল—বি ১, বি ২ ; উলসিত—পদ ।
৩ ভেলি—র, আকুল—বি ১, ২ । ৪ আকুল—পদ
৫ সাগরে—স, র, ন, বি ১, ২ । ৬ ডুবি—বি ১, ২, স, র, ন, সা ১, ২ ।
৭ গেল—বি ২ । ৮ মুখ—র, ন ।
৯ সুখ—র, ন ।
১০ বেড়ল—র, ন, বি ১, সা ৩, কেবল—বি ১ ।
১১ অমৃত—বি ১ । ১২ সমান—বি ১ ।

দোঁহার মাধুরী গুণে উলসিত সখিগণে
নানাফুলে দোঁহারে সাজায়।
সুগন্ধি চন্দন দিয়া কর্পূর তাম্বুল লৈয়া
বিশাখিকা দোঁহারে যোগায়॥
ললিতা ইঙ্গিত পাঞা মালিনী[1] আইল লৈয়া[2]
বিনিসূতে গাঁথি ফুলহার।
দেয়ল দোহার গলে হিয়ার[3] উপরে দোলে
দেখি আঁখি শীতল সভার॥
শেখর মধুর করি কহে কথা ধীরি ধীরি
কানন শোভন দেখিবারে।
শুনিয়া চতুর কান মনে করি অনুমান
উঠিলা[4] ধনীর ধরি করে॥

ত্রয়োদশদণ্ডে বন ভ্রমণ

[১৮৪]

তথা রাগ

বিনোদিনী[5] বিনোদ নাগরবর[6] কান।
সখীগণ সঙ্গে রঙ্গে[7] করল পয়াণ॥

---

১ নর্ম্মদা—পদ। ২ ধাঞা—র, ন।
৩ হৃদয়—বি ১। ৪ উঠিয়া—বি ১; উঠিল—সা ১, ২।
[১৮৪] ইহা প-র-সা পুথির ১৫৮৫ সংখ্যক পদ; পদ ২৭১০ পদ, পৃ ১২৩; ৪র্থ খণ্ড; ন পদ ১০৪, পৃ ১১২; বি ৩, পদ ২২৬৭, পৃ ২৩২; র পদ ১০৪, পৃ ১৩৩; স পদ ১৪৭, পৃ ৫৬২; বি ১, পৃ ২৮; বি ২, পৃ ২৭; সা ১, পৃ ৩২; সা ৩, পৃ ৪৬।
৫ বিনোদিনী—সা ৩। ৬ নাগর—স, বি ১, সা ১, ২; বরনাগর—র, ন।
৭ ঢুহেঁ—র।

দুহুঁ কান্ধে দুহুঁ ভুজ[১] শোভিয়াছে ভালো[২]।
দুহুঁ রূপে দশদিশ করিয়াছে আলো[৩]॥
নবীন যৌবনী সব[৪] চলে[৫] দুই পাশে।
বনের মাধুরী দেখি[৬] হাস পরিহাসে॥
জাতি যুথী মল্লিকা মালতী নাগেশ্বর।
কদম্ব[৭] বকুল[৮] দেখি[৯] চম্পক[১০] মনোহর॥
তমাল মাধবীবন অতি ঘোরতর।
অশোক কিংশুক দোলা[১১] দেখিতে সুন্দর॥
বৃন্দাবন[১২] ফলফুলে[১৩] আছয়ে[১৪] ভরিয়া।
মাধব[১৫] মাধবী[১৬] ভ্রমে সগণ[১৭] লইয়া[১৮]॥
ফুলবনশোভা[১৯] দোঁহে দেখি[২০] কতক্ষণ[২১]।
ফলবন দেখিবারে করিলা গমন[২২]॥
আম জাম বেল[২৩] পীলু গুবাক নারিকেল।
বাদাম দোহারা লেবু[২৪] কপিত্থ সকল॥

---

১ কর—বি ২।
২ ভাল—সা ৩, ক।
৩ আল—ক, সা ৩।
৪ সভে—র, ন।
৫ চলল—বি ২।
৬ দেখে—পদ।
৭ চম্পক—র, ন, বি ২, সা ৩, বি ২।
৮ জবক—বি ১, সা ৩।
৯ সে—পদ।
১০ কদম্ব—র, ন, বি ১, ২, সা ৩।
১১ দোনা—পদ, বন—ন, সা ৩, দনা—র।
১২ বৃন্দাবনে—র, ন, বি ২, সা ১, ২।
১৩ ফুলফলে—র, ন, বি ২।
১৪ আছেত—পদ।
১৫ মাধবী—বি ১, ২।
১৬ মাধব—বি ১, ২।
১৭ সখীগণ—র, ন; হরষিত—বি ১।
১৮ হৈয়া—বি ১।
১৯ মাধুরী—র, ন, বি ১, ২, সা ৩।
২০ দেখিয়া—র, ন।
২১ কথোক্ষণে—পদ; অনুক্ষণে—ক, স; ততক্ষণ—সা ৩।
২২ গমনে—পদ।
২৩ বিল্ব—পদ।
২৪ লেম্বু—র, ন, সা ১, ২; নিম্ব—বি ২।

* কমলা[1] পিয়ালা[2] আর পনস খর্জুর।
দ্রাক্ষা দাড়িম্ব আম্রাতক সুমধুর ॥
তালকুল[3] কলা[4] আদি[5] যতেক কানন।
† দেখি প্রফুল্লিত দুহুঁ করয়ে ভ্রমণ ॥
যন্ত্রশালাতে[6] গেল নাগরী নাগর।
সে বেলি[7] বিবিধ যন্ত্র আনল[8] শেখর ॥

চতুর্দ্দশদণ্ডে সঙ্গীত রাস

[১৮৫]

বিহাগড়া

নিরঞ্জ[9]-নয়নি[10] লেয়ল[11] বীণ[12]
সকল গুণক অতি প্রবীণ
মধুর[13] মধুর[14] বাওত[15] তাল
মদনমোহন মোহিনী।

---

* ১৭ পংক্তি হইতে চারি পংক্তি প-র-সা পুথিতে নাই। ১ কওলা—পদ।
২ পিয়াল—র, ন ; দেখিয়া—বি ১ ; দেখিলা—বি ২, সা ৩। ৩ বাদাম—বি ১।
৪ আম্র—বি ১। ৫ বেত—বি ১ ; বেতস—বি ২, সা ৩।
† 'অতিরসে মাতি সঙ্গে করল ভ্রমণ'—র ন, বি ১, ২, সা ৩।
৬ যন্ত্রশালিকা—র, চন্দ্রশালিকা—বি ২, সা ৩।
৭ সেবেলে—পদ। ৮ আনিল—র, ন স।

[১৮৫] পদ ২৭১৫ পদ, পৃ ১২৪ ; ৪র্থ খণ্ড ; ন ১০৫ পদ, পৃ ১১৩ ; র ১০৫ পদ, পৃ ১৩৪ ; স ১৪৯ পদ, পৃ ৫৬৩ ; বি ১, পৃ ২৮ ; বি ২, পৃ ২৮ ; সা ১, পৃ ৩৩ ; সা ৩, পৃ ৪৬।

৯ নয়নি—বি ১, ২ ; নঅলি—সা ৩। ১০ বসলি—বি ১, ২ ; বসিনী—সা ৩।
১১ নেঅলি—র, ন ; নয়নি—বি ১ ২ ; নওলি সা ৩।
১২ নীর—বি ১, ২ ; বিলাস সা ৩। ১৩ মধু—বি ১। ১৪ মধু—বি ১।
১৫ বাজত—র, বাওয়ে—স, ক ; বাজয়ে—ন ; বাজায়ত—বি ১ ; বাজায়—বি ২ ; বাজাএ—সা ৩ ; বাও—সা ১, ২, চ।

ঝঙ্কৃত ঝঙ্কৃত[১] ঝনন[২] ঝঙ্ক
চলত অঙ্গুলি লোলত[৩] অঙ্গ[৪]
কুটিল নয়নে করত ভাঙ[৫]
অঙ্গভঙ্গি[৬] শোহিনী[৭] ॥

ললিতা ললিত[৮] ধরত তাল
মোহিত মনমোহন লাল
কহতহি[৯] অতি[১০] ভালি ভাল
রাধাগুণ-শালিনী[১১] ।

তরুণীগণ[১২] এক[১৩] ভেলি[১৪]
সকল যন্ত্র করল[১৫] মেলি[১৬]
মুরলি খুরলি দেওত কান
জমকি[১৭] রাগ মালিনী ॥

---

১ ঝন—সা ১, ২। ২ ঝলক—বি ২।
৩ বোলত—র, বি ২, সা ৩। ৪ ঝঙ্ক—র, বি ২।
৫ ভব—ক।
৬ ভঙ্গ—র, ন, বি ১, সা ১, ২।
৭ গাহনী—র ; শোহনী—ন, বি ১, চ, সা ১, ২।
৮ তহি—র ; তব - সা ৩, ন ; রত—বি ১ ; রতন—বি ২।
৯ সভাই—র ; কহত—বি ১, সা ৩।
১০ কহত—র। ১১ সুখশালিনী—র।
১২ তরুগণ—ক, চ ; তরণিগণ—বি ১।
১৩ একহু—র, ন, বি ২ ; একএ—বি ১ ; একই - সা ৩ ; একু—সা ১, ২।
১৪ ভেল—সা ৩।
১৫ করত—বি ১, ২, সা ৩।
১৬ ভেল—সা ৩।
১৭ থমকি—ক ; চমকি—স।

মত্ত কোকিল[1] গাওয়ে[2] মধুর
অলিকুল তহিঁ[3] অতি[4] সুস্বর[5]
* মুরলি-ধনি ঘন গরজনি
নাচত[6] মউর[7] মাতিয়া।

বৃন্দাবন সুখদ ধাম
তহিঁ[8] বিরহই[9] রাই[10] শ্যাম
তরুণীগণ বিমল[11] বদন[12]
গাওত[13] কত[14] ভাতিয়া[15] ॥

ফুলি[16] অনিল বহই ধীর
ফুলি[17] চলই যমুনা তীর
ফুলি[18] কানন ফুলি মদন
ফুলি[19] রমণি[20] শোহিণী[21]।

---

১ মউর—বি ১।
২ গায়ত—বি ১; গায়ে—স, সা ৩।
৩ তাহে—র, ন, বি ১, ২, সা ৩।
৪ দেওত—র, ন, বি ১, ২, সা ৩।
৫ সুর—র, ন, বি ২, সা ৩।
* থৈ থৈ বাজত যন্ত্র—র, বি ২, সা ৩।
৬ মধুর—বি ১।
৭ মুকলি—বি ১।
৮ তাহি—বি ১; তাহে—বি ২।
৯ রহি—বি ১; রহই—বি ২।
১০ রসিক—র, সা ৩।
১১ মোহিত—র; মুরুতি—বি ১, ২; মুরতি—সা ৩।
১২ মদন—র, বি ১, ২, সা ৩।
১৩ কহত—বি ১, সা ৩।
১৪ বাতহু—বি ১; কতহু—র, ন, বি ২, সা ৩।
১৫ মাতিয়া—বি ১।
১৬-১৮ ফুলি—ক, চ।
১৯ ফুলি—ক, চ।
২০ অলিকুল—র।
২১ শোহনী—র, ন, সা ১, ২, ৩, চ।

ললিতা কহত[১] মধুর বাত
কানু নাচহ[২] রাই[৩] সাথ
* অঙ্গ ভঙ্গ সরস রঙ্গ
কহত শেখর মোহিনী[৪] ॥

পঞ্চদশদণ্ডে নৃত্যরাস

[১৮৬]

বেলাবলী

নাচত নাগরী[৫] নাগর কান।
রসবতী[৬] পুন পুন[৭] হেরই[৮] বয়ান ॥
বাজত কত কত যন্ত্র রসাল।
† গাওত সহচরি[৯] দেওত তাল ॥

---

১ তব কহত—র ন, বি ২, সা ৩।

২ নাচহ—র, ন, স, বি ২।

৩ কামিনী—র ন, বি ২, সা ৩।

* রসবতী সহ রসিক রাজ—র।

৪ মোহনী—র. ন ; তুহিনী—বি ১, ২, সা ৩ ; ক, ঘ, চ ; তোহনী—সা ১, ২।

[১৮৬] ইহা প-র-সা পুথির ১৫৮২ সংখ্যক পদ ; পদ ২৭১৬ পদ, পৃ ১২৫; ৪র্থ খণ্ড ; ন ১০৬ পদ, পৃ ১১৪ ; র ১০৬ পদ. পৃ ১৩৫ ; স ১৫০ পদ, পৃ ৫৬৪ ; বি ৩, পৃ ২৩২ ; ২২৬৯ পদ ; বি ১, পৃ ২৮ ; সা ১, পৃ ৩৩ ; সা ৩ ,পৃ ৪৭ ; বি ২, পৃ ২৭।

৫ নটবর—র, ন, বি ১, ২, সা ৩, প-র-সা।

৬ রাধা রসবতী—র, ন, বি ১. ২, সা ৩।

৭ ইহা—র. ন. বি ১, ২, সা ৩ পুথিতে নাই।

৮ হেরি—র, ন, বি ১, ২ ; সা ৩।

† গাওত অদ্ভুত দে গাওত অদ্ভুত দেওত তাল—সা ৩।

৯ অদভুত—র, ন, বি ২।

* চৌদিগে বেঢ়ল[১] নটিনি-সমাজ।
মাঝে শোভত[২] তহিঁ[৩] নটবর রাজ॥
নট-নটিনীগণ[৪] ভেল[৫] এক[৬] সঙ্গ।
চলত চিত্রগতি অঙ্গবিভঙ্গ॥
করে করজোরি ভোরি নাচে[৭] বালা।
মদন[৮] গাঁথল জনু[৯] চাঁদকি[১০] মালা।
পদতল তাল ধরণি-পর ধারি।
নাচত রঙ্গিনী[১১] সঙ্গে[১২] মুরারি॥
হেরি ললিতা তব লেয়লি[১৩] ডম্ফ।
বিকট তাল তব করলি[১৪] আরম্ভ॥
হাসি কমলমুখী[১৫] কহে শুন কান।
ইহ[১৬] পর পদগতি করহ সুঠাম॥
মাতি মদনমদে মদন-গোপাল।
বিকট তালপর নাচত ভাল॥

---

* 'চৌদিগে' ইত্যাদি পংক্তিদ্বয় প-র-সা পুথিতে নাই।

১ বেঢ়িয়া—পদ। ২ শোহত—পদ।

৩ ভেল—সা ৩, 'ইহা—র, ন, বি ১, ২, পুথিতে নাই'।

৪ নটিনী—বি ১।

৫ 'ভেল'—র, ন পুথিতে নাই ; গায়ত- বি।

৬ একহি—র, ন, বি ১, ২, সা ৩। ৭ চলু—র।

৮ মদনে—র, ন, বি ২, সা ৩। ৯ যেন—পদ।

১০ চান্দকি—ন, সা ১, ২, ৩।

১১ অঙ্ক—পদ ; অঙ্গ—বি ২ ; অঙ্কে—সা ১, ২ ; রঙ্গে—স ; রঙ্গনী—ন।

১২ নিশঙ্ক—পদ ; নিসঙ্গ—বি ২ ; নিসঙ্ক—সা ৩ ; নিশঙ্কে—সা ১, ২।

১৩ দেয়লি—বি ২। ১৪ করল—পদ ; কয়ল—সা ১, ২।

১৫ কঙলমুখী—র, ন ; কমলমুখে—বি ১।

১৬ ইহা—পদ।

রাঁঝি[১] দেয়লি[২] নিজ[৩] মোতিম[৪]-মাল।
সুখভরে শেখর কহে ভালি[৫] ভাল॥

ষোড়শদণ্ডে রতি বৈচিত্র

[১৮৭]

বড়ারী রাগ

মদনে বেদন পাঞা মদন গোপাল।
ধরল[৬] ধনীর করে নাহিক সাম্ভাল[৭]॥
* উচ কুচ কলসে লালস[৮] ভইগেল[৯]।
সঘনে[১০] জঘন কাঁপে উনমত ভেল॥
সখীগণ[১১] তৈখন[১২] কৈলী[১৩] অনুমান।
চলল চম্পক-বন[১৪] লই[১৫] রাই[১৬] কাণ[১৭]॥

---

১ রিঝি—ক, চ, প-র-সা, বি ১, ২।
২ রসিনি—সা ৩; হল—বি ১, ২। ৩ তহি—সা ৩; শিতহি—বি ১, ২।
৪ দেয়লি—সা ৩, বি ১, ২। ৫ ভাল—বি ১, সা ৩।
[১৮৭] ন ১০৭ পদ, পৃ ১১৫; র ১০৭ পদ, পৃ ১৩৬; বি ৩, পৃ ২৩২; ১০৬ পদ; বি ১, পৃ ২৯; বি ২, পৃ ২৭; সা ১, পৃ ৩৩; সা ৩, পৃ ৪৭; মৃগাঙ্কনাথ রায়, গ, ৩।
৬ বেড়ল—সা ৩। ৭ সম্ভাল—সা ১, ২; সাভাল—বি ১।
* মৃগাঙ্কনাথ রায়ের পুথিতে এই পদটী এখানে আরম্ভ হইয়াছে।
৮ লাল—সা ৩। ৯ ভৈগেল—সা ৩, মৃ।
১০ সঘন—সা ১, ২, ৩। ১১ গণে—মৃ।
১২ তখন—বি ২, সা ১, ২, ৩; তখনে—মৃ।
১৩ করল—র; করু—বি ১; করিয়া—মৃ।
১৪ লেই—ন; বনে—সা ৩, বি ১, মৃ।
১৫ রাই—বি ১, ন; লয়া—মৃ।
১৬ লেই—বি ১; রাধা—মৃ। ১৭ শ্যাম—মৃ।

প্রফুল্ল কানন তাহে[১] মণিময় ঘর।
সুখদ শেজের[২] মাঝে বসিলা[৩] নাগর ॥
সখীপাশে[৪] বসি[৫] হাসে[৬] রাই সুধামুখী।
নাগরে[৭] কাতর দেখি হাসে সব সখী ॥
স্বেদজলে ভরল সকল কলেবরে।
শেখর ঘুচায় শ্রম নানা উপচারে[৮] ॥

সপ্তদশদণ্ডে সখী শিক্ষা

[১৮৮]

ধানশী

এ ধনি[৯] পতুমিনী[১০] শুন মঝু বাত।
ঐছন[১১] মিলবি[১২] নায়ক[১৩] সাথ ॥
যতনে বসন[১৪] অঙ্গে[১৫] রাখবি গোই।
রহবি লাজাই[১৬] জনু বাত না হোই ॥

---

১ তহি—বি ১। ২ শেজ—বি ১, মৃ।
৩ বসিলি—সা ৩; বসিল—মৃ। ৪ সখীগণ—বি ১।
৫ পরিহাসে—সা ৩; হাসি হাসি—মৃ।
৬ বসি—সা ৩, মৃ। ৫-৬ পরিহাসে—বি ১, সা ১, ২।
৭ নাগর—র; নাগরি—সা ১, ২। ৮ উপহারে—মৃ।

[১৮৮] বি ৩, পদ ১৬১, পৃ ৭৩; ন, ১০৮ পদ, পৃ ১১৬; র পদ ১০৮, পৃ ১৩৭; বি ৩, পদ ১০৭, পৃ ২৩২; বি ১, পৃ ২৯; সা ১, পৃ ৩৩, সা ২, পৃ ৩৪, সা ৩, পৃ ৪৮।

৯ ধনী—র, সা ১, ২; বি ১। ১০ পদমিনী—ন; পতুমিনি—সা ৩।
১১ ঐছনে—সা ১, ২; এইছনে—বি ১, সা ৩।
১২ মিলবিলা—বি ১। ১৩ হরি—বি ১; নাহক—সা ১, ২, ৩।
১৪ বসনে—সা ১, ২, ৩। ১৫ অঙ্গ—সা ১, ২।
১৬ রাতুলি—সা ১, ২।

অবনত বয়ানে[১] রহবি ক্ষিতি[২] হেরি।
খেনে[৩] আধ[৪] নয়নে চাহবি বেরিবেরি॥
খেনে কুচযুগ গিরি[৫] করবি উদাস।
খেনে খেনে ছোড়বি দীঘ[৬] নিশ্বাস॥
খেনে খেনে নিবিবন্ধ বান্ধবি ঝাড়ি।
নিরখি লুবধ জনু হোই[৭] মুরারি॥
যবহু যতন তোহে করবহু নাহ।
নিরস[৮] না বোলবি বচন নিরবাহ॥
সুরত[৯] পিয়াসে[১০] পিয়া[১১] ধরবহু[১২] হাথ[১৩]।
অনুমতি না দেঅবি ঢুলায়বি[১৪] মাথ[১৫]॥
কোরে করব যব রসিক সুজান।
পরিহার মাগবি[১৬] পালটি বয়ান॥
যব তোহে অনুমতি চাহব[১৭] কাণ।
লহু[১৮] লহু[১৯] বোলবি অমিঞা[২০] সমান[২১]॥

---

১ বয়নে—বি ১, সা ৩।
২ খিতি—সা ৩।
৩ * খেণে স্থলে 'ক্ষণে' সা ৩।
৪ আড়—সা ৩।
৫ চীর—ন; চির—সা ১, ২, ৩, (ইহা বি ১ পুথিতে নাই)।
৬ দীর্ঘ—সা ৩।
৭ হোয়ত—ন, বি ১।
৮ বিরস—সা ৩।
৯ সুরস—র; সুরতি—বি ১; সুরতিক—সা ৩।
১০ আশে—সা ৩।
১১ প্রিয়া—বি ১।
১২ ধরব—বি ১।
১৩ হাথে—বি ১; হাত—সা ৩।
১৪ ধুলায়বি—সা ১, ২।
১৫ মাথে—বি ১।
১৬ মাঙ্গবি—র, সা, ১, ২, ন।
১৭ চাহবি—বি ১।
১৮ নহি—সা ১, ২।
১৯ নহি—সা ১, ২।
২০ অমিয়া—সা ৩।
২১ বয়ান—সা ১, ২।

চুম্বন সময়[1] করবি মুখ বঙ্কা।
সুরতি সময় জনু পাঅবি[2] শঙ্কা॥
কহ[3] কবিশেখর চলু[4] সুকুমারী।
তুয়ালাগি আকুল ভেল[5] মুরারি॥

অষ্টাদশ দণ্ডে আবিল কলা

[১৮৯]

যথা রাগ

সখিগণ তখন[6] বোধি[7] কুলকামিনী
লেয়ত[8] পিয়াকর[9] পাশ[10]।
বিপিনে[11] হরিণী[12] জনু ব্যাধহি[13] বান্ধল
ঐছন তেজত[14] শ্বাস[15]॥
* করে ঠেলি ঠেলি বালি আলিকুল আনলি
ঠমকি[16] ঠমকি[17] রহি যায়।
পদনখে ধরণী বিদারই[18] কামিনী
চমকি চমকি ঘন চায়॥

---

১ বেরি—র, ন। ২ পায়বি—সা ৩।
৩ কহে—সা ১, ২, ন। ৪ চলহ—সা ১, ২ ; শুন—বি ১।
৫ ভেলি—বি ১ ; ভৈগেল—সা ১, ২।
[১৮৯] ন পদ ১০৯, পৃ ১১৭ ; বি ৩, পদ ২২৭১, পৃ ২৩৩ ; র পদ ১০৯, পৃ ১৩৮ ; বি ১, পৃ ২৯ ; সা ১, পৃ ৩৪ ; সা ২, পৃ ৪৪ ; সা ৩, পৃ ৪৮।
৬ তৈখনে—র। ৭ বোধিয়া—ন, বি ১, সা ১, ২, ৩।
৮ লেওত—সা ১, ২। ৯ পিয়া—সা ১, ২।
১০ পাশে—সা ১, ২। ১১ বিপিন—র।
১২ হরিণি—সা ৩। ১৩ ব্যাধই—ন ; ব্যাধ—বি ১।
১৪ তেজলি—সা ১, ২। ১৫ শ্বাসে—সা ১, ২।
* ৫।৬।৭।৮ পংক্তি বি ১ পুথিতে নাই।
১৬-১৭ চমকি চমকি—সা ১, ২, ৩। ১৮ বিদারয়ে—সা ১, ২, ৩।

কটি কিঙ্কিণী ধনি দৃঢ় করি বান্ধই
পুন পুন নূপুর বাজায়[১] ।
তাহিঁ[২] ছলে[৩] ভুজমূল[৪] বসন উদাসল
পিআ[৫] হিএ[৬] মদন জাগায় ॥
আড় নয়ন করি হরি[৭] মুখ হেরই[৮]
বচন রচই অতি মীঠ ।
নাহক[৯] বচন শ্রবণে[১০] নাহি[১১] শুনই[১২]
লাগি[১৩] রহল[১৪] আলি পীঠ[১৫] ॥
আন[১৬]বেলি[১৭]হরিণী[১৮] নব[১৯]নব[২০]রঙ্গিনী[২১]
ভঙ্গিণী[২২] করু কত ছন্দ[২৩] ।
কহ[২৪] কবিশেখর শুন বর নাগর
নব রস পানক বন্ধ[২৫] ॥

---

১ সাজায়—ন, বি ১ ।
২ তহি—ন, ঐ—সা ৩ ।
২-৩ তৈছনে—সা ১, ২ ।
৪ ভুজমূলে—সা ৩ ।
৫ প্রিয়া—বি ১ ; পিয়া—সা ১, ২, ৩ ।
৬ হিয়া—বি ১, সা ১, ২, ৩ ।
৭ হেরই - সা ১, ২ ।
৮ হরি—সা ১, ২ ।
৯ না কহ—বি ১ ।
১০ নাহি—সা ১, ২ ।
১১ শুনে—সা ১, ২ ।
১২ শ্রবণ—সা ১, ২ ।
১৩ নাগরি—বি ১ ।
১৪ রহ—বি ১ ।
১৫ পাঠ—র ।
১৬ অন—র, ঘন—বি ১ ।
১৭ বৈলি—সা ৩ ।
১৮ ছৈলি—সা ৩ ।
১৯-২১ ছবিনি বর—সা ৩ ।
২২ রঙ্গিনি—সা ৩ ।
২৩ ভঙ্গ—সা ৩ ।
২৪ কহে—ম ।
২৫ বন্দ—ন ; মকরন্দ—বি ১ ।

উনবিংশতি দণ্ডে নায়কশিক্ষা

[১৯০]

যথারাগ

এ হরি! এ হরি! শুনহ বালা।
কামিনী মানায়বি[১] করিয়া ছলা॥
যখন যে মুখে দাঁড়ায়ে রাই।
করবি মিনতি সেখানে[২] যাই॥
বিনয় বেভারে আনবি পাশ[৩]।
মধুর বচনে দেয়বি[৪] হাস[৫]॥
যে বেলে সরস দেখবি তায়।
সে বেলে পরশ করবি গায়॥
তাহাতে তাহার দেখবি[৬] সুখ।
তবে সে চুম্বন করবি মুখ॥
সে সব[৭] সকল সহিল[৮] যবে।
পীন পয়োধর ধরবি তবে॥
নয়ন চুম্বনে ঘুচাবি[৯] লাজ।
লইয়া বসাবি উরুর মাঝ॥
* নীবি খসায়বি[১০] ভুজের বলে।
হাস পরিহাসে করবি কোলে॥

---

[১৯০] বি ৩, পদ ৫৬৬, পৃ ৫৪ ; ঐ পদ ২২৭২, পৃ ২৩১ ; ন পদ ১১০, পৃ ১১৮ ; র পদ ১১০, পৃ ১৩৯ ; বি ১, পৃ ২৯ ; সা ১, পৃ ৩৪ ; সা ২, সা ৩, পৃ ৪৯।

১ মানাঅবি—র ; মানাবে—বি ১। ২ সমুখ—বি ১ ; সেপথে—সা ১, ২।
৩ পাশে—বি ১। ৪ করবি—সা ৩।
৫ হাসে—বি ১। ৬ দেখহ—বি ১। ৭ এসব—বি ১।
৮ সহবি—সা ১, ২। ৯ ঘুচায়বি—বি ১।
* ১৫ পংক্তি হইতে ১৮ পংক্তি সা ১, ২ পুথিতে নাই।
১০ খসাঅবি—র।

মদন আসন[১] পরশ করি।
রহবি বালার বয়ান[২] হেরি॥
যদিবা যুবতী মুরুছা[৩] যায়।
দেয়বি[৪] চন্দন করবি বায়॥
অলপে অলপে সাধবি সাধ।
নবীন আলাপে না করবি বাদ॥
শেখর নাগরে শিখায়[৫] হিত।
রসিক জনার এই সে রীত॥ *

বিংশতি দণ্ডে সংক্ষিপ্ত সম্ভোগ

[১৯১]

বিহগড়া

হরি কোরে[৬] হরিণি সোঁপি[৭] সব[৮] রঙ্গিণী[৯]
চললহি[১০] আনহু[১১] ঠামে।
অবসরে ধনিকর[১২] ধরল[১৩] নব নাগর[১৪]
মিনতি করয়ে অনুপামে॥

---

১ আলস—সা ৩। ২ বদন—বি ১, সা ৩।
৩ মুরছা—সা ৩। ৪ দেঅবি—র। ৫ শিখাএ—সা ৩।
* শ্রীশ্রীপদকল্পতরুতে এই পদ নাই।

[১৯১] পদ পদ ২৭২২, পৃ ১২৭, ৪র্থ খণ্ড; ন পদ ১১১, পৃ ১১৯; বিদ্যা পদ ১৭৮, পৃ ১০৯; বি ৩, পদ ২২৭৩, পৃ ২৩৩; ঐ পদ ৮৩৮, পৃ ৮১; র পদ ১১১, পৃ ১৪১; স পদ ১৫২, পৃ ৫৬৪; বি ১, পৃ ৩০; সা ১, পৃ ৩৪; সা ৩, পৃ ৪৯।

৬ করে—র, ন, স, সা ৩, ক।
৭ নয়নি—পদ; বসিয়া—বি ১; সুপিয়া—সা ৩; সোঁপি—র, ন।
৮ তব—পদ। ৯ সঙ্গিনী—সা ৩; সোঁপিয়া—পদ।
১০ সখিগণ—পদ। ১১ চলুআন—পদ।
১২ করে—র, সা ৩। ১৩ ধরি—পদ, র, ন। ১৪ নাগরে—র।

হরিণি[১]-নয়নি ধনি রামা। *

কামুক পরশনে[২] সরস[৩] সম্ভাষণে
মিটল[৪] লাজকি ধামা॥

সুখদ শেজপর রাই লই[৫] নাগর
বৈঠলি[৬] নবরতি সাধে।

প্রতিঅঙ্গ চুম্বনে রস অনুমোদনে
থরহরি কাঁপয়ে[৭] রাধে॥

মদন সিংহাসনে করলি আরোহণ[৮]
মোহন রসিক সুজান[৯]।

ভয় গড়[১০] তোড়ল অলপে সমাধল[১১]
রাখল সকল সমান[১২]॥

কহ কবি শেখর গুরুয়া ভোখভর[১৩]
করু জনু[১৪] থোর আহারে।

ঐছন দুহুঁ মন[১৫] তলপই[১৬] পুন পুন[১৭]
উপজল অধিক বিকারে॥

---

১ 'দেখ সখি'!—ইহা র, ন ও সা ৩ পুথিতে অতিরিক্ত রহিয়াছে।

* ৫ হইতে ৭ পংক্তি বি ১ পুথিতে নাই।

২ সরস—পদ; পরসে—সা ৩; পরশণে—র, ন।

৩ পরশ পদ; সরস—র, ন, সা ৩।

৪ মেটউ—পদ; মীটলি—র; মিটল—ন, সা ৩।

৫ নাগরি—পদ; রাইলেই—র, ন, বি ১; রাই লই—সা ৩।

৬ বৈঠল—বি ১।

৭ কাঁপই—র, ন, সা ৩।

৮ আরোহণে—পদ।

৯ সুজানে—র, ন, বি ১, সা ৩।

১০ গাঢ়—সা ৩।

১১ সাধল—সা ৩।

১২ সমানে—র, ন, বি ১, সা ৩।

১৩ ভোখপর—সা ৩।

১৪ যেন—সা ৩।

১৫ দুহুঁজন—বি ১, ক, চ।

১৬ তলপহি—ক।

১৭ ঘন ঘন—বি ১।

একবিংশতি দণ্ডে সংকীর্ণ সম্ভোগ

[১৯২]

তথারাগ

পূন হরি নাগরী[১] চুম্বই বেরি বেরি
অধর সুধা করু[২] পান।
মদন-মহোদধি উছলি উছলি[৩] পড়ু[৪]
ডুবল[৫] নাগর কান॥
উচ কুচ কলস পরশ করি নাগর
ভাসই যৌবন বাণে।
নবরতি-সুখে[৬] ডুখ[৭] ধনী[৮] ভাবই[৯]
নাহ-নিতি[১০] নাহি মানে॥
কপট রোই ধনি পিয়া[১১] কর বারই
করে কুচ রহলি ঝাপাই[১২]।
বিথারল[১৩] কেশ বেশ নিবি-বন্ধন
উরু[১৪] মুড়ি[১৫] অঙ্গ[১৬] ছাপাই[১৭]॥

---

[১৯২] পদ পদ ২৭২৩, পৃ ১২৮, ৪র্থ খণ্ড ; বি ৩, পদ ২২৭৪, পৃ ২৩৩ ; স পদ ১৫৩, পৃ ৫৬৫ ; বি ১, পৃ ৩০ ; সা ১, পৃ ৩৪ ; সা ৩, পৃ ৪৯ ; ন পদ ১১২, পৃ ১২০ ; র পদ ১১২, পৃ ১৪২।

১ নাগরি—সা ৩। ২ কর—স।
৩ উছলি—ক, চলু—ন ; উছললি—র।
৪ মন—ন, র, চলু—বি ১, সা ৩।
৫ ডুব—ক, চ, ডুবলি—র, ন, বি ১।
৬ খেদ—স, ক, চ, সুখো—ন। ৭ দুখ—পদ।
৮ জনু—পদ। ৯ ভাসই—সা ৩।
১০ মিনতি—র, ন, স, বি ১, সা ১, ২, ৩। ১১ প্রিয়—বি ১।
১২ ছাপাই—পদ। ১৩ বিথুরল—সা ৩।
১৪ উর—পদ। ১৫ সরি—বি ১, মুরি—সা ৩।
১৬ আসন রহল—সা ৩। ১৭ ঝাপাই—পদ।

* বিকট কপট নিব করি নব নাগর
নাগরি কোরে বসাই।
† ঘন কুচ মর্দ্দনে[১] দৃঢ় পরি রম্ভণে[২]
‡ কপটে মুরছে[৩] ধনি রাই ॥

§ সুরতি[৪] সমর[৫] রসে কানু-মন মাতল
কমলিনি কাতর-বালা।
সব[৬] অঙ্গ শিথিল স্বেদ জলে তীতল[৭]
মরদিত[৮] চম্পক-মালা ॥

ধনি হেরি নাগর পড়লহি ফাঁপর
ছোড়ল[৯] কেলি-বিলাস।
কহ কবিশেখর কানু ভেল কাতর
চীরহি[১০] করত[১১] বাতাস[১২] ॥

---

* ১৩।১৪ পংক্তি বি ১ পুথিতে নাই।

† সা ৩ পুথিতে এইস্থলে ১৭ পংক্তি দেওয়া আছে 'র' পুথিতেও এইরূপ।

১ মর্দ্দনে—ন, বি ১ ; হানল—পদ।

২ পরিরম্ভণ—পদ।

‡ ১৪ পংক্তিস্থলে 'সা ৩' ও 'র' পুথিতে 'ধনি মন যতনে বসাই'।

৩ মুরুছে—ন।

§ এইস্থলে সা ৩ ও র পুথিতে—'ঘন কুচ মর্দ্দনে দৃঢ় পরিরম্ভণে, মুরছিত কমলিনীবালা'। বি ১ পুথিতে এই পংক্তিদ্বয় নাই।

৪ সুরতি—ন

৫ সমর—পদ।

৬ সর্ব্ব—সা ৩।

৭ তীগল—র, ন।

৮ মানিনী ভেলি—বি ১, সা ৩।

৯ ছোড়লি—সা ৩।

১০ করুতহি—সা ৩।

১১ চীর—সা ৩।

১২ বতাস—পদ।

দ্বাবিংশতি দণ্ডে সম্পূর্ণ সম্ভোগ

[১৯৩]

কেদার

সুখময়[১] বৃন্দাবনে[২] সুখময় শ্যাম।
সুখময়ী[৩] রাধিকা[৪] তহিঁ অনুপাম ॥
* দুহুঁ মিলি রসকেলি আনন্দে করু।
দুহুঁ অধরামৃতে[৫] দুহুঁ মুখ ভরু[৬] ॥
দুহুঁ তনু[৭] পুলকিত দুহুঁ-মন[৮] ভোর[৯]।
বিনোদিনী[১০] রাধা[১১] বিনোদিয়া[১২]-কোর[১৩] ॥
দুহুঁ কেলি পণ্ডিত রূপে গুণে সম।
বিলাস বিক্রম[১৪]-রসে কেহো নহে[১৫] কম[১৬] ॥

---

[১৯৩] পদ পদ ২৭২৫, পৃ ১২৮, ৪র্থ খণ্ড; ন পদ ১১৩, পৃ ১২১; বি ৩, পদ ২২৭৫, পৃ ২৩৩; ঐ পদ ৯২৮, পৃ ৯০; র পদ ১১৩, পৃ ১৪৩; স পদ ৩৭, পৃ ৫১৪; ইহা প-র-সা পুথির ১৪৭৯ সংখ্যক পদ; পদ পদ ১০৬২, পৃ ২২৮, ২য় খণ্ড; বি ১, পৃ ৩০; বি ২, পৃ ২৯; সা ১, পৃ ৩৫; সা ৩, পৃ ৫০।

১ সুখদ—পদ, স; সুখময়—র, ন।

২ বৃন্দাবন—পদ; বৃন্দাবনে—সা ৩।

৩ সুখময়ি—পদ।

৪ রাধা—পদ, র, ন।

* দুহুঁ মেলি কেলি বিলাস করু—পদ, র, ন।

৫ অধরামৃত—সা ৩

৬ পূরু—বি ১, ২।

৭ অঙ্গ—র, ন, বি ১, ২, সা ৩।

৮ বিলাসে—র ন স, বি ১, সা ৩; বিলাস—বি ২।

৯ বিভোর—র, ন, স, বি ১ ২।

১০ বিনদিনী—পদ।

১১ বিনোদ—সা ৩।

১২ বিনোদ—বি ১, ২; সা ৩।

১৩ কিশোর—বি ১, ২।

১৪ রভস—স।

১৫ নহ—পদ।

১৬ ঊন—বি ১।

সুরতি[১]-মুরতি দোহে[২] করু[৩] পরকাশ।
রতিপতি অন্তরে[৪] লাগল[৫] তরাস॥
অদভুত রতি-রণ[৬] দূরে[৭] রহু[৮] লাজ।
নূপুর রুণু-রুণু[৯] কিঙ্কিণী[১০] বাজ॥
অখণ্ড বিলাস রস[১১] নাহি[১২] ভেল[১৩] বাদ।
দুহুঁ মিলি[১৪] পূরল জনমক[১৫] সাধ॥
একতনু[১৬] একমন[১৭] একই পরাণ।
দুহুঁ অঙ্গ[১৮] এক কৈল[১৯] বিধি[২০] নিরমাণ॥
শ্রমজলে[২১] ভিগল[২২] দুহুঁজন[২৩] গায়।
দুহুঁ রতি সায়রে[২৪] ওর নাহি পায়॥
দুহুঁ দোহা চুম্বই[২৫] সমাধই[২৬] কেলি;
দুহুঁজন[২৭] সেবনে শেখর গেলি॥

---

১ সুরত—পদ। ২ কিয়ে—পদ।
৩ দুহুঁ—পদ। ৪ হৃদয়ে—র, ন, স, বি ১, ২, সা ৩।
৫ লাগু—র, সা ৩। ৬ রমণে—বি ১; পরিরম্ভণে—স।
৭ রমণী—বি ১; গমন—সা ৩। ৮ করু—সা ৩, বি ১।
৯ কিঙ্কিণি—পদ; ঝণু ঝণু—সা ৩।
১০ রুণু ঝুণু—পদ। ১১ রসে—র, ন, বি ১, সা ৩।
১২ কছু—পদ। ১৩ নহ—পদ।
১৪ মেলি—পদ। ১৫ আজনম—পদ।
১৬ একমন—বি ১। ১৭ একতনু—বি ১।
১৮ 'অঙ্গ'—বি ১ পুথিতে নাই। ১৯ ভেলঅঙ্গ—বি ১, 'পদ' পুথিতে নাই।
২০ মনসিজ—পদ। ২১ শ্রমজল—পদ।
২২ পূরল—পদ; ভিগল—স। ২৩ দুহুঁ কেরি—ন, সা ৩; দুহুঁ কর—র, বি ১।
২৪ সমরে—পদ; সাগরে—সা ৩; সায়রে—সা ১, ২; সাঅরে—র, ন।
২৫ চুম্বি—পদ; চুম্বন—র; চুম্বই—ন, বি ১, ২; সা ৩।
২৬ সমাধল—পদ; সমাধই—সা ৩।
২৭ দুহুঁ কর—র, ন, বি ১, ২; সা ৩

ত্রয়োবিংশ দণ্ডে বিপরীত শৃঙ্গার

[১৯৪]

বিহগড়া

কামিনী[১] বৈঠলি[২] কামুক সঙ্গ।
ক্ষণে ক্ষণে[৩] উপজয়ে[৪] নব নব রঙ্গ ॥
নায়রি[৫] চুম্বই নাহ বয়ান।
সো সুখ-সায়রে[৬] ভাসল[৭] কান ॥
ধনি মন মনমথে[৮] উনমত[৯] ভেলা।
নাগর উপর[১০] পয়োধর দেলা ॥
কামিনি[১১] করতহি[১২] পুরুষ-আচারা[১৩]।
জিউ লই[১৪] ভাগই[১৫] লাজ বেচারা[১৬] ॥

---

[১৯৪] পদ ২৭২৭. পৃ ১২৯, ৪র্থ খণ্ড ; ন পদ ১১৪, পৃ ১২২ ; বি ৩, পদ ৯৫৪, পৃ ৯২ ; পদ ২২৭৬, পৃ ২৩৩ ; র পদ ১১৪, পৃ ১৪৪ ; স পদ ১৫৫, পৃ ৫৬৫ ; বি ১, পৃ ৩০ ; বি ২. পৃ ২৯ ; সা ১, পৃ ৩৫ ; সা ৩, পৃ ৫০।

১ কামিনী—সা ৩ ; কামিনি - পদ।

২ বৈঠল—বি ১, ২।

৩ খেণে খেণে—পদ ; ক্ষেণে ক্ষেণে—সা ১ ; ক্ষণে ক্ষণে—স, সা ৩।

৪ উপজই—র, ন, বি ২, সা ৩। ৫ নাগরি—বি ১, সা ৩।

৬ সাগরে—সা ৩।

৭ ভোরল—পদ, ভাসই—বি ১, ২ ; সা ৩ ; ভাসল—র, ন।

৮ মনমথ—সা ৩। ৯ উনমতি—সা ১, ২।

১০ করপর—র, বি ১, ২, সা ৩।

১১ কমলিনী—র।

১২ করুতাহা—বি ১ ; করুতহি—সা ৩।

১৩ আচার—বি ২। ১৪ লেই—র, ন।

১৫ ভাগল—পদ ; ভাজই—সা ৩ ; ভাগই—র, ন, বি ২।

১৬ বিচারা—সা ৩ ; বিচার—বি ২।

উলটল লোটন উরু[১]পর চরণা[২]।
নিকসল শ্রমজল[৩] অপরূপ[৪] করণা[৫] ॥
নাসা খগপতি[৬] শ্বাস[৭] হিলোরি।
জলদ[৮] উপরে[৯] দোলে[১০] বিনোদ[১১] বিজোরি[১২] ॥ *
রতি অতি বিপরীতি[১৩] বিলসই[১৪] কামিনি।
মনসিধি সাধই জাগই[১৫] যামিনি ॥
দুহুঁ-মন-মানস পূরণ ভেলি।
হরষি সরোজ-মুখি[১৬] সমাধল[১৭] কেলি ॥
বিলাসে অলস[১৮] ভেল[১৯] দুহুঁ জন[২০] গায়।
† শ্রমজল দূর করু শেখর রায় ॥

---

১ উর—ক, চ, স, সা ৩ ; উপর—বি ১।
২ রচনা—বি ১, ঘ।
৩ স্বেদজল—র, ন, সা ৩ ; শ্রমজল—পদ ; শ্রমজল—স, বি ১, সা ১, ২।
৪ গোরীতনু—র, ন, বি ১, ২, সা ৩।
৫ ভরণা—র, ন, বি ১, ২।
৬ গজমোতি—র, ন, বি ১, ২, সা ৩।
৭ নিঁশ্বাস—সা ৩।
৮ রহি—র সা ৩।
৯ রহি—র, সা ৩।
১০ দোলত—র, সা ৩।
১১ কণ্ঠহি—র, সা ৩।
১২ দোলরি—র, সা ৩ ; বিজুরি—ক, চ।
* হরি হরি দোলত কণ্টক দোলরি—বি ১, ২।
১৩ বিপরীতি—র।
১৪ বিলসত—বি ১ ; বিলসয়ে—পদ ; বিলসই—সা ৩।
১৫ জাগয়—সা ৩।
১৬ সরসমুখী—র, সা ৩ ; সরসিমুখী—বি ১, ২।
১৭ সমাধান—স, ক।
১৮ অবশ—বি ২।
১৯ ভেলি—সা ৩।
২০ দুহুঁ কর—র, বি ১ ; দুহুঁ কেরি—ন, সা ৩।
† শ্রমদূর করতহি শেখর রায়—পদ ; শ্রমজল দূর করু শেখর রায়—সা ১, ২।

চতুর্ব্বিংশতি দণ্ডে রসোল্লাস

[১৯৫]

তথা রাগ

কানু কহে শশিমুখি[১] কর অবধান।
* তুহুঁ রতি-রণ[২]বীর অব হাম জান ॥
তুয়া ঠাম ঠমকে[৩] চমক ভেল কাম[৪]।
ভাগি[৫] রহল দূরে গণি[৬] পরিণাম[৭] ॥
তুহুঁ ধনি করলি[৮] যৈছন[৯] কেলি।
হাম[১০] নাহি[১১] জানিয়ে[১২] ঐছন[১৩] মেলি ॥
অব[১৪] হাম গুরু করি মানলুঁ[১৫] তোয়।
অদ্‌ভূত রতিরীতি[১৬] শিখায়লি মোয় ॥

---

[১৯৫] পদ পদ ২৭২৮, পৃ ১২৯, ৪র্থ খণ্ড; ন পদ ১১৫, পৃ ১২৩; বি ৩, পদ ২২৭৭, পৃ ২৩৩, ঐ পদ ৯৫৩, পৃ ৯২; র পদ ১১৫, পৃ ১৪৫; স পদ ১৫৬, পৃ ৫৬৬; বি ১, পৃ ৩১; সা ১, পৃ ৩৫; সা ৩, পৃ ৫১।

১ কামিণী—র, ন, বি ১, সা ৩।

* দ্বিতীয় পংক্তির পাঠ বিভিন্নরূপ রহিয়াছে, এইস্থলে র, ন, বি ১, সা ৩, পুথির পাঠ একরূপ, তাহাই গ্রহণ করা হইয়াছে; 'রতিরণে বীর তুহুঁ হাম অব জান।'—পদ।

২ 'রসে'—ক। ৩ চমকে—সা ১, ২।

৪ কাণ—বি ১। ৫ ভাজি—র, ন, সা ৩।

৬ গুণি—র, ন; গুণে—বি ১। ৭ অপমান—বি ১।

৮ কয়লি—পদ; করলহি—র; করলি—ন, সা ৩; যৈছন—বি ১।

৯ যৈছন—র, ন, স, সা ৩; করলি—বি ১।

১০ হামহুঁ—র, ন, বি ১, সা ৩। ১১ না—র, ন, বি ১, সা ৩।

১২ জানয়ে—ন, সা ১, ২; জানলি—র; জানহ—বি ১; জানিয়ে—সা ৩।

১৩ যৈছন—ক, চ। ১৪ আর—বি ১।

১৫ মানহুঁ—সা ৩।

১৬ রতিরণ—পদ; রতিরাতি—বি ১; রতিরীতি—সা ৩।

অধরে[১] দশনচিহ্ন দেয়লি[২] হঠিনী[৩]।
হৃদয়[৪] বিদারল[৫] তুয়া কুচ কঠিনী[৬] ॥
নখরে বিদারল[৭] সব তনু মোর।
তিলেক করুণাধনি[৮] না[৯] রহু তোর ॥
কহ কবিশেখর শুন বর[১০] কান।
আজনম[১১] গুরুগুণ করবি[১২] ধেয়ান ॥

পঞ্চবিংশতি দণ্ডে স্বাধীন ভর্তৃকা

[১৯৬]

মল্লার রাগ

অপরূপ রাধা-মাধব নেহা[১৩]।
রসবতী[১৪] বেশ বনাইতে[১৫] রসময়
অবশ ভৈগেল[১৬] দেহা ॥

---

১ অধরহি—পদ ; অধরে—র, ন, সা ৩।
২ ভেল—পদ ; দেয়লি—ন, র, বি ১, সা ৩।
৩ হঠিনা—পদ ; হাঠনী—সা ৩ ; হঠিনী—র, ন, বি ১।
৪ হৃদয়ে—ন। ৫ বিদারলি—ন, র, বি ১।
৬ কঠিনা—পদ ; কাঠনী—সা ৩ ; কঠিনী—ন, র, বি ১।
৭ বিদারলি—পদ ; বিদারল—ন, র, বি ১।
৮ ধন—পদ ; ধনি—র, ন, বি ১, সা ১, ২, ৩।
৯ নাহি—বি ১। ১০ অব—র, সা ৩।
১১ আজুমন—বি ১। ১২ করি—সা ১, ২।
[১৯৬] বি ৩, পদ ২২৭৮, পৃ ২৩৩ ; ন পদ ১১৬, পৃ ১২৪ ; র পদ ১১৬, পৃ ১৪৬ ; বি ১, পৃ ৩১ ; সা ১, পৃ ৩৬ ; সা ২, পৃ ৩৮ ; সা ৩, পৃ ৫১।
১৩ লেহা—সা ৩। ১৪ রসবতী—সা ৩।
১৫ বনায়ত—বি ১ ; বনাগ্নই—সা ৩।
১৬ ভৈগেও—র।

পুনহুঁ[১] সম্ভারি[২] নারী[৩] লেই[৪] সাজই[৫]
ঘন ঘন কয়[৬] করু কম্প।
কুচযুগ পরশে অবশল[৭] তনু মন[৮]
লোরে[৯] নয়ন রহু ঝম্প॥
কত অনুবন্ধ করত নব নাগর
নাগরী[১০] কোরে বসাই।
চরণ কমলপর[১১] নুপূর[১২] পরাইতে[১৩]
গলে[১৪] গজমোতি খসাই॥
ভরমে ভরল[১৫] তনু চমকি[১৬] রহল কানু
বিনোদিনী[১৭] বদন নেহারি।
যুবতি যতন করি সাজায়ল[১৮] সহচরী
শেখর কহে বলিহারি॥ *

---

১ পুনহি—বি ১।
২ সাভারি—বি ১; সম্ভার—সা ৩; সাম্ভারি—সা ১, ২।
৩ নারি—সা ৩; সাজই—সা ১, ২।
৪ নেই—সা ৩।
৫ নারী—সা ১, ২।
৬ কর—ন।
৭ অবশ—ন।
৭-৮ 'সরস ভেল সব তনু' বি ১, সা ৩, "তনু ভেল সরসে"—সা ১, ২।
৯ নোরে—র।
১০ নাগরি—সা ৩।
১১ যুগলপর—বি ১।
১২ পরাইতে—সা ১, ২।
১৩ নুপূর—সা ১, ২।
১৪ গীম—র; গল—সা ১, ২।
১৫ ভুলল—বি ১।
১৬ চটকি—বি ১, সা ১, ২।
১৭ বিনোদিনি—সা ৩।
১৮ সাজলি—সা ৩, র।
* শ্রীশ্রীপদকল্পতরুতে এই পদ নাই।

অথালস-নিদ্রা-লীলা

ষড়্‌বিংশতি দণ্ডে সমদন মদালস

[১৯৭]

বেলাবলী

অলসে[১] অবশ[২] ভেল রসবতি রাই।
মদন মদালসে শূতলি[৩] যাই ॥
কানু[৪]-শয়ন[৫] করু কামিনি-কোর[৬]।
চাঁদ[৭] আগুলি[৮] জনু রহল চকোর[৯] ॥
দুহুঁ শিরে দুহুঁ-ভুজ[১০] বয়ানে বয়ান।
উরু উরু[১১] লপটল[১২] নয়ানে নয়ান ॥
ঘুমি[১৩] রহল [১৪] তহিঁ কিশোরি কিশোর।
কেশ[১৫] প্রবেশ নাহি তনু তনু জোর ॥

---

[১৯৭] পদ পদ ২৭৪৩, পৃ ১৩৫ ৪র্থ খণ্ড ; বি ৩, পদ ২২৭৯, পৃ ২৩৪ ; ইহা প-র-সা পুথির ৩৩৬ সংখ্যক পদ ; র পদ ১১৭, পৃ ১৪৭ ; স পদ ১৫৭, পৃ ৫৬৬ ; বি ১, পৃ ৩১ ; সা ১, পৃ ৩৬ ; সা ২, পৃ ৩৬ ; সা ৩, পৃ ৫১ ; ন পদ ১১৭, পৃ ১২৫।

১ আলসে—র, ন, স।
২ আকুল—সা ১, ২ ; ঘুমি—ক, চ, প-র-সা।
৩ সূতলি—সা ৩।
৪ কানুসে—সা ১, ২।
৫ যতনে—সা ৩ ; অলসে—সা ১, ২।
৬ কোরে—বি ১।
৭ চান্দ—সা ১, ২, ৩।
৮ আগোরি—র, ন, স ; আগুলি—বি ১, সা ১, ২, ৩।
৯ চকোরে—বি ১।
১০ ভুজে—ন, স।
১১ অঙ্গ অঙ্গ—বি ১।
১২ পলটল—সা ৩।
১৩ ঘুমি—ক, চ, প-র-সা ; ঘুমলি—র, ন, বি ১ ; রসভরে—সা ৩।
১৪ রহলি—র, ন, বি ১, সা ১, ২, ৩।
১৫ কেশের—র, ন ; বেশের—সা ৩।

সখিগণ[১] নিজ নিজ[২] কুঞ্জে[৩] পয়াণ[৪]।
নিভৃত নিকেতনে কয়ল[৫] শয়ান[৬]॥
স্বেদবিন্দু চূয়ত[৭] দুহুঁজন[৮] গায়।
শেখর[৯] করু[১০] তহিঁ[১১] চামর বায়॥

সপ্তবিংশতি দণ্ডে শুকোৎকণ্ঠা

[১৯৮]

তথা রাগ

দশদিশ নিরমল ভেল পরকাশ।
সখীগণ[১২] মনে[১৩] ঘন উঠত[১৪] তরাস॥

---

১ সখীপুঞ্জ—র, ন; সখিপুঞ্জ—সা ১, ২, ৩।

২ কুঞ্জ—র, ন; নিকুঞ্জে—বি ১, সা ১, ২, ৩।

৩ করল—র, ন, বি ১; করলি—সা ১, ২, ৩।

৪ গমন—র, ন, বি ১, সা ১, ২, ৩।

৫ করল—ন; করব—র; রচল—সা ১, ২, ৩; করতহি—ক, চ, প-র-সা।

৬ শয়ন—র, ন।

৭ দেখি—পদ; চূয়ত—র, ন, বি ১, সা ১, ২, ৩।

৮ দুহুঁকেরি—র, ন, বি ১, সা ৩; দুহুঁকর—সা ১, ২।

৯ করু—র, ন, বি ১, সা ৩। ১০ কবি—র, ন, বি ১, সা ৩।

১১ শেখর—র, ন, বি ১, সা ৩।

[১৯৮] পদ পদ ২৭৪৮, পৃ ১৩৮, ৪র্থ খণ্ড; ন পদ ১১৮, পৃ ১২৫; বি ৩, পদ ২২৮০, পৃ ২০৪; ঐ পদ ১১০১, পৃ ১০৬; র পদ ১১৮, পৃ ১৪৭; স পদ ১৫৮, পৃ ৫৬৬; বি ১, পৃ ৩১; সা ১, পৃ ৩৭; সা ২, পৃ ৩৭; সা ৩, পৃ ৫২।

১২ সখীগণে—র, ন; সখিমন—বি ১; সখিমনে—সা ১, ২, ৩।

১৩ ঘন—র, ন, বি ১, সা, ১, ২, ৩।

১৪ উঠয়ে—পদ; উঠত—প, স, ন, চ।

আম্রে[১] কোকিল ডাকে[২] কদম্বে মউর[৩]।
দাড়িম্বে বসিয়া কীর বোলয়ে মধুর ॥
দ্রাক্ষা ডালে বসি[৪] ডাকে[৫] কপোত কপোতী[৬]।
তারাগণ সহিতে[৭] লুকায়[৮] তারাপতি ॥
কুমুদিনী বদন তেজল[৯] মধুকর।
পদুমিনী[১০] নিকটহি[১১] চললি[১২] সত্বর ॥
শারী[১৩] কহে রাই জাগ চল নিজ[১৪] ঘর।
জাগল সকল লোক সেহ[১৫] ভেল[১৬] ডর ॥
শেখর শেখরে[১৭] কহে হাসিয়া হাসিয়া।
চোর হইয়া সাধুপারা রহিলে[১৮] শুতিয়া ॥

---

১ আম্রডালে—বি ১।
২ বি ১ পুঁথিতে নাই।
৩ ময়ূর—সা ৩।
৪ ডাল—ঘ।
৫ ডালে—র, সা ৩।
৬ কপোতি—সা ৩।
৭ সনে—ক, স ; সঞে—চ।
৮ লুকায়ল—স ; লুকাল—ন।
৯ চুম্বই—র, ন, সা ৩।
১০ পদুমিনি—সা ১, ২, ৩ ; কমল—পদ।
১১ নিকটহি—র, ন ; নিকটে—সা ১, ২ ; নিয়ড়ে—পদ।
১২ আসি মিলয়ে—পদ, সা ১, ২।
১৩ সারি—সা ৩।
১৪ যাব—র, ন, বি ১, সা ৩।
১৫ নাহি—পদ।
১৬ মান—পদ।
১৭ সে বেলি—র, ন ; সে বেলে—বি ১, সা ১, ২, ৩।
১৮ রহিলা—পদ ; রহলি—র, ন।

অষ্টবিংশতি দণ্ডে সখী উৎকণ্ঠা

[১৯১]

ললিত

অলিকুল[১] জাগল অলিকুল-গানে।
চমকি[২] চাহই দিগ[৩] চকিত নয়ানে॥
চঞ্চল চিত অতি[৪] চললি[৫] নিকুঞ্জে[৬]।
সুখদ শেজ[৭] তহিঁ[৮] সুকুসুম[৯]-পুঞ্জে[১০]॥
বিগলিত কুন্তল বিগলিত বাস[১১]।
হেরি হেরি সহচরি করু পরিহাস[১২]॥
জাগ জাগ সুন্দরি সুন্দর কান।
দশদিশ[১৩] নিরমল ভেল[১৪] বিহান॥

---

[১৯১] পদ পদ ২৭৪৯, পৃ ১৩৮, ৪র্থ খণ্ড; ন পদ ১১৯, পৃ ১২৬; বি ৩, পদ ২২৮১, পৃ ২৩৪; র পদ ১১৯, পৃ ১৪৮; স পদ ১৫৯, পৃ ৫৬৬; বি ১, পৃ ৩১; বি ২, পৃ ৩০; সা ১, পৃ ৩৭; সা ৩, পৃ ৫২।

১ সখিগণ—বি ১।

২ চমকিত—পদ; চমকি—র, ন, বি ১, ২, সা ১, ২, ৩।

৩ চাহই—পদ; চাহই দিগ—র, ন, বি ১, ২, সা ১, ২, ৩।

৪ তেজি—সা ৩। ৫ চল—সা ৩।

৬ নিজকুঞ্জে—সা ৩।

৭ শেজে—র, ন, বি, ১, ২, সা ১, ২।

৮ শুতি—র, ন, বি ১, ২, সা ৩; দুহুঁ—সা ১, ২।

৯ রহুঁ রস—র, ন, বি ২, সা ৩; রসরস—বি ১; সুতি—সা ১, ২।

১০ রহুপুঞ্জে—সা ১, ২।

১১ বাসে—ন স, বি ১, ২, সা ১, ২, ৩।

১২ পরিহাসে—ন, স, বি ১, ২, সা ১,২, ৩।

১৩ দশদিগ—বি ২। ১৪। ভেলি—র, ন।

* সহচরি ভয় করি সভে চলি গেল।
গুরুজন[১] এতখন[২] বাহির ভেল॥
হাম সব আছিয়ে[৩] তুয়া মুখ চাই।
রহই না পারিয়ে[৪] অব ঘরে[৫] যাই॥
জাগল দুহুঁ জন রহলি বিভোর[৬]।
নয়ন[৭] না মেলই[৮] তনু তনু জোর[৯]॥
সখিগণে[১০] তৈখনে[১১] করু[১২] অনুমান।
কপট কোটি কত[১৩] করত ভিয়ান॥

---

* নবম পংক্তিটির পাঠ বিভিন্নরূপে বিভিন্ন পুথিতে রাহয়াছে, এইস্থলে অর্থসঙ্গতি বিচার করিয়া 'সা ৩' পুথির পাঠ গ্রহণ করা হইল।

"কুমুদিনি তেজি অলি কমলহিঁ গেল।"—পদ।

"সহচরী ভয় করি সভে করে গেল"—র, ন, বি ১, ২।

১ গুরুজনে—সা ৩।

২ অতিখণ—পদ; এতিখণ—র, ন; এতিখণে—সা ৩; তখনই—বি ১, ২; এতখণ—স।

৩ আছলুঁ—র, সা ৩; আছহুঁ—ন, বি ২; অব—বি ১।

৪ পারই—বি ১।

৫ ঘর—ন, র, সা ৩, বি ১; সব—বি ২।

৬ ১৩ পংক্তির পাঠ বিভিন্নরূপ রহিয়াছে, এই লে 'র ন' পুথির পাঠ গ্রহণ করা হইয়াছে।

'শুনইতে জাগি রহল দুহুঁ ভোর'—পদ।

'জাগি অনুরাগিণী রহলি জনু ভোরী'—সা ৩।

জাগিয়লু রাগিনি রহু জনু ভোর'—বি ১।

'জাগি অনুরাগিনি রহলুঁ জনু ভোর'—বি ২।

৭ নয়ান—সা ১, ২।

৮ মিলই—ঘ, চ।

৯ জোরি—সা ১, ২, ৩।

১০ সখীগণ—র, ন, বি ২, সা ৩।

১১ তৈখন—র, ন, সা ৩।

১২ করি—সা ৩।

১৩ শত—র, ন, বি ১, ২, সা ৩।

তুহুঁ মেলি[১] উঠলি[২] অতি ভয় পাই ;
হাসি হাসি শেখর দ্বার খসাই ॥

ঊনত্রিংশ দণ্ডে মদন শয্যোত্থান

[২০০]

তথা রাগ

রজনি[৩] শেষ[৪] পর[৫] নাগরি[৬] নাগর[৭]
বৈঠল[৮] শেজকি[৯] মাহি[১০] ।
হেরি সখি সত্বর[১১] মন্দির ভীতর[১২]
হাহি হাসি[১৩] পৈঠলি[১৪] তাহিঁ[১৫] ॥

---

১ জন—পদ ; মেলি—র, ন, বি ১, ২, সা ৩।

২ জাগল—পদ ; বৈঠত—বি ১ ; বৈঠলি—বি ২ ; উঠলি—র, ন, সা ৩।

[২০০] পদ পদ ২৭৫১, পৃ ১৩৯, ৪র্থ খণ্ড ; ন পদ ১২০, পৃ ১২৭ ; বিদ্যা পদ ২৬৩, পৃ ১৬০ ; বি ৩, পদ ২২৮২. পৃ ২৩৪ ; র পদ ১২০, পৃ ১৪৯ ; স পদ ১৬০, পৃ ৫৬৭ ; বি ১, পৃ ৩১ ; বি ২, পৃ ৩০ ; সা ১, পৃ ৩৭ ; সা ৩, পৃ ৫২।

৩ রজনিক—সা ১, ২।
৪ শেষে—সা ১, ২।
৫ বর—পদ, সা ১, ২ ; পর—র, ন, বি ১, ২, সা ৩।
৬ নাগর—সা ১, ২।
৭ নাগরী—সা ১, ২।
৮ বইসল—বিদ্যা ; উঠি—র, ন, বি ১, ২, সা ৩।
৯ সেজক—বিদ্যা ; বৈঠলি শেজ—র ; বৈঠলি সেজ—সা ৩।
১০ মাহী—বিদ্যা ; মাই—ন, বি ২ ; সেজাই—সা ৩।
১১ তোরিত—বিদ্যা।
১২ ভিতর—সা ৩, ক।
১৩ হসি হসি—বিদ্যা।
১৪ পৈঠল—পদ ; বইসল—বিদ্যা ; বৈঠলি—র, স, সা ৩ ; পৈঠলি—ন, বি ১, ২।
১৫ তাই—ন, সা ৩।

সহচরি মেলি[১] কেলি কলপতরু
করতহি[২] রস পরকাশে।
রজনিক রঙ্গ কহিতে[৩] নব[৪] নাগরি
পিয়ামুখ ঝাঁপলি[৫] বাসে॥
দুহুঁ মুখ নিরখি হরখি সব সহচরি[৬]
পুলকিনি[৭] রহলি[৮] বিভোরি[৯]।
পীত বসন লেই[১০] নিজ তনু ঝাঁপই[১১]
লাজে লাজায়লি গোরি[১২]॥
তব[১৩] হরি নাগরি[১৪] কোরে আগোরলি[১৫]
ডুবল[১৬] সুখসিন্ধু মাঝ[১৭]।
ললিতা ললিত কহি দুহুঁ বেশ খণ্ডিত[১৮]
সাজাওত[১৯] অনুপম সাজ[২০]॥

---

১ কেলি—র।

২ করকত—বিত্তা, স ; করতহি—র, ন, সা ৩ ; করুকত—পদ ;
করাতহি—বি ১, ২।

৩ কহইতে—বিত্তা ; কহি—বি ২। ৪ বর—সা ১, ২।

৫ ঝাঁপল—পদ ; ঝাঁপলি—র, ন, বি ২।

৬ সুন্দরী—র, ন, বি ২ ; সুকুমারি—সা ৩।

৭ পুলকেপুরি—র। ৮ রহল—স ; রহ—র, বি ১।

৯ নিহারি—বিত্তা, নেহারি—স, ন ; ভোরি—র, বি ২, নিভোরি—সা ৩।

১০ লই—স, বিত্তা।

১১ ঝাঁপল—পদ, ঝাঁপই—র, ন, বি ২, সা ৩ ; ঝাঁপলি—সা ১, ২।

১২ গোরী—সা ৩। ১৩ তবে—সা ৩।

১৪ গোরী—র, ন, বি ১, ২।

১৫ আগোরল—বিত্তা ; আগোরিলি—বি ২।

১৬ ডুবলি—র, ন, বি ২ ; বোরলি—সা ৩।

১৭ মাঝে—সা ১, ২।

১৮ ১৫ পংক্তি স্থলে—'ললিতা লেই ললিত করে দুহুঁ তনু'—বি ২, সা ৩।

১৯ সাজত—সা ৩। ২০ সাজে—সা ১, ২।

তুহুঁ রূপে[1] মগন ভেল সব সখিগণ[2]
দিন রজনী নাহি[3] জান।
অরুণ উদয় ভেল শুটিলা শবদ পাইল
কবিশেখর গুণ গান॥ *

শ্রীবৃন্দার কৌশলে শ্রীরাধাকৃষ্ণের স্বগৃহে গমন

[৩০ দণ্ডে কক্‌খটী বিতর্ক]

[২০১]

তথা রাগ

নিশাচর[4] ঘরে[5] গেল অরুণ উদয় ভেল[6]
তারাপতি কাঁতি[7] মলিন।
কুমুদ মুদিত[8] ভেল পদুম প্রকাশল[9]
পরবশ[10] পড়ল কঠিন॥

---

১ তুহুঁ কেরি—সা ৩ ; তুহুঁ রূপ—র, ন ; তুহুঁ রূপবুপে—র, ন, বি ১।

২ জন—র, ন. বি ২, সা ৩। ৩ নহি—বিদ্যা।

* কবি শেখর ইহ ভান—বিদ্যা ; করু কবিশেখর গান—র. ন, বি ২, সা ৩।

[২০১] পদ পদ ২৫০৬, পৃ ৪৫, ৪র্থ খণ্ড ; ন পদ ১২১, পৃ ১২৮ ; বি ৩, পদ ২২৮৩, পৃ ২৩৪ ; র পদ ১২১, পৃ ১৫০ ; স পদ ৬৮, পৃ ৫২৫ ; বি ১, পৃ ৩২ ; বি ২, পৃ ৩০ ; সা ১, পৃ ৩৭ ; সা ৩, পৃ ৫৩।

৪ নিশাকর—ক, স। ৫ ঘর—সা ১, ২, ৩ ; ডর—বি ১।

৬ কৈল—পদ, সা, ১, ২, ৩। ৭ কিতি—বি ১।

৮ মুদিল—থ ; মলিন—বি ১। ৯ প্রকাশ—বি ১।

১০ পরবশে—র, বি ১, ২, সা ৩।

দেখিয়া দোঁহার রীতে[১] বৃন্দা[২] বিকল চিতে[৩]
আদেশিলা[৪] কোকিল[৫] কোকিলি।
তারা সভে[৬] গান করে ভ্রমর[৭] ঝঙ্কারপূরে
কেকাকেকী[৮] করয়ে[৯] বিকুলি[১০]॥
কক্‌খটী উঠায় তান কি করহ[১১] রাধাকান[১২]
শেজতেজি[১৩] করহ পয়ান।
রাইরে[১৪] না দেখি ঘরে জটিলা লগুড় করে
বনে আসি করয়ে সন্ধান॥
কক্‌খটী কপট কথা[১৫] শুনি বৃষভানু সুতা[১৬]
তরাসে তরল ভেল মন।
রাধা কানু সখী সাথে চলিলা গোপত[১৭] পথে
তুরিতে তেজল সেই বন॥
খেদিল[১৮] হরিণী[১৯] যেন ঐছন রমণী[২০]গণ
চকিত নয়নে[২১] ঘন[২২] চায়।
নাগরী[২৩] নাগর[২৪] পাশে দাঁড়ায়ে[২৫] শেখর হাসে
ভয় নাই[২৬] সবারে[২৭] বুঝায়॥

---

১ রীতি—র, ন। ২ বিরিন্দা—বি ২। ৩ চিত—র, ন।
৪ আদেশল—র, সা ৩; আদেশিল—সা ১, ২।
৫ কোকিলা—বি ১। ৬ সব—বি ১, ২, সা ৩। ৭ ভ্রমরা—বি ১।
৮ কেকা—ঘ, স। ৯ ময়ূর—স। ১০ বিকলি—সা ৩।
১১ কর—বি ১। ১২ শ্যাম—সা ৩। ১৩ তুরিতহি—পদ।
১৪ রাই—বি ১। ১৫ কলা—বি ২। ১৬ বালা—বি ২।
১৭ গুপত—সা ৩। ১৮ দেখয়ে—স, ন, সা ১, ২, ক, খ, চ; দেখিল—বি ১, ২।
১৯ হরিণি—সা ৩। ২০ তরুণি—সা ৩।
২১ নয়ন—সা ৩; নয়ানে—সা ১, ২। ২২ কোনে—সা ৩।
২৩ নাগর—সা ১, ২, ৩। ২৪ নাগরি—সা ১, ২, ৩।
২৫ দাঁড়ায়্যা—পদ; দাণ্ডায়্যা—বি ২, সা ৩; দাড়াইয়া—সা ১, ২।
২৬ নাহি—সা ৩। ২৭ সভারে—সা ৩।

সখীতে সখীতে কথা

প্রভাত সময়ে গৃহে গমন

[২০২]

তথা রাগ

তুহুঁ রূপ লাবণি মনমথ[১] মোহিনী[২]
নিরখি নয়ান[৩] ভুলি[৪] যায়। *
রজনি জনিত রতি বিশেষ আলাপনে
অলস[৫] রহল তুহুঁ গায়॥
বিথারল[৬] কুন্তল তাহে[৭] কুসুমদল
লোলহি[৮] আনহি ভাতি।
তুহুঁ[৯] দোহা[১০] হেরি মুখ হৃদয়ে বাঢ়ল[১১] সুখ
বোলত[১২] ভুলত[১৩] পাতি[১৪]॥

---

[২০২] পদ পদ ২৭৫৪, পৃ ১৪০, ৪র্থ খণ্ড ; ন পদ ১২২, পৃ ১২৯ ; বিদ্যা পদ ২৬৫, পৃ ১৬১ ; বি ৩, পদ ২২৮৪, পৃ ২৩৪ ; র পদ ১২২, পৃ ১৫১ ; স পদ ১৬১, পৃ ৫৬৭ ; বি ১, পৃ ৩৩ ; বি ২, পৃ ৩০ ; সা ১, পৃ ৩৮ ; সা ৩, পৃ ৫৩।

১ লাবণি—বি ১, ২। ২ মোহিনি—পদ।
৩ নয়ন—পদ ; নয়নে—বি ১ ; নয়ান—বি ২। ৪ ভরি—ক।
* হরখি নয়ন ঘন চায়—সা ৩। ৫ আলস—ক, চ।
৬ চাঁচর—পদ ; বিথরল—বি ১, ২, সা ৩।
৭ তাতে—পদ ; তাহে—সা ৩, বি ১, ২।
৮ লোলত—পদ ; লোলনি—সা ৩ ; লোলহি—বি ১, ২।
৯ দোহে—সা ৩। ১০ দোহা—সা ৩।
১১ বাঢ়য়ে—পদ ; বাঢ়ল—র, ন, বি ১, ২, সা ৩।
১২ বোলল—বি ১।
১৩ আন আন—বি ১ ; ভূতল—স, ক, চ।
১৪ ভাতি—বি ১।

নিজ নিজ মন্দির[১] নাগরি নাগর
চলইতে করু অনুবন্ধ।
বিরহ[২]-বিষানলে দুহুঁ তনু জারল
লোচনে লাগল ধন্ধ[৩] ॥
* ভীতক চীত পুতলি সম[৪] দুহুঁ জন[৫]
রহলি[৬] বিদায়ক[৭] বেলা।
প্রেম পয়োনিধি উছলি উছলি[৮] বহু[৯]
চেতনে[১০] অচেতন ভেলা ॥
দুহুঁ জন[১১] চীত[১২] রীত[১৩] হেরি সহচরি
ঘন ঘন গগনহি[১৪] চায়।
রজনি পোহায়ল জন সব[১৫] জাগল
সে ডরহি[১৬] অধিক ডরায় ॥

---

১ মন্দিরে—সা ৩।
২ বিছেদ—পদ; বিচ্ছেদে—ক, চ, বি ২, সা ১, ২; বিষাদে—বি ১; বিরহ—বিদ্যা।
৩ ধন্দ—পদ; ধন্ধ—সা ৩।
* ১৩ হইতে ১৬ পংক্তি পর্য্যন্ত 'ক ১' পুঁথিতে নাই।
৪ সন—বিদ্যা; প্রায়—স, ক। ৫ তনু—র, ন, বি ২, সা ৩।
৬ রহল—বিদ্যা; রহলি বিহনি—ন।
৭ বিদারকি—সা ৩। ৮ পড়ু—স।
৯ বহু—সা ৩; পড়ু—পদ; জনু—স।
১০ চেতন—বিদ্যা, স, ন, ক, চ, বি ২, সা ৩; চেত—র।
১১ দুহুঁকর—র, ন, বি ২; দুহুঁক—সা ৩।
১২ চিতক—বি ১। ১৩ বিত—বি ১।
১৪ গগনহু—সা ৩।
১৫ সবজন—স, বি; নগরহু—র, ন, বি ১, ২, সা ৩।
১৬ ডরে—র, ন, বি ১, সা ৩।

শেখর বুঝিয়া[১] তব করি কত অনুভব
তুহুঁ সঙ্গ[২] ভঙ্গ করায়[৩]।
নিজ নিজ মন্দিরে সভে[৪] যাই[৫] শুতলি[৬]
গুরুজন ভেদ না[৭] পায়[৮] ॥

সখীর উক্তি

উভয়ের বিচ্ছেদ

[২০৩]

তথা রাগ

বিচ্ছেদে[৯] বিকল ভেল তুহুঁক[১০] পরাণ।
দরদর[১১] অন্তর ঝরয়ে[১২] নয়ান ॥

---

১ বুঝি—পদ; বুঝিয়া—র, ন।
২ অঙ্গ—ঘ। ৩ করাব—বিদ্যা।
৪ গমন—পদ; তুহুঁ জন—বি ২; সভে—র, ন, বি ১, সা ৩।
৫ করল—পদ; যাই—র, ন, বি ১, সা ৩।
৬ তুহুঁ—পদ; শুতলি—র, ন, বি ১, সা ৩, বি ২।
৭ নাহি—ক, স; নহি—বিদ্যা।
৮ পায়ব—বিদ্যা।

[২০৩] পদ পদ ২৭৫৬, পৃ ১৪০, ৪র্থ খণ্ড; ন পদ ১২৩, পৃ ১৩০; বিদ্যা পদ ২৬৪, পৃ ১৬০; বি ৩, পদ ২২৮৫, পৃ ২৩৪; র পদ ১২৩, পৃ ১৫৩; স পদ ১৬২, পৃ ৫৬৮; বি ১, পৃ ৩৩; বি ২, পৃ ৩০; সা ১, পৃ ৩৭; সা ২, পৃ ৩৭; সা ৩, পৃ ৫৪।

৯ বিছেদে—পদ; বিছোহ—বিদ্যা; বিচ্ছেদে—র, ন, স, বি ১, ২, সা ১, ২।
১০ তুহুঁকি—বি ২।
১১ গরগর—পদ; দরদর—বি ১, ২, সা ৩।
১২ ঝরয়—বি।

তুহুঁ মনে[১] মনসিজ জাগি রহু।
তিল[২] বিছরণ[৩] নহে[৪] কেহু কাহু॥
নিশবদে শূতল[৫] নিন্দ নাহি[৬] ভায়।
বিয়োগ বিয়াধি[৭] বিথারল[৮] গায়॥
তুহুঁক[৯] তুলহ[১০] নেহা[১১] তুহুঁ ভালে জান।
তুহুঁজন[১২]-মিলনে[১৩] মধ্যত[১৪] পাঁচবাণ॥
রায়শেখর[১৫] জানে[১৬] ইহ[১৭] রস-রঙ্গ[১৮]।
পরবশ প্রেম[১৯] সতত নহে ভঙ্গ॥

সখীগণের বাক্যে শ্রীকৃষ্ণকর্তৃক শ্রীরাধার বেশ রচনা

[২০৪]

তথা রাগ

সখি গণ কহে শুন নাগর কান।
বিরচহ রাইক বেশ বনান॥

---

১ তুহুঁজন—সা ১, ২। ২ বিছরণ—বি ১, ২, র, ন, সা ১, ২; বিছর—সা ৩।
৩ নাহি—বি ১, ২; না—র, ন, সা ১, ২, ৩।
৪ হোয়ে—র, ন, সা ১, ২; হয়—বি ১, ২; হোএ—সা ৩।
৫ সূতলি—বি ১, ২, সা ৩। ৬ নিন্দ না—বি ১।
৭ বেয়াধি—বি ১, সা ৩। ৮ বেথা রহল—বি ১।
৯ তুহুঁকহুঁ—র; তুহুকে—বি ১। ১০ তুহু—বি ১।
১১ হানই—বি ১; নেহ—পদ; লেহ—সা ৩; নেহা—বি ২।
১২ তুহুঁকেরি—র, ন, সা ৩; তুহুকে—বি ১; তুহুঁক—সা ১, ২।
১৩ মিলন—বি ১।
১৪ মধত—বি, ন, র; মধ্যস্থ—বি ২; মকুত—সা ৩।
১৫ কবিশেখর—বি। ১৬ জান—বি।
১৭ এই—বি ২। ১৮ সবরঙ্গ—বি ২। ১৯ পেম—বি।
[২০৪] পদ পদ ২৪৯৯, পৃ ৪৩, ৪র্থ খণ্ড; বি ৩, পদ ১১৩৯, পৃ ১০৯; সা ১, পৃ ৩৬; সা ২।

সীঁথি রচন করি দেহ সিন্দুর।
চিবুকহি মৃগমদ রচহ মধুর॥
নয়নহি অঞ্জন যাবক পায়।
পীন পয়োধর চিত্রহ তায়॥
ঐছে[1] বচন তব শুনইতে পাই।
শেখর বেশ-সাজ লেই[2] ধাই॥

সুবলের সঙ্গে শ্রীকৃষ্ণের রাধাকুণ্ডের তীর-নিকুঞ্জে গমন

[২০৫]

ধানশী

সব ধেনুগণ লৈয়া গোপগণে[3] নিয়োজিয়া
সভারে করিল সাবধান।
দাদার নিকটে যাঞা বিনয়ে বিদায় হৈয়া[4]
বনশোভা দেখিবারে কান॥
কানু কহে ওরে ভাই খেল সভে এই ঠাঞি
আমি আসি কানন দেখিয়া।
থাকিবে দাদার কাছে কেহ কোথা যাও পাছে
গিলিবে অসুরে সভে লৈয়া॥

---

১ ঐছন—ক। ২ লই—ক, চ সা ১, ২।

[২০৫] পদ পদ ২৪৭৭, পৃ ৭২, ৪র্থ খণ্ড; স পদ ১০০, পৃ ৫৪১।

৩ গোপনে—স. ক। ৪ দিয়া—ঘ।

শিশু পশু নিয়োজিয়া সুবল বটুরে লইয়া
বাহির হইলা নটরায়।
রাইয়ের সরসী কূলে আইলা কদম্ব মূলে[১]
সময়ে[২] শেখর রস গায়॥ *

শ্রীকৃষ্ণের ভোজন

[২০৬]

তথা রাগ

রতন-ভবনে কুঞ্জ-দাসীগণে
ফল মূল আনি কত।
সংস্কার করি থালী ভরি ভরি
রাখিল বিবিধ মত॥
বাদাম ছোহরা[৩] দ্রাক্ষা মধুরা
কণ্ডলা কেশর বেল।
দাড়িম নারেঙ্গা[৪] খর্জ্জুর ছোলঙ্গা
শালু পীলু নারিকেল॥
খরমুজা খিরিণী বদরী বিরীণী
কদলী কন্দ মূল।
আম্র পনস বিবিধ সুরস
আতা আনারস কুল॥

---

১ তলে—ক। ২ সমরে—ক।

* এই পদটি র, ন পুথিতে "জননী বিদায় করি……" এই পদের সঙ্গে মিশ্রিত হইয়াছে।

[২০৬] পদ পদ ২৬০১, পৃ ১৮, ৪র্থ খণ্ড; স পদ ১২৩, পৃ ৫৫০।

৩ ছোহারা—স। ৪ নারাঙ্গা—ক, স।

পেয়ারা মৃণাল তাল পানীফল
টেটি মিঠি করকটি ।
বিবিধ মিঠাই ধরল তথাই
নানা মত পরিপাটী ॥

বাতাসা বুন্দিয়া লাড়ু মনোহরা
মিছরি নবাত ফেনি ।
ছেনা পানা সর- ভাজা রসকরা[1]
খণ্ডা[2] মণ্ডা পদ্মচিনি ॥

অমৃত কেলিকা লড্ডুক[3] অধিকা
কর্পূরকেলিকা আর ।
রসালা মাখনে রাখিল যতনে
নানা মত পরকার ॥

দেখিয়া নাগর রসের সাগর
বটুরে আনিল তথা ।
দ্বিজের কুমার দেখি উপহার
সঘনে ঢুলায় মাথা ॥

তারে করি বামে সুবলে ডাহিনে
বসিলা রসিক রায় ।
দেয়ত সুমুখী রঙ্গে সব সখী
শেখর দাঁড়াঞা চায় ॥

---

১ শরকরা—স ক। ২ খণ্ড—স, পদ।
৩ লড্ডুকা—ক স।

রাস-বিলাস

গৌরচন্দ্র

[২০৭]

কেদার

সহচর সঙ্গে গৌর নট-রাজ।
বিহরয়ে[১] নিরুপম কীর্ত্তন সমাজ[২] ॥
সুরধুনি-তীর[৩] পুলিন মনোহর।
গৌরচন্দ্র ধরি গদাধর-কর ॥
কত শত যন্ত্র সুমেলি করি।
বাওয়ে[৪] মৃদঙ্গ করতাল ধরি ॥
গাওত সুমধুর রাগ রসাল।
হেরি হরষিত কোই[৫] কহে ভালি[৬] ভাল ॥
গদাধর বামে ডাহিনে নরহরি।
রায় শেখর কহে যাঙ[৭] বলিহারি ॥

---

[২০৭] পদ পদ ২৭১১, পৃ ১২৩, ৪র্থ খণ্ড; ন পৃ ৩৭১; গৌ পদ ৮০, পৃ ২৭২; বি ৩, পদ ২৩৭৪, পৃ ২৪৯; স পদ ১৪৮, পৃ ৫৬৩; র পদ ৩৫, পৃ ২।

১ বিহরই—কা। ২ মাঝ—গৌ, কা।
৩ তীরে—গৌ। ৪ বায়ে—কা।
৫ কো—গৌ। ৬ গৌ পুথিতে নাই।
৭ যাউ—স।

রাস

[২০৮]

তথা রাগ

তত্তা থৈ থৈ বাওয়ে[১] মৃদঙ্গ।
নাচত বিধু-মুখি অঙ্গ-বিভঙ্গ॥
সুবিষম তাল কানু যব দেল।
তব ললিতা সখি হরষিত ভেল॥
কানু কহে সুন্দরি কর[২] অবধান।
ইহ পর পদ-গতি করহ সন্ধান॥
রঙ্গিণি সহচরি বাওত ভাল।
কানু দেওত করে সুবিষম তাল॥
নাচত সুবদনি কতহুঁ সুছন্দ।
হেরি চমকিত সব সহচরি-বৃন্দ॥
কোই কহ[৩] ধনি ধনি কোই জয়কার।
কানু দেওল নিজ গুঞ্জা-হার॥
কণ্ঠে দেয়ল ধনি উর পর লাগ।
কহ শেখর সোই[৪] নব অনুরাগ॥

---

[২০৮] পদ পদ ২৭১৭, পৃ ১২৬, ৪র্থ খণ্ড; স পদ ১৫১, পৃ ৫৬৪; সা ১ পৃ ৩৩।

১ বাওে—সা ১। ২ করহ—সা ১।
৩ কহে—স, ক, চ। ৪ সা ১ পুথিতে নাই; কোই—ঘ।

শ্রীরাধাকৃষ্ণের বিলাস

[২০৯]

ধানশী

চিরক[1] পবনে[2] ধনি শীতল ভেল।
ছরম ঘরম সব দূরহিঁ গেল॥
বৈঠল দুহুঁ যব শেজক মাহ।
তব অনুমানল রসিক সুনাহ॥
রাইক ইহ সব কপট তরাস।
বুঝিয়া রসিকবর লহু লহু হাস॥
তহিঁ পুন চুম্বই রাই-বয়ান।
দুহুঁ জন-মরমে হানল পাঁচ-বাণ॥
পুন বিলসয়ে দুহুঁ হেরইতে ধন্দ।
কহ কবিশেখর ইহ পরবন্ধ॥

---

[২১০]

বরাড়ী

তুলসী চতুরা[3] কহয়ে মধুরা[4]
কাতর দেখিয়া কান।
তুষিয়া তাহারে চলিলা সত্বরে
রাখিয়া আপন মান॥

---

[২০৯] পদ পদ ২৭২৪, পৃ ১২৮, ৪র্থ খণ্ড; স পদ ১৫৪, পৃ ৫৬৫; সা ১, পৃ ৩৪।
১ চীকরু—সা ১। ২ পবনহি—সা ১।
[২১০] পদ পদ ২৭৭৭, পৃ ১৪৭, ৪র্থ খণ্ড; স পদ ১৬৩, পৃ ৫৬৮।
৩ চতুর—স। ৪ মধুর—স।

বিরা বৃন্দা আসি রাই রসে রসি[1]
সাজায়ল নিজ মনে।
করি সমাপন আসিতে ভবন
তুলসী মিলিলা বনে॥
হাস পরিহাসে রাইক আবাসে[2]
আইলা কানন-সখী।
শেখর সহিতে বারতা শুনিতে
সজল রাধার আঁখি॥

শ্রীরাধাকৃষ্ণের মিলন

[২১১]

বরাড়ী

দুহুঁ[3] দোহাঁ[4] মীলই[5] বাহু পসারি।
দুহুঁ-সুখে মাতল সব কুল-নারি॥
দুহুঁ[6] লই[7] বৈঠলি[8] বকুলক ছায়।
অগুরু[9] চন্দন কেহো দেই দুহুঁ-গায়॥

---

১ রাইক সরসী—পদ। ২ আওয়াসে—স, পদ।

[২১১] পদ পর ২৭৮১, পৃ ১৪৮, ৪র্থ খণ্ড; স পদ ১৬৪, পৃ ৫৬৮; সা ১ পৃ ১৭; সা ২, পৃ ১৭; সা ৩, পৃ ২২।

৩ দোঁহে—র, দুঁহে—সা ৩। ৪ দুঁহু—সা ৩।

৫ মিলল-সা ১, ২, ৩, মীলল—র, ন।

৬ দুহুঁকে—সা ১, ২। ৭ লেই—র, ন, সা ১, ২।

৮ বৈঠল—সা ১, ২, ৩। ৯ অগোর—পদ।

তুহুঁ-পদ[১]-পঙ্কজে কেহো[২] দেই নীর।
কেহো বীজই লই পাতল চীর[৩]॥
কেহো কেহো[৪] ধোয়াওল[৫] তুহুঁ-মুখ-চান্দ[৬]।
মদন লাজে মরি হেরি তুহুঁ ছান্দ[৭]॥
* মধুমতি মধু লই করল পয়ান।
কনক বেলি[৮] ভরি তুহুঁ করু পান॥
তুহুঁ-অঙ্গে বিকশিত বিবিধ বিকার।
মাতল মনমথ লাজ কিয়ে[৯] আর॥
তুহুঁ[১০] মিলি[১১] বৈঠলি[১২] নিভৃত নিকুঞ্জে।
তুহুঁ-গুণ গায়ত[১৩] মধুকর-পুঞ্জে॥

---

১ পাদ—সা ৩। ২ কোই—ন।

৩ এই পংক্তির পাঠ বিভিন্নরূপ রহিয়াছে; এইস্থলে সা ৩ পুথির পাঠ অর্থসঙ্গত ও লালিত্যপূর্ণ হওয়ায় গ্রহণ করা হইয়াছে।—

কেহো কেহো বীজই শীতল সমীর॥—পদ।
কেহো বীজন লেই পাতল চীর॥—ন।
কেহ বীজই তব লেই পাতল চীর॥—সা ১, ২।

৪ আসি—র, ন, সা ১, ২, ৩।

৫ ধোয়ল—পদ, ধায়ল—স, ধোয়ায়ল—সা ১, ২, ন।

৬ চন্দ—স, ন, পদ।

৭ এই পংক্তির পাঠ বিভিন্ন পুথিতে বিভিন্নরূপ রহিয়াছে; এইস্থলে 'র' পুথির পাঠ অধিকতর লালিত্যপূর্ণ ও অর্থসঙ্গত হওয়ায় গ্রহণ করা হইয়াছে।—

লাজে মদন হেরি রহলহুঁ ধন্দ॥—পদ।
মদন লাজায়ল হেরি তুহুঁক সুছান্দ॥—সা ৩।

* পঞ্চম ও ষষ্ঠ পংক্তি র, ন, সা ১, ২, ৩ পুথিতে রহিয়াছে।

৮ ঝারি—সা ১, ২। ৯ কি—পদ, র, ন।

১০ তুহুঁকে—সা ১। ১১ মেলি—পদ, সা ১, ২, ৩।

১২ বৈঠল—পদ। ১৩ গায়ই—সা ৩, র।

রাধা-মাধব তব করি[1] এক ঠাঁয়।
তুহুঁ-মুখ[2] নিরখই[3] শেখর রায়[4] ॥

শ্রীরাধাকৃষ্ণের রসালাপ

[২১২]

রামকেলি

অলসহি[5] নাগরি[6] কুসুম-শেজ পরি
শূতলি[7] নাগর[8]-কোর।
কিয়ে রতিপতি-তুণ ভেল বাণ-শূন
কিয়ে হেরি রহল বিভোর ॥
দেখ তুহুঁ-নিন্দক রঙ্গ।
কনক লতায়ে তমাল জনু বেঢ়ল
চাঁদ[9] সুরজ এক সঙ্গ ॥
বয়নহিঁ বয়ন ভুজহিঁ ভুজ বন্ধন
চরণহি চরণ বেয়াপি।
তড়িতহিঁ জড়িত যৈছে নব-জলধর
শশি-কর তিমিরহিঁ ঝাঁপি ॥

---

১ করি—র, সা ৩, ভেল—পদ, ওবকরি—সা ১, ২।

২ রূপ—র. ন, সা ৩।

৩ হেরই—পদ, নিরখয়ে—ন, নিরখায়—সা ১, ২।

৪ গায়—ন।

[২১২] পদ পদ ২৮৩৬, পৃ ১৬৭, ৪র্থ খণ্ড; স পদ ১৭৬, পৃ ৫৭৬; সা ১, পৃ ৩৭; সা ২, পৃ ৩৮।

৫ আলসহি—ক, চ, স। ৬ নাগর—ঘ।

৭ শূতল—ঘ। ৮ নাগরি—ঘ।

৯ চান্দ—সা ১, ২।

কনক-মেরু-যুগ নীল-জলধি-জলে
ডুবল হেন অনুমানি।
ঐছন অপরুপ কো করু অনুভব
কহ কবিশেখর জানি॥

শ্রীগৌরাঙ্গ বিষয়ক পদাবলী

শ্রীগৌরাঙ্গের সন্ন্যাস

[২১৩]

তথা রাগ

কলি-কবলিত[১] কলুষ[২]-জারত[৩]
দেখিয়া জীবের দুখ।
করল উদয় হইয়া সদয়
ছাড়িয়া গোকুল[৪]-সুখ॥
দেখ গৌর গুণের সীমা।
দীন হীন পাইয়া দিছেন যাচিয়া
বিরিঞ্চি-বাঞ্ছিত প্রেমা॥ ধ্রু॥

---

[২১৩] পদ পদ ২১৯৭, পৃ ২৫৬, ৩য় খণ্ড; ঐ পদ ২২৬০, পৃ ২৭৯, ৩য় খণ্ড; ইহা প-র-সা পুথির ২৩০৫ ও ২৩৬৫ সংখ্যক পদ; র পদ ৫; পৃ ।/০।

১ কলিত বলিত—ক, খ, ঘ, চ। ২ কল্মষ—প-র-সা।

৩ জায়ত—ঘ। ৪ গোলক—র।

অকিঞ্চন-বেশে ফিরে দেশে দেশে
সঙ্গে লৈয়া নিজ জন।
করিয়া সন্ন্যাস হৈলা আন-বেশ
কে বুঝে তাহার মন॥
পতিত-পাবন বলে সব জন
এ সব করুণা লাগি।
শোকের-সাগর এ রায় শেখর
ও রাঙ্গা চরণ মাগি॥

রূপ

[২১৪]

কামোদ

অতুল অতুল গৌরাঙ্গের রূপ, অতুল তাহার আভা।
অতুল অতুল শশাঙ্ক-বয়ানে, অতুল হাসির শোভা॥
অতুল যজ্ঞসূত্রের গোছাটী, অতুল গীমেতে দোলে।
অতুল রজত-সরিৎ-জনু, অতুল হিমাদ্রি-কোলে॥
অতুল অতুল শুক-চঞ্চু-তুল, অতুল নাসিকা শোহে।
অতুল অতুল সফরী-নয়ানে, অতুল চটুল চাহে॥
অতুল অতুল পক্ক বিম্বফল, জিনি ওষ্ঠ দুটী তার।
অতুল অতুল দশনের রুচি, জনু মুকুতার হার॥
অতুল হেলন অতুল দোলন, অতুল চলন তায়।
অতুল রূপেতে বাতুল সবহুঁ, বঞ্চিত শেখর রায়॥

---

[২১৪] গৌ পদ ৪৪, পৃঃ ১৪৩।

[২১৫]

কামোদ

সুন্দর সুন্দর গৌরাঙ্গসুন্দর, সুন্দর সুন্দর রূপ।
সুন্দর পিরীতি রাজ্যের যেমতি সুঘড় সুন্দর ভূপ ॥
সুন্দর বদনে সুন্দর হাসনি, সুন্দর সুন্দর শোভা।
সুন্দর নয়ানে সুন্দর চাহনি, সুন্দর মানস-লোভা ॥
সুন্দর নাসাতে সুন্দর তিলক, সুন্দর দেখিতে অতি।
সুন্দর শ্রবণে সুন্দর কুন্তল, সুন্দর তাহার জ্যোতি ॥
সুন্দর মস্তকে সুন্দর কুন্তল, সুন্দর মেঘের পারা।
সুন্দর গীমেতে সুন্দর দোলয়ে, সুন্দর কুসুমহারা ॥
সুন্দর নদীয়ানগরে বিহার, সুন্দর চৈতন্যচাঁদ।
সুন্দর লীলার সৌন্দর্য্য না বুঝে, শেখর জনমআঁধ ॥

---

[২১৬]

তথা রাগ

কনয়া কমলদল কোমল দেহ।
রূপহেরি কোই না বান্ধই থেহ ॥
গুরুয়া মনোরথ মনমাহা যোই।
সুজনক ভাবে অনুখণ রোই ॥
প্রেম রতন ধন সব জনে মাগি।
দিনে দিনে বাঢ়ই বিরহকি আগি ॥
রস সাগর দেহ পিরিতি গভীর।
উছলি উছলি বহে নয়নকি নীর ॥

---

[২১৫] গৌ পদ ৯২, পৃঃ ১৪৩।
[২১৬] র পদ ১৩, পৃ ৮/০।

কহে কবি শেখর অনুভব জানি।
ধনি নব নেহ চলিতে অনুমানি ॥

---

[২১৭]

বেলআর রাগ

অমল কমল দেহক কাঁতি।
স্বেদবিন্দু যেন মুকুতা পাঁতি ॥
চন্দন চর্চ্চিত চারু কপাল।
আজানুলম্বিত-বাহু রসাল ॥
তরুণ পুলক অরুণ বাস।
খেণহি রোদন খেণহি হাস ॥
গদ গদ আধ মধুর বোল।
প্রিয় গদাধর করিয়া কোল ॥
এ কবি শেখর পড়ল ধন্দ।
কপট সন্ন্যাসী গৌরচন্দ ॥

---

[২১৮]

ধানশী রাগ

হৃদি মাহা শ্যাম তড়িত সম দেহা।
চন্দন গন্ধ জনু ঐছন নেহা ॥
পীতাম্বর ধারী অনুখণ রোই।
নীলাম্বর ধারী রাধাসম সোই ॥

---

[২১৭] র পদ ১৯, পৃ ॥৵০।
[২১৮] পদ ৮, পৃ ॥৵০।

গাঢ় হি গাঢ় গৌর অবতার।
পুরুষ প্রকৃতি পর বুঝহি না পার ॥ ধ্রু ॥
বিলসই আপন পুরুষ অভিলাষ।
নীলমণি কাঞ্চন মুরুতি প্রকাশ ॥
রায়শেখর কহ কহিল না হোয়।
অরুণ চরণ পুন মাগহুঁ তোয় ॥

শ্রীগৌরাঙ্গের রূপ

[২১৯]

সুহই

কুন্দন[1] কনক-কমল- রুচি-নিন্দিত
সুরধনি-তীর-বিহারী।
কুঞ্চিত-কণ্ঠ- কলিত[2]-কুসুমাকুল
কুল-কামিনি-মনহারী ॥
জয় জয় জগ-জীবন যশ-ধীর।
জাহ্নবি যমুনা[3] যেন জলধর বরিখণ
ঐছে নয়নে বহে নীর ॥ ধ্রু ॥
পদুমিনি-পুরুব- পিরিতে[4] পুলকায়িত
পরিজন-প্রেম পসারি।
পহিরণ পীত পট[5] নিপতিতাঞ্চল[6]
পদ-পঙ্কজ পরচারী ॥

---

[২১৯] পদ পদ ২১৬০, পৃ ২৪১, ৩য় খণ্ড; ইহা প-র-সা পুথির ২২৬৭ সংখ্যক পদ; গৌ পদ ৩৮, পৃ ১২৪; র পদ ১৮, পৃ ১/০; স পদ ৫৮, পৃ ৫২১।

১ কুন্দল—প-র-সা।
২ ললিত—গৌ।
৩ সমুদ্র—স।
৪ পিরিতি—র, গৌ, স।
৫-৬ পতনি পতিতাঞ্চল—ঘ, চ।

* রসবতি-রমণি- রঞ্জন রুচিরানন[১]
রতি-পতি রঞ্জিত[২] তায়।
রসিক-রসায়ন[৩] রসময়[৪] ভাষণ[৫]
রচয়তি শেখর রায়॥

---

[২২০]

সুহিনী

কি পেখলুঁ[৬] গৌর কিশোর।
সুরধুনি-তীরে উজোর॥
সুঘড়[৭] ভকতগণ সঙ্গ।
করতহিঁ কত কত[৮] রঙ্গ॥
মন্দ মধুর মৃদু হাস।
কুন্দ কুমুদ[৯] পরকাশ॥
জানু-লম্বিত[১০] ভুজ-দণ্ড।
জীতল[১১] করিবর-শুণ্ড॥

---

* এইস্থলে র-পুথির পাঠ :—"রমনীরঞ্জন ঘন রুচিরানন"—র

১ রুচিরানল—ক।

২ রঞ্জিত—র। ৩ ভূষণ—র।

৪-৫ রসিক রসায়ন—র।

[২২০] ইহা প-র-সা পুথির ২২৬৬ সংখ্যক পদ; পদ পদ ২১৫৯, পৃ ২৫১, ৩য় খণ্ড; গৌ পদ ২২, পৃ ১১৮; র পদ ১৫, পৃ ৸৶০; স পদ ৫৭. পৃ ৫২০; স পদ ৫৯, পৃ ৫২১।

৬ পেখিলুঁ—র, গৌ। ৭ সুগড়—র।

৮ মত্ত—স, গৌ। ৯ কুসুম—ক, র, স, গৌ।

১০ আজানুলম্বিত—র, স, গৌ। ১১ জিতল—ক, চ, প-র-সা।

অহনিশি ভাবে[১] বিভোর[২]।
কুল[৩]-কামিনি-চিত-চোর ॥
মদ[৪]-মন্থর গতি-ভাতি।
মূরছিত মনমথ-হাথি ॥
সো পদ-পঙ্কজ বায়।
কহ কবি শেখর রায় ॥

---

[২২১]

মঙ্গল

নির্ম্মল[৫] কাঞ্চন জিতল বরণ
বসন-ভূষণ-শোভা।
সুগন্ধি চন্দন তাহাতে লেপন
মদন-মোহন আভা[৬] ॥
উর[৭] পরিসর[৮] নানা মণি-হার
মকর-কুণ্ডল কাণে।
মধুর হাসনি তেরছ চাহনি
হানয়ে[৯] মরম[১০] বাণে[১১] ॥

---

১ নিজরসে—র। ২ ভোর—র।
৩ কুঞ্জ—র। ৪ মদন—ক, খ, চ, র, স, গৌ, প-র-সা।

[২২১] ইহা প-র-সা পুথির ২২৬৩ সংখ্যক পদ; পদ পদ ২১৫৬, পৃ ২৪০, ৩য় খণ্ড; গৌ পদ ৯৪, পৃ ১৪৪; র পদ ১০, পৃ ।৶০; স পদ ৫৪, পৃ ৫১৯।

৫ নিরমল—ক, খ, প-র-সা, বিমল—ঘ।
৬ দেবা—র। ৭ উরসি—গৌ।
৮ পর—গৌ। ৯ হানল—র।
১০ মরমে—ক, স। ১১ থানে—র।

বিনোদ বন্ধান[১] তুলিছে লোটন
মল্লিকা-মালতী-বেড়া।
নদীয়া নগরে নাগরীগণের
ধৈরজ-ধরম-ছাড়া॥
মদন-মন্থর গতি মনোহর
করী সরমিত তায়।
এ থল[২]-কমল চরণ-যুগল
ভুখিয়া শেখর রায়[৩]॥

---

[২২২]

জয়-জয়ন্তী[৪]

মুদির-মাধুরী- মধুর মূরতি
মৃদুল[৫] মোহন ছান্দ[৬]।
মৌলি-মালতি- মালে মধুকর
মোহিত মনমথ ফান্দ[৭]॥
গৌর সুন্দর সুঘড়-শেখর
শরদ-শশধর-হাস।
সঙ্গে সাজক সুঘড় ভাবক
সতত সুখময় ভাষ॥

---

১ বন্ধন—স, গৌ, ক, বান্ধন—খ, প-র-সা।

২ এমন—গৌ। ৩ গায়—ঘ।

[২২২] ইহা প-র-সা পুথির ২২৬৮ সংখ্যক পদ; পদ পদ ২১৬১, পৃ ২৪২, ৩য় খণ্ড; গৌ পদ ৩৯, পৃ ১২৪; র পদ ১৯, পৃ ১৫০।

৪ সুন্দর—র। ৫ মদন—প-র-সা।

৬ ছাঁদ—গৌ। ৭ ফাঁদ—গৌ।

চীন[1] চাঁচর চিকুর চুম্বিত
চারু-চন্দ্রিক-মাল।
চকিত চাহিতে চপল চমকিত
চীত চোরল ভাল॥
গান গুর্জ্জরি গৌরি গান্ধার
গমক গরজন তায়।
গমন গজ-পতি- গরব গঞ্জিত
গাওয়ে[2] শেখর রায়॥

---

[২২৩]

ভাটিয়ারি *

অতি অপরূপ রূপ মনোহর
তাহা না কহিবে কে। †
সুরধুনী-তীরে নদীয়া নগরে
‡ দেখিয়া আইলুঁ সে[3]॥
পিরিতি-পরশ[4] অঙ্গের ঠাম
ললিত লাবণ্য-কলা।
নদীয়া-নাগরী করিতে পাগলী
না জানি কোথা না ছিলা॥

---

১ চিকন—র। ২ গাএ—র।

[২২৩] প-র-সা পুথির ২২৬৪ সংখ্যক পদ; পদ পদ ২১৫৭, পৃ ২৪১, ৩য় খণ্ড); গৌ পদ ৩৬, পৃ ১২৩; র পদ ১২, পৃ ৮০; স পদ ৫৫, পৃ ৫২০; গৌ পদ ৩৩, পৃ ১৬৭ (গৌ-২)।

* কামোদ, গৌ-২।

† প্রথম ২ পংক্তির পরিবর্ত্তে, গৌ-২ পাঠ—সখি গৌরাঙ্গ গড়িল কে?

‡ "হইল রসের দে।"—র, উয়ল রসের দে, গৌ-২।

৩ যে—স। ৪ রসের—র।

সোণায়[১] বান্ধল[২] মণির[৩] পদক
উরে[৪] ঝলমল করে।
ও[৫] চাঁদ-মুখের মাধুরী হেরিতে
তরুণী হিয়া না ধরে ॥
যৌবন-তরঙ্গে[৬] রূপের পাথার[৭]
পড়িয়া[৮] অঙ্গেতে[৯] ভাসে।
শেখরের পহু বৈভব কো[১০] কহুঁ
ভুবন ডুবিল[১১] যশে ॥

নাগরীয় পদ

[২২৪]

তথারাগ

সুরধুনী তীরে ধীরে চলু নাগর
রসিক-মুকুট-মণি গোর।
কতবিধ ভাব বিভাবিত অন্তর
দিন রজনী রহু ভোর ॥
দেখ দেখ অপরূপ হেমক চান্দে
কুলবতি মুকুতি হরিণী জিনি লোচন
ফাসল দৃগঞ্চল ফান্দে ॥

---

১ সোণাতে—র। ২ বাঁধল—গৌ-২।
৩ মালার—প-র-সা। ৪ উর—র, গৌ-২।
৫ সে—র। ৬ তরঙ্গ—গৌ-২।
৭ পাথারে—ক, খ, চ, প-র-সা, স, গৌ, র; বাণ—গৌ-২।
৮-৯ অঙ্গেযে পড়িয়া—র; পড়িয়া অঙ্গ যে—গৌ-২।
১০ কে—র। ১১ ভরল—র, গৌ-২।
[২২৪] র পদ ২০, পৃ ১৵০।

বিম্বাধর সোই মধুর মৃদু হাসনি
শিলা দরপণ ভাসে।
নিন্দই ইন্দু বদন শশি উজর
নাগর গরিম বিলাসে॥

সহচরী মেলি কেলি রস-বাদর
কৌতুক কহ কই পার।
বিবিধ বৈদগধি যতনে নিরমাওল
ও রূপ প্রেমক সার॥

যশ ধন সম্পদ বিপদ মোহে লাগল
গুরু গৌরব নাহি ভায়।
তনু মন জীবন তছু পদে সোঁপলু
এহি সাখি শেখর রায়॥

[২২৫]

তথারাগ

শুন শুন সই আন হেন নই
কেবল তোমার আমি।
দেখিয়া তোমায় পোড়এ অন্তর
জানিয়া না জান তুমি॥

সখি, স্বরূপে কহিবে মোরে।
আজি হেন কেনে মলিন বয়ান
ঝামর দেখিএ তোরে॥ ধ্রু॥

---

[২২৫] র পদ ২৬, পৃ ১।৴০।

নয়ান অরুণ বন্ধুক বরণ
তাহে ছল ছল নোর।
দেখি গোরচনা পাশরে আপনা
কেমন বেআধি তোর॥
না করি বিশ্বাস ছাড়হ নিশ্বাস
আমারে কিসের ডর।
বুঝিএ বিআধি কহিব ঔষধি
তুমিত নহত পর॥
হই এত বধি কহব সমাধি
না বুঝি করিস্ ছন্দ।
জানিয়া অন্তর কহএ শেখর
ব্যাধি সে গউর চন্দ॥

---

[২২৬]

তথারাগ

কি পেখলু রে সখি আজু বড় রঙ্গ।
ফুটল বান্ধুলি কমলক সঙ্গ॥
উতপল উপর ভ্রমর করু ভোর।
কুন্তীনন্দন মূলে মকর উজোর॥
কশিপু সহোদর কোটি জিনি দেহা।
ঝাপল জলধর বিজুরিক রেহা॥
গঞ্জিত দ্বিজরাজ উদিত দ্বিজরাজ।
ভকত নখত তঁহি বেঢ়ি সমাজ॥

---

[২২৬] র পদ ২৯, পৃ ১॥৶০।

কহ কবি শেখর অনুভব সার।
মূঢ় না বুঝয়ে গূঢ় অবতার॥

---

[২২৭]

সুথারাগ

পরম উদার পহুঁ পরম উদার।
নিত্যানন্দ চৈতন্য পরম উদার॥
যুগল প্রেমে করি জগত নিস্তার।
লীলানাম রটত নিশি বাসর॥
গোপীনাথ উদার॥ ধ্রু॥

প্রাণ পিআরী প্রাণ পিআরো
নয়নে নয়ন নেহারি।
শ্রীরূপ স্বরূপ মনো ভাঙনী
কিরণ ততি তনুধারী॥
অধর প্রবাল দশন মুকুতা ফল
হেরইতে লাগএ শোভা।
ভোরিমনো মনমথ একুল কামিনী
দীঠি চকোর তহি লোভা॥
সুন্দরি, আনন্দ কন্দ দ্বিজরাজ।
যব তুহুঁ হেরবি তব সব জানবি
মদন কি ওর ভয় ভাজ॥ ধ্রু॥
নাসা তিলফুলে তাহে মুকুতা দোলে
বিপিনহরিণী জিনি নয়না।
বাহু মৃণাল পাণি দুই কিশলয়
হিমকর ভাসে ভবভই বসনা॥

---

[২২৭] র পদ ৩১, পৃ ১৮০।

মাঝহি খীণ পীননিতম্ব তঁহি
তঁহি পরত মুখ বাস।
কুল কামিনী মন মদমত বারণ
বান্ধল ভুরুযুগ পাশ॥
নলিনী অধোমুখ হেরি চরণ যুগ
গজ গতি মন্থর ভাঁতি।
নব কবিশেখর মনহি মধুকর
অহনিশি রহু তথি মাতি॥

---

[২২৮]

তথা-রাগ

নিরুপম কাঞ্চন- রুচির কলেবর
লাবণি বরণি না হোয়।
নিরমল বদন বচন-অমিয়া[১]-সর[২]
লাজে সুধাকর রোয়॥
* হেরলু রে সখি রসময় গৌর
বেশ বিলাসে মদন[৩] ভেল ভোর॥ ধ্রু॥
লোল অলক-কুল[৪] তিলক সুরঞ্জিত
নাসা খগপতি-উন[৫]।
ভাঙ কামান বাণ দৃগঞ্চল
চন্দন-রেখ[৬] তাহে[৭] গুণ॥

---

[২২৮] ইহা প-র-সা পুথির ২২৬৫ সংখ্যক পদ; পদ পদ ২১৫৮, পৃ ২৪১, ৩য় খণ্ড; গৌ পদ ৩৭, পৃ ১২৩; র পদ ১৪, পৃ ৵৹; স পদ ৫৬, পৃ ৫২০।

১-২ অমিয়া রসে—র; অমিয়া রস—ঘ, প-র-সা।

* এইস্থলে র-পুথির পাঠ:—"হেরহুঁ আজু সুধাময় গোর"—র।

৩ মদন মন—র। ৪ অলকাবলী—র।

৫ ভূণ—র, গৌ। ৬ রেখা—স, গৌ। ৭ তহিঁ—র।

কম্বু-কণ্ঠে[১] মণি-হার বিরাজিত
কাম-কলঙ্কিত শোভা।
চরণ অলঙ্কৃত মঞ্জির ঝঙ্কৃত
রায় শেখর মন-লোভা॥

[২২৯]

শ্রীরাগ

তড়িত বিড়ম্বিত রূপে গুণে ওর।
বিলাসিনী কাতর রমণীগণ ভোর॥
আজু মুঞি কি পেখলুঁ গৌরকিশোর।
চোরাঅল চেতন-রতনহি মোর॥ ধ্রু॥
অব যদি বিহি হোএ মোহে অনুকূল।
তেজহুঁ গৃহপতি পাপমতি কুল॥
মন মানসরস কহএ কে জান।
শেখর জানে জানে পাঁচ বাণ॥

[২৩০]

ভাটিয়ারি রাগ

গোরা কলেবর হার ঝলমল
তাহে সে আনহি ছান্দ।
কপালে অলকা তিলক ঝলকা
অই সে মনের ফান্দ॥

১ কণ্ঠ—ক, স।
[২২৯] র পদ ২৪, পৃ ১৸৹।
[২৩০] র পদ ২৫, পৃ ১৸৹।

সই তোরে সে মরম কই।
বাক রতন পিরিতি পরশ
দরশে পরাণ গোই ॥ ধ্রু ॥
এ নব যৌবন এনা সে ভূষণ
ললিত লাবণ্য কলা।
এরূপ পসার সকল অসার
না হেরি শচীর বালা ॥
মুই সে অভাগী লাজ ভয় নাগি
আঙ্গিনা বাহির নঙ।
কহএ শেখর কুল বধূ বাদে
বিধির বিধান সঙ ॥

---

[২৩১]

যথা

গৌর রূপের উপমা নাহি
কি তাহা বহিল হয়।
দেখিলে নয়ন শীতল করএ
হৃদয়ে পশিয়া রয় ॥
সজনি মরম কহিএ তোরে।
একতিল মনে সোয়াস্ত না হয়ে
পরাণ না রহে ধড়ে ॥
একে সে নাগর রসের সাগর
গমন মন্থর লীলা।
দারুণ মদন না জানে বেদন
সঘনে করএ পীড়া ॥

---

[২৩১] র'পদ ২৮, পৃ ।৸৵০।

এ যশ ধরম কুলের গরিম
নিছনি করিএ তায়।
মরম জানিয়া যুগতি মানিয়া
কহয়ে শেখর রায়॥

---

[২৩২]

তুড়ি রাগ

গৌরাঙ্গ নাগর রসের সাগর
পিরিতি বুঝিব কে।
বিজুরী বাটিয়া গা খানি মাজল
সুধ-সুধারস দে॥

কামের কামান ভুরুর সন্ধান
তাহে কটাক্ষের বাণ।
ধৈরজ ধরম কুলের গরিম
ভাঙ্গিল মানিনী মান॥

সই, সপতি করিএ তোর।
এদিন যামিনী গুণি গুণি গুণি
না জানি কি হবে মোর॥

যবে হেন লয় পাপ কুল ভয়
হিয়ায় ভরিয়া রাখি।
চিতের উচিত সে সব বিচার
পুছহ শেখর সাখি॥

---

[২৩২] র পদ ২৩, পৃ ১৷৴০।

[২৩৩]

যথা রাগ

কি পেখলু রে সখি গৌরকিশোর।
নটবর নাগর বয়স কিশোর॥
বেশ-ভূষণ হেরি নাগএ চক্ক।
কেবল কুলবতী মূরতি কলঙ্ক॥
চঞ্চল অরুণিম নয়ন সন্ধান।
জনু মনু হাসি মদন মুরুছান॥
কি কহবরে সখি তোহারি সমাঝ।
গুরুজন গৌরব না রহে লাজ॥
কহ কবি শেখর বচন নিরাস।
দূরে কর তাকর পরশ কি আশ॥

শ্রীগৌরাঙ্গের নৃত্যাদি লীলা

[২৩৪]

বেলোয়ার

নাচত নীকে[১] গৌরবর-রতনা।
ভকত-কলপতরু কলি-মদ-মথনা॥
গরগর ভাবে তনু পুলকিত সঘনা।
নিজগুণে নিগুঢ়[২] প্রেম-রসে মগনা॥

---

[২৩৩] র পদ ১৭, পৃ ১৲।

[২৩৪] ইহা প-র-সা পুথির ২১৭২ সংখ্যক পদ; পদ পদ ২০৬৩, পৃ ২০৫, ৩য় খণ্ড; গৌ পদ ৫, পৃ ২৫০; র পদ ৩৬, পৃ ২/০; স পদ ৫১, পৃ ৫:৮।

১ নিকে—প-র-সা। ২ নিগূঢ়—র, ঘ, গৌ।

ভাবে বিভোর লোর[১] ঝরু নয়না।
নিরবধি হরি হরি বোলত বয়না॥
গড়ি গড়ি ভূমে করত কত করুণা।
শ্রীপদ-কুসুম সুকোমল অরুণা॥
অজ ভব আদি সতত করু ভাবনা।
করু কবিশেখর সো পদ সেবনা[২]॥

---

[২৩৫]

কানড়া

নাচত নগরে নাগর গৌর
হেরি মুরতি মদন ভোর
যৈছন তড়িত রুচির অঙ্গ
ভঙ্গি নটবর[৩] শোহনি[৪]।
কাম-কামান ভুরুক জোর
করত[৫] কেলি শ্রবণ-ওর
গীম শোহত রতন-পদক
জগ-জন-মন-মোহিনি॥
কুসুমে রচিত চিকুরপুঞ্জ
চৌদিকে ভ্রমরা ভ্রমরী গুঞ্জ
পীঠে দোলয়ে[৬] লোটন-ভার[৭]
শ্রবণে[৮] কুণ্ডল দোলনি।

---

১ নোর—র। ২ ভাবনা—প-র-সা।

[২৩৫] ইহা প-র-সা পুথির ২১৯৯ সংখ্যক পদ; পদ পদ ২০৯০, পৃ ২১৫, ৩য় খণ্ড; গৌ পদ ৯০, পৃ ১৪১; র পদ ১৬, পৃ ৸৶০; স পদ ৫২, পৃ ৫১৮।

৩ ভঙ্গিমবর—খ। ৪ শোহিনী—র; শোভনি—ক, গৌ, স।

৫ করতহিঁ—গৌ, স, ক। ৬ দোলত—র।

৭ তার—ক, চ, গৌ, স, প-র-সা। ৮ কর্ণে—র।

মাহিষ[১]-দধি-রুচির[২] বাস[৩]
হৃদয়ে জাগত[৪] রাস-বিলাস
জিতল পুলক কদম্ব-কোরক
অনুখণ[৫] মন ভোলনি ॥
গজপতি[৬] জিনি[৭] গমন-ভাতি
প্রেমে-বিবশ দিবস রাতি
হেরি গদাধর রোয়ত[৮] হসত[৯]
গদ গদ আধ বোলনি।
অরুণ-বরণ[১০] চরণ-কঞ্জ
* তহিঁ নখমণি মঞ্জির রঞ্জ
নটনে বাজন ঝনর[১১]-ঝনন
শুনি মুনি-মন লোলনি ॥
বদন চৌদিগে শোহত[১২] ঘাম
কনক-কমলে মুকুতা-দাম
অমিয়া-ঝরণ মধুর বচন
কত রস পরকাশনি।
মহাভাব-রূপ রসিক-রাজ
শোহত সকল ভকত মাঝ
পিরিতি-মুরতি ঐছন চরিতি[১৩]
রায়শেখর-ভাষণি ॥

---

১ মহিষ—র। ২ রুচি—র। ৩ পিন্ধনবাস—র।
৪ জগত—ঘ। ৫ অনখন—গৌ।
৬ গজগতি—প-র-সা। ৭ জিতি—র। ৮ হাসত—র।
৯ বোলত—র; হাসত—খ, ঘ, প-র-সা। ১০ নয়ান—ক।
* 'তহিপর মণিমঞ্জীর রঞ্জ'—র।
১১ ঝনন—র। ১২ শোহন—প-র-সা। ১৩ চরিত—গৌ, স।

[২৩৬]

কেদার

তা তা থৈ থৈ মৃদঙ্গ বাজই
ঝনর ঝনর করতাল।
তন তন তম্বুর বীণা সুমধুর
* বাজত যন্ত্র রসাল ॥

ডম্ফ থমক কত রবাব[১] বাজত
পদতল তাল[২] সুমেলি।
নাচত[৩] গৌর সঙ্গে প্রিয় গদাধর
সোঙরিয়া[৪] পুরবক[৫] কেলি ॥

তিরে তিরে ফুলবন যেন সেই[৬] বৃন্দাবন
জাহ্নবি যমুনা ভানে।
কীর্ত্তন-মণ্ডল শোভা[৭] অতি[৮] ভেল
চৌদিগে[৯] ভকত[১০] করু[১১]গানে ॥

[২৩৬] ইহা প-র-সা পুথির ২২০০ সংখ্যক পদ; পদ পদ ২০৯১, পৃ ২১৬, ৩য় খণ্ড; গৌ পদ ২১, পৃ ২৫৫; র পদ ২১, পৃ ১৶০; স পদ ৫৩, পৃ ৫১১।

* 'ঠন ঠন্ বাজে তাল'—র।

১ র-পুথিতে নাই। ২ বোল—র।

৩ নাচল—স, নাচয়ে—র।

৪ সোঙরি—র। ৫ পুরব—র।

৬ র, স, পদ—পুথির পাঠে নাই।

৭ রাস—র। ৮ সভা—র।

৯ ভকত—র। ১০ ভ্রমর—র।

১১ রস—র।

পুরবক[1] লালস বিলাস[2] রাস-রস[3]
† সোই সখীগণ সঙ্গ।
এ কবিশেখর হোয়ল[4] ফাঁফর
না বুঝিয়া[5] গৌরাঙ্গ[6]-রঙ্গ॥

[২৩৭]

নাচে গোরা গোরা গোরা নবকমনিয়া।
হেমের গাছে প্রেমের রস পড়ে চুআইয়া॥
অদ্ভুত নাটের ঠাট সে না অঙ্গের ছটা।
রূপ দেখ্‌তে হুল পড়েছে নব যুবতীর ঘটা॥
ঠাম ঠমকা কাঁকাল বাঁকা মধুর মাখা হাসি।
বিশচন্দ্রে কেলি করে কর পদে আসি॥
ঘর ডুবিল কুল মজিল বহই রূপের বাণ।
শেখর বোলে মদন ভোলে তাহে কি করবে আন॥

১ পুরুব—র।
২ করিতে—র, বিলসে—ঘ। ৩ বিলাস—র।
† "সেই সখাসখী সঙ্গ"—র।
৪ পড়ল—র। ৫ বুঝি—র।
৬ গউর—র।
'পুরবক লালস' পংক্তির পূর্ব্বে র-পুথিতে নিম্নোক্ত কয়েকটী পংক্তি অতিরিক্ত আছে :—
"দেখিয়া তাহারে, নিতাই সুন্দর, মুচুকি মুচুকি হাসে।
ভাবের আবেশে, ধরি সেই বেশে, কিছু রহে দূরদেশে॥
প্রেমে পূরল, অবনী মণ্ডল, বহই রসের বাণ।
ঠাকুর অদ্বৈত, হেরি উনমত, পাসরিল যোগধ্যান॥"
[২৩৭] র পদ ৩০, পৃ ১।৵০।

[২৩৮]

করুণ কামোদ

মধুর মধুর গৌর কিশোর
মধুর মধুর নাট।
মধুর মধুর সব সহচর
মধুর মধুর হাট॥
মধুর[১] মধুর মৃদঙ্গ বাজত
মধুর মধুর তান।
* মধুর রসেতে[২] মাতল ভকত
গাওত[৩] মধুর গান॥
মধুর হেলন[৪] মধুর[৫] দোলন
মধুর মধুর গতি।
মধুর মধুর বচন সুন্দর[৬]
মধুর মধুর ভাতি॥
মধুর অধর[৭] জিনি শশধর
মধুর মধুর হাস।
আরতি[৮] পিরিতি[৯] চরিতি[১০] মধুর[১১]
মধুর মধুর ভাষ॥

---

[২৩৮] ইহা প-র-সা পুথির ২২০১ সংখ্যক পদ : পদ পদ ২০৯২, পৃ ২১৬, ৩য় খণ্ড ; গৌ পদ ৯১, পৃ ১৪৩ ; র পদ ২২, পৃ ১।৴০ ; স পদ ৮৭, পৃ ৫৩২।

১ বাজত—র।

* এইস্থলে র—পুথির পাঠ :—"মধুএ মাতিল ভকত সকল"

২ রসে—গৌ।

৩ মধুর—র।

৪ মধুর—র।

৫ হেলন—র।

৬ মধুর—ম।

৭ অধরে—গৌ।

৮ মধুর—র, গৌ।

৯ আরতি—র, গৌ।

১০ পিরিতি—র, মধুর—গৌ।

১১ চরিতি—র, পিরীতি—গৌ।

মধুর যুগল নয়ান[১] রাতুল
মধুর ইঙ্গিতে চায়।
মধুর প্রেমের মধুর[২] বাদর[৩]
বঞ্চিত শেখর রায়॥

---

[২৩৯]

কেদার

নাচত রসময় গৌর কিশোর।
পুরুবক প্রেম-রভস-রসে ভোর॥
নরহরি গদাধর শোভে দুই পাশে।
হরি বলি চৌদিগে ফিরে হরিদাসে॥
গাওত মুকুন্দ মাধব বাসু ঘোষ।
কোরে করত পহু হইয়া সন্তোষ॥
কিবা সে বরণখানি কাঞ্চন জিনিয়া।
চাঁচর চিকুর[৪] চূড়া ভালে[৫] সে বনিঞা॥
জানু-বিলম্বিত[৬] ভুজ খেণে[৭] খেণে[৮] তুলিয়া।
নাচত[৯] পহু মোর হরি হরি বলিয়া॥
অরুণ চরণে নূপুর রনঝনিয়া।
শেখর রায় কহত ধনি ধনিয়া॥

---

১ নয়ন—র। ২ মাধুরী—র। ৩ বাদরে—র।

[২৩৯] পদ পদ ২১০৭, পৃ ২২১, ৩য় খণ্ড ; গৌ পদ ৩৪, পৃ ২৫৮।

৪ চিকুরে—গৌ। ৫ ভাল—গৌ।

৬ আজানুবিলম্বিত—গৌ, আজানুলম্বিত—খ।

৭-৮ ক্ষণে ক্ষণে—গৌ। ৯ নাচেন—গৌ।

[২৪০]

পাহিড়া রাগ

করত নর্ত্তন ভুবনমোহন
শ্রীরঘুনন্দন নাম।
রূপ-সনাতন নরহরি-প্রাণ
গৌরাঙ্গ বিলাস ধাম ॥
রায় রামানন্দ মুরারি মুকুন্দ
গদাধর শ্রীনিবাস।
বাসুদেব ঘোষ পরম হরিষ
রঘুনাথ হরিদাস ॥
রামাই স্বরূপ আর কাশীশ্বর
নন্দাই আদিক সঙ্গ।
রায় ভবানন্দ সেন শিবানন্দ
এ সব বিলাস রঙ্গ ॥
মধুর নর্ত্তনে বাহুর দোলনে
ভুলল গৌরাঙ্গ রায়।
হাহা হাহা করি সন্ন্যাস বিসরি
চাপিয়া ধরল তায় ॥
আর অদভুত নিতাই অদ্বৈত
মুরছি পড়ল ভূমে।
শেখরের প্রাণ মুকুন্দ নন্দন
তরল করল প্রেমে ॥

---

[২৪০] র পদ ৩, পৃ ৮০।

গোরাবতারের ঐশ্বর্য্য ও মাধুর্য্য

[২৪১]

ধানশী

জগন্নাথ মিশ্রের সুকৃতি বীজ হৈতে ।
জনমিল গৌর-কল্পতরু নদীয়াতে ॥
যতনে নিতাই মালী সে তরু সেবিল ।
নানা শাখা উপশাখা তাহার হইল ॥
ধরিল তাহাতে অদভুত প্রেমফল ।
রসে পরিপূর্ণ তাহা মাদক কেবল ॥
আনন্দে নিতাই মালী সে ফল পাড়িয়া ।
দীন দুঃখি জনে দেয় দুহাতে বিলাঞা ॥
সে ফলের রস যেন সুধাকর সুধা ।
যে জন চুষিয়া খায় যায় তার ক্ষুধা ॥
আপনি সে ফল খাইয়া নিতাই মালী ।
উনমত হৈয়া নাচে মাথে করি ডালি ॥
ধর নেও নেও বলি সে ফল বিলায় ।
কেবল বঞ্চিত তাহে এ শেখর রায় ॥

---

[২৪১] গৌ পদ ৪৮, পৃ ৪১ ।

শ্রীগৌরচন্দ্রের ঐশ্বর্য্য আদির বর্ণন

[২৪২]

তথা রাগ

সনকাদি মুনিগণে চাহি বুলে বেদগণে[১]
বিরিঞ্চি ধেয়ানে নাহি পায়।
দিগম্বর পশুপতি ভ্রমি বুলে দিবারাতি
পঞ্চমুখে যার গুণ গায়॥
যার পদ-ধৌত[২] হৈতে[৩] শুচি কৈল ত্রিজগতে[৪]
হর-শিরে জটার ভূষণ।
সো পহু নদীয়াপুরে অবতরি শচী-ঘরে
সঙ্গে লৈয়া পারিষদগণ॥
দেখি শচীনন্দন জীব সব অচেতন
প্রকাশিলা[৫] নাম-সংকীর্ত্তন।
বিষয়ী যবন যত তারা হৈল[৬] উনমত্ত
না লইল[৭] পড়ুয়া অধম॥
প্রেম-জল মহাবন্যা পৃথিবী করিল ধন্যা
ত্রিভুবন চলিল বাহিয়া[৮]।
তার্কিক পাষণ্ডী যত[৯] পলাইল হৈয়া[১০] ভীত[১১]
অভিমান[১২] নৌকায় চড়িয়া॥

---

[২৪২] ইহা প-র-সা পুথির ২২৯৬ সংখ্যক পদ; পদ পদ ২১৮৮, পৃ ২৫২, ৩য় খণ্ড; গৌ পদ ৪৫, পৃ ৪০; র পদ ৬, পৃ ।৵০; স পদ ৬০, পৃ ৫২১।

১ দেবগণে—ক, প-র সা। ২-৩ ধৌতদক—র।

৪ তিন লোকে—ক, ঘ, চ, স; তিনলোক—র; ত্রিলোকেতে—খ।

৫ আরম্ভিলা—র। ৬ ভেল—র।

৭ হইল—ক, খ, র, গৌ, স। ৮ ভাসিয়া—র, প-র-সা।

৯ মতি—র। ১০-১১ অতি ভীতি—র।

১২ মানমদ - র।

শ্রীচৈতন্য নিত্যানন্দ তাঁর পাদ-মকরন্দ
যে জন করয়ে তার[১] আশ।
তাহার চরণ-ধূলি তাহে মোর স্নান-কেলি
দুখিয়া শেখর তার দাস॥

শ্রীগৌরচন্দ্রের মহিমা বর্ণন

[২৪৩]

ধানশী

গৌরাঙ্গ রসের নদী প্রেমের-তরঙ্গ।
উথলিয়া আছে[২] ধারা[৩] কভু নহে ভঙ্গ॥
অভিরাম সারঙ্গ তায় তট দুই খানি।
অচ্যুতানন্দ তাহে প্রেমের ঘুরণী॥
স্রোত বহি যায় তাহে শ্রীঅদ্বৈতচন্দ[৪]।
ডুবারী কাণ্ডারী তাহে প্রভু নিত্যানন্দ॥
প্রেম-জলচর শ্রীবাসাদি গদাধর[৫]।
স্বরূপ শ্রীরূপ ভেল প্রেমের মকর[৬]॥
থাকুক[৭] ডুবিবার[৮] কাজ পরশ না পাইয়া।
দুখিয়া শেখর কান্দে ফুকার করিয়া॥

---

১ সদা—র।

[২৪৩] ইহা প-র-সা পুথির ২৩০৬ সংখ্যক পদ; পদ পদ ২১৯৮, পৃ ২৫৬, ৩য় খণ্ড; গৌ পদ ৪৬, পৃ ৪০; স পদ ৬২, পৃ ৫২২।

২ যাইছে—গৌ, র, স, ক, খ। ৩ বারা—র।

৪ চন্দ্র—র, গৌ। ৫ সহচর—গৌ।

৬ থকর—গৌ। ৭ আকুল - প-র-সা।

৮ ডুবারিয়া—প-র-সা।

শ্রীগৌরাঙ্গের হাট-পত্তন

[২৪৪]

তুড়ী

হাটের পত্তন শ্রীশচী[১]-নন্দন
করল[২] পাইয়া সুখ।
হাটের ঠাকুর নিতাই সুন্দর
খণ্ডিল জীবের দুখ॥

দেখ[৩] হাট মনোহর রঙ্গ।
নরহরি দাস হাটের বিশ্বাস
শ্রীনিবাস[৪] তার সঙ্গ॥ ধ্রু॥

আর অদভূত ঠাকুর অদ্বৈত
মুনসি[৫] হাটের মাঝ।
হরিদাস আদি ফিরে হাট সাধি
রামানন্দ সত্যরাজ॥

করতাল যত[৬] বাদ্য বাজে কত[৭]
মৃদঙ্গ তাহার ঢোল।
হাট-কলরব নৃত্যগীত সব
ঘন ঘন হরিবোল॥

---

[২৪৪] ইহা প-র-সা পুথির ২৩০৭ সংখ্যক পদ; পদ পদ ২১৯৯, পৃ ২৫৬, ৩য় খণ্ড; গৌ পদ ৭২, পৃ ৪৭; র পদ ৭, পৃ।৶০; স পদ ৬৩, পৃ ২২৫।

১ শচীর—র। ২ করান—খ, প-র-সা।
৩ 'দেখ দেখ'—র। ৪ ছিরিবাস—র।
৫ মনসি—ক, খ, ঘ, চ। ৬ কত—চ, প-র-সা।
৭ শত—প-র-সা।

প্রেমের পসার নৈয়া গদাধর
সঙ্গে পসারির[১] গণ।
রায় রামানন্দ মুরারি[২] মুকুন্দ[৩]
বাসুদেব[৪] সুলোচন॥

[৫]সনাতন রূপ পণ্ডিত স্বরূপ
দামোদর যার নাম।
বসু রামানন্দ সেন শিবানন্দ
বক্রেশ্বর গুণ-ধাম॥

পণ্ডিত শঙ্কর আর কাশীশ্বর
মুকুন্দ[৬] মাধব দাস।
রঘুনাথ আদি গুণের অবধি
পূরল মনের আশ॥

কত নাম নিব পসারি এ সব[৭]
পসার লইয়া কাছে।
পসার-ভূষণ পুলক রোদন[৮]
মহাভাব আদি[৯] আছে॥

হাটের হাটুয়া ভকত নাটুয়া
পসার-মহিমা জানি।
দৈন্য-দান দিয়া সে প্রেম আনিয়া
সদা করে বিকি-কিনি॥

---

১ পসারি—ক, খ, চ, স, প-র-সা।
২ সেন—র, গৌ।
৩ শিবানন্দ—র, গৌ।
৪ বক্রেশ্বর—র।
৫ ৫।৬।৭।৮ পংক্তি র—পুথিতে নাই।
৬ গোবিন্দ—র।
৭ যে সব—র।
৮ গর্জ্জন—র।
৯ তাহে—র।

হাটের কোটাল ঠাকুর গোপাল
দান ঘাটি গোপীনাথ।
হাটের পালন শ্রীরঘুনন্দন[১]
করেন সুন্দর সাথ ॥
দিবারাত্রি[২] নাই বাজার[৩] সদাই
যে যায় সে প্রেম পায়।
প্রেমের পসার করল বিথার
শচীর দুলাল রায় ॥
ভাঙ্গিল[৪] আকাল মাতিল[৫] কাঙ্গাল
খাইয়া ভরল পেট।
দেখিয়া শমন করয়ে ভাবন
বদন করিয়া হেট ॥
জরা-মৃত্যু নাই আনন্দ সদাই
শোক ভয় নাহি হয়[৬]।
আশা ঝুলি[৭] করি শেখর[৮] ভিখারী[৯]
বাজারে[১০] মাগিয়া[১১] খায়[১২] ॥

———

১ এইস্থলে র—পুথির পাঠ :—'শ্রীরঘুনন্দন হাটের পালন'।
২ রাত্রিদিন—র, দিবারাতি—গো স।
৩ বাজারে—স। ৪ ভাঙ্গল—র।
৫ মাতল—র। ৬ তায়—র।
৭ ঢুলি—ঘ। ৮ কাঙ্গের—র।
৯ উপরি—র। ১০ শেখর—র।
১১ ভিখারি—র। ১২ তায়—র।

শ্রীগৌরচন্দ্র প্রকারান্তর

ইক্ষু-শালরূপে শ্রীগৌরচন্দ্রের মহিমা-বর্ণন

[২৪৫]

তথা রাগ

বিশ্বম্ভর গাছ তার কাতরি[১] গদাধর।
নিত্যানন্দ জাঠি[২] তার[৩] ফিরে নিরন্তর॥
অভিরাম সারঙ্গ তায় বলদ এক জুড়ি।
চালায় সরকার ঠাকুর হাতে[৪] প্রেম-নড়ি[৫]॥
গুণ-বান্ধা গায়েন[৬] বায়েন[৭] সব ফিরে।
হরিনাম-ইক্ষুরস দর দরাইতে[৮] পড়ে॥
যে পায় সে খায়[৯] রস কেহ না আলয়[১০]।
যত পায় তত খায় তমু পেট না ভরয়॥
রূপ সনাতন তাহে রসের বাড়ই[১১]।
নানা মত করে পাক যার যে রুচই॥
গৌরীদাস পণ্ডিত হৈলা[১২] প্রেমের ভাণ্ডারী।
বিনি মূলে দেয়[১৩] রস গাগরী-গাগরী॥
পাপিয়া শেখর তাহে রসের কাঙ্গাল।
মাগিয়া যাচিয়া শালে খায় সর্ব্বকাল[১৪]॥

---

[২৪৫] ইহা প-র-সা পুথির ২৩০৮ সংখ্যক পদ; পদ পদ ২২০০, পৃ ২৫৭, ৩য় খণ্ড; গৌ পদ ৪৭, পৃ ৪০; র পদ ৩৩, পৃ ১৮৶০; স পদ ৬৪, পৃ ৫২৩।

১ কাতুরি—র, স, গৌ; কাণ্ডারি—প-র-সা। ২ জাটি—খ, চ।
৩ তায়—র, স, গৌ। ৪ হানি—গৌ।
৫ গুঞ্জানড়ি—ঘ; প্রেমলড়ি—র। ৬ গায়ন—স।
৭ বায়ন—স, ক, চ, প-র-সা। ৮ দরদরায়্যা—র। ৯ পায়—র।
১০ ফেলয়—স, আনয়—ক ঙ ঘ। ১১ বড়াই—র।
১২ তাহে—প-র-সা। ১৩ দেই—র। ১৪ সর্ব্বক্ষণ—গৌ।

শ্রীগৌরাঙ্গের ঐশ্বর্য্য ও মাধুর্য্য

[২৪৬]

সুহই রাগ

সকল কলাগুরু রসিক শিরোমণি
নাগর গৌর কিশোর।
অনুভব ভাবিতে হৃদি অবধারলু
নীলমণি কাঞ্চন জোর॥
গদ গদ আধ আধ মৃদু বোলই
হেরি নব নব বিভঙ্গ।
প্রেমে অবশ মন এ দিন যামিনী
দীঠি-জলে মহ করু পঙ্ক॥
রা রা বোলই ধা নাহি পারই
পুলক পূরল সব দেহা।
কহে কবিশেখর পুরব প্রেমধন
বিলসই রসময় নেহা॥

শ্রীগৌরাঙ্গের পার্ষদ

[২৪৭]

সুহই

প্রাণ মোর সনাতন রঘুনাথ জীবন
ধন মোর শ্রীরূপ গোসাঞি।
শ্রীরঘুনন্দন পতি তাহা বিনু নাহি গতি
যার গুণে ভব-ভয় নাই॥

---

[২৪৬] র পদ ১১, প ৸০।

[২৪৭] ইহা প-র-সা পুথির ২৪৭৫ সংখ্যক পদ; পদ পদ ২৩৭২, পৃ ৩২৩, ৩য় খণ্ড; স পদ ৬৫, পৃ ৫২৩, র পদ ২, পৃ ৶০।

ঠাকুর মোর রামানন্দ স্বরূপ জগদানন্দ
শ্রীনিবাস[১] মুরারি[২] গোবিন্দ।
কুলশীল জাতি মোর পণ্ডিত[৩] শ্রীদামোদর[৪]
সুলোচন[৫] লোচন[৬] আমার[৭]।*
দান ব্রত তপ ধর্ম্ম জপ যজ্ঞ জ্ঞান[৮] কর্ম্ম
পুণ্য মোর নাম সভাকার॥
হরিদাস আশ মোর ঠাকুর শ্রীসুন্দর
বনমালী শ্রীধর মাধাই[৯]।
গোপীনাথ বক্রেশ্বর গৌরীদাস কাশীশ্বর
পুরীদাস শিবাই[১০] নন্দাই॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত পরমানন্দ
এ তিন ঠাকুর সর্ব্বেশ্বর।
যাহার করুণা পাঞা পঙ্গু ধায় মত্ত হৈয়া
আশা করে দুখিয়া শেখর॥

---

১ ছিরিবাস—র, শ্রীবাস—চ। ২ মুকুন্দ—র।
৩ নরহরি—র, স, গৌ, পদ। ৪ গদাধর—র, স, গৌ, পদ।
৫ মুকুন্দ—র, স, গৌ, পদ। ৬ মাধব—র, স, গৌ, পদ।
৭ শুভানন্দ—র, স, গৌ, পদ।
* এই কলিটির পরে র, স, গৌ, পদ পুথির পাঠ :—
'আচার বিচার মোর, পণ্ডিত শ্রীদামোদর, সুলোচন লোচন আমার।'
৮ আদি—প-র-সা।
৯ রামাই—পদ, রমাই—র, প-র-সা।
১০ শিখাই—গৌ।

শ্রীগৌরভক্তবৃন্দের চরিত্র-বর্ণন

[২৪৮]

তথা রাগ

শ্রীবৃন্দাবন- অভিনব-স্মদন
শ্রীরঘুনন্দন রাজে ।
লাখ লাখ বর বিমল সুধাকর
উয়ল[1] শ্রীখণ্ড-সমাজে ॥

জয়[2] পহু নটন[3]-কলা-রস ীর ।
নিখিল-মহোৎসব গৌর-গুণার্ণব
প্রেমময় সকল শরীর ॥ ধ্রু ॥

রুচির তরুণতর[4] নটবর-শেখর
পীতাম্বর-বর-ধারী ।
গাই গওয়ায়ত[5] গৌর-গুণামৃত
ভব-ভয়-খণ্ডন-কারী ॥

পদ-তল-রাতুল পঙ্কজ নহ তুল[6]
পদ-নখ-ইন্দু[7] পরকাশে ।
সে পদ রজনি দিনে শয়ন স্বপন মনে
রায়-শেখর করু আশে ॥

---

[২৪৮] ইহা প-র-সা পুথির ২৪৭৬ সংখ্যক পদ ; পদ পদ ২৩৭৩, পৃ ৩২৩, ৩য় খণ্ড ; গৌ পদ ১৬, পৃ ৪৫৭ ; র পদ ১, পৃ ।০ ; স পদ ৬৬, পৃ ৫২৪ ।

১ উঅল—র, উয়ল—য। (ক) খণ্ড—র ; অবনী—গৌ।

২ জয় জয়—প-র-সা।

৩ নট—প-র-সা।

৪ তরুণ সব—ক।

৫ গাওয়ত—খ, ঘ, চ, গাওয়ায়ত—ক

৬ নৌতন—প-র-সা।

৭ বিন্দু—খ, প-র-সা।

[২৪৯]

ধানশী

ভূখণ্ড মণ্ডল মাঝে তাহাতে শ্রীখণ্ড সাজে
মধুমতী[১] যাহে পরকাশ।
ঠাকুর গৌরাঙ্গ সনে বিলসয়ে[২] রাত্রি[৩] দিনে
নাম ধরে নরহরি দাস॥
শ্রীরাধিকার[৪] সহচরী রূপে গুণে আগরি[৫]
মধুর মাধুরী অনুপাম।
অবনীতে অবতরি পুরুষ-আকৃতি ধরি
পূর্ণ কৈল[৬] চৈতন্যের কাম॥
মধুমতী[৭] মধু-দানে ভাসাইলা ত্রিভুবনে
মত্ত কৈল[৮] গৌরাঙ্গ নাগর।
মাতিল সে নিত্যানন্দ আর সব ভক্ত-বৃন্দ
বেদ-বিধি পড়িল ফাঁফর॥
যোগ-পথ করি[৯] নাশ ভকতির পরকাশ
করিল[১০] মুকুন্দ সহোদর।
পাপিয়া শেখর রায় বিকাইল রাঙ্গাপায়
শ্রীরঘুনন্দন প্রাণেশ্বর॥

---

[২৪৯] ইহা প-র-সা পুথির ২৪৭৭ সংখ্যক পদ; পদ পদ ২৩৭৪, পৃ ৩২৩, ৩য় খণ্ড; গৌ পদ ১২, পৃ ৪৫৫; র পদ ৪, পৃ ।॰; স পদ ৬৭, পৃ ৫২৪।

১ মধুবতি—চ। ২ বিলসই—র।
৩ রাত্র—গৌ। ৪ রাধিকার—র, শ্রীরাধিকা—গৌ।
৫ আগোরি—গৌ। ৬ কৈলা—র।
৭ মধুবতি—চ। ৮ কৈলা—গৌ।
৯ করে—ক, খ, চ, স, প-র-সা। ১০ করল—র।

শ্রীগৌরাঙ্গের রসোদ্গার মিলন

[২৫০]

সখী মরম কহিএ তোরে।
শচীর কোঁয়র বিনোদ নাগর
সপনে দেখিলাম তারে ॥
আসি হাসি হাসি মোর পাশে বসি
করল যে সব কাজ।
তাহার চরিত অতি বিপরীত
শুনিলে পাইবে লাজ ॥
আপন গলার গজমতিহার
যতনে পরাঞা মোরে।
বিচিত্র বসন রতন ভূষণ
পরাইল থরে থরে ॥
কাজরে সাজল নয়ন যুগল
মাজল বয়ন-ইন্দু।
করিতে চুম্বন পাইলাম চেতন
হৃদয়ে লাগল ধন্দ ॥
ঘুমের আলিসে ঠেসিঞা বালিসে
মুখে না নিঃসরে রায়।
বচন সম্বরি কাপি থরহরি
পুছই শেখর রায় ॥

---

[২৫০] শ্রীসং পদ ৩০৫, পৃ ১০৩।

[সন্দেহাত্মক পদাবলী]

মান

রাধার প্রতি সখীর উক্তি

[২৫১]

ধানশী[১]

(মান) কয়লি তো কয়লি কলহে কাহে রোয়সি[২]
বৈঠি[৩] বিরম[৪] তুহুঁ ভবনে।
সো কাঁহা যায়ব[৫] আপহিঁ আয়ব
পুনহি লোটায়ব চরণে॥

সুন্দরি বচনে করবি[৬] আশোয়াস[৭]।
সজল নয়নে হরি পন্থ নেহারই[৮]
চিত্রা কহল[৯] মঝু পাশ॥ ধ্রু॥

বেণু ধেনু তেজি সকল সখাগণ
পরিহরি নিপ[১০]-মূলে বসই।
রাই রাই করি[১১] শিরে কর হানই
তুয়া নাম ধরই[১২] নিশসই[১৩]॥

---

[২৫১] অ পদ ২৪৮, পৃ ৭৭; প-র-সা; বি ৩, পদ ১৭৬৫, পৃ ১৬৬।

১ গান্ধার—বি ৩। ২ কন্দসি—বি ৩।
৩ বৈঠ—বি ৩। ৪ রহ—বি ৩।
৫ জাওব—বি ৩। ৬ করিও—বি ৩।
৭ বিসয়াস—বি ৩।
৮ ধরনি লোটায়ল—বি ৩।
৯ চিতে রহল—বি ৩। ১০ নীপ—বি ৩।
১১ হরি হরি বলি—বি ৩। ১২ করিয়া—বি ৩।
১৩ নিসাসই—বি ৩।

তুয়া লাগি মঝু ঘরে কত বেরি আওব[১]
মোহে সাধব যব নাথ[২]।
রায় শেখরে[৩] কহে তব[৪] তুহুঁ বঞ্চবি[৫]
আপন কান্তক সাথ[৬]॥

শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগ

[২৫২]

কবির উক্তি

আনন লোলএ বচন বোলএ হসি।
অসিঅ বরিস জনি সরদ পুনিম সসি॥
অপরুব রূপ রমনিআঁ।
জাইত দেখলি গজরাজ গমনিআঁ॥
কাজর রঞ্জিত ধবল নয়ন বর।
ভমর মিলল জনি বিমল কমল পর॥
ভান ভেল মোহি মাঝ খীনি ধনি।
কুচ সিরিফলে ভরে ভাঙ্গি জাইতি জনি॥
কবিশেখর ভন অপরুব রূপ দেখি।
রায় নসরদ সাহ ভুললি কমলমুখি॥

---

১ তুয়া নাম লাগি কত বেরি বেরি মঝু ঘরে আওব—বি ৩।
২ হামে হরি সাধব লাথ—বি ৩। ৩ চন্দ্রশেখরে—অ।
৪ তবে—বি ৩। ৫ জানত—বি ৩।
৬ কাহে করত হুতাস—বি ৩।

[২৫২] (রাগ তরঙ্গিণী) বিত্যাপতি—পদ ৩৪, পৃ ২২; পদ ১৯৭, পৃ ১৩০; ঢা-বি-পুথি, কবিরঞ্জনের ভনিতা আছে।

শ্রীগৌরাঙ্গের ঐশ্বর্য্য আদির বর্ণন

[২৫৩]

ধানশী

শ্যামর[১] গৌর-বরণ একু দেহ।
পামর-জন ইথে করয়ে[২] সন্দেহ॥
সৌরভে আগর[৩] মুরতি রস-সার।
পাকল ভেল জনু ফল সহকার॥
গোপ-জনম পুন দ্বিজ-অবতার।
নিগমে[৪] না জানয়ে নিগুড় বিহার॥
প্রকট করিল হরি-নাম-বাখান।
নারি-পুরুষ-মুখে না শুনিয়ে আন॥
* শ্রীরঘুনন্দন-চরণ করি সার।
কহ কবি শেখর গতি নাহি আর॥ †

---

[২৫৩] ইহা প-র-সা পুথির ২২৯৭ সংখ্যক পদ; পদ পদ ২১৮৯, পৃ ২৫৩, ৩য় খণ্ড; র পদ ৩৪, পৃ ১৸৵০; স পদ ৬১, পৃ ৫২২।

১ শ্যাম—র, স, ক, খ, চ। ২ করই—র।
৩ আগোর—ক, চ, র, স। ৪ নিগম—ক, র, স।

* এইস্থলে ৯।১০ পংক্তির পরিবর্ত্তে খ, প-র-সা পুথির পাঠ :—

"ত্রিপুরাচরণ-কমল-মধু-পান।
সরস সঙ্গীত কবিরঞ্জন গান॥"

† এই পদটী রায়শেখরের নহে, শ্রদ্ধেয় হরেকৃষ্ণ মুখোপাধ্যায় মহাশয় এই বিষয়ে নিঃসন্দেহ।